বৈষ্ণবাচার দর্পণ।

বৈষ্ণব সর্ব্বস্ব।

অর্থাৎ

বৈষ্ণবদিগের আচরণীয় বিষয়ের বিবরণ।

শ্রীমন্মহানুভব-বৈষ্ণবের আদেশে

শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র-বিদ্যারত্ন-গোস্বামি-ভট্টাচার্য্য

দ্বারা সম্পাদিত।

অষ্টম

বিভব পর্য্যন্ত

(দ্বিতীয় ভাগ)।

রাজধানী কলিকাতা মহামান্য হাইকোর্টের আটর্নি এবং প্লীডর

শ্রীযুক্ত বাবু নবদ্বীপচন্দ্র রায় এম্ এ, এবং বি এল, দ্বারা

প্রকাশিত।

কলিকাতা।

৩০ নং ফকিরচাঁদ চক্রবর্ত্তীর লেন, হারমোনিয়াল যন্ত্রে

শ্রীপূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় দ্বারা মুদ্রিত।

১৮১৯ শকাব্দে।

মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরো জয়তিতমাম্‌।

প্রকাশকের গুরু-বন্দনা।

বন্দো গুরুপদতল, চিন্তামণিময়স্থল, সর্ব্ব-গুণখনি-দয়ানিধি। নবীন-মঞ্জরী নাম, শুচিরস-প্রেমধাম, যাঁহার স্মরণে সর্ব্বসিদ্ধি॥ গুরুভাবে নিত্যানন্দ, শ্রীল-নবদ্বীপচন্দ্র, নিত্যানন্দ-কীর্ত্তন মাতাল। শ্রুতি-স্মৃতি-দর্শনাদি,—যোগতন্ত্রাদিতে সিদ্ধি, ছাড়ি শ্রীচৈতন্য সু-রসাল॥ গৌর-প্রেম-ময়-দেহ, পতিতেরে বড় স্নেহ, মো সবারে করিলেন দয়া॥ নদীয়া নাগরী ভাবে, সোণার গৌরাঙ্গ-সেবে, নব-ভাবে অলঙ্কৃত কায়া॥ সঙ্কীর্ত্তন-নৃত্য গীত,-রসে মগ্ন মহাপ্রীত, সেই ভাবময়-কলেবর। ভক্তসঙ্গে নিরন্তর, ভক্তাধীন কলেবর, অপরাধের নাহিক বিচার॥ রসের আধার প্রভু, স্বজন-সর্ব্বস্ব বিভু, ভক্তগত-স্নেহ-প্রাণ-মন। ভক্ত বিনা নাহি ভানে, বিকায় ভক্তের স্থানে, মো পাপির জীবনের জীবন॥ মাদৃশ পাতকি জনে, কৃপা-বিন্দু-বিতরণে, বলাৎকারে আত্মসাৎ কৈল। দয়ার সাগর প্রভু, থাকিতে না পারে কভু, প্রেমরসে সবে মাতাইল॥ ভজ সবে শ্রীগৌরাঙ্গ, কহ সবে শ্রীগৌরাঙ্গ, লহ ভাই শ্রীগৌরাঙ্গের নাম। গৌর বিনা গতি নাই, দৃঢ় করি ভজ তাই, এই শিক্ষা দেন অবিরাম॥ বাতুল-স্বভাব হয়ে, লোকাপেক্ষা না করিয়ে, মো অধমে করিল স্বীকার। কৃপা করি নিজ-গুণে, নেত্রে দিয়া জ্ঞানাঞ্জনে, নিজ বলি কৈল অঙ্গীকার॥ নিগূঢ় ভাবের নিধি, গোরারস নিরবধি, নিজ গণ লৈয়া কৃপাময়। আস্বাদেন মনঃসুখে, কেবল ভক্তের দুঃখে, কাতর হয়েন দয়াময়॥ বেদ বিধি পার প্রভু, লোক-শিক্ষা হেতু কভু, সর্ব্বধর্ম্ম করেন আচরণ। কুলোচিত-ভাব লৈয়া, লজ্জি-লেও করে দয়া, প্রেমরস করেন বিতরণ॥ অজ্ঞান-ভ্রম অন্ধকারে, পতিত দেখিয়া মোরে, জ্ঞানাঞ্জন দিল দয়া করি। তাঁহার করুণা হইতে, নেত্র হৈল প্রকাশিতে, ভ্রম অন্ধকার দূর করি॥

মোর প্রভু প্রেমকন্দ, শ্রীল-নবদ্বীপচন্দ্র,
নবীনমঞ্জরী নামে খ্যাতি।
পীতপট্টসুবসনা, নবকুম্কুমবরণা,
প্রেমের আলয় রসবতি ॥
বারবর্ষ দশমাস, দশদিন বয়স,
সদাযার সুসমর্থা রতি।
যূথিকা-কুসুম-প্রায়, অঙ্গগন্ধে বিলসয়,
অনঙ্গাম্বুজ-কুঞ্জেতে বসতি ॥
স্বাধীন-ভর্ত্তৃকা-ভাবে, ধীরামধ্যা-স্বভাবে,
সেবে সদা নিজ প্রাণপতি।
বিলাস-সময়-মত, ব্যজনাদি-সেবা রত,
আর গন্ধসেবায় সুরতি ॥

প্রকাশকের নিবেদন।

শ্রীশ্রীগুরুদেবের কৃপায় বৈষ্ণবাচার দর্পণ দ্বিতীয় ভাগ প্রকাশিত হইল। বৈষ্ণবাচার দর্পণের প্রথম ভাগের বিজ্ঞাপনে বৈষ্ণব দিগের নিত্যকর্ম্ম বিষয়ক উপদেশ, ষষ্ঠ বিভবে প্রকাশিত হইবে এইরূপ উল্লিখিত হয়। বস্তুতঃ ৩৯৫ শ্রীচৈতন্যাব্দে যখন প্রথম ভাগ প্রকাশিত হয় তাহার বহু পূর্ব্বেই সমস্ত পুস্তকের আদর্শ পাণ্ডুলিপি প্রস্তুত হইয়াছিল। কিন্তু কোনও গূঢ় কারণ বশতঃ মদীষ্টদেব পরমারাধ্য পরমপূজনীয় শ্রীল শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র গোস্বামি প্রভুপাদ উক্ত দ্বিতীয়ভাগ প্রকাশে আর যত্নশীল হয়েন নাই। এমন কি উহার প্রকাশের সম্ভাবনাই ছিলনা॥ অবশেষে অনেক যত্ন ও নির্ব্বন্ধাতিশয় সহ অনুনয় করিয়া আমি গত পূর্ব্ব বৎসর উক্ত আদর্শ পাণ্ডুলিপি মুদ্রাঙ্কিত করিয়া প্রকাশ করিতে অনুমতি পাইয়াছিলাম।

মনে করিয়াছিলাম সহজেই সফল-মনোরথ হইতে পারিব। কিন্তু ভাগ্যে তাহা ঘটিল না কখন যে ঘটিবে তাহাও বলা যায় না।

শ্রীশ্রীপ্রভুপাদের উপস্থিত শারীরিক ও মানসিক যেরূপ ভাব তাহাতে এই গ্রন্থ শেষ হওয়া অতিশয় সুকঠিন বিশেষতঃ শুভ কার্য্য মাত্রই আয়াস সাধ্য এবং আমার ইচ্ছা পূর্ণ হইবার পক্ষে নানা বিঘ্ন দৃষ্ট হইতেছে। ভরসা কেবল গুরুদেবের কৃপামাত্র। "আপন ইচ্ছায় জীব কোটি বাঞ্ছা করে; কৃষ্ণ ইচ্ছা যাহা হয় তাই ফল ধরে"। যে নিত্যকৃত্য প্রকাশের জন্য আমি এত উৎসুক ছিলাম তাহার কিয়দংশ মাত্র ষষ্ঠ সপ্তম ও অষ্টম বিভবে বিভক্ত করিয়া দ্বিতীয় ভাগ রূপে শ্রীমদ্ভগবদ্ভক্তগণের করকমলে অর্পণ করিলাম। তাঁহারা কৃপা-প্রকাশ-পুরঃসর গ্রহণ করিয়া আশীর্ব্বাদ করেন যেন তৃতীয় ভাগ ও সত্বর প্রকাশিত হয় উপস্থিত যে উদ্দেশ্যে এই গ্রন্থ প্রকাশের জন্য আমি এত ব্যগ্র হইয়া ছিলাম শ্রীগুরু ও বৈষ্ণবের কৃপায় তাহা সংসাধিত হইলেই চরিতার্থ হই। অলমিতি।

শ্রীমন্নিত্যানন্দ দাসানুদাস
শ্রীনবদ্বীপচন্দ্র রায়স্য।

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরো জয়তিতমাম্।

নির্ঘণ্ট — পত্রাঙ্ক।

অথ বৈষ্ণবামৃতসার।

কৃষ্ণার্জ্জুন সংবাদ।

সপ্তম বিভব।

শ্রীব্রহ্ম সম্প্রদায়ী দিগের নিত্য কৃত্য।

অষ্টম বিভব।

সম্পূর্ণ।

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরো
জয়তিতমাম্ ।

বৈষ্ণবাচারদর্পণে

বৈষ্ণব-সর্ব্বস্বে

ষষ্ঠোবিভবঃ ।

উপক্রমণিকারূপ মঙ্গলাচরণ অবতরণিকা ।

অনঙ্গ-মঞ্জরী-পাদপদ্ম শিরে ধরি । বৈষ্ণবের কৃত্য এবে কহিব বিবরি ॥
অগ্রে সে বন্দিব গুরু জাহ্নবা ঈশ্বরী । অভিন্ন হয়েন নিত্যানন্দের মাধুরী ॥
বন্দিব শ্রীনিত্যানন্দ প্রেমের বিগ্রহ । পরে শ্রীগৌরাঙ্গ-তত্ত্ব-ভক্ত-ভক্তি-দেহ ॥

শ্রীজাহ্নবাং ভক্তজনৈক-পাত্রীং,
শ্রীভক্তি-গর্ভ-দয়য়া সুধাত্রীং ॥
শ্রীমৎ-পদাব্জ-সুধয়া সুগুর্ব্বীং,
শ্রীপ্রেমলাভায় সদা ভজেঽহং ॥

ভক্ত-জন-রক্ষা-হেতু পূর্ণ অবতারী । ভক্তিপূর্ণ-দয়া দিয়া প্রেমাধান-কারী ॥
মোর গুরুদেব সেই জাহ্নবা ঈশ্বরী । প্রেমানন্দ-আশে আমি সদা ভজন করি ॥
যাঁহার পাদ-পদ্ম-সুধায় অমর হইব । জরা-ব্যাধি-ষড়ূর্ম্মিতে উত্তীর্ণ হইব ॥

নিত্যঃ শ্রীরাধিকা-নাম, আনন্দঃ কৃষ্ণ-বিগ্রহঃ ।
তয়োরৈক্যং পরং ব্রহ্ম, নিত্যানন্দোঽভিধীয়তে ॥
উদ্যৎ-সুধাকর-নিভং পরিমুক্ত-কেশং,
কৌপীন-কর্পট-পটাবৃত-মধ্যভাগং ।
নৃত্যন্তমুদ্ধৃতকরাভিনয়েন নিত্যা,-
নন্দং ভজে সততমদ্বয়-গান-মত্তং ॥ অনন্তসংহিতা ॥

নবোদিত-সুধাকর,-সম-শোভা-বর্ণবর, মোর প্রভু নিত্যানন্দরাম ।
শিরে কেশ মনোহরে, বেষ্টিত সে মুক্তাহারে, স-বলাক যেন মেঘ-দাম ॥
কটিতে কৌপীন-বর, তদুপরি বস্ত্র-বর, লম্বা কোঁচা মধ্যভাগে সাজে ।

ঊর্দ্ধে দুই হস্ত তুলি, অভিনয়-কুতূহলী, কত রঙ্গে করতালি বাজে॥ "রাধা কৃষ্ণ এক তত্ত্ব, হইয়াছেন সুব্যক্ত, নবদ্বীপে শ্রীগৌরাঙ্গ-রূপ। সব ছাড়ি ভজ ভাই, গৌর বিনা গতি নাই," গৌর-প্রেমে মত্ত প্রেমরূপ॥ ইষ্টাঽভিন্ন যত গান, সদাই করয়ে গান, হেন নিতাই সর্ব্ব-রসাশ্রয়। অভিন্ন-চৈতন্য-দেহে, রাধা-কৃষ্ণ মিলি রহে, নিতাই ভজি প্রেম-লাভ হয়॥

ধ্যায়ন্তো গিরি-কন্দরেষু বহবো ব্রহ্মানুভূয়াসতে, যোগাভ্যাস-পরাশ্চ সন্তি বহবঃ সিদ্ধা মহীমণ্ডলে। বিদ্যা-শৌর্য্য-ধনাদিভিশ্চ বহবো জল্পন্তি মিথ্যোদ্ধতাঃ, কোবা গৌরকৃপাংবিনাঽদ্যজগতি প্রেমোন্মদো নৃত্যতি॥ শ্রীপ্রবোধানন্দসরস্বতীকৃত শ্রীচৈতন্যচন্দ্রামৃতে॥

পর্ব্বতের গুহামধ্যে কতশত জন। ধ্যাননিষ্ঠ তারা ব্রহ্মানন্দেতে মগন॥ যোগাভ্যাসে সিদ্ধি পাইয়া অনিমাদিবলে। কতশত সিদ্ধ আছে এই ধরাতলে॥ অনেক আছয়ে বিদ্যা-ধনেতে উদ্ধত। কেহ শূর কেহ বীর বৃথায় প্রমত্ত॥ নানা-মত নানাকথা জল্পে নানা-রঙ্গে। নাই তাদের অধিকার প্রেমের প্রসঙ্গে॥ কিবা সে বিজনবাসী কিবা ব্রহ্মজ্ঞানী। কিবা ধ্যানকারী কিবা সিদ্ধ-অভিমানী॥ কিবা যোগী,কি তপস্বী,কিবা বিদ্যা-বান্। শূর,বীর,ধনী,মানী,বিজ্ঞ, রূপবান্॥ কেহই না পায় প্রেমভক্তির সন্ধান্। গৌরভক্তের-কৃপাবলে হৈলে ভাগ্যবান্॥ শ্রীগৌরাঙ্গপ্রেমে মত্ত প্রেমানন্দ পান্। গৌরকৃপা বিনা ভাই নহে প্রেমবান্॥

যো মার্গো দূরশূন্যো বত ইহ বলবৎকণ্টকো যোঽতিদুর্গো, মিথ্যার্থ-ভ্রামকো যঃ সপদি রসময়ানন্দনিঃস্যন্দকো যঃ। সদ্যঃ প্রদ্যোতয়ং-স্তং প্রকটিতমহিমা স্নেহবান্হৃদ্গুহায়াং, কোঽপ্যন্তর্ধ্বান্তহন্তা স জয়তি নবদ্বীপদীপ্যৎপ্রদীপঃ॥ দূরাদেবদহন্কুতর্কশলভান্ কোটীন্দু-সং-শীতলো,জ্যোতিঃ-কন্দল সদ্ম-সন্মধুরিমা বাহ্যান্তরধ্বান্তহৃৎ,সস্নেহাশয়-বর্ত্তি-দিব্যবিসরত্তেজাঃ সুবর্ণদ্যুতি-কারুণ্যাদিহ জাজ্বলীতি স নবদ্বীপ-প্রদীপোঽদ্ভুতঃ॥ জয়তিজয়তি দেবঃ শ্রীশচীগর্ভজন্মা, জয়তিজয়তি ভক্তপ্রেমদানৈকধর্ম্মা। জয়তিজয়তি মেরুস্পর্দ্ধি-গৌরাঙ্গ-ধামা, জয়তিজয়তি ধন্যঃ কৃষ্ণচৈতন্য-নামা॥ অঙ্গীকৃত্য স্বসপদজয়িং স্বাদ্ভু-ভাবং ব্রবীমি, শ্রীচৈতন্যঃ প্রকটকরুণাপূর্ণ-পূর্ণাবতারঃ। শৃণ্বন্ পশ্যন্ পতিতযবনম্লেচ্ছচণ্ডালমূর্খাঃ; সত্যং সত্যং ঝটিতি লভতে প্রেমরত্নং পবিত্রং॥ শ্রীপ্রবোধানন্দসরস্বতীকৃত শ্রীচৈতন্যচন্দ্রামৃতে॥

নবদ্বীপ-প্রদীপ শ্রীগৌরাঙ্গ সুন্দর। অদ্ভুত প্রদীপ সদা সর্ব্ব-তমো-হর॥ প্রেম-ভক্তি-রস-স্নেহে সদা উজ্বলিত। নবদ্বীপোজ্বলধামে নিত্য প্রোজ্জ্বলিত॥

কর্ম্মকাণ্ড-জ্ঞানকাণ্ড-কণ্টকে দুর্গম। "যে যে প্রস্থান ছিল, সব করিলেন সুগম"॥ দূর, কিম্বা শূন্য, পথ যতেক কান্তার। সব দূর করে, নাশি হৃদয়ান্ধকার॥ প্রকাশ করায় ভ্রম মিথ্যা-ভূত-অর্থে। অনায়াসে লাভ করায় পরম-পুমর্থে॥ হেন প্রেমোজ্জ্বল-মণি জয় গৌরধাম। অধম-অন্তরে যেন স্ফুরে অবিরাম॥ এক নিবেদন করি শুন সর্ব্বজনে। বাচাল করয়ে গৌর-গুণে মূক জনে॥ কহিতে নাহিক জানি নিজ আর পর। যাহা উঠে তাহা বলি নাহি লাগে ডর॥ সর্ব্ব অবতারসার চৈতন্যগোসাঁই। এমন করুণা-নিধি আর কেহ নাই॥ কৃষ্ণ বিনা আর কেহ নাহিক ঈশ্বর। সত্য-ত্রেতা-দ্বাপর-কলি-যুগের ভিতর॥ একমাত্র সেইপ্রভু নাম-রূপ-ভেদে। লোক বুঝাবারে বলে নানামতে বেদে॥ যত যত অবতার সেই সব যুগে। দয়াতারতম্যে ছোট বড় বলে লোকে॥ পুরাণ কাহিনী আছে দেখ বিদ্যমান। মুনিগণ সকলের সিদ্ধান্ত প্রমাণ॥ ভৃগুমুনি দ্বারায় বুঝিয়া ঋষিগণ। পরীক্ষায় কৃষ্ণকে জানিল সর্ব্বোত্তম॥ আরাধ্যের শ্রেষ্ঠ কৃষ্ণ, উপাস্যের উত্তম। অদোষ-দরশী কৃষ্ণ, পুরুষ উত্তম॥ তাহাতে নারদ-মুনি বিশেষ করিয়া। প্রকাশ করিল জীবে দয়া প্রকাশিয়া॥ ব্রজনাথ গোপীবল্লভ শ্রীরাধামোহন। ক্রমে সর্ব্বোত্তম হয় মদনমোহন॥ চৈতন্য গোসাঁই সর্ব্ব-বিধায়েতে বড়। সর্ব্ব-ধর্ম্মশাস্ত্রে ইহা করিয়াছে দৃঢ়॥ স্বরূপ-দামোদর প্রশ্নে মুরারির উক্তি। কড়চানামকগ্রন্থে আছে নানা-যুক্তি॥ শ্রীকৃষ্ণচৈতন্য-লীলায় হন আদি ব্যাস। ভাষাছন্দে প্রকাশিলেন বৃন্দাবনদাস॥ তার অন্তখণ্ডে আছে প্রভুর নিজ উক্তি। স্বানুভাবে বিষ্ণুখট্টায় বসি কৈল যুক্তি॥

তথাহি শ্রীচৈতন্যভাগবতে শেষ খণ্ডে প্রথম অধ্যায়ে। "কতক্ষণে মহাপ্রভু শ্রীগৌরসুন্দর। স্বানুভাবে বৈসে বিষ্ণু-খট্টার উপর॥ যোড়হস্তে সবে রহিলেন চারি ভিতে। প্রভু লাগিলেন নিজ তত্ত্ব প্রকাশিতে॥ মুঞি কৃষ্ণ, মুঞি রাম, মুঞি নারায়ণ। মুঞি মৎস্য, মুঞি কূর্ম্ম, বরাহ, বামন॥ মুঞি পৃশ্নিগর্ভ, হয়-গ্রীব, মহেশ্বর। মুঞি বুদ্ধ, কল্কি, হংস, মুঞি হলধর,॥ মুঞি নীলাচল-চন্দ্র, কপিল, নৃসিংহ। দৃশ্যাদৃশ্য সব মোর চরণের ভৃঙ্গ॥ মোহোর সে গুণগ্রাম বলে সর্ব্ববেদে। মোহোরে সে অনন্ত ব্রহ্মাণ্ড কোটি সেবে॥ মুঞি সর্ব্ব-কাল-রূপী ভক্তজন বিনে। সকল আপদ খণ্ডে মোহোর স্মরণে॥ দ্রৌপদীরে লজ্জা হৈতে মুঞি উদ্ধারিনু। যউ-গৃহে মুঞি পঞ্চ পাণ্ডবে রক্ষিনু॥ বৃকাসুর বধি মুঞি রাখিনু শঙ্কর। মুঞি উদ্ধারিনু মোর গজেন্দ্র কিঙ্কর॥ মুঞি সে করিনু প্রহ্লাদের বিমোচন। মুঞি সে করিনু গোপবৃন্দের রক্ষণ॥ মুঞি সে করিনু পূর্ব্ব অমৃত-মথন। বঞ্চিয়া অসুরে রক্ষা কৈনু দেবগণ॥ মুঞি সে বধিনু মোর ভক্ত-দ্রোহি কংস। মুঞি সে করিনু দুষ্ট-রাবণ নির্ব্বংশ॥ মুঞি সে ধরিনু

বাম-হাতে গোবর্দ্ধন। মুঞি সে করিনু কালি-নাগের দমন॥ মুঞি করেঁ। সত্যযুগে তপস্যা-প্রচার। ত্রেতাযুগে যজ্ঞ লাগি মোর অবতার॥ এই আমি অবতীর্ণ হইয়া দ্বাপরে। পূজা ধর্ম্ম শিখাইনু সকল লোকেরে॥ কত মোর অবতার, বেদেও না জানে। সম্প্রতি আইনু মুঞি কীর্ত্তনকারণে॥ কীর্ত্তন আরম্ভে প্রেম-ভক্তির বিলাস। অতএব কলিযুগে মোর পরকাশ॥ সর্ব্ব বেদে পুরাণে আগমে মোরে চায়। ভক্তের আশ্রমে মুঞি থাকোঁ সর্ব্বদায়॥ ভক্ত বহি মোহোর দ্বিতীয় আর নাই। ভক্ত মোর পিতা মাতা বন্ধু পুত্র ভাই॥ যদ্যপি স্বতন্ত্র আমি স্বতন্ত্র বিহার। তথাপিহ ভক্ত-বশ স্বভাব আমার॥ তোমরা সে জন্ম জন্ম সংহতি আমার। তোমা সবা লাগি মোর সব অবতার॥ তিলা-র্দ্ধেকে আমি তোমা সবারে ছাড়িয়া। কোথাহো না থাকি সবে সত্য জান ইহা॥ এইমত বহুতত্ত্ব কহে করুণায়। শুনি সব ভক্তগণ কান্দে ঊর্দ্ধ-রায়॥ পুনঃ পুনঃ সবে দণ্ড-প্রণাম করিয়া। উঠেন পড়েন কাকু করেন কান্দিয়া॥ হেন সে আনন্দ হৈল অদ্বৈতের ঘরে। যে রস হইল পূর্ণ নদিয়া নগরে॥ পূর্ণ-মনোরথ হইলেন ভক্তগণ। যতেক পূর্ব্বের দুঃখ হইল খণ্ডন"॥ প্রথম অধ্যা-য়ের এই বচন প্রমাণ। আর দ্বিতীয়া-ধ্যায়ে গৌরমন্ত্রের বিধান॥ আছে সাক্ষিগোপাল আগে নর্ত্তনপ্রসঙ্গে। দেখিয়া শুনিয়া লোকের মোহ নাহি ভাঙ্গে॥ "যার মন্ত্রে সকল মূর্ত্তিতে বৈসে প্রাণ। সেই প্রভু শ্রীকৃষ্ণচৈতন্য-চন্দ্রনাম॥ তথাপিও নিরবধি করে দাস্যলীলা। অবতারী হৈলে হয় এইমত খেলা"॥ সর্ব্বথায় শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভু। অবতারি-শিরোমণি না ভুলিবে কভু॥ চৈতন্য বিহীনে যত দেব হয় জড়। অতএব সর্ব্বপ্রাণ শ্রীচৈতন্য দৃঢ়॥ শুন শুন সর্ব্ব-লোক পুনঃ সাবধানে। শ্রীগৌরাঙ্গ-গুণ-গাথা অপূর্ব্ব শ্রবণে॥ শুনিলে তরিবে লোক এ ভব-সাগরে। পুনর্ব্বার গতায়াত নহিব সংসারে॥ নবদ্বীপে গৌরচন্দ্র প্রকাশ হইল। স্থাবর-জঙ্গম-আদি সব নিস্তারিল॥ নিত্যা-নন্দ অদ্বৈত করিয়া নিজসঙ্গে। সকল পার্ষদসঙ্গে আনন্দ-তরঙ্গে॥ গৌরাঙ্গ-সুন্দর-তত্ত্ব কেহ নাহি বুঝে। অজ-ভব-আদি করি যার পদ ভজে॥ শ্রীকৃষ্ণ-চৈতন্য, অবতারি-শিরোমণি। যার গুণ গাইয়া বুলে সনকাদি-মুনি॥ নারদ বীণায় গুণ গায় নিরন্তর। অন্ত নাহি পায় তারা ভাবিয়া ফাঁফর॥ শুক-মুনি যোগেশ্বর ব্যাসের নন্দন। সর্ব্বভাবে লৈল তেঁই প্রভুর শরণ॥ দেখা দিল প্রভু তারে হইয়া সদয়। মাতৃ-গর্ব্ভে যোগ-শিক্ষা পাইল মহাশয়॥ হেন প্রভু কলিযুগে অবতার সার। তাঁহাকে জানিবে হেন শক্তি আছে কার॥ বাসুদেব সার্ব্বভৌম পণ্ডিত-চূড়ামণি। বেদ-বেদান্ত-দর্শনাদি পড়ান আপনি॥ যাবৎ প্রভুর পদ না হইল দর্শন। তাবৎ করিল নানা-শাস্ত্রের চিন্তন॥ যে দিন প্রভুর

পদ দেখিল নয়নে। তবেত ছাড়িল সব শাস্ত্রের চিন্তনে॥ চিত্তেতে বৈরাগ্যভাব তখনি হইল। আকুল হইয়া প্রভু পদে নিবেদিল॥

নারাধিতং কলিযুগে তব পাদপদ্মং, নালোকিতং কলিযুগে তব গৌর দেহং। নাকর্ণিতা কলিযুগে তব কীর্ত্তি-গাথা, চৈতন্যচন্দ্র ভবতা পরিবঞ্চিতোঽহং॥ ইতি শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যবাক্যং॥ অপ্যগণ্যমহা-পুণ্য-মনন্যশরণং হরেঃ। অনুপাসিতচৈতন্য-মধন্যংমন্যতে মতিঃ॥ অচৈ-তন্যমিদংবিশ্বং যদি চৈতন্যমীশ্বরং। ন ভজেৎ সর্ব্বতোমৃত্যুরুপাস্যম-মরোত্তমৈঃ॥ ইতি শ্রীহরিভক্তিবিলাসনামক শ্রীমদ্বৈষ্ণবস্মৃতি-প্রণেতৃ-শ্রীমদ্গোপালভট্ট-গোস্বামি-গুরু-শ্রীপ্রবোধানন্দসরস্বতীবাক্যঞ্চ শ্রীচৈতন্যচন্দ্রামৃতে॥

সার্ব্বভৌম-ভট্টাচার্য্যের অনুতাপ-বাণী। শুনিলে নির্ম্মূল হবে তর্ক-প্রবাহিনী॥ "শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু পতিতপাবন। কলি-তিমিরান্ধ-জীবের অনন্য-নয়ন॥ তব পাদপদ্ম পূজা অগতির গতি। তব নাম-গুণ-গান যাতে সর্ব্ব-প্রাপ্তি॥ করিলে শ্রবণ তোমারই কীর্ত্তি-গাথা। কলি-অমঙ্গলে নাশে নাহিক অন্যথা॥ তব রূপ না দেখিলাম এই কলিযুগে। সর্ব্বথা বঞ্চিত ছিলাম তব ভক্তি ভোগে॥ পাণ্ডিত্যা-ভিমান-তমো-নাশ করি মোর। কৃপায় তোমার তত্ত্ব করালে গোচর"॥ "সার্ব্বভৌম হইলেন প্রভুর ভক্ত একতান। মহাপ্রভুর সেবা বিনা অন্য নহে মন॥ শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণ-ধাম। এবার এই ধ্যান এই জপ এই লয় নাম"॥ শ্রীচৈতন্যচরিতামৃত-মধ্যখণ্ড-গাথা। পড়িলে শুনিলে মনে যাবে তর্কের ব্যথা॥ হেন প্রভু গৌরচন্দ্র অবতার-সারে। শিব-শুক-নারদাদি লক্ষিতে না পারে॥ হেন কোন জন আছে এ তিন ভুবনে। শ্রীগৌরাঙ্গ-গুণ-রস-তত্ত্ব যেই জানে॥ জনমে জনমে যাকে কৃপা হইয়া থাকে। সেই সে প্রভুর গুণ জানে ইহ লোকে॥ কেহ বলে গৌর-ভক্তি বেদে না আছয়। তা সম অজ্ঞানী লোক সংসারে না হয়॥ ঈশ্বরের দ্রোহি হৈল জন্মে জন্মান্তরে। ব্রহ্মার কোটি কল্পেও তার নাহিক নিস্তারে॥ পারাপার নাহি বেদ দুর্গম, বিস্তার। চারি জনা বিনা বেদ নাহি জানে আর॥ ব্রহ্মার মুখেতে সমর্পিল নারায়ণ। চারি মুখে প্রজাপতি করেন পঠন॥ দয়া করি প্রজাপতি নারদে শিক্ষাইল। প্রজাপতি-স্থানে নারদ বেদ-শিক্ষা পাইল॥ নারদ করিল কৃপা ব্যাস-মুনিবরে। ব্যাস শিক্ষাইল তবে শুক-মুনিবরে॥ ব্যাস, শিষ্যে পড়াইল বহু শাখা করি। দুর্গম বিস্তার বেদ পড়িবারে নারি॥ নানা-মতে বেদ তারা করিল ব্যাখ্যান। দর্শাইতে নারে বেদ করে অনুমান॥ এক এক বেদের সহস্র সহস্র শাখা। আছে কার শক্তি বেদ করিতে পারে

ব্যাখ্যা ॥ কতেক জন্ম পড়ে যদি একচিত্ত করে। তথাপি বেদের মর্ম্ম বুঝিতে না পারে ॥ একে বঙ্গদেশাদিতে বেদের চর্চ্চা নাই। বলিতে বাসিয়ে লজ্জা বেদগ্রন্থই নাই ॥ কতকৃদেশী ভিন্ন যদি জিজ্ঞাস ব্রাহ্মণে। বৈদিক গায়ত্রী ভিন্ন বেদ নাহি জানে ॥ সেও গায়ত্রী উচ্চারিতে নারে যথা-স্বরে। জ, য, ন, ণ, পড়ে সব্ একই প্রকারে ॥ অন্তস্থ বর্গীয় ব, একাকার উচ্চরে। তালব্য মূর্দ্ধণ্য, দন্ত্য, সও একাকারে ॥ হেন নরে ভর দেয় বেদের উপরে। তাবড় অজ্ঞানী লোক নাহিক সংসারে ॥ তার দোষ নাই ভাই শুন সাবধানে। জন্মে জন্মে নাহি ভজে প্রভুর চরণে ॥ বিষ্ণু-মায়ায় মুগ্ধ সেই সকল দুর্জন। জন্মে জন্মে পথিক নহে বিপথে গমন ॥ গতায়াতে দুঃখ তেঁই নানা মতে পায়। ভ্রমিতে ভ্রমিতে যদি সাধুর কৃপায় ॥ দেখিয়া সাক্ষাতে প্রভুর পদ বিদ্যমান। তবে যদি চিত্তে কিছু করে অনুমান ॥ সব জীবের পদ হস্তি-পদে পরবেশ। হস্তিপদ-বাহিরে কার নাহি পদ লেশ ॥ সকল সংসারে যত নদ নদী বহে। সমুদ্র ভিতরে তারা সব আসি রহে ॥ পরার্দ্ধসংখ্যার মধ্যে যত সংখ্যা আছে। সেইমত চৈতন্যপ্রভুতে সব আছে ॥ সর্ব্বেশ্বর অবতারী গৌর-গুণমণি। তাতে যার মন নাই অভাগ্য করি মানি ॥ আর দেখ শ্রীচৈতন্যভাগবতে আছে। সর্ব্বপ্রমাণ শিরোমণি বেদাদির কাছে ॥ তথাহি শ্রীচৈতন্যভাগবতে। "চৈতন্যের দাস্যে যার নাহি অবধান। হউক সে সেব্য বস্তু তৃণের সমান ॥" সকল ছাড়িয়া ভজ চৈতন্য চরণ। ভজন-অনুক্রমে সকল ফলের সাধন ॥ পরম-দয়ালু মোর প্রভু নিত্যানন্দ। আপনে আচরি ভজি শিখায় জীববৃন্দ ॥ তথাহি শ্রীনিত্যানন্দ প্রভু বাক্যং যথা। "ভজ চৈতন্য কহ চৈতন্য লহ চৈতন্য নাম। যে জন চৈতন্য ভজে সেই আমার প্রাণ ॥ না ভজে চৈতন্য যদি মোরে ভজে গায়। জন্মে জন্মে সেই পাপী অধঃপাতে যায়"॥ ইতি শ্রীনিত্যানন্দপ্রভোর্ভজনং যথা শ্রীচৈতন্যভাগবতে। "স্বপ্নেও নাহিক নিত্যানন্দ মুখে অন্য। নিরন্তর জপে নাম শ্রীকৃষ্ণচৈতন্য ॥" অবোধ দুর্ভাগ্য লোক বিচারিতে চায়। গৌরাঙ্গ-ভজন নাই বল্যে দুঃখ পায় ॥ তন্মধ্যে আবার কেহ কহে কত যুক্তি। গোপাল-মন্ত্রে সাধিলে গৌর করিবেন্ মুক্তি ॥ নানা-ভাবে নানা-লোক নানা-কথা কহে। গৌর-মন্ত্র নাই বল্যে ত্রিতাপেতে দহে ॥ ভক্ত অবতার বল্যে উপাসনা নাই। এই সব পাষণ্ডের বলিহারি যাই ॥ শুনিয়া দেখিয়া নাহি দেখে যারা সব। উল্লুকে না দেখে যৈছে সূর্য্যের বৈভব ॥ দর্শনাদি-বেদশাস্ত্রে পরম-পণ্ডিত। প্রভুরে দেখিয়া প্রেমানন্দেতে মূৰ্চ্ছিত ॥ সার্ব্বভৌম ভট্টাচার্য্য চৈতন্য পাইয়া। তবে পদে স্তব করে দুইকর যুড়িয়া ॥ "জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য প্রাণনাথ। জয় জয় শচী-পুণ্যবতী-গর্ভজাত ॥ জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য সর্ব্ব-

প্রাণ। জয় জয় বেদ-দ্বিজ-সাধু-ধর্ম্ম-ত্রাণ ॥ জয় জয় বৈকুণ্ঠাদি লোকের ঈশ্বর। জয় জয় শুদ্ধসত্ত্বরূপ, ন্যাসি-বর" ॥ পরমসুবুদ্ধি সার্ব্বভৌম মহামতি। কত শ্লোক পড়ি পুনঃ পুনঃ করে স্তুতি ॥

কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ, প্রাদুস্কর্ত্তুং কৃষ্ণচৈতন্যনামা। আবি-
র্ভূতস্তস্য পাদারবিন্দে, গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্ত-ভৃঙ্গ ॥

কালবশে ভক্তি লুকাইয়া দিনে দিনে। পুনর্ব্বার নিজ-ভক্তি-প্রকাশ-কারণে ॥ শ্রীকৃষ্ণচৈতন্য নাম প্রভু আবির্ভূত। তাঁর পাদপদ্ম যাহে মধু অন্তর্ভূত ॥ আমার চিত্ত তমঃপ্রায় ভ্রমর-বরণ। সেই মাধুর্য্য-মধুকর গাঢ় আস্বাদন ॥

বৈরাগ্য-বিদ্যা-নিজভক্তিযোগ,-শিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ। শ্রীকৃষ্ণ-
চৈতন্য-শরীরধারী, কৃপাম্বুধির্যস্তমহং প্রপদ্যে ॥

বৈরাগ্যসহিত নিজভক্তি শিক্ষাইতে। যে প্রভু কৃপায় অবতীর্ণ পৃথিবীতে ॥ শ্রীকৃষ্ণচৈতন্য- প্রভু পুরুষ পুরাণ। দেহধারী, নাহি যার অধিক সমান ॥ হেন কৃপাসিন্ধুর চরণ-গুণ-নাম। স্ফুরুক আমার হৃদয়েতে অবিরাম ॥ এইমত সার্ব্বভৌম শত শ্লোক করি। স্তব করে চৈতন্যের পাদ-পদ্ম ধরি ॥ "পতিত তারিতে সে তোমার অবতার। মুঞি পতিতেরে প্রভু করহ উদ্ধার ॥ বন্দি করিয়াছে মোরে অশেষ বন্ধনে। বিদ্যা-ধনে-কুলে তোমায় জানিব কেমনে ॥ এই কৃপা কর মোরে সর্ব্ব-জীব-নাথ। অহর্নিশ চিত্ত মোর রহুক তোমাত ॥ অচিন্ত্য অগম্য প্রভু তোমার বিহার। তুমি না জানাইলে জানিতে শক্তি কার ॥ এইরূপে আদ্যোপান্ত চৈতন্য ভাগবতে। গৌরাঙ্গ-স্বরূপতত্ত্ব ব্যক্ত নানামতে" ॥ অতঃপর দয়াবান্ জীব-হিতকারী। কৃষ্ণদাস কবিরাজ লিখিল দৃঢ় করি ॥ পণ্ডিত মানয়ে যারা আপনা আপনি। তাহাদের হৃদয়-অন্ধকার-বিনাশিনী ॥ বন্দ গৌরপ্রেম পূর্ণা অদ্ভুত লেখনী। শ্রীচৈতন্য চরিতামৃত মূল প্রকাশিনী ॥ যে লেখনী-লেখাগ্রন্থে জগত্ নিস্তার। পাষণ্ডের সকল তর্ক হইবে ছারখার ॥ শ্রীচৈতন্যভাগবত-শ্রীচৈতন্যমঙ্গল। শ্রীচৈতন্যচরিতামৃত প্রমাণ প্রবল ॥ এই দুই সার গ্রন্থ যেবা পড়ে শুনে। তাহার বিশ্বাস হয় চৈতন্য-সাধনে ॥ আদ্যোপান্ত দুই গ্রন্থের তত্ত্ব প্রকাশিতে। বহুল হইয়া গ্রন্থ বাড়ে নানামতে ॥ অতএব দিঙ্-মাত্র লিখি সংক্ষেপ করিয়া। রামানন্দ রায়ে যাহা প্রকাশিল দয়া ॥ শ্রীচৈতন্য-চরিতামৃতের মধ্যখণ্ড ॥ অষ্টম পরিচ্ছেদ যাহে সুপাষণ্ড খণ্ড ॥ তথাহি ॥ "ইষ্ট গোষ্ঠী কৃষ্ণকথা কহি কতক্ষণ। প্রভু পদে ধরি রায় করে নিবেদন ॥ কৃষ্ণ-তত্ত্ব, রাধা-তত্ত্ব, প্রেম-তত্ত্ব-সার। রসতত্ত্ব লীলাতত্ত্ব বিবিধ প্রকার ॥ এত তত্ত্ব মোর চিত্তে কৈলে প্রকাশন। ব্রহ্মাকে বেদ যেন পড়াইল নারায়ণ ॥ অন্তর্যামী ঈশ্বরের এই রীতি হয়। বাহিরে নাকহে বস্তু প্রকাশে হৃদয় ॥ এক আশ্চর্য্য

মোর আছয়ে হৃদয়ে। কৃপাকরি কহ মোরে তাহার নিশ্চয়ে॥ পহিলে দেখিল তোমায় সন্ন্যাসি-স্বরূপ। ইবে তোমা দেখি মুঞি শ্যাম গোপরূপ॥ তোমার সন্মুখে দেখোঁ কাঞ্চন পঞ্চালিকা। তার গৌরকান্ত্যে তোমার সর্ব্ব অঙ্গ ঢাকা॥ তাতে এক প্রকট দেখি সবংশী-বদন। নানাভাবে চঞ্চল তাহে কমল নয়ন॥ এইমত তোমা দেখি হয় চমৎকার। অকপটে কহ প্রভু কারণ ইহার॥ প্রভু কহে কৃষ্ণে তোমার গাঢ় প্রেম হয়। প্রেমার স্বভাব এই জানিহ নিশ্চয়॥ মহাভাগবত দেখে স্থাবর জঙ্গম। তাঁহা তাঁহা হয় তার শ্রীকৃষ্ণ-স্ফুরণ॥ স্থাবর জঙ্গম দেখে না দেখে তার মূর্ত্তি। সর্ব্বত্র হয় তার ইষ্টদেব-স্ফুর্ত্তি॥ রাধাকৃষ্ণে তোমার মহাপ্রেম হয়। যাঁহা তাঁহা রাধাকৃষ্ণ তোমারে স্ফুরয়॥ রায় কহে প্রভু মোরে ছাড় ভারি ভূরি। মোর আগে নিজরূপ না করিহ চুরি॥ রাধিকার ভাব কান্তি করি অঙ্গীকার। নিজরস আস্বাদিতে করিয়াছ অবতার॥ নিজগূঢ়কার্য্য তোমার প্রেম-আস্বাদন। আনুসঙ্গে প্রেমময় কৈলে ত্রিভুবন॥ আপনে আইলে মোরে করিতে উদ্ধার॥ এবে কপট কর তোমার কোন ব্যবহার॥ তবে হাঁসি তারে প্রভু দেখাইল স্বরূপ। রসরাজ মহাভাব দুই এক রূপ॥ দেখি রামানন্দ হৈল আনন্দে মূর্চ্ছিতে। ধরিতে না পারে দেহ পড়িল ভূমিতে॥ প্রভু তারে হস্তস্পর্শে করাইল চেতন। সন্ন্যাসীর বেশ দেখি বিস্মিত হৈল মন॥ আলিঙ্গন করি প্রভু কৈল আশ্বাসন। তোমা বিনা এরূপ না দেখে অন্য জন॥ মোর তত্ত্ব-লীলা-রস তোমার গোচরে। অতএব এইরূপ দেখাইনু তোমারে॥" ইত্যাদি সম্বাদ যে বা পড়য়ে বা শুনে। অতি ভাগ্যবান্ হইলে পায় আস্বাদনে॥ রসতত্ত্ব-জ্ঞান হয় প্রেম উপজয়। চৈতন্যের গূঢ় তত্ত্বজ্ঞান উপজয়॥ কৃষ্ণদাস কবিরাজ লিখিলেন নিষ্কর্ষে। "তর্ক না করিহ চিত্তে করিহ বিশ্বাসে॥ অলৌকিক লীলা এই পরম নিগূঢ়। বিশ্বাসে পাইয়ে, তর্কে হয় বহু দূর॥ শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত চরণ। যাহার সর্ব্বস্ব তারে মিলে এই ধন॥ অতএব দু বাহু তুলিয়া বল ভাই। নিতাই চৈতন্য বিনা অন্যগতি নাই"॥ এবে কহি সাবধান হইয়া শুন ভাই। যদপেক্ষা আর প্রমাণ আবশ্যক নাই॥ সর্ব্বশাস্ত্র-সংগ্রহসার শ্রীবৈষ্ণবস্মৃতি। সনাতন-মতাচারির যা বিনা নাই গতি॥ হরিভক্তিবিলাস নাম সর্ব্বত্র প্রচার। গোসাঁই গোপাল-ভট্ট প্রণেতা হন তাঁর॥ শ্রীচৈতন্য-মহাপ্রভু-প্রিয়-হৃদয়-হার। প্রবোধানন্দ সরস্বতী গুরু হয়েন তাঁর॥

তথাহি শ্রীহরিভক্তিবিলাসের প্রথমবিলাসের দ্বিতীয়শ্লোকে।

ভক্তের্বিলাসাংশ্চিনুতে প্রবোধানন্দস্য শিষ্যো ভগবৎপ্রিয়স্য।
গোপালভট্টো রঘুনাথদাসং সন্তোষয়ন্ রূপসনাতনৌ চ॥

সব্‌-বেদবেত্তা প্রবোধানন্দ সরস্বতী। শ্রীচৈতন্য-ভগবানের প্রিয় এই খ্যাতি ॥ গোসাঞী গোপালভট্ট তাঁর শিষ্যতা পাইয়া। ভক্তির বিলাস সব সংগ্রহ করিয়া ॥ রূপ সনাতন আর রঘুনাথ দাস। সন্তোষ-কারণ এবে করি যে প্রকাশ ॥ তাঁর কৃত শ্রীচৈতন্যচন্দ্রামৃত-পদ্য। বুঝিলে খণ্ডিবে সব পাষণ্ডতা সদ্য ॥ গোপালভট্টের গুরুর প্রমাণ বচন। পূর্ব্বে উক্ত (৫ পত্র ৫ পঙক্তি) শ্লোকের টীকা সহ বিবরণ ॥ কৃষ্ণেতে অনন্য ভক্তি যাহার আছয়। তার মহাপুণ্য মম গণ্য নাহি হয় ॥ শ্রীচৈতন্যচন্দ্র-পদ-উপাসনা বিনে। অধন্য মানিয়ে আমি সে সব সাধনে ॥ চন্দ্রামৃতের সর্ব্বপ্রমাণ বচন। প্রেমভক্তি হয় সব করিলে পালন ॥

অথ টীকা। শ্রীকৃষ্ণচৈতন্য-দ্বেষিসঙ্গত্যাগার্থং তদভক্তানপি নিন্দন্তি পঞ্চদশভিঃ। অথ চৈতন্যাভক্তনিন্দেতি লোকপ্রবৃত্ত্যর্থত্বে নাত্র নিন্দা ন তু খলত্বেন পরমকারুণ্যপরোপকৃতিশীলানাং তাদৃশাং মহতাং পর-নিন্দকত্বাভাবাৎ ॥ অত্র প্রথমং তদনুপাসকস্য নিন্দাং ব্যঞ্জয়তি। অপ্য-গণ্যমহাপুণ্যমিত্যাদি। নোপাসিতঃ শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রো যেন তং জনং ধন্যং মতির্ন মন্যতে। বিচারজন্যযথার্থনির্দ্ধারণং মতিঃ সা তু তং জনং ধন্যং ন মন্যতে। তং কিম্ভূতং অপ্যগণ্যমহাপুণ্যমিতি। গণনাতি-রিক্তানি মহাপুণ্যানি যস্য তমপি। পুনঃকিম্ভূতং নাস্তি হরেরন্যং শরণং যস্য হরেরেকান্তভক্তস্যাপি ধন্যতাং ন মন্যতে কিমুত অপ্যগণ্য-পুণ্যস্য কা কথা, ধনং তাবৎ পঞ্চম-পুরুষার্থঃ প্রেমধনমর্হতীতি ধন্যস্তং। শ্রীকৃষ্ণচৈতন্যোপাসনং বিনা প্রেমধনং ন লভ্যতে তস্য কলিকালোপাস্যত্বাৎ। উপাস্যত্বঞ্চ নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা-শৃণ্বিত্যাদি প্রয়োগাৎ। আগমাদিষু ক্রমদীপিকাদৌ গৌরগোপালস্য সধ্যানচতুরক্ষরমন্ত্রঃ প্রকাশিতোঽস্তি মারগুটিতগৌরকৃষ্ণেতি এবং গৌরহরি-গৌরাঙ্গবিগ্রহ-শ্রীকৃষ্ণচৈতন্যেত্যাদয় কামলজ্জাদিচতুর্থী-স্বাহান্তো নমোন্তো বা দ্বিতীয়া-যুক্তোঽথ প্রপদ্যে ইত্যন্তা বা মন্ত্রা গ্রহ-নীয়াশ্চেতি ধ্বনিতং ॥ শ্রীচৈতন্যোপাসনং যস্য কলৌ নাস্তি কদাচন। অনন্যহরিভক্তোঽপি স ধন্যো মন্যতে ন হি ॥

শ্রীচৈতন্যচরিতামৃতের আদিখণ্ডে। অষ্টম্ পরিচ্ছেদ-প্রমাণে পাষণ্ডতা খণ্ডে ॥

"এ সব্ না মানে যেই করে কৃষ্ণ-ভক্তি। কৃষ্ণ-কৃপা নাহি তারে নাহি তার গতি ॥ পূর্ব্বে যৈছে জরাসিন্ধু-আদি-রাজগণ। বেদ-ধর্ম্ম করি করে বিষ্ণুর পূজন ॥ কৃষ্ণ নাহি মানে তারে দৈত্য করি মানি। চৈতন্য না মানিলে তৈছে দৈত্য করি জানি ॥" তথাহি তত্রৈব ॥ "হেন কৃপাময় প্রভু না ভজে যে জন। সর্ব্বোত্তম হইলেও সে অসুরে গণন ॥" শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে চতু-

র্দ্দশ পরিচ্ছেদে ॥ "কভু শিশু সঙ্গে স্নান করিলা গঙ্গাতে। কন্যাগণ আইল তথা দেবতা পূজিতে॥ গঙ্গাস্নান করি পূজা করিতে লাগিলা। কন্যাগণ মধ্যে প্রভু আসিয়া বসিলা॥ কহে কন্যায় আমা পূজ আমি দিব বর। গঙ্গা দুর্গা দাসী মোর মহেশ্ কিঙ্কর॥ আপনি চন্দনপরি পরেন ফুলমালা। নৈবেদ্য কাড়িয়া খান সন্দেশ চালু কলা"॥ তত্রৈব মধ্যখণ্ডে ষষ্ঠ পরিচ্ছেদে॥ "সার্ব্বভৌম হৈল প্রভুর ভক্ত একতান। মহাপ্রভুর সেবা বিনা নাহি অন্য মন॥ শ্রীকৃষ্ণচৈতন্য শচীসুত গুণধাম। এই ধ্যান এই জপ লয় এই নাম"॥ তত্রৈব মধ্যখণ্ডে ষোড়শ পরিচ্ছেদে॥"গদাধর পণ্ডিত প্রভুর সঙ্গেতে চলিলা। ক্ষেত্র-সন্ন্যাস না ছাড়িহ প্রভু নিবেধিলা॥ পণ্ডিত কহে যাঁহা তুমি সেই নীলাচল। ক্ষেত্র-সন্ন্যাস মোর যাউক রসাতল॥ প্রভু কহে ইঁহা কর গোপীনাথ সেবন। পণ্ডিত কহে কোটি-সেবা তৎপাদ-দর্শন॥ প্রভু কহে সেবা ছাড়িবে আমায় লাগে দোষ। ইঁহা রহি সেবা কর আমার সন্তোষ॥ পণ্ডিত কহে সব দোষ আমার উপর। তোমা সঙ্গে না যাইব যাব একেশ্বর॥ আই দেখিতে যাব না যাব তোমা লাগি। প্রতিজ্ঞা-সেবা-ত্যাগ-দোষ তার আমি ভাগি॥ এতবলি পণ্ডিত গোসাঞি পৃথক্ চলিলা। কটক আসি প্রভু তারে সঙ্গে আনাইলা॥ পণ্ডিতের গৌরাঙ্গ-প্রেম বুঝন না যায়। প্রতিজ্ঞা শ্রীকৃষ্ণ সেবা ছাড়ে তৃণ-প্রায়॥ তত্রৈব অন্ত্য-খণ্ডে একাদশ পরিচ্ছেদে শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর প্রতি শ্রীহরিদাস ঠাকুরের বচন যথা॥ "হৃদয়ে ধরিব তোমার কমল চরণ। নয়নে দেখিব তোমার ও চাঁদ বদন॥ জিহ্বায় উচ্চারিব তোমার কৃষ্ণচৈতন্য-নাম। এই মতে মোর ইচ্ছা ছাড়িব পরাণ॥ মোর ইচ্ছা এই যদি তোমার প্রসাদ হয়। এই নিবেদন মোর কর দয়াময়"॥ ইতি॥ শ্রীচৈতন্যভগবান্ সর্ব্ববিধায়েতে। পূজ্য হয় প্রমাণ চৈতন্যভাগবতে। "শ্রীকৃষ্ণ চৈতন্য বিনা অন্যেরে ঈশ্বর। যেই কহে সে অধম পাপী শোচ্যতর"॥ শ্রীচৈতন্যভাগবতে অন্ত্যের সপ্তম। অধ্যায়-প্রমাণে নাশে সংশয়-উদ্গম॥ "হেন সে চৈতন্য দেব শ্রীভক্তবৎসল। ইহানে সে কৃষ্ণ করি গায়েন সকল॥ নিত্যানন্দ-অদ্বৈতাদি যতেক প্রধান। সবে বলে শ্রীকৃষ্ণচৈতন্য ভগবান॥ এ সকল ঈশ্বরের বচন লঙ্ঘিয়া। অন্যেরে বলয়ে কৃষ্ণ সেই অভাগিয়া॥ গদাধরপণ্ডিতগোস্বামি ভ্রাতৃপুত্র। নয়নানন্দঠাকুরের গীত প্রমাণ অত্র॥ যথা॥ "কলিঘোরতিমিরে, গরাসল জগজন, ধরম করম রহু দূর। অসাধনে চিন্তামণি, বিধি মিলায়ল আনি, গোরা বড় দয়াল ঠাকুর॥ ভাইরে ভাই, গোরা গুণ কহনে না যায়। কত শত-আনন, কত চতুরানন, বর্ণিয়া ওর নাহি পায়॥ চারি বেদ ষড় দর্শন পড়িয়া সে যদি গৌরাঙ্গ নাহি ভজে। মিছা তার অধ্যয়ন লোচন-বিহীন-জন, দর্পণে কিবা তার কাযে॥ বেদ বিদ্যা দুই কিছুই না জানে, সে যদি

গৌরাঙ্গ করে সার। নয়নান্দেতে ভণে,সেই সে সকলি জানে,সর্ব্ব-সিদ্ধি কর-তলে তার ॥ ইতি॥ খণ্ড-বাসি নরহরি সরকার ঠাকুর। তাহার সঙ্গীত পদ প্রমাণ প্রচুর॥ যথা ॥"শয়নে গৌর,স্বপনে গৌর,গৌর নয়ন-তারা। জীবনে গৌর,মরণে গৌর,গৌর গলার হারা ॥ কহনা গৌর কথা ও সই. কহনা গৌর কথা। গৌর নাম, অমিয়া-ধাম, পিরীতি-মূরতি-দাতা ॥ গৌর বিহীনে, না বাঁচি পরাণে,গৌর করিলাম সার। গৌর বলিতে জনম যাউক,কিছু না চাহি যে আর ॥গৌর ভকতি, গৌর মুকতি, গৌর বেদের সার। গৌর ভজহ,গৌর সাধহ,গৌর করিবে পার॥ গৌর গঠন, গৌর গমন, গৌর মুখের হাসি। গৌর বচন, অমিয়া সিঞ্চন, মরমে রহল পশি ॥ গৌর স্মরণ,গৌর সম্পদ,যাহার হৃদয়ে জাগে। নরহরিদাস, অনু-গত তার, চরণে শরণ মাগে ॥, ইতি ॥

নিত্যানন্দবধূতায় জাহ্নবী-পতয়ে নমঃ। অনঙ্গমঞ্জরীদেবী-নন্দিনী-
শক্তি-রূপিণে ॥ নমঃ কৃষ্ণ-স্বরূপায় গৌর-প্রেম-প্রদায় চ। গৌরাভিন্ন-
শরীরায় বীরপিত্রে নমো নমঃ ॥

মোর প্রাণনাথ-প্রিয় নিত্যানন্দরায়। অবধূত হইয়া জীব তারিলে কৃপায় ॥ নিতাই চরণে মোর রহুক ভকতি। সেই প্রভু বিনে মোর অন্য নাহি গতি ॥ তাঁহার চরণারবিন্দে করি নমস্কার। জাহ্নবা সহিতে দয়া কর একবার॥ কৃষ্ণের দ্বিতীয় দেহ কৃষ্ণের স্বরূপ। সঙ্কেত সাধ্য সিদ্ধি প্রভু তিন কায়-রূপ ॥ কৃষ্ণের স্বরূপ রাম কাম্যবনে স্থিতি। প্রভু নিত্যানন্দ সেই সর্ব্ব-জীব-পতি ॥ ধূমর দ্বিতীয় নাম স্মর বিবরণ। যাঁহার উপরে শোভে ব্রজের মদন ॥ অপ্র-কাশে কুঞ্জে ছিল ব্রজেন্দ্র-নন্দন। তাঁহার সহিত ছিল করিয়া শয়ন ॥ প্রকট হইল কৃষ্ণ ব্রজের মাধুরী। নন্দের নন্দন তিঁহ নন্দীশ্বর-পুরী ॥ বৃষভানু রাজা ছিল বৃষভানু পুরী। তাহার তনয়া দুই সর্ব্বশক্তিধারী ॥ কৃষ্ণের দয়িতা রাধা অনঙ্গমঞ্জরী। ধূমর তাহার নাম নিধুবন-পুরী ॥ সঙ্কেতে তাহার নাম চম্পক-কলিকা। ক্ষিতিতলে জাহ্নবা সেই সেবক-তারিকা ॥ অনঙ্গাম্বুজ-কুঞ্জে নাম অনঙ্গমঞ্জরী। আনন্দমঞ্জরী হইলা নিত্যানন্দহরি ॥ সেই পাদপদ্ম সদা ধ্যানমাত্র করি। যাঁহার প্রসাদে পাব গৌরাঙ্গশ্রীহরি ॥ গৌরাঙ্গগণের পদে করি নম-স্কার। নিত্যানন্দপদে ভক্তি হউক আমার ॥ আমার প্রভুর প্রভু গৌর দয়াময়। জগদ্গুরু হয় সেই সর্ব্ব শাস্ত্রে কয় ॥ অতএব তাঁর পদে করি নমস্কার। বলিব যা কিছু নিত্যানন্দের প্রকার ॥ ধর্ম্ম অর্থ কাম মোক্ষ ছাড়ি চারি ক্ষোভ। সগণে গৌরাঙ্গ পদ প্রাপ্তি করে লোভ ॥ সেই ভক্ত-পাদ-পদ্মে করি নমস্কার। মনের-আনন্দে বন্দো চরণ তাহার ॥ সম্যক প্রকারে বন্দো বৈষ্ণব-চরণ। স্বেচ্ছাময় স্বয়ং যাঁরা ঈশ্বর-লক্ষণ ॥ সৃষ্টি-স্থিতি-পালন-প্রলয়-শক্তি ধরে। সংসারদারুণঘোরে

অনায়াসে তারে ॥ সেই বৈষ্ণবের পদে কোটি নমস্কার। তাহাতে বিরক্ত চিত্ত না হউক আমার ॥ সদ্‌গুরু চরণ বন্দো মনের উল্লাসে। পাদ-পদ্ম মাথে লইনু হৃদয়ে হরিষে ॥ অত্যন্ত ভাগ্যের হেতু সাধু-সঙ্গ পাই। যাঁর কৃপা বলে ভাই অজ্ঞান ঘুচাই ॥ সাধু-সঙ্গ হইতে প্রসন্ন হন গুরু। সদ্‌গুরু হন জীবের বাঞ্ছা-কল্পতরু ॥ সহস্রদল-কমল-মধ্যে মস্তকেতে স্থিতি। তাঁর কৃপাবলে হয় নিত্যা-নন্দে রতি ॥ ভজহ নিতাই চাঁদ তন্মনা লক্ষণে। নিধুবনের যুগল তত্ত্ব হবে আস্বাদনে ॥ চম্পককলিকা বর্ণা শ্রীমতী জাহ্নবী। সুখের সম্পদ আস্বাদিবে ব্রজ-ভুবি ॥ গৌর-প্রেমময় মূর্ত্তি প্রভু নিত্যানন্দ। নিত্যানন্দ-দয়া বিনা না পায় প্রেমানন্দ ॥ গৌর ভজনের মূলাধার নিত্যানন্দ। যাহা বিনা সব্ সাধন হয় নিরানন্দ ॥

তথাহি শ্রীচৈতন্যভাগবত প্রণেতৃ শ্রীমদ্‌বৃন্দাবন দাস ঠাকুর সঙ্গীত পদং।

অন্তরে নিতাই, বাহিরে নিতাই, নিতাই জগত ময়। নাগরী নিতাই, নাগর নিতাই, নিতাই কথা সে কয় ॥ সাধন নিতাই, ভজন নিতাই, নিতাই নয়ন তারা। দশদিকময়, নিতাই সুন্দর, নিতাই ভুবন ভরা ॥ রাধার মাধুরী, অনঙ্গমঞ্জরী, নিতাই নিতু সে সেবে। কোটি-শশধর, বদন-সুন্দর, সখা-সখি-বলদেবে ॥ রাধার ভগিনী, শ্যাম সোহাগিনী, সব সখিগণ প্রাণ। যাহার লাবণী, মণ্ডপ সাজনী, শ্রীমণিমন্দির নাম। নিতাই সুন্দরে, যোগপীঠে ধরে, রত্নসিংহাসন শে-যে। বসন নিতাই, ভূষণ নিতাই, বিলাসে সখির মাঝে ॥ কি কহিব আর, নিতাই সবার, আঁখি মুখ সর্ব্ব অঙ্গ। নিতাই, নিতাই, নিতাই, নিতাই, নিতাই, নূতন রঙ্গ ॥ নিতাই বলিয়া, ভুবাহু তুলিয়া, চলিব ব্রজের পুরে। দাস বৃন্দাবন, করে নিবেদন, নিতাই না ছেড়ো মোরে ॥

বিশ্বসারোদ্ধার আর ঊর্দ্ধাম্নায়-তন্ত্র। ঊর্দ্ধাম্নায় সংহিতা ব্রহ্ম-যামলাদি তন্ত্র ॥ চৈতন্যোপনিষদ্ অনন্ত সংহিতাদি তন্ত্র। ইত্যাদি পুরাণ গ্রন্থে প্রমাণ গৌরমন্ত্র। সে সবার বিধিমতে মন্ত্র যন্ত্র লয়ে। নিত্যানন্দ সহ ভজ গৌর কৃপাময়ে ॥ শ্রীজাহ্নবা-গুরু-পাদ-পদ্ম-করি আশ। ভক্ত-কৃত্য কহে নবদ্বীপচন্দ্র দাস ॥

শ্রীশ্রীগৌরাঙ্গ সুন্দরো জয়তি।

গ্রন্থারম্ভে গুরু-বন্দনা।

বন্দো গুরু-পদ-তল, চিন্তামণি-ময়-স্থল, সর্ব্বগুণ-খনি-দয়ানিধি। শ্রীমতি জাহ্নবা নাম, সর্ব্বরস-প্রেম-ধাম, যাঁহার স্মরণে সর্ব্ব-সিদ্ধি ॥ অজ্ঞানভ্রমান্ধ-কারে, পতিত দেখিয়া মোরে, জ্ঞানাঞ্জন দিল দয়া করি। তাঁহার করুণা হইতে, নেত্র হইল প্রকাশিতে, ভ্রম-অন্ধকার দূর করি ॥ বন্দো গৌরমণি প্রভু,

আমার প্রভুর প্রভু, তাঁর পদে কোটি পরণাম। প্রভু শ্রীত্রিপুরা নাম, রাধাশ্যাম প্রেমধাম, পরাপর-গুরু কৃপাধাম॥ তাঁরে বন্দি অবিরাম, শ্রীমুকুটমণি নাম, পরমেষ্ঠি গুরু তিনি হন। যিঁনি কৃষ্ণ প্রেমবন্যা, দিয়া কৈলা ক্ষিতি ধন্যা, সতত প্রণমি সে চরণ॥ বন্দো প্রভু হরিপ্রিয়া, সাক্ষাৎ গৌরহরি-প্রিয়া, পর-পরমেষ্ঠি-গুরু যিঁনি। তাঁর পাদপদ্ম-যুগে, প্রণমিয়া অনুরাগে, আশা করি প্রেমরত্ন-খণি॥ তাঁর প্রভু কদম্বমালা, বন্দি সে প্রেমের কলা, তাঁর প্রভু শ্রীল-নারায়ণী। তারা-বলি-স্থ-বসনা, মনোহর-হেমবর্ণা, প্রভু-বীরচন্দ্রের গৃহিণী॥ তাঁর প্রভু শ্রীজাহ্নবা, মহিমা জানয়ে কেবা, যাঁর অংশ অনঙ্গ-মঞ্জরী। বসন্তকেতকী বর্ণা, নীলবস্ত্রপরিধানা, নিত্যানন্দের আনন্দ মাধুরী॥ বন্দো নিত্যানন্দ-চন্দ্র, এক-দেহ-গৌরচন্দ্র, গৌরপ্রেমে গঠিত নিতাই। পামর-পতিত-জনে, প্রেম কৈল বিতরণে, অনন্ত প্রণতি করি তাই॥ বন্দো তাঁর ভক্তগণ, তাঁর গুণ অনুক্ষণ, রোদন মিশালে যেই গায়। না জানয়ে দিবা নিশি, গৌর-প্রেম-রসে ভাসি, কল্পতরু-সম-কৃপাময়॥ বন্দো গৌরভক্ত যেহ, নিত্যানন্দ তার দেহ, অনেক প্রণাম করি তাঁরে। বন্দো তাঁর ভক্ত-ততি, সদয় হৃদয় অতি, প্রেমের সাগরে যারা ডারে॥ আচার্য্য অদ্বৈত পায়, বন্দনা করিয়ে তায়, গৌরচন্দ্র বিনা স্মৃতি নাই। বন্দো তাঁর ভক্ত যত, যে আচার্য্য অনুগত, যাঁহা হইতে গৌরচন্দ্র পাই॥ পণ্ডিত শ্রীগদাধর, গৌরাঙ্গ-প্রেম-সাগর, বন্দনা করিয়ে তাঁর পায়। পণ্ডিত শ্রী-শ্রীবাস, গৌর-প্রেমরসোল্লাস, পাই যাঁর পদ-বন্দনায়॥ ইঁহাদের অনুগত, গৌরাঙ্গের ভক্ত যত, রসানন্দ রসে মাতোয়ারা। যেই ভাবে প্রভুবশ, স্বরূপাদির সেই রস, প্রেমানন্দ প্রেমেতে বিভোরা॥ সেই গৌর-ভক্ত-পায়, বন্দনা করিয়ে তায়, গৌরচন্দ্র বিনা স্মৃতি নাই। নিত্যানন্দ রসময়, স্বরূপের রসাশ্রয়, যাঁহা বিনা অন্য গতি নাই॥ বন্দো রূপ সনাতন, সর্ব্বদা বিহ্বল মন, রাধা-কৃষ্ণ-লীলা-রস-রঙ্গে। বহু শাস্ত্র গণ আনি, প্রকাশিল সার জানি, রাধাকৃষ্ণ প্রেমের তরঙ্গে॥ বন্দো ভট্ট রঘুনাথ, বন্দো দাস রঘুনাথ, বন্দো আর শ্রীজীব গোসাঞি। বন্দো রায় রামানন্দ, গদাধর প্রেমকন্দ, বন্দো গোপাল ভট্ট গোসাঞি॥ বন্দো শ্রীমুকুন্দ দাস, বন্দো নরহরি দাস, বন্দো আর শ্রীরঘুনন্দন। শ্রীখণ্ডেতে যার বাস, গৌর-প্রেম-সুখোল্লাস, যাঁর শীল ভুবন-পাবন॥ ঠাকুর পণ্ডিত পায়, বন্দনা করিয়ে তায়, সদা বহে প্রেমানন্দ-পূর। গৌরাঙ্গ জীবন যার, কে কহিবে গুণ তাঁর, যাঁর নামে পাপ যায় দূর॥ বর্ণিতে বিলম্ব হয়, গ্রন্থ বাড়ে অতিশয়, না জানিয়ে বন্দনার ক্রম। নিজ-পবিত্রতা-কাজে, নাম গাই গ্রন্থ মাঝে, ইথে নানা মনেরি বিভ্রম॥ সকল বৈষ্ণবগণ, দৃশ্যা-দৃশ্য যত জন, সবার চরণ ধূলি যত। আপন মস্তকে করি, হরষিত হৈয়া ধরি,

প্রত্যেকে বন্দিব আর কত ॥ নিত্যানন্দ প্রভুগণ, পরিবার যত জন, প্রণমিয়া সবার চরণ। আমি অতি সুপামর, মোরে কৃপা-দৃষ্টি কর,দন্তে তৃণ করি নিবেদন ॥ পতিত পাবন কাযে, সবে আইলা ক্ষিতি মাঝে, সবে হও দয়ার সাগর। দুস্পার-ভব-সাগরে, পড়িয়া কাকুতি করে, নবদ্বীপচন্দ্র দাসে তার ॥

অথ সিদ্ধগুরু প্রণালী।

মোর প্রভু শ্রীজাহ্নবা, মহিমা জানয়ে কেবা, যেঁহ জিত-বিলাস-মঞ্জরী। সুপীতবর্ণ-কৌশেয়, বস্ত্র যাঁর পরিধেয়, ধীরা-মৃদ্বী-স্বভাব-বিহারি ॥ ত্রয়োদশ-দিনাধিক, তাহাতে দ্বিমাসাধিক, দ্বাদশ-বৎসর বয়ঃক্রম। সমর্থা যাঁহার রতি, সে কুঞ্জেতে হয় স্থিতি, অনঙ্গ-নন্দদা যার নাম ॥ শেফালিকাপুষ্পপ্রায়, অঙ্গ-গন্ধে বিলসয়,মর্ম্ম-নর্ম্ম-গণ-মধ্যগতা। বিলাসোচিত অনুকূল,অঙ্গসেবা-প্রেমমূল, তাহাতেই সর্ব্বদা সুরতা ॥১॥ শ্রীল গৌরমণি-প্রভু, আমার প্রভুর প্রভু, তপত-কাঞ্চন-সম-বর্ণ। শ্রীগুণমঞ্জরী যিনি, নানালঙ্কার ভূষণী, বসন যাঁর বিদ্যুতের বর্ণ ॥ এক মাসাধিক দশ,দিন বর্ষ দ্বাদশ, বয়ঃক্রম,যাঁহার সদাই। চম্পক-কুসুম-প্রায়, অঙ্গগন্ধে বিলসয়, ধীরাস্বভাব যাঁর সমা নাই ॥ হাবভাব-বিভূষিতা, মর্ম্ম-সখী মধ্যগতা, মহিমা জানিতে পারে কেবা। সমর্থা যাঁহার রতি, অনঙ্গাম্বুজ-কুঞ্জে স্থিতি, বিলাস-বাস-কল্পনা যাঁর সেবা ॥ ২ ॥ তাঁর প্রভু শ্রীত্রিপুরা, সুসমর্থা-রতি-পরা,পরাৎপরগুরু-কৃপা-ধাম। বর্ণ স্বর্ণ কেয়াফুল, ধীরাধীর অনুকূল, কুসুম-হারাদি-সেবোদ্দাম ॥ তমালমঞ্জরী যিনি, নানালঙ্কার-ভূষণী, কানড়-কুসুম-বর্ণবাস। অধিক-দিন-পঞ্চদশ, দ্বাদশ-বর্ষ-বয়স, অঙ্গগন্ধে মল্লিকাবিকাস ॥ প্রেমে বিভাবিত-মতি, অনঙ্গাম্বুজ-কুঞ্জে স্থিতি, সেবক-বাৎসল্য-গুণ-নিধি। সোণার গৌরাঙ্গ সেবা, প্রকট করিল যেবা, দীনজনে দয়ার সেবধি ॥ ৩ ॥ প্রভু শ্রীমুকুটমণি, পরমেষ্ঠি গুরু যিঁনি শ্রীমণি-মঞ্জরী যাঁর আখ্যা। বংশহরিতালবর্ণা, নানালঙ্কার-ভূষণা, চন্দনাদিসেবায় যাঁর ব্যাখ্যা ॥ অতসী-কুসুম-সম, যাঁর বস্ত্র অনুপম, অনঙ্গাম্বুজ-কুঞ্জেতে বসতি। মাসৈকাধিক দ্বাদশ, বৎসর যাঁর বয়স, ধীরাস্বভাব সুসমর্থা রতি ॥ মালতী-কুসুম-প্রায়, অঙ্গ গন্ধে বিলসয়, পরম-মাধুর্য্য-পরিপূর্ণ। যাঁহার কৃপার লেশে, সেবকে রহে বিশেষে, সর্ব্ব অপরাধ হয় চূর্ণ ॥ ৪ ॥ তাঁর প্রভু হরিপ্রিয়া, সাক্ষাৎ গৌরহরিপ্রিয়া, যিনি হন হৃদয়-মঞ্জরী। কাঞ্চনাভ পীত বর্ণা, নানাবিধ আভরণা, তাম্বুলাদি সেবায় কিশোরী ॥ দাড়িম্ব-কুসুম-সম, যাঁর বস্ত্র নিরুপম, অঙ্গগন্ধ মাধবী-পুষ্প-প্রায়। দশদিন এক মাস, অধিক বর্ষ দ্বাদশ, বয়ঃক্রম সদাই জুয়ায় ॥ অনঙ্গাম্বুজ কুঞ্জে স্থিতি, যাঁহার সমর্থা রতি, ধীরা-ধীর-স্বভাবে যাঁর খ্যাতি। তাম্বূলাদি-সেবা-রতা, মাধুর্য্য-রস-ভাবিতা,অধমেতে দয়ালুতা অতি॥৫॥তাঁর প্রভু কদম্বমালা, ধীরা-ধীর-সম শীলা,

স্বমাধুর্য্যে কমলমঞ্জরী। উজ্জ্বল-শ্যাম-বরণা, কৌসুম্ভ-রক্ত-বসনা, নানা ভূষায় ভূষিত মাধুরী ॥ দ্বিমাসাধিক দ্বাদশ,বৎসর যাঁর বয়স,অনঙ্গাম্বুজ কুঞ্জেতে বসতি। বিলাস-জলাদি-সেবা, নিয়ত করয়ে যেবা, যাঁর হয় সুসমর্থা রতি ॥ গন্ধরাজ-পুষ্প-প্রায়, অঙ্গগন্ধে বিলসয়, স্বরূপ-লাবণ্য-মনোহরা। সদা সেবক-বৎসলা, যিঁনি সে সাক্ষাৎ কমলা, কৃপাদৃষ্টে সর্ব্ব-প্রীতি-করা ॥৬॥ তাঁর প্রভু নারায়ণী, গৌর-চম্পক-বরণী, প্রভু-বীর-চন্দ্রের গৃহিণী। তারাবলী-সুবসনা, নানালঙ্কার ভূষণা, অনঙ্গাম্বুজ-কুঞ্জ-নিবাসিনী ॥ নীলামঞ্জরীতে যিঁনি, বামামৃদ্বী-স্বভাবিনী, অনঙ্গ-বিলাস-বস্ত্র-সেবা। তাহাতে সর্ব্বদা-সক্তি, সুসমর্থা যাঁর রতি, কিশোরী-বয়ঃস্থা হন যেবা ॥ দ্বাদশ বর্ষ চারি মাস, পাঁচ দিন যাঁর বয়স, যাঁর কৃপায় এ গৌড় পবিত্র। কিবা সে মাধুরী তাঁর, উজ্জ্বল রসের ভার, সর্ব্ব-শুচি-কারি যাঁর চরিত্র ॥ ৭ ॥ তাঁর প্রভু শ্রীজাহ্নবা, সাক্ষাৎ নিত্যানন্দ যেবা, যাঁর অংশ অনঙ্গ-মঞ্জরী। বসন্ত-কেতকী-বর্ণা, নীল-কৌশেয়-বসনা, সদা দ্বাদশ বয়স্থা কিশোরী ॥ চম্পক-কুসুম-প্রায়, অঙ্গগন্ধে বিলসয়, বয়ঃসন্ধি-নায়িকা-প্রধানা। ধীরা-ধীর-মৃদ্বী-ভাবা,সমর্থা-রতি-প্রভাবা, নিত্যানন্দের আনন্দ-বর্দ্ধনা ॥ শ্রীকুণ্ডীয়-সুবিবৃত-রন্ধনাদি-সেবা-রত, শ্রীঅঙ্গেতে নানা অলঙ্কৃতি। হ্লাদিনী-সন্ধিনী-সার, চিন্মাধুর্য্য-পারাবার, রসরাজ-মহাভাবে স্থিতি ॥ বটোপকণ্ঠে রাজপট্ট, কুঞ্জ-মধ্যে সুপ্রকট্ট, তার মধ্যে অনঙ্গাম্বুজ-কুঞ্জে। সুমাধুর্য্য-রসাধানে, সদাই প্রভু-সন্নিধানে, বিলসই প্রকট-প্রেম-পুঞ্জে ॥ ৮ ॥

অথ সংস্কৃত বৈষ্ণব বন্দনা।

প্রণম্যাদৌ কৃপাদৃষ্টি-পবিত্রী-কৃত-ভূতলং। সর্ব্ববাঞ্ছাকল্পতরুং গুরুং শ্রীপুরুষোত্তমং ॥ মহাযশো-মহাভাগান্ মহাপতিত-পাবনান্। মহা-ভাগবতান্ সর্ব্বান্ বৈষ্ণবান্ বিষ্ণুরূপিণঃ ॥ ততঃ শচী-জগন্নাথৌ খ্যাতৌ ভূদেবরূপিণৌ। শ্রীবিশ্বরূপ-শ্রীবিশ্বম্ভরয়োঃ পিতরৌ শুভৌ ॥ ধন্যং শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রস্যাগ্রজরূপিনং। শঙ্করারণ্যনামানং বিশ্বরূপং মহাশয়ং ॥ গদাধরপ্রাণনাথং লক্ষ্মী-বিষ্ণুপ্রিয়া-পতিং। সাক্ষাৎ-প্রেম-কৃপামূর্ত্তিং শ্রীচৈতন্যমহাপ্রভুং ॥ তথা পদ্মাবতী-শ্রীমন্মুকুন্দৌ দ্বিজ-সত্তমৌ। নিত্যানন্দস্বরূপস্য পিতরাবতুলশ্রিয়ৌ ॥ শ্রীমন্নিত্যানন্দ-চন্দ্রং বসুধা-জাহ্নবী-পতিং। শ্রীবীরচন্দ্র-জনকং সর্ব্বপাষণ্ডখণ্ডনং ॥ যদ্যপি প্রকৃতিক্ষুদ্রোঽবুদ্ধিমান্ বালকঃ স্বয়ং। অনন্ত-বৈষ্ণবানন্ত-মহিমাখ্যান-বলিশঃ ॥ তথাপি রসনালোল্যাদত্যন্তান্তঃ-কুতূহলাৎ। করোমি বৈষ্ণবানন্তাঽভিধান-স্মরণং কিয়ৎ ॥ কিঞ্চাত্র মম হীনস্য সর্ব্বেষ্বেতন্নিবেদনং। ক্রমভঙ্গভবা দোষা ন গ্রাহ্যাস্তৈর্গুণোদয়ৈঃ ॥

শ্রীমাধবপুরী শ্রীলাদ্বৈতাৰ্য্যস্তথাঽচ্যুতঃ। গোপীনাথঃ শ্রীনিবাসো গোবিন্দশ্চন্দ্রশেখরঃ॥ হরিদাসঃ শ্রীমুরারির্গুপ্তো নারায়ণস্তথা। মুকুন্দো বাসুদেবশ্চ শ্রীদামোদরপণ্ডিতঃ॥ পীতাম্বরো জগন্নাথঃ শ্রীনারায়ণ-শঙ্করৌ। শ্রীরামপণ্ডিতশ্চক্রবর্ত্তী নীলাম্বরস্তথা॥ গঙ্গাদাসো দ্বিজো বিষ্ণুঃ শ্রীসুদর্শন-পণ্ডিতঃ। বিদ্যানিধিস্তথা বুদ্ধিমৎখানঃ শ্রীসদাশিবঃ॥ শ্রীগর্ভঃ শ্রীনিধিঃ শুক্লাম্বরঃ শ্রীধর-পণ্ডিতঃ। কবিচন্দ্রো রাম-দাসো বনমালী হলায়ুধঃ। বিজয়ো কুলাচাৰ্য্য ঈশানো গরুড়ধ্বজঃ। জগদীশশ্চ সঞ্জয়শ্চ শ্রীমান্ কাশীশ্বরস্তথা॥ গঙ্গাদাসো বাসুদেবো ভদ্রোরামমুকুন্দকৌ। শ্রীবল্লভাচাৰ্য্য বৰ্য্যো মিশ্রঃ শ্রীল সনাতনঃ॥ আচাৰ্য্য বনমালী চ কাশীনাথো দ্বিজোত্তমঃ। শ্রীশ্যামাভিধান পুরী শ্রীমৎকেশবভারতী॥ পরমানন্দাখ্যপুরী দামোদরস্বরূপকঃ। নরসিংহাখ্যান-তীর্থো রামচন্দ্র-পুরী তথা॥ ব্রহ্মানন্দপুরী চৈব শ্রীসত্যানন্দ-ভারতী। শ্রীমৎ সুখানন্দ-পুরী শ্রীগোবিন্দ-পুরী তথা॥ গরুড়াবধূতদেবঃ পুজ্যৌ রাঘব-শঙ্করৌ। ব্রহ্মানন্দ-স্বরূপশ্চ পুরী শ্রীযুক্তকেশবঃ। শ্রীমদ্বিষ্ণু-পুরী বিশ্বেশ্বরানন্দ-মহাশয়ঃ। শ্রীমচ্চিদানন্দ-নামানুভবানন্দ এবচ॥ শ্রীমৎ-কৃষ্ণানন্দ-পুরী নৃসিংহানন্দ-ভারতী। কাশীশ্বরাখ্যানদেবোঽনুপমঃ শ্রীসনাতনঃ॥ রূপো জীবঃ শ্রীপ্রবোধানন্দঃ শুদ্ধসরস্বতী। রঘুনাথ-দাসনামা তথা গোপালভট্টকঃ॥ রঘুনাথোলোকনাথঃ শ্রীমদ্ভুগর্ভনামকঃ। রাঘবো জগদানন্দপণ্ডিতঃ শ্রীপুরন্দরঃ॥ কাশীমিশ্রো রায়রামানন্দো বক্রেশ্বরো দ্বিজঃ। বাণীনাথঃ পট্টনাথো গোবিন্দানন্দ এব চ॥ সদাশিব-কবিঃ ক্ষ্মাভৃদ্দাসবংশো গদাধরঃ। শ্রীশিবানন্দসেনশ্চ শ্রীমুকুন্দভিষগ্বরঃ॥ শ্রীমন্নরহরিঃ শ্রীলরঘুনন্দন এব চ। রঘুনাথদাস-বৈদ্যোপাধ্যায় মধুসূদনৌ॥ দেবানন্দ-দ্বিজবরঃ শ্রীলাচাৰ্য্যপুরন্দরঃ। শ্রীযুক্তাচাৰ্য্যচন্দ্রশ্চ শ্রীকৃষ্ণদাস-পণ্ডিতঃ॥ সতীর্থ পরমানন্দঃ শ্রীমৎসৃষ্টিধরস্তথা। গোবিন্দো মাধবো বাসুদেবঘোষাভিধানভৃৎ॥ শ্রীলশ্রীরামদাসঃ শ্রীসুন্দরানন্দ এবচ। পরমশ্রীল পরমেশ্বরঃ শ্রীপুরুষোত্তমঃ॥ শ্রীকৃষ্ণদাসঃ শ্রীগৌরীদাসঃ শ্রীকমলাকরঃ। বশীগীতপ্রকাশী শ্রীবংশীবদনদাসকঃ॥ শ্রীমদুদ্ধারণ-শ্রীল দ্বিজ শ্রীপুরুষোত্তমৌ। কবিরাজমিশ্রবৰ্য্যো মধুসূদনপণ্ডিতঃ॥ শ্রীমদ্ভাগবতাচাৰ্য্যো গোবিন্দাচাৰ্য্য এব চ। শ্রীসার্ব্বভৌমঃ শ্রীযুক্তো নন্দনাচাৰ্য্য এব চ॥ শ্রীমৎ প্রতাপরুদ্রশ্চ রঘুনাথো ধরামরঃ। হরিদাসদ্বিজঃ শ্রীলঃ সারঙ্গো মকরধ্বজঃ॥ প্রদ্যুম্নমিশ্রস্তপনাচাৰ্য্যঃ শ্রীভগ-

ব'ংস্তথা। ঔড্রজঃ শ্রীবিপ্রদাসোঽম্বোষ্ঠঃ শ্রীবিষ্ণুদাসকঃ। বনমালিদাস-বৈদ্যো হরিদাসো গদাধরঃ ॥ ঔড্রজঃ শ্রীকৃষ্ণদাসঃ শ্রীকাশীশ্বরপণ্ডিতঃ ॥ বলরামো জগন্নাথদাস শ্রীচন্দনেশ্বরঃ। সিংহেশ্বরঃ শিবানন্দো বল-রামো মহত্তমঃ ॥ সুবুদ্ধিমিশ্রস্তুলসীমিশ্রঃ শ্রীনাথসংজ্ঞকঃ। কাশীনাথো হরিভট্টঃ পট্টনায়ক-মাধবঃ ॥ রামানন্দবসুর্ব্রহ্মচারী শ্রীপুরুষোত্তমঃ। শ্রীরামচন্দ্রভূদেবঃ শ্রীমৎ শ্রীকরপণ্ডিতঃ। যদুনাথঃ কবিচন্দ্রঃপণ্ডিতঃ শ্রীধনঞ্জয়ঃ। আচার্য্যঃ শ্রীজগন্নাথঃ শ্রীসূর্য্যদাস-পণ্ডিতঃ ॥ শ্রীলঃ শ্রীলক্ষ-ণাচার্য্যঃ শ্রীকৃষ্ণাচার্য্য এব চ। চৈতন্যদাসঃ পরমানন্দ-গুপ্তো ভিষগ্বরঃ॥ শ্রীজগন্নাথ-কংসারিসেনৌ শ্রীযুত-ভাস্করঃ। কবিচন্দ্রঃ শ্রীমুকুন্দঃ শ্রীরামসেন-বল্লভঃ ॥ শ্রীযুক্ত-বলরামাখ্য-দাসো মহেশ-পণ্ডিতঃ। শ্রীবৃন্দাবনদাসঃ শ্রীজগদীশাখ্যপণ্ডিতঃ পরমানন্দাবধূতঃ শ্রীগঙ্গাদাস-পণ্ডিতঃ ॥ কবিরাজঃ শ্রীমুকুন্দা-নন্দঃ শ্রীজীব-পণ্ডিতঃ। চিরঞ্জীব-কৃষ্ণদাসঃ কৃষ্ণদাসাখ্য-বালকঃ ॥ যদুনাথদাস-বর্য্যঃ শ্রীকৃষ্ণদাস পণ্ডিতঃ। রামতীর্থঃ কৃষ্ণতীর্থঃ শ্রীপুরী-পুরুষোত্তমঃ ॥ শ্রীলজগন্নাথতীর্থো রঘু-নাথ-পুরী তথা। শ্রীবাসুদেবতীর্থশ্চ শ্রীলোপেন্দ্রাভিধাশ্রমঃ॥ অনন্তা-ভিধান-পুরী শ্রীহরানন্দভারতী। হৃদয়ানন্দচৈতন্যঃ শ্রীমদাচার্য্যমাধবঃ ॥ শঙ্করো মাধবানন্দাচার্য্যো দাস-সনাতনঃ। শিবানন্দ-চক্রবর্ত্তী দ্বিজ-নারায়ণাদয়ঃ ॥ য এতান্ স্মরতি প্রাতঃ শৃণুতে বাঽপি ভক্তিতঃ। কস্মিন্ কালেঽপি স পুমান্ যাতনাং নার্হতি ধ্রুবং ॥ এতান্ সংস্মৃত্য সংস্মৃত্য যো নমস্কুরুতে জনঃ। শ্রীবৈষ্ণবপদে তস্য নাপরাধঃ কদাচন ॥ লভতে বৈষ্ণব-পদমেতেষাং স্মৃতিমাত্রতঃ ॥ ভক্তিঞ্চ প্রেমপীযূষ-মধুরাং দেব-দুর্ল্লভাং ॥ সর্ব্বেষামপ্যুপাদেয়ঃ সর্ব্ববেদাধিকস্তথা। শ্রবণান্নয়না-চ্চিত্তাদপি দূরোহবৈষ্ণবঃ ॥ ইতি শ্রীবৈষ্ণবাভিধান বন্দন-সম্পূর্ণং।

বন্দে শ্রীকৃষ্ণচৈতন্যনিত্যানন্দৌ কৃপাময়ৌ। সর্ব্বাবতারসম্ভক্তৌ সর্ব্ব-ভক্তজনাশ্রয়ৌ ॥ শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র,বলরাম নিত্যানন্দ, গাওনারে ভরিয়া বদন। সুখে জন্ম গোঙাইবে, বৈষ্ণবের সঙ্গ পাবে, না হবে শমন-দরশন ॥ কলিকাল সর্পরূপে, দংশিল সকল লোকে, বিষ-জ্বালায় জগত ঢলিল ॥ গৌরাঙ্গ গুণের ধাম নিত্যানন্দপ্রভুরাম, মহামন্ত্র বলে, জিয়াইল ॥ বিশেষে বৈষ্ণবগণ, ত্রিভুবন-পাবন, পতিত-দুঃখিত-জীব দেখি। করুণা বাঢ়ল হিয়া, কৃষ্ণ উপদেশ দিয়া, কৃষ্ণ-সুখে করাইল সুখী ॥ শুনরে পামর নর,মিছা মায়া পরিহর, ধর ধর বৈষ্ণ-বের পায়। বৈষ্ণব-কৃপার বলে, গরাসিতে নারে কালে, ভালে ভালে গোঙা-ইয়া যায় ॥ বৈষ্ণবের সঙ্গ কর, বৈষ্ণবের অঙ্গ হের, বৈষ্ণবের বাক্য শুন কানে ॥

বিচারিয়া দেখ মনে,ঠাকুর বৈষ্ণব বিনে,কৃষ্ণ-ভক্তি দিতে নারে আনে। বৈষ্ণব-মহত্ত্ব যত, লোক-বেদ-অবিদিত, দেবগণে তত্ত্ব নাহি পায়। মুঞি সে হীনের হীন, পতঙ্গ হইতে ক্ষীণ, ক্ষুদ্র-মুখে কি বলিব তায়॥ তথাপি যে হেন শক্তি, অনুরূপ দিবারাতি,নিতি নিতি করিয়া ভাবনা। শ্রীচৈতন্য নিত্যানন্দ,সঙ্গে যত ভক্ত বৃন্দ, তাহা কিছু করিব বর্ণনা॥ আপন অন্তর কহি,যে রসের যোগ্য নহি, তাহাতে লুবধ ভেল মন। সন্ধি বা শব্দের দোষে, না করিহ উপহাসে, ভাব-গ্রাহি প্রভু জনার্দ্দন॥ সহজ-মুগধ-প্রাণে, পূর্ব্বাপর নাহি জানে, ক্রমে সে বন্দনা নহে যবে। অতএব পরিহার,-বাক্যে করি নমস্কার, অপরাধ কেহ না লইবে॥ অবনি লোটাঞা কায়, শচী-জগন্নাথ-পায়, প্রথমে করিএ পরণাম। তবে বন্দো বিশ্বরূপ, ঠাকুর সন্ন্যাসি-ভূপ, শ্রীশঙ্করারণ্য ধন্যনাম॥ একান্ত ভকতি করি,বন্দো শ্রীগৌরাঙ্গ হরি, ভুবন-মঙ্গল-অবতার। যুগ-ধর্ম্ম-পালি-বারে, জন্মিলা নদিয়া পুরে, সংকীর্ত্তন করিতে প্রচার॥ পরম সংভ্রম হৈয়া, বন্দো লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া, তবে বন্দো দেব-গদাধর। যতেক বৈষ্ণব-চয়, তত প্রিয় কেহ নয়, দ্বিতীয় চৈতন্য কলেবর॥ বন্দো পদ্মাবতী মাতা, হারাই পণ্ডিত পিতা, নিত্যানন্দ হেন পুত্র যার। বন্দো প্রভু নিত্যানন্দ, অভয় আনন্দ-কন্দ, যে করিল সকল-নিস্তার॥ বারুণী যাহার নাম, অনঙ্গমঞ্জরীধাম, তছু পদে করিয়া প্রণাম। অনঙ্গমঞ্জরী যেঁহো,জাহ্নবা গোসাঞি তেঁহো,বারুণী তাহার পূর্ব্বনাম॥ সানন্দে পড়িয়া ভুবি, বন্দো বসু জাহ্নবী, বীরচন্দ্র যাহার নন্দন। বন্দিব ঠাকুর বীর, প্রেমেতে গভীর ধীর,যার গুণে ভরিল ভুবন॥ রাধাকৃষ্ণ-দ্রব-রূপ,আছিল ব্রহ্মার কূপ, তিন লোকে স্থিতি জগন্মাতা। দ্রব-ব্রহ্ম-ভগবান, গঙ্গাদেবী যার নাম, বন্দো সেই নিত্যানন্দ সুতা॥ গোবিন্দের প্রেম ধাম, আচার্য্য মাধব নাম,প্রেমানন্দময় তনু খানি। যোড় করি করদ্বন্দ্ব, বন্দো সে পদারবিন্দ, গঙ্গা-দেবী যাহার গৃহিনী॥ ভালরে গৌরাঙ্গ চাঁদ, পাতিয়া প্রেমের ফাঁদ, বান্ধিলা জীবের মন-খানি। নামামৃতগুণ-দানে, ধন্য কৈল জগজনে, মরি যাঁও তোমার নিছনি॥ বন্দো শ্রীমাধব পুরী, অবনীতে অবতরি, বিষ্ণুভক্তি যে করিল ব্যক্ত। প্রাচীন যে আদি গুরু,করুণা কলপতরু, যিনি মহাপ্রভুর আদি শক্তি॥ বন্দো শান্তিপুরপতি, শ্রীঅদ্বৈত মহামতি, মহাবিষ্ণুময় অবতার। যাহার তপের ফলে, আনি মহীমণ্ডলে, পাতিলা চৈতন্য-অবতার॥ কৈলাসের আদ্যা শক্তি, বন্দো সীতা ভগবতী,ভক্তি-শক্তি-সম তেজ যার। যাহার প্রতিজ্ঞা হৈতে,অবতীর্ণ জগন্নাথে, করিল প্রসাদ পরচার॥ সীতার চরণ ধূলি, বন্দিব মস্তকে তুলি, আপনাকে মানিয়া সে শ্লাঘ্য। তার প্রিয় সুত বন্দো, শ্রীযুত অচ্যুতানন্দ, শিশু কালে যাহার বৈরাগ্য॥ পূরিয়া মনের আশ,বন্দো পণ্ডিত শ্রীবাস,অভেদ নারদ

মুনিবর। বন্দো দেবী মালিনীরে, মা বলি ডাকিল যারে, নিত্যানন্দ প্রভু বিশ্বম্ভর॥ বন্দো নারায়ণী দেবী, চৈতন্য চরণ সেবি, অধরামৃত যে জন পাইল। বন্দিব সে হরিদাস, স্বয়ং ব্রহ্মা পরকাশ উচ্চৈঃস্বরে নাম লওয়াইল॥ বন্দিব পরমানন্দ, পণ্ডিত জগদানন্দ, মূর্ত্তি ভেদে যেন সরস্বতী। ঠাকুর শ্রীগোপীনাথ, পদে কৈল প্রণিপাত, প্রভুরে যে কৈল বহু স্তুতি॥ বন্দিব মুরারি গুপ্ত, যেন সেই হনুমন্ত, রঘুনাথ যার প্রাণধন। শ্রীচন্দ্রশেখর বন্দো, শীতল সমান-চন্দ্র, তবে বন্দো আচার্য্য রতন॥ গোবিন্দ গরুড় প্রতি, বন্দিব করিয়া স্তুতি, গৌরপদ যাহার ধেয়ান। বন্দিব মুকুন্দ দত্ত, কৃষ্ণ-প্রেমে উনমত্ত, কিন্নরগুঞ্জরে যার গাণ॥ বন্দো বাসুদেব দত্ত, যাহার নিগূঢ় তত্ত্ব, মহত্ত্ব যার কহনে না যায়। যাহার অঙ্গের বায়, কৃষ্ণপ্রেমভক্তি হয়, উপমা কি দিব আর তায়॥ দামোদর পীতাম্বর, জগন্নাথ শ্রীশঙ্কর, নারায়ণ এই পঞ্চ ভাই। সকল বাসনা শূন্য, নিরপেক্ষ উদাসীন, বন্দনা করিব এক ঠাঁই॥ প্রভুর মাতামহ খ্যাতি, নীলাম্বর চক্রবর্ত্তী, সাবধানে করিব বন্দন। সর্ব্বাঙ্গ জিনিয়া দৃষ্টি, প্রভুর শুভ জন্ম কোষ্ঠি, যে লিখিল ভবিষ্য কথন॥ সকল গুণের ধাম, বন্দিব পণ্ডিত রাম, অহিংসক পরহিত-কারি। এক চিত্ত কায়মনে, বন্দো গুপ্ত নারায়ণে, চরণ ধরিয়া শিরোপরি॥ নবদ্বীপ মধ্যে বাস, বন্দো গুরু গঙ্গাদাস, যার স্থানে প্রভুর অধ্যয়ন। দশনে ধরিয়া তৃণ, বিষ্ণু আর সুদর্শন, পণ্ডিতেরে করিব বন্দন॥ সদাশিব, বিদ্যানিধি, শ্রীগর্ভ আর শ্রীনিধি, বুদ্ধিমন্ত খান মহাশয়। শুক্লাম্বর ব্রহ্মচারী, প্রেম-ধনের অধিকারী, বন্দো এই ছয় মহাশয়॥ রামচন্দ্র কবিচন্দ্র, লেখক বিজয়ানন্দ, বন্দিব আচার্য্য রত্নেশ্বর। বন্দো পণ্ডিত শ্রীধরে, গৌরাঙ্গ যাহার দ্বারে, গ্রাহক থোড় কলা আর মোচার॥ বন্দো করি পুটাঞ্জলী, পুত্র সহ বনমালী, ভক্তির ভিক্ষুক দুইজন। হলায়ুধ বাসুদেবে, বন্দনা করিব তবে, চৈতন্যে একান্ত যার মন॥ আইর কৃপার পাশ, বন্দিব ঈশান দাস, আই যারে করিল পালন। গরুড় শ্রীকাশীশ্বর, বন্দিব তাহার পর, জগদীশের বন্দিয়া চরণ॥ গঙ্গাদাস কৃষ্ণানন্দ, বন্দো রায় শ্রীমুকুন্দ, বিশেষত পরম সাদরে। বন্দিব বল্লভাচার্য্য, আশ্চর্য্য যাহার কার্য্য, লক্ষ্মী কন্যা যে দিল প্রভুরে॥ বন্দিব পরম যত্নে, পণ্ডিত শ্রীসনাতনে, বিষ্ণুপ্রিয়া যাহার দুহিতা। কোন তপস্যার ফলে, না জানি কি পুণ্যফলে, মহাপ্রভু হইলা জামাতা॥ করিয়া যুগল হাত বন্দো দ্বিজ কাশীনাথ, বন্দিব আচার্য্য বনমালী। প্রভুর সঙ্গেতে লাগি, শুভ বিবাহের লাগি, যে আসি করিল ঘটকালি॥ বন্দিব ঈশ্বর পুরী, প্রভু যারে গুরু করি, আপনারে দৈন্য হেন বাসি। বন্দো কেশব ভারতী, হইয়া সে নম্র অতি, যে প্রভুরে করিল সন্ন্যাসী॥ বন্দিব রাঘব পুরী, যাহার বিক্রম হেরি, নিরস্ত করিল প্রভু সব। শ্রীপুরী পর-

মানন্দ, বন্দো তছু পদ দ্বন্দ, যারে বলি ঠাকুর উদ্ধব ॥ বন্দো দামোদর পুরী, যার বশ গৌরহরি, সত্যভামা সম যার রীতি। নৃসিংহানন্দ সন্ন্যাসী, সংকীর্ত্তন-সুবিলাসী, বন্দো সত্যানন্দ মহামতি ॥ বন্দো গরুড় অবধূত, যার প্রেম অদভুত, চমৎকার দেখিতে শুনিতে। বন্দিব শ্রীবিষ্ণু পুরী, বিষ্ণু-ভক্তি-রত্নাবলী, যে করিল লোক নিস্তারিতে ॥ বন্দো বিশ্বেশ্বরানন্দ, যার প্রাণ গৌরচন্দ্র, তবে বন্দো শ্রীকেশব পুরী। বন্দো অনুভবানন্দ, ভারতী শ্রীসত্যানন্দ, তবে বন্দো মনোরথ পুরী ॥ বন্দো রূপ সনাতন, বসতি শ্রীবৃন্দাবন, পরম বিরক্ত উদাসীন। রাজ্য-পদ পরিহরি, ভিক্ষুকের বেশ ধরি, যে লইল করঙ্গ কৌপীন ॥ বন্দো জীব গোস্বামিরে, সকল বৈষ্ণবে যারে, জিজ্ঞাসিল কোন তত্ত্ব সার ?। বিচারিয়া সর্ব্ব শাস্ত্র, কহিলেন একমাত্র, ভক্তির পরে তত্ত্ব নাহি আর ॥ শ্রীরাধাকুণ্ডেতে বাস, বন্দো রঘুনাথ দাস, যে জন চৈতন্য মর্ম্ম জানে। রাঘব গোস্বামিকে তবে, বন্দো অতি ভক্তি ভাবে, যাহার বিলাস গোবর্দ্ধনে ॥ বন্দিব গোপালভট্ট, সনাতন সন্নিকট, বসতি কেবল এক স্থানে ॥ অন্য কথা নাহি মুখে, দিবস রজনী সুখে, বঞ্চিলা গোবিন্দ নাম গুণে ॥ বন্দি রঘুনাথ ভট্ট, কৃষ্ণ প্রেমে উনমত্ত, বৃন্দাবনে ব্রজবাসি সঙ্গে। ভাগবত পড়ে যবে, ভাবে অঙ্গ ভরে তবে, রাধাকুণ্ডে ধরণী প্রসঙ্গে ॥ বন্দো করি বহু ভক্তি, প্রবোধানন্দ সরস্বতী, পরম মহান পুণ্য-ধাম। শ্রীচৈতন্য-চন্দ্রামৃত, পুস্তক যাহার কৃত, এ পুথি ভকত ধন প্রাণ ॥ বন্দো হরষিত অতি, কাশীশ্বর মহামতি, খ্যাত ভক্ত সবে বলে যারে। বন্দো শুদ্ধ সরস্বতী, গৌর পদে দৃঢ় ভক্তি, পশু পক্ষি বন্দি যার ভাবে ॥ বন্দিব রাঘবানন্দ, যার ঘরে নিত্যানন্দ, অনুভাব করিল বিদিত। বাড়ির জাম্বীর গাছে, কদম্বফুল ফুটিয়াছে, সর্ব্ব লোক দেখিয়া বিস্মিত ॥ বন্দো মূর্ত্তি মনোহর, ঠাকুর শ্রীপুরন্দর, যেন সেই অঙ্গদ ঠাকুর। এক বিপ্র লৈয়া যারে, অতিথি করিল ঘরে, গোষ্ঠি সহ দেখিল লাঙ্গুড় ॥ বন্দো কাশী মিশ্রবর, উৎকলে যাহার ঘর, যাহার আশ্রমে গৌর রায়। পট্ট নায়ক কাশীনাথ, যার প্রাণ জগন্নাথ, বন্দনা করিব তার পায় ॥ বন্দো রায় রামানন্দ, যার সঙ্গে গৌরচন্দ্র, বিচারিল ভক্তির লক্ষণ। বন্দিব শ্রীবক্রেশ্বর, যার নৃত্যে বিশ্বম্ভর, আনন্দেতে করিল কীর্ত্তন ॥ কুলিয়া নগর হৈতে, গৌড় পর্য্যন্ত যাইতে, প্রভু চলি গেলা কুতূহলে। শ্রীসুবুদ্ধি মিশ্র বন্দো, আর শ্রীগোবিন্দানন্দ, যার মন মানস জাঙ্গালে ॥ গদাধর দাস যেহোঁ. বৃষভানু সুতা তেঁহো, এবে নাম করিল প্রকাশ। গৌরাঙ্গ যুগল দেহ, সঙ্গ না পাইয়া স্নেহ, সেই রূপ গদাধর দাস ॥ বন্দো গদাধর দাস, অপরূপ সুবিলাস, প্রেম রসময় তনু খানি। বন্দো সদাশিব বৈদ্য, যাহার প্রসাদে সদ্য, পাষাণ গলিয়া হয় পানি ॥ বন্দো সেন শিবানন্দ, চৈতন্য পদার-

বিন্দ,বিনে যার নাহিক ভাবনা। বৈদ্য শ্রীখণ্ডেতে বাস,বন্দিব মুকুন্দ দাস,যার পুত্র শ্রীরঘুনন্দন ॥ মুকুন্দ দাসের শক্তি, অকথ্য কৃষ্ণের ভক্তি, অদ্যাবধি বিদিত সংসারে। ময়ূরের পাখা দেখি, চঞ্চল ছল ছল আঁখি, বিহ্বলে পড়িল প্রেম-ভরে ॥ বন্দিব শ্রীনরহরি,-দাস ধন্য বলিহারি, চৈতন্য বিলাস যার হাটে। বন্দো শ্রীরঘুনন্দন, মুরতি সম মদন, জগত মোহিত যার নাটে ॥ বন্দো রঘুনাথ দাস, প্রেম ময় সুবিলাস, যে পিরিতি ফাঁদে মন বান্ধে। বন্দো আচার্য্য পুরন্দর, বিষ্ণু ভাবে নিরন্তর, ফুকরি ফুকরি সদা কান্দে ॥ ঠাকুর শ্রীকৃষ্ণ দাস, আকাই হাটেতে বাস, শান্ত পরম অকিঞ্চন। মহাপ্রভুর সতীর্থ, পরমানন্দ পণ্ডিত, ভক্তি ভাবে করিব বন্দন ॥ বন্দিব পরমানন্দ, পণ্ডিত শ্রীদেবানন্দ, যার পাঠ সদা ভাগবত। বন্দিব আচার্য্য চন্দ্র, যে জানে প্রেমের বন্ধ, গুণ কর্ম্ম জগতে বিদিত ॥ গোবিন্দ মাধবানন্দ, বাসুদেব ঘোষ বন্দো, তিন ভাই গুণের সাগর। শুনিয়া যাহার গান, ধরিতে না পারে প্রাণ, সর্ব্বগুণে প্রভু বিশ্বম্ভর ॥ গদাধর দাস বন্দো, বাসুদেব ঘোষ সঙ্গ, দোঁহারে বন্দিব সাবধানে। করবী মঞ্জরী কলি, আছিল কর্ণেরোপরি, পদ্ম গন্ধ হইল সব স্থানে ॥ ধন্য ধন্য শ্রীচৈতন্য, ধন্য নিত্যানন্দ ধন্য, ধন্য ধন্য ভকত মণ্ডল। ধন্য নাম গুণ ধন্য, ধন্য সংকীর্ত্তন ধন্য, ধন্য কলি যুগে এ সকল ॥

বন্দো ভক্ত-অগ্রগণ্য ঠাকুর রামদাস। বিশ্ব ভরি খ্যাতি যার অচ্যুত-প্রকাশ ॥ ষোল সাঙ্গের কাষ্ঠ গোটা পড়িয়া আছিল। অবহেলে দুই অঙ্গুলে ধরিয়া তুলিল ॥ ত্রিভঙ্গ হইয়া তাহা করিলা মুরলী। বাজায় বিনোদ-বাদ্য মধুর পদাবলি ॥ শ্রীদাম গোপাল সেই শ্রীরাম গোসাঞি। দ্বিতীয় চৈতন্য,মহিমার অন্ত নাই ॥ ব্রজের সুদাম বন্দো ঠাকুরসুন্দর। অগ্নিসম তেজ যার মূর্ত্তি মনোহর ॥ যার পাশে ধরিয়া বনের ব্যাঘ্র আনে। কোল দিয়া হরিনাম দেয় তার কানে ॥ বন্দিব শ্রীগৌরীদাস পণ্ডিত ঠাকুর। নিত্যানন্দ প্রিয়পাত্র করুণা প্রচুর ॥ প্রভু আজ্ঞা শিরে ধরি গিয়া শান্তি পুরে। যে আনিল উৎকলেতে আচার্য্য প্রভুরে ॥ যারে বলি গোকুলের সুবল গোপাল। সুজনের স্মরণ ধন দুর্জ্জনের কাল ॥ যার কৃষ্ণ-প্রেম-ভক্তি বিদিত জগতে। পাষণ্ড পাতাল নাগ হইল যাহা হইতে॥ অম্বিকানগর মাঝে যার অবস্থিতি। যার ঘরে নিত্যানন্দ গৌরাঙ্গ মূরতি ॥ প্রভু বিদ্যমানে মূর্ত্তি করিল প্রকাশ। যে মূর্ত্তি দেখিয়া কর্ম্ম বন্ধের বিনাশ ॥ দিব্য মাল্য চন্দন বসন অলঙ্কারে। যে করিল বিভূষিত নিতাই চাঁদেরে ॥ পরমেশ্বর-দাস ঠাকুর বন্দো সাবহিতে। যে কৈল আপনা ব্যক্ত কীর্ত্তনে নাচিতে ॥ গণ্ডা দশ শৃগাল ডাকিয়া একে একে। ষোল নাম বোলাইল সবাকার মুখে ॥ পিপিলাই ঠাকুর বন্দো বাল্য-ভাবে ভোলা। বালকের প্রায় যার সব লীলা খেলা ॥ তবে বন্দো ঠাকুর

মন্ত্রমুক্তাবলীগ্রন্থে শ্রীগুরুর লক্ষণ, বিশেষ করিয়া বলিয়াছেন। যে, পবিত্রবংশে যাঁহার জন্ম,ও নিজেও যিনি পবিত্র এবং শুদ্ধাচারী হইয়া নিজের কর্ত্তব্য আচারে তৎপর, বিশেষতঃ যাঁহার ক্রোধ নাই ও, ব্রহ্মচারী, গৃহী, কি বানপ্রস্থ কিম্বা ভিক্ষু এই চারি আশ্রমের যে কোনো আশ্রমী হইবেন অর্থাৎ আশ্রমভ্রষ্ট নহেন এবং বেদ প্রভৃতি সর্ব্বশাস্ত্র অবগত হইয়া উহাতে শ্রদ্ধা ভক্তি সহকারে বিশ্বাসের কার্য্য করিয়া থাকেন, এবং অপরের গুণে দোষা-রোপ করেন না, ও সকল জীবের হিতজনক কার্য্য করিতে তৎপর ও যাহার হিতাহিত জ্ঞান সম্পূর্ণ আছে ও স্থিরবুদ্ধিপ্রযুক্ত মধুরভাষী এবং যাঁহার দর্শন প্রীতিজনক শুচি এবং পরিস্কার সুবেশ, এবং যুবা হইলেও যাহার স্বভাব উদ্ধত নহে,এবং যিনি অহিংসক ও যাঁহার কোনো আকাঙ্ক্ষা নাই অর্থাৎ পূর্ণাভিলাষ, যিনি শুভাশুভ নির্দ্দেশ সহকারে তত্ত্ব বিবেচনা করিতে পারেন এবং পরমকরুণাময় শ্রীমদ্ভগবানের প্রতিমাদির সমাদরে ও সম্মান-সহকারে পূজাদি ভজনায় কোনো মতে বিচলিত নহেন। ভক্তি স্নেহ ও প্রেম প্রভৃতি সদ্‌গুণে পরিপূর্ণ ওকৃতজ্ঞ, [অর্থাৎ শিষ্যাদি কৃত নিজ পরিবার সেবাদি কার্য্য বিস্মরণ হয়েন না, ও তদনুরূপ ফল প্রদান করিয়া থাকেন] এবং শিষ্যবৎসল, শুচি, সুবেশ, সমর্থ, ও প্রিয়বাক্যভাষী এবং যাঁহাকে দর্শন করিলে মনে প্রীতি হয় ও যিনি শিষ্যের স্ব স্ব কর্ম্ম অনুসারে অনুগ্রহ ও নিগ্রহ করিতে সমর্থ এবং হোম-মন্ত্র-পরায়ণ ও তর্কবিতর্কের দ্বারা গ্রহণ ও পরিত্যাগের প্রকার জানেন ও পবিত্র-অন্তঃকরণ এবং পরমকৃপালয় ইত্যাদি লক্ষণযুক্ত গুরুই গৌরব-সাগর হইয়া থাকেন।

অগস্ত্যসংহিতায়াং চ। দেবতোপাসকঃ শান্তো বিষয়েষ্বপি নিস্পৃহঃ। অধ্যাত্মবিদ্‌ ব্রহ্মবাদী বেদশাস্ত্রার্থকোবিদঃ। উদ্ধর্ত্তুং চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ। তত্ত্বজ্ঞো যন্ত্রমন্ত্রাণাং মর্ম্ম-বেত্তা রহস্যবিৎ। পুরশ্চরণকৃদ্ধোমমন্ত্রসিদ্ধঃ প্রয়োগবিৎ। তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে॥

অগস্ত্যসংহিতাতেও গুরুর লক্ষণ উক্ত আছে। যে, যিনি দেবতার উপা-সক, শান্তস্বভাব, বৈষয়িকস্পৃহাশূন্য, অধ্যাত্মবিষয়ক সমুদয় তত্ত্ব জানেন এবং অপরকে বলিয়া দিতে পারেন, এবং বেদাদি-শাস্ত্র-সমুদয়ের অর্থ জানে

সুপণ্ডিত, ও মন্ত্রের উদ্ধার ও সংহার করিতে সমর্থ, এবং যন্ত্র ও মন্ত্রের তত্ত্বজ্ঞ, ও মর্ম্মভেত্তা অর্থাৎ সন্দেহ-গ্রন্থিভেদ করিয়া দিতে পারেন এবং রহস্যবেত্তা অর্থাৎ গূঢ় অর্থ জানেন, এবং মন্ত্রের জপ, হোম, আদি পুরশ্চরণ সাধন করিয়া সিদ্ধ হইয়াছেন এবং মন্ত্রাদির প্রয়োগ জানেন এবং তপস্বী সত্যবাদী ও গৃহস্থ, এইরূপ উত্তম ব্রাহ্মণকেই গুরু বলা যায়॥

বিষ্ণুস্মৃতৌ। পরিচর্য্যাযশোলাভলিপ্সুঃ শিষ্যাদ্গুরুর্নহি। কৃপাসিন্ধুঃ সুসম্পূর্ণঃ সর্ব্বসত্ত্বোপকারকঃ। নিস্পৃহঃ সর্ব্বতঃ সিদ্ধঃ সর্ব্ববিদ্যা-বিশারদঃ। সর্ব্বসংশয়সংচ্ছেত্তা হ্নলসো গুরুরাহৃতং॥

বিষ্ণুস্মৃতিতেও উক্ত আছে যে, যিনি শিষ্য হইতে নিজের সেবা পরিচর্য্যা ও যশঃ এবং ধনাদি লাভ করিতে অভিলাষ করেন তিনি গুরু হইবার যোগ্য নহেন। পরন্তু যিনি দয়ার সাগর ও সর্ব্বগুণে সম্পূর্ণ, সর্ব্ব প্রাণির উপকারী, স্পৃহা-শূন্য, সমস্ত বিষয়ে সিদ্ধ, সমস্ত-বিদ্যা-বিশারদ, সমস্ত-সংশয়-ছেদন-কর্ত্তা এবং আলস্য-রহিত মহাত্মা ব্যক্তি, কেবল শিষ্য প্রতি দয়া করিয়া নিজ-গুণে গুরু হইয়া আজ্ঞা-প্রতিপালক সাধক শিষ্যের হিতার্থ মন্ত্রাদি উপদেশ দিয়া থাকেন, এই মত লক্ষণযুক্ত মহাত্মা ব্যক্তিকেই গুরু বলা যাইতে পারে॥

শ্রীনারদপঞ্চরাত্রে। শ্রীভগবন্নারদসংবাদে। ব্রাহ্মণঃ সর্ব্বকালজ্ঞঃ কুর্য্যাৎ সর্ব্বেষ্বনুগ্রহং। তদভাবাদ্দ্বিজশ্রেষ্ঠ শান্তাত্মা ভগবন্ময়ঃ। ভাবিতাত্মা চ সর্ব্বজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ সৎক্রিয়াপরঃ। সিদ্ধিত্রয়সমাযুক্ত আচার্য্যত্বে হ্নভিষেচিতঃ। ক্ষত্রবিট্‌শূদ্রজাতীনাং ক্ষত্রিয়ো হ্ননুগ্রহে ক্ষমঃ। ক্ষত্রিয়স্যাপি চ গুরোরভাবাদীদৃশো যদি। বৈশ্যঃ স্যাত্তেন কার্য্যশ্চ দ্বয়ে নিত্যমনুগ্রহঃ। সজাতীয়েন শূদ্রেণ তাদৃশেন মহামতে। অনুগ্রহাভিষেকৌ চ কার্য্যৌ শূদ্রস্য সর্ব্বদা॥

শ্রীনারদপঞ্চরাত্রগ্রন্থে শ্রীভগবান নারদকে বলিয়াছিলেন যে, হে দ্বিজবর নারদ পূর্ব্বে উক্ত লক্ষণযুক্ত ও পঞ্চরাত্র-বিধানোক্ত-সমস্ত-কালবেত্তা ব্রাহ্মণই সমস্ত-বর্ণের প্রতি মন্ত্র দানাদি দ্বারা অনুগ্রহ করিতে পারেন। তাঁহার অভাব হইলে শান্তাত্মা ভগবন্ময়, বিশুদ্ধচিত্ত, সার্থক ও সর্ব্বজ্ঞ অর্থাৎ সমস্ত দীক্ষাপ্রণালী জানেন, শাস্ত্রজ্ঞ, সৎক্রিয়া-পরায়ণ, সিদ্ধিত্রয় অর্থাৎ পুরশ্চরণাদি সাধন-দ্বারা মন্ত্র, গুরু, ও দেবতার সাধনে সিদ্ধ হইয়াছেন এইরূপ ক্ষত্রিয়কে আচার্য্য বলিয়া অভিষেক করিতে পারা যায়। অর্থাৎ উক্ত লক্ষণযুক্ত ক্ষত্রিয় গুরু, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই তিন জাতির প্রতি অনুগ্রহ করিয়া মন্ত্র দিতে পারেন, সুতরাং ক্ষত্রিয়, বৈশ্য ও শুদ্র এই তিন

জাতির গুরু ক্ষত্রিয় হইতে পারেন। উক্ত লক্ষণাক্রান্ত ক্ষত্রিয়ের অভাব হইলে যদি উক্ত লক্ষণযুক্ত বৈশ্য থাকে তবে তিনিই বৈশ্য, শূদ্র এই দুই জাতিকে অনুগ্রহ করিয়া মন্ত্র দিতে পারেন। হে মহামনা নারদ উক্ত লক্ষণ-যুক্ত তাদৃশ ব্যক্তি শূদ্র হইলে সমান জাতীয় অর্থাৎ শূদ্রকে মন্ত্র দানাদি অনুগ্রহ ও অভিষেক সর্ব্বদা করিতে পারেন। কিন্তু ইহাতে বিবেচনা সহ-কারে সাবধান হইয়া কার্য্য করিতে হইবে॥

কিঞ্চ। বর্ণোত্তমেঽথ চ গুরৌ সতি বা বিশ্রুতে ঽপি চ। স্বদে-শতো ঽথবাঽন্যত্র নেদং কার্য্যং শুভার্থিনা॥

যদি উল্লিখিত তাদৃশ-লক্ষণ ও গুণশালী বর্ণোত্তম অর্থাৎ ব্রাহ্মণ, গুরু করিবার যোগ্য ব্যক্তি,স্বদেশে কিম্বা বিদেশে আছেন ইহা জানিয়া বা শুনিয়া কখনই অন্যের নিকট মন্ত্রাদি গ্রহণ করিবে না। যদি কেহ আপনার মঙ্গল প্রার্থনা করেন তবে যেন কদাচ ইহার বিরুদ্ধে কার্য্য না করেন॥ উত্তম জাতি, ও গুরুর উচিত লক্ষণও গুণ বিশিষ্ট ব্যক্তি স্বদেশে কি বিদেশে আছেন শুনিতে পাইয়া কি জানিয়া যে ব্যক্তি হীনজাতির নিকট মন্ত্র দীক্ষা লইবে তাহাদের উভয়েরই ইহকালে ও পরকালে সর্ব্বার্থ নাশ হইবে॥

বিদ্যমানে তু যঃ কুর্য্যাৎ যত্র তত্র বিপর্য্যয়ং। তস্যেহামুত্রনাশঃ স্যাত্তস্মাচ্ছাস্ত্রোক্তমাচরেৎ। ক্ষত্রবিট্‌শূদ্রজাতীয়ঃ প্রাতিলোম্যং নদীক্ষয়েৎ॥

উল্লিখিত সদ্‌গুরু বর্ত্তমান থাকার সম্বাদ শ্রবণেও যে বিপর্য্যয় অর্থাৎ হীন বর্ণকে গুরু স্বীকার করে তাঁহার ইহকালে ও পরকালে সর্ব্ব বিনাশ হয়; অতএব শাস্ত্রোক্ত আচার ব্যবহার করিবে, অর্থাৎ ক্ষত্রিয়, বৈশ্য, ও শূদ্র জাতির মধ্যে আপনি হীন বর্ণ হইয়া নিজাপেক্ষা উত্তম জাতিকে দীক্ষা প্রদান করিবে না॥

পাদ্মে চ॥ মহাভাগবতশ্রেষ্ঠো ব্রাহ্মণো বৈ গুরুর্নৃণাং। সর্ব্বেষা-মেব লোকানামসৌ পূজ্যো যথা হরিঃ॥ মহাকুলপ্রসূতোঽপি সর্ব্ব-যজ্ঞেষু দীক্ষিতঃ। সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃস্যাদবৈষ্ণবঃ॥ ইতি॥

পদ্মপুরাণেও নির্ণীত আছে যথা। মহাভাগবত অর্থাৎ বৈষ্ণবধর্ম্মের তত্ত্ব ও শ্রীভগবানের লীলামাহাত্ম্য প্রভৃতির বিশেষ মর্ম্মজ্ঞ, বৈষ্ণব-ব্রাহ্মণই সকল জাতীয় লোকেরই গুরু, যে হেতু বিষ্ণুর ন্যায়, সমস্ত লোকেরই ঐ বৈষ্ণব-ব্রাহ্মণই পূজনীয়॥ আর বিশেষ সাবধানে শুন। উচ্চবংশসমুৎপন্ন অবৈষ্ণব-ব্রাহ্মণ, সমস্তযজ্ঞে দীক্ষিত হইলে, ও বেদের সহস্র শাখা অধ্য-য়ন করিলেও গুরু হইতে পারে না, অর্থাৎ বৈষ্ণব-লক্ষণাক্রান্ত না হইলে

তাদৃশ ব্রাহ্মণও দীক্ষাপ্রদান করিতে পারে না, এবং গুরু হইতে পারে না॥ দেখ, যোগী, যাগী ও বেদাধ্যায়ীও সৎকুলপ্রসূত ব্রাহ্মণ হইলেই বৈষ্ণব হয় না। যেহেতু প্রামাণ্য সকল শাস্ত্রে, সিদ্ধান্তিত আছে, যে,

গৃহীতবিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ। বৈষ্ণবোঽভিহিতো ঽভিজ্ঞৈঃ রিতরো ঽস্মাদবৈষ্ণবঃ॥ ইতি॥ পাদ্মে, পঞ্চরাত্রাদৌচ॥

যিনি পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ও পূর্ব্বোক্ত-গুণবিশিষ্ট গুরুর নিকট বিষ্ণুমন্ত্রে দীক্ষিত হইয়া বিষ্ণুপূজাপরায়ণ হয়েন, অভিজ্ঞগণ তাহাকেই বৈষ্ণব বলিয়া থাকেন তদ্ভিন্ন সকল ব্যক্তিকেই অবৈষ্ণব বলিয়া জানিবে॥

অথাগুরুলক্ষণং। তত্ত্বসাগরে। বহ্বাশী দীর্ঘসূত্রী চ বিষয়াদিষু লোলুপঃ। হেতুবাদরতো দুষ্টোঽবাগ্বাদিগুণনিন্দকঃ। অরোমা বহুরোমা চ নিন্দিতাশ্রমসেবকঃ। কালদন্তো ঽসিতৌষ্ঠশ্চ দুর্গন্ধিশ্বাসবাহকঃ। দুষ্টলক্ষণসম্পন্নো যদ্যপি স্বয়মীশ্বরঃ; বহুপ্রতিগ্রহাশক্ত আচার্য্যঃ শ্রীক্ষয়াবহঃ॥

তত্ত্বসাগরগ্রন্থে নির্দ্দিষ্ট আছে যে, বহুভোজনশীল ও চিরক্রিয় [যিনি অল্প সময়ে সাধ্যকার্য্য দীর্ঘকাল ব্যাপিয়া করিয়া থাকেন] ও বিষয়াদিতে অতিশয় লোভী এবং যিনি বৃথা বৃথা নিষ্ফল তর্ক করিয়া থাকেন, ও দূষিতাশয়, ও দূষিত অশ্লীল প্রভৃতি অবাচ্য বাক্য প্রয়োগ করেন ও পরের গুণে গ্লানি করেন ও অরোমা (খোসা) এবং বহুরোমা, আর বাউল দরবেশ সহজে কাপালিক প্রভৃতি দূষিত ও নিন্দিত এবং বর্জ্জিত আশ্রমের সেবক, ও যাহার দন্তের কি ওষ্ঠের বর্ণ কাল, কি যাহার নিশ্বাস বায়ুতে দুর্গন্ধ বহে এবং যাঁহার দান করিতে শক্তি থাকিলে ও দান না করিয়া প্রত্যুত নানাবিধ লোকের নিকট নানামতে নানাবিধ প্রতিগ্রহ করেন ইত্যাদি বহু-দূষিত-লক্ষণযুক্ত ব্যক্তি গুরু হইতে পারে না। বলিতে কি, উহার অন্যতম দোষ যদি স্বয়ং ঈশ্বরের থাকে, তবে তাঁহার নিকট আচার্য্য বোধে মন্ত্র লইলে ভক্তি ও সম্পত্তি সমুদয় বিনষ্ট হইয়া যায়। মনুষ্যের কথা আর কি বলিব॥ অতএব ঐ দূষিতলক্ষণাক্রান্ত স্বয়ং ঈশ্বরকেও গুরু করিয়া মন্ত্রদীক্ষা লওয়া যাইতে পারে না॥

অথ শিষ্যলক্ষণানি। মন্ত্রমুক্তাবল্যাং। শিষ্যঃ শুদ্ধান্বয়ঃ শ্রীমান্ বিনীতঃ প্রিয়দর্শনঃ। সত্যবাক্ পুণ্যচরিতোঽদভ্রধীর্দম্ভবর্জ্জিতঃ। কামক্রোধপরিত্যাগী ভক্তশ্চ গুরুপাদয়োঃ। দেবতাপ্রবণঃ কায়মনোবাগ্‌ভির্দিবানিশং। নীরুজো নির্জ্জিতাশেষপাতকঃ শ্রদ্ধয়ান্বিতঃ। দ্বিজদেবপিতৃণাঞ্চ নিত্যমর্চ্চাপরায়ণঃ। যুবা বিনি-

য়তাংশেনকরণঃ করুণালয়ঃ। ইত্যাদিলক্ষণৈর্যুক্তঃ শিষ্যো দীক্ষা-ধিকারবান্ ॥ ৪৩ ॥ একাদশস্কন্ধে চ। অমান্যমৎসরো দক্ষো নির্ম্মমো দৃঢ়সৌহৃদঃ। অসত্বরোঽর্থজিজ্ঞাসুরনসূয়ুরমোঘবাক্ ॥ ৪৪ ॥ অথোপেক্ষ্যঃ শিষ্যঃ। অগস্ত্যসংহিতায়াং। অলসা মলিনাঃ ক্লিষ্টা দাম্ভিকাঃ কৃপণাস্তথা। দরিদ্রা রোগিণো রুষ্টা রাগিণো ভোগলালসাঃ। অসূয়ামৎসরগ্রস্তাঃ শঠাঃ পরুষবাদিনঃ। অন্যায়োপার্জ্জিতধনাঃ পরদাররতাশ্চ যে। বিদুষাং বৈরিণশ্চৈব অজ্ঞাঃ পণ্ডিতমানিনঃ। ভ্রষ্টব্রতাশ্চ যে কষ্টবৃত্তয়ঃ পিশুনাঃ খলাঃ। বহ্বাশিনঃ ক্রূরচেষ্টা দুরাত্মানশ্চ নিন্দিতাঃ। ইত্যেবমাদয়োঽপ্যন্যে পাপিষ্ঠা পুরুষাধমাঃ ॥ ৪৫ ॥ অকৃত্যেভ্যোঽনিবার্য্যাশ্চ গুরুশিক্ষাঽসহিষ্ণবঃ। এবম্ভূতাঃ পরিত্যাজ্যাঃ শিষ্যত্বেনোপকল্পিতাঃ ॥ ৪৬ ॥ যদ্যেতে হ্যুপকল্পেরন্ দেবতাক্রোশভাজনাঃ। ভবন্তীহ দরিদ্রাস্তে পুত্রদারবিবর্জ্জিতাঃ। নারকাশ্চৈব দেহান্তে তির্য্যঞ্চঃ প্রভবন্তি তে ॥ ৪৭ ॥ হয়শীর্ষপঞ্চরাত্রে। জৈমিনিঃ সুগতশ্চৈব নাস্তিকো নগ্ন এব চ। কপিলশ্চাক্ষপাদশ্চ ষড়েতে হেতুবাদিনঃ। এতন্মতানুসারেণ বর্ত্তন্তে যে নরাধমাঃ। তে হেতুবাদিনঃ প্রোক্তাস্তেভ্যস্তন্ত্রং ন দাপয়েৎ ॥ ইতি ॥ ৪৮ ॥ তয়োঃ পরীক্ষা চান্যোন্যমেকাব্দং সহবাসতঃ। ব্যবহারস্বভাবানুভবেনৈবাভিজায়তে ॥ ৪৯ ॥ অথ পরীক্ষণং। মন্ত্রমুক্তাবল্যাং। তয়োর্বৎসরবাসেন জ্ঞাতাঽন্যোন্যস্বভাবয়োঃ। গুরুতা শিষ্যতা চেতি নান্যথৈবেতি নিশ্চয়ঃ। শ্রুতিশ্চ। নাসম্বৎসরবাসিনে দেয়াৎ ॥ ইতি ॥ সারসংগ্রহেঽপি। সদ্গুরুঃ স্বাশ্রিতং শিষ্যং বর্ষমেকং পরীক্ষয়েৎ ॥ ৫০ ॥ রাজ্ঞি চামাত্যজা দোষাঃ পত্নী-পাপং স্বভর্ত্তরি। তথা শিষ্যার্জ্জিতং পাপং গুরুঃ প্রাপ্নোতি নিশ্চিতং ॥ ক্রমদীপিকায়াস্তু ॥ সন্তোষয়েদকুটিলার্দ্রতরান্তরাত্মা, তং স্বৈর্ধনৈঃ স্ববপুষাপ্যনুকূলবাণ্যা। অব্দত্রয়ং কমলনাভধিয়া ঽতিধীর, স্তুষ্টে বিবক্ষতু গুরাবথ মন্ত্রদীক্ষাং ॥ ৫১ ॥ অথ বিশেষতঃ শ্রীগুরু-সেবাবিধিঃ ॥ কৌর্ম্মে শ্রীব্যাসগীতায়াং। উদকুম্ভং কুশান্ পুষ্পং সমিধো ঽস্যাহরেৎ সদা। মার্জ্জনং লেপনং নিত্যমঙ্গানাং বাসসাং চরেৎ। নাস্য নির্ম্মাল্যশয়নং পাদুকোপানহাবপি। আক্রামেদাসনং চ্ছায়ামাসন্দীং [ভোজনপাত্রাধার ত্রিপদিকাং] বা কদাচন। সাধয়েদ্দন্তকাষ্ঠাদীন্ কৃত্যং চাস্মৈ নিবেদয়েৎ ॥ ৫২ ॥ অনাপৃচ্ছ্য ন গন্তব্যং ভবেৎ প্রিয়হিতে রতঃ। ন পাদৌ সারয়েদস্য সন্নিধানে

কদাচন। জৃম্ভাহাস্যাদিকং চৈব কণ্ঠপ্রাবরণং তথা। বর্জ্জয়েৎ সন্নিধৌ নিত্যমথাস্ফোটনমেব চ ॥ কিঞ্চ। শ্রেয়স্তু গুরুবদ্বৃত্তির্নিত্যমেব সমাচরেৎ। গুরুপুত্রেষু দারেষু গুরোশ্চৈব স্ববন্ধুষু ॥৫৪॥ উৎসাদনং বৈ গাত্রাণাং স্নাপনোচ্ছিষ্টভোজনে। ন কুর্য্যাদ্গুরুপুত্রস্য পাদয়োঃ শৌচমেব চ। গুরুবৎ পরিপূজ্যাশ্চ সবর্ণা গুরুযোষিতঃ। অসবর্ণাস্তু সংপূজ্যাঃ প্রত্যুত্থানাভিবাদনৈঃ। অভ্যঞ্জনং স্নাপনঞ্চ গাত্রোৎসাদনমেব চ। গুরুপত্ন্যা ন কার্য্যাণি কেশানাঞ্চ প্রসাধনং॥৫৫॥দেব্যাগমে শ্রীশিবোক্তৌ ॥ গুরুশয্যাসনং যানং পাদুকে পাদপীঠকং। স্নানোদকং তথা ছায়াং লঙ্ঘয়েন্ন কদাচন। গুরোরগ্রে পৃথক্পূজামদ্বৈতঞ্চ পরিত্যজেৎ। দীক্ষাং ব্যাখ্যাং প্রভুত্বঞ্চ গুরোরগ্রে বিবর্জ্জয়েৎ ॥ ৫৬ ॥ শ্রীনারদোক্তৌ ॥ যত্র যত্র গুরুং পশ্যেৎ তত্র তত্র কৃতাঞ্জলিঃ। প্রণমেদ্দণ্ডবদ্ভূমৌ ছিন্নমূল ইব দ্রুমঃ। গুরোর্ব্বাক্যাসনং যানং পাদুকোপানহৌ তথা। বস্ত্রং ছায়াং তথা শিষ্যো লঙ্ঘয়েন্ন কদাচন ॥ ৫৭ ॥ শ্রীমনুস্মৃতৌ ॥ নোদাহরেদ্ গুরোর্নাম পরোক্ষমপি কেবলং। ন চৈবাস্যানুকুর্ব্বীত গতিভাষণচেষ্টিতং ॥৫৮॥ গুরোর্গুরৌ সন্নিহিতে গুরুবদ্বৃত্তিমাচরেৎ। ন চাবিসৃষ্টো গুরুণা স্বান্ গুরূনভিবাদয়েৎ ॥৫৯॥ শ্রীনারদপঞ্চরাত্রে ॥ যথা তথা যত্র তত্র ন গৃহ্নীয়াচ্চ কেবলং। অভক্ত্যা ন গুরোর্নাম গৃহ্ণীয়াচ্চ যতাত্মবান্। প্রণবঃ শ্রীস্ততোনাম বিষ্ণুশব্দাদনন্তরং। পাদশব্দসমেতঞ্চ নতমূর্দ্ধাঽঞ্জলীযুতঃ ॥ ৬০ ॥ কিঞ্চ ॥ ন তমাজ্ঞাপয়েন্মোহাত্তস্যাজ্ঞাং নচ লঙ্ঘয়েৎ ॥ নানিবেদ্য গুরোঃ কিঞ্চিদ্ভোক্তব্যং বা গুরোস্তথা। অন্যত্র চ ॥ আয়ান্তমগ্রতো গচ্ছেদ্গচ্ছন্তং তমনুব্রজেৎ। আসনে শয়নে বাপি ন তিষ্ঠেদগ্রতো গুরোঃ। যৎ কিঞ্চিদন্নপানাদি প্রিয়ং দ্রব্যং মনোরমং। সমর্প্য গুরবে পশ্চাৎ স্বয়ং ভুঞ্জীত প্রত্যহং ॥ শ্রীবিষ্ণুস্মৃতৌ ॥ নগুরোরপ্রিয়ং কুর্য্যাৎ তাড়িতঃ পীড়িতো ঽপি বা। নাবমন্যেত তদ্বাক্যং নাঽপ্রিয়ং হি সমাচরেৎ। আচার্য্যস্য প্রিয়ং কুর্য্যাৎ প্রাণৈরপি ধনৈরপি। কর্ম্মণা মনসা বাচা স যাতি পরমাং গতিং ॥৬১॥ অন্যথা দ্বয়োরপি মহাদোষঃ ॥ শ্রীনারদপঞ্চরাত্রে ॥ যো বক্তি ন্যায়রহিতমন্যায়েন শৃণোতি যঃ। তাবুভৌ নরকং ঘোরং ব্রজতঃ কালমক্ষয়ং ॥ ৬২ ॥

সাধক ব্যক্তি নিম্নলিখিত লক্ষণযুক্ত হইলে পূর্ব্বলিখিত-লক্ষণাক্রান্ত গুরুর নিকট মন্ত্র লইতে অধিকারী হইতে পারিবেন ॥ শিষ্যের লক্ষণ মুক্তাবলীতে উক্ত আছে যে, শুদ্ধবংশসমুদ্ভূত, শ্রীমান, বিনয়-সম্পন্ন, প্রিয়-দর্শন,

সত্যবাদী, ও পবিত্র-চরিত্র ও মহাবুদ্ধিশালী অথচ দম্ভশূন্য এবং যাহার কাম, ক্রোধ প্রভৃতি অন্তঃশত্রু নাই, এবং গুরুচরণে বিশেষ অনুরাগ সহকারে ভক্তি সেবা করেন,কায়মনোবাক্যে দিবারাত্র গুরু দেবতার শুশ্রূষায় তৎপর, ও ব্যাধিশূন্য, এবং যাহার কোনো পাতক নাই, এবং গুরু ও শাস্ত্রবাক্যে বিশ্বাস সহকারে দ্বিজ, দেব, পিতৃদিগের পূজায় অনুরক্ত ও সমর্থ অথচ সমুদয় ইন্দ্রিয় যিনি স্ববশে রাখিয়াছেন ও বিশেষ দয়ালু এই সমস্ত লক্ষণাক্রান্ত ব্যক্তিই দীক্ষাগ্রহণে অধিকারী শিষ্য হইয়া মন্ত্র গ্রহণ করিতে পারেন॥৪৩॥

একাদশস্কন্ধে দশম অধ্যায়ে ষষ্ঠ শ্লোকে শ্রীভগবান বলিয়াছেন যে সখে উদ্ধব। অভিমানশূন্য ও অপরের মঙ্গলে বিদ্বেষভাব-বিহীন, কার্য্যদক্ষ ও পুত্রকলত্রাদি নিজপরিবারে মমতাশূন্য ও যাহার গুরুতে দৃঢ় সৌহার্দ্দ ও যিনি অব্যগ্র অর্থাৎ বিবেচনা-সহকারে কার্য্যকারী এবং তত্ত্বজিজ্ঞাসায় বিশেষ সমুৎসুক ও যাঁহার অসূয়া (পরের গুণে দোষারোপ করা) একেবারেই নাই এবং যিনি বৃথা ব্যর্থ আলাপ করেন না, এইরূপ শিষ্যই গুরুসেবাপূর্ব্বক মন্ত্র গ্রহণে অধিকারী॥৪৪॥ উপেক্ষ্যশিষ্য অর্থাৎ যাহাকে শিষ্যবোধে মন্ত্রদানে পরিবর্জ্জিত করিতে হয় তাহার লক্ষণ অগস্ত্যসংহিতাগ্রন্থে উক্ত আছে যে,যাহারা অলসও অপরিস্কার ও বৃথা দুঃখে ও কষ্টে ক্লিষ্ট এবং দম্ভ ও অহঙ্কারে উন্মত্ত ও ব্যয়-কুণ্ঠ, দরিদ্র ও রোগাক্রান্ত, ক্রোধী ও ভোগলালসায় বিষয়ে আসক্তচিত্ত এবং অন্যের এতাদৃশ শুভদ্বেষী যে অন্যের গুণেও দোষারোপ করিয়া থাকে ও শঠ ও কর্কশ বাক্য প্রয়োগ করিয়া থাকে, ও অন্যায়রূপে ধন উপার্জ্জন করে, পরদারে রত, বিদ্বানের বৈরি, ও স্বয়ং অজ্ঞ অথচ পণ্ডিতমানী ও যাহারা ব্রত-ভ্রংশ করিয়া থাকে নিজে অতি কষ্টে জীবিকা নির্ব্বাহ করে, ও যাহারা অতিশয় খল ও অন্যের দোষের সূচনাকারী পরের দুঃখ দায়ক, ও অতিশয় ভোজন করে, ও ক্রূরকর্ম্মা ও দুষ্টাত্মারাই নিন্দিত, ইত্যাদি নানাবিধ অন্যান্য পাপবিশিষ্ট ব্যক্তিগণই নরাধম॥ ৪৫॥ আর দেখ যাহাদিগকে দুরাচার ও অকার্য্য হইতে নিবারণ করিয়া রাখা যায় না এবং যাহারা গুরু কৃত শাসন সহ্য করিতে পারে না, ইদৃশ ব্যক্তিদিগকে, শিষ্য বলিয়া উপকল্পিত হইবার বিষয় জানিতে পারিলে পরিত্যাগ করিবে॥ ৪৬॥ যিনি লোভাদি বশতঃ উক্ত দোষে দূষিত ব্যক্তিকে শিষ্য করিবেন, তিনি দেবতার আক্রোশ-পাত্র হইবেন ও ধনহীন ও স্ত্রী-পুত্র-বিহীন হইয়া দেহান্তে নরক ভোগ করতঃ পশু-পক্ষী-যোনিতে তাহাকে জন্ম ধারণ করিতে হইবেক॥ ৪৭॥

হয়শীর্ষপঞ্চরাত্রগ্রন্থে উক্ত আছে যে, জৈমিনি, সুগত, নাস্তিক, নগ্ন, কপিল, গৌতম, এই ছয় জন হেতু-বাদী,যাহারা উক্ত ছয় জনের মতানুসারে

চলিয়া থাকে, উহাদিগকেও হেতুবাদী, কহা যায়, সুতরাং ঐ হেতুবাদি নরাধমদিগকে মন্ত্র প্রদান করিবে না॥৪৮॥ দেখ এক বৎসরকাল একত্র বাস করিলে গুরু ও শিষ্যের পরস্পর আচার ব্যবহার ও স্বভাব অনুভব দ্বারা পরস্পারের পরীক্ষা করিয়া উভয়েরই স্বভাবাদির অভিজ্ঞতালাভ হইতে পারিবে॥৪৯॥ গুরু যে অবশ্যই শিষ্যের পরীক্ষা করিবেন মন্ত্রমুক্তাবলী গ্রন্থেও তাহার বিষয় উক্ত আছে যে এক বৎসরকাল বাস করিলে গুরু ও শিষ্য পরস্পারের স্বভাব জানিতে পারে ইহাতেই গুরুতা ও শিষ্যতা হইয়া থাকে। অন্যপ্রকার হইলে হয় না ইহাই নিশ্চয়॥ শ্রুতিতেও বলিয়াছেন যথা। যে ব্যক্তি এক বৎসর গুরুর নিকটে বাস করে নাই তাহাকে মন্ত্র প্রদান করিবে না॥ সারসংগ্রহগ্রন্থেও উক্ত আছে যে, সদ্‌গুরু, আশ্রিত নিজশিষ্যকে এক বৎসরকাল পরীক্ষা করিবেন॥ ৫০॥ যেমন রাজমন্ত্রিকৃত দোষ নৃপতিতে, গৃহীতপাণিভ্যার্য্যাকৃত-পাপ নিজ ভর্ত্তাতে বর্ত্তায়, সেইরূপ শিষ্যকৃত পাপ নিশ্চয়ই মন্ত্রদাতা গুরু পাইয়া থাকেন॥ ক্রমদীপিকায় উক্ত আছে। যে সরল ও আর্দ্র হৃদয়ে, তিন বৎসরকাল, নিজ ধনমন শরীর ও অনুকূল বাক্য দ্বারা গুরুদেবকে স্বয়ং ভগবান বোধে সন্তুস্ট করিতে পারিলে গুরু নিজে কিছু উপদেশ দিবার ইচ্ছাপ্রকাশ করিলে পর শিষ্য মন্ত্র দীক্ষার জন্য তাঁহাকে প্রার্থনা করিবেন॥ ৫১॥ মতভেদে ব্রাহ্মণের তিন বৎসরে, ক্ষত্রিয়ের ছয় বৎসরে, বৈশ্যের নয় বৎসরে গুরু ও শিষ্যের পরীক্ষা হইয়া থাকে॥

গ্রন্থান্তরে যথা। ত্রিষু বর্ষেষু বিপ্রস্য ষট্‌সু বর্ষেষু ভূভৃতঃ। বিশো নবসু বর্ষেষু পরীক্ষা তু প্রশস্যতে। সমাস্বপি দ্বাদশসু তেষাং যে বৃষলাদয়ঃ॥ ইতি॥ যচ্চ শারদাতিলকাদাবুক্তং। একাব্দেন ভবেদ্বিপ্রো ভবেদব্দদ্বয়ান্নৃপঃ। ভবেদব্দত্রয়ৈর্বৈশ্যঃ শূদ্রো বর্ষচতুস্টয়ৈঃ॥ ইতি॥ তদত্যন্তপূর্ব্বপরিশীলিতবিষয়মিতি বিবেচনীয়ং॥

মন্ত্র-গ্রহণেচ্ছুক-শিষ্যের বিশেষরূপে শ্রীগুরুদেবের সেবার বিধি যথা॥ কুর্ম্মপুরাণান্তর্গত ব্যাসগীতায়, উক্ত আছে যে প্রতিদিন গুরুদেবের, আবশ্যক-মতে জল কুম্ভ, কুশ, পুষ্প, যজ্ঞীয়-কাষ্ঠ প্রভৃতি সর্ব্বদা আহরণ করিয়া দিবে॥ আবশ্যকমত গুরুর শরীর-মার্জ্জন, চন্দন-লেপন, গৃহ-মার্জ্জন ও বস্ত্রপ্রক্ষালন প্রভৃতি সেবা-শুশ্রূষাকার্য্য নির্ব্বাহ করিয়া দিবে॥ গুরুর নির্ম্মাল্য, শয্যা, কাষ্ঠপাদুকা, কি চর্ম্মপাদুকা, আসন, ছায়া, ভোজনপাত্র রাখিবার ত্রিপদী, কদাচ লঙ্ঘন করিবে না॥ দন্ত কাষ্ঠ (দাঁতোন) সংগ্রহ করিয়া দিবে, এবং আত্মকৃত কার্য্য সমুদয়ই গুরুতে নিবেদন করিবে॥ গুরুর প্রিয় ও হিতকর কার্য্যে রত থাকিবে, গুরুকে জিজ্ঞাসা না করিয়া ও গুরুর অনু-

মতি না লইয়া কোথাও গমন করিবে না, ও কোনো কার্য্যই করিবে না॥ গুরুর নিকট কদাচ পাদ-প্রসারণ করিবেন না। জৃম্ভণ (হাই তোলা) এবং মুখব্যাদান করিয়া হাস্যাদি, করিবে না॥ বস্ত্রদ্বারা কণ্ঠ আচ্ছাদন এবং সর্ব্বদা অঙ্গুলি প্রভৃতি আস্ফোটন করিবে না॥ এবং উচ্চৈঃ শব্দে কথা কহিবে না। ইত্যাদি॥ আরও উক্ত আছে যে গুরুপুত্র গুরুভার্য্যা ও গুরুবন্ধুকে গুরুর মত মান্য করিয়া সর্ব্বদা সম্যক্ ব্যবহার করিলে শ্রেয় হয়। কিন্তু গুরুপুত্রের শরীর মার্জ্জন পাদপ্রক্ষালন এবং তদুচ্ছিষ্ট ভোজন করিবে না এবং তাহাকে স্নান করাইবে না। গুরুর সবর্ণ-পত্নীকে গুরুর ন্যায় পূজা করিবে। অসবর্ণ-ভার্য্যাকে (অর্থাৎ পূর্ব্বকালে ব্রাহ্মণে ক্ষত্রিয়াদির কন্যা সহ পাণিগ্রহণ প্রথা প্রচলিত ছিল,ঐ রূপে বিবাহিত ক্ষত্রিয়াদি জাতীয় স্ত্রীলোক ব্রাহ্মণ পত্নী হইলে উহাদিগকে অসবর্ণ-ভার্য্যা বলে) গাত্রোত্থান ও নমস্কার দ্বারা সম্মান করিবে। গুরুপত্নীর শরীর মার্জ্জন, তৈল মর্দ্দন,কেশ সংস্কার করিবে না এবং গুরু পত্নীকে স্নান ও করাইবে না॥ দেব্যাগমে ও ভগবতী-তন্ত্রে শ্রীশিববাক্য যথা। গুরুদেবের শয্যা, আসন, যান, পাদুকা, পাঠপীঠ (পাদস্থাপনের আসন) ও স্নান-জল, এবং ছায়া কদাচ উল্লঙ্ঘন করিয়া চলিবে না। গুরুদেব সাক্ষাৎ থাকিতে পৃথক পূজা বর্জ্জন করিবে অর্থাৎ অন্য দেব-দেবীর পূজা করিবে না॥ এবং গুরুর অগ্রে অহং ভাব [অর্থাৎ আমি ও যাহা গুরুদেব ও তাহা] এইরূপ অদ্বৈত ভাব পরিত্যাগ করিবে। এবং গুরুর সম্মুখে দীক্ষাপ্রদান, বাখ্যা করা, ও প্রভুত্ব করা একবারেই বর্জ্জন করিবে॥

নারদ সংহিতায় উক্ত আছে, যে, যে যে স্থানে গুরুকে দর্শন করিবে সেইস্থানেই কৃতাঞ্জলিপূর্ব্বক ছিন্নমূল বৃক্ষের ন্যায় ধরাতলে পতিত হইয়া দণ্ডবৎ প্রণাম করিতে হইবে॥ গুরুর বাক্য, আসন, যান, কাষ্ঠপাদুকা, চর্ম্ম-পাদুকা, পরিধেয় বস্ত্র ও ছায়া, শিষ্য হইয়া কখনও উল্লঙ্ঘন করিবে না॥

মনুসংহিতাতে উক্ত আছে যে অসাক্ষাতেও গুরুর কেবল নামাক্ষর মাত্র উচ্চারণ করিবে না এবং তাঁহার গতি, বাক্য ও কার্য্যের অনুকরণ করিবে না।

মন্ত্রদাতা গুরুর গুরু, নিকটে উপস্থিত হইলে তাঁহাকেও গুরুর ন্যায় ব্যবহার করিবে, কিন্তু গুরুর অনুমতি না পাইলে নিজের জনক জননী বা পিতামহ মাতুল মাতামহ প্রভৃতি গুরুদিগকেও অভিবাদন নমস্কার করিতে পারিবে না॥

শ্রীনারদ পঞ্চরাত্রে উক্ত আছে যে, যেখানে সেখানে, যথা তথা কেবল মাত্র মন্ত্র-দাতা গুরুর নাম অভক্তি সহকারে গ্রহণ করিবে না, অর্থাৎ কেবল মাত্র গুরুর নাম উচ্চারণ করিবে না। যদি মন্ত্রদাতা গুরুর নাম উচ্চারণ

করিতে হয় তাহা হইলে অতিশয় যত্নের সহিত, ভক্তিসহকারে কৃতাঞ্জলি ও নমিতমস্তক হইয়া ওঁ শ্রীঅমুক বিষ্ণুপাদ এই প্রকার ভাব ও রীতি এবং প্রথা অবলম্বন করিয়া মন্ত্রদাতা গুরুর নাম উচ্চারণ করিবে॥ আরও কথিত আছে যে, ক্রোধ বা মোহাদি বশতঃও, গুরুর প্রতি কোনও বিষয়ে আজ্ঞা প্রদান করিবে না এবং গুরুর আজ্ঞা লঙ্ঘন করিয়া কোনও কার্য্য করিবে না॥ গুরুকে নিবেদন না করিয়া কোনও দ্রব্য [অর্থাৎ অপ্রসাদি বা গুরুর অনুচ্ছিষ্ট দ্রব্য] ভোজন করিবে না॥ অন্যধর্ম্মসংহিতাতে ও নির্দ্দিষ্ট আছে যে মন্ত্র-দাতা গুরুকে আসিতেছেন দেখিয়া তাঁহার জন্য অগ্রসর হইবে॥ মন্ত্র-দাতা গুরু গমন করিলে তাঁহার অনুগমন করিবে, তাঁহার সম্মুখে আসনে বা শয্যায় বসিয়া থাকিবে না॥ প্রীতি জনক, মনোহর, নিজপ্রিয় অন্নপানাদি বস্তু প্রতিদিন মন্ত্র দাতা গুরুকে সমর্পণ করিয়া পশ্চাৎ ভোজন করিবে॥ বিষ্ণুসংহিতায় কথিত আছে যে, মন্ত্র-দাতা গুরু, তাড়ন ও পীড়নাদি করিলেও তাহার অবমাননা করিবে না ও তাঁহার বাক্যে অবহেলা করিয়া অপ্রিয় কার্য্য করিবে না, এবং তাঁহার বাক্য অবহেলা করিয়া কোনো অপ্রিয় আচরণ করিবে না॥ বরঞ্চ গৃহীত-মন্ত্র শিষ্য কায়মনোবাক্যে ও ধনের দ্বারা প্রাণের দ্বারা গুরুর আদেশ পালন করিয়া গুরুর প্রিয়কার্য্য সম্যক আচরণ করিলে পরমা গতি পাইবেন॥ অন্যথা মন্ত্র-দাতা গুরু ও মন্ত্র-গ্রহীতা শিষ্য উভয়েরই মহাদোষ শ্রীনারদ পঞ্চরাত্রে কথিত আছে যে, পরীক্ষা না করিয়া মন্ত্র প্রদান করা ও গুরু সেবা না করিয়া মন্ত্র গ্রহণ করা এই উভয়ই গুরু ও শিষ্যের মহৎ অনিষ্টের কারণ হইয়া থাকে। শ্রীনারদপঞ্চরাত্রে কথিত আছে যে যিনি ন্যায়বিহীন হইয়া [অর্থাৎ পরীক্ষা না করিয়া] মন্ত্র উপদেশ প্রদান করেন ও যিনি অন্যায় রূপে (অর্থাৎ গুরু সেবা না করিয়া) মন্ত্র-উপদেশ গ্রহণ করেন ঐ উভয়ই অশেষ কাল ব্যাপিয়া ঘোর নরকে গমন করেন॥

এক্ষণে মন্ত্র রাজ ভিন্ন অন্য সকল মন্ত্রে অনেক প্রকার দোষ আছে তাহা শোধন করিবার জন্য তন্ত্র হইতে মন্ত্রের দশবিধসংস্কার উদ্ধৃত করা গেল॥ অথ মন্ত্রসংস্কার শারদাতিলকে যথা। জনন, জীবন, তাড়ন, বোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন, এবং গোপন, মন্ত্রের এই দশ প্রকার সংস্করণ॥ মাতৃকা-যন্ত্রের মধ্য হইতে মন্ত্রের যে উদ্ধার তাহার নাম জনন॥ ধীমান ব্যক্তি প্রণব দ্বারা পুটিত করিয়া মন্ত্র বর্ণ জপ করিবে মন্ত্র তন্ত্রবিশারদ পণ্ডিতগণ ইহাকে জীবন বলিয়া কীর্ত্তন করেন॥ মন্ত্রবিদ্‌ব্যক্তি স্বয়ং এই বীজ উচ্চারণ পূর্ব্বক মন্ত্রবর্ণ লিখিয়া চন্দনজল দ্বারা প্রত্যেক

বর্ণকে আঘাত করিবে, তাহাকেই তাড়ন বলিয়া কীর্ত্তন করেন॥ মন্ত্র-বিদ্‌ব্যক্তি মন্ত্র লিখিয়া মন্ত্রের যতগুলি বর্ণ ততগুলি করবীর পুষ্প দ্বারা যত্ন পূর্ব্বক মন্ত্রকে তাড়না করিবে, তাহাকেই বোধন বলে॥ মন্ত্রজ্ঞ ব্যক্তি মন্ত্র শুদ্ধির জন্য মন্ত্র লিখিয়া স্বীয়তন্ত্রোক্ত-বিধি অনুসারে মন্ত্রের যতগুলি বর্ণ ততগুলি অশ্বত্থ পত্র দ্বারা মন্ত্রকে অভিষেক করিবে॥ মন্ত্রজ্ঞ ব্যক্তি মনো-মধ্যে মন্ত্রকে চিন্তা করিয়া মন্ত্রের মধ্যগত মূলত্রয়কে জ্যোতির্মন্ত্র (ওঁ হ্‌ং রং ঔং) দ্বারা দাহন করিবেন, ইহাকেই বিমলীকরণ বলিয়া কীর্ত্তন করে॥ আকাশ, বহ্নি ও মন্ত্রযুক্ত দণ্ডী অর্থাৎ ওঁ হ্‌ং রং ঔং এই চারিটী বীজকে জ্যোতির্মন্ত্র বলে। যে মন্ত্র জপ করা হইবে তাহার প্রত্যেক বর্ণকে বিধি-মতে কুশজল দ্বারা প্রোক্ষণ করার নামই আপ্যায়ন॥ মন্ত্র উচ্চারণ করিয়া জল দ্বারা মন্ত্রেতে যে তর্পণ করা হয় তাহার নামই তর্পণ॥ ওঁ হ্রীং শ্রীং এই বীজত্রয়কে মন্ত্রযুক্ত করাই দীপন বলিয়া কীর্ত্তিত হয়॥ জপ্তব্য মন্ত্র অর্থাৎ যে মন্ত্র জপ করিতে হইবে তাহাকে প্রকাশ না করিয়া গোপনভাবে রক্ষা করার নামই গোপন॥ কৃষ্ণ-মন্ত্র গুলি অতীব বলবান, অতএব তাহার সংস্কার করিবার কোন অপেক্ষা নাই। তথাপি সামান্যমন্ত্র লক্ষ্য করিয়াই সংস্কার-বিধি লিখিত হইল॥ বিশেষতঃ শ্রীগৌরাঙ্গ-মন্ত্রে কোনো সংস্কারই প্রয়োজন নাই। অন্য মন্ত্রের চৈতন্য-বিধান করিতে হয় কিন্তু শ্রীগৌরাঙ্গ মন্ত্রে উহা আবশ্যক করে না প্রমাণ যথা শ্রীচৈতন্য ভাগবতে অন্তখণ্ডে, যার মন্ত্রে সকল মূর্ত্তিতে বৈশে প্রাণ। সেই প্রভু শ্রীকৃষ্ণ চৈতন্য চন্দ্র নাম॥ যাঁহার দয়ায়, কুক্কুরও অনায়াসে মহাজলধি উত্তীর্ণ হইতে পারে, সেই জগদ্‌ গুরু শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে বন্দনা করিয়া দীক্ষাবিধির বিষয় লিখিতেছি॥

দীক্ষারবিধি যথা। কেশবাচার্য্যপ্রণীত ক্রমদীপিকা-গ্রন্থের মত গ্রহণ করিয়া দীক্ষা বিধি লিখিত হইতেছে। দীক্ষা গ্রহণ না করিলে কাহারও পূজায় অধিকার হয় না॥ ২॥ দীক্ষার নিত্যত্ব যথা আগমে। এই সংসারে যে ব্রাহ্মণদিগের যজ্ঞোপবীত হয় নাই তাহাদের যেমন স্বীয় কর্ত্তব্য বেদা-ধ্যয়ন-কর্ম্মে অধিকার হয় না, যজ্ঞোপবীত হইলেই অধিকার জন্মে; সেই রূপ যাঁহাদের দীক্ষা হয় নাই তাহাদের পূজায় অধিকার হয় না; দীক্ষিত হইলেই পূজায় অধিকার জন্মে। অতএব আত্মাকে বিশুদ্ধ করিবার জন্য দীক্ষা গ্রহণ করিবে॥ স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মনারদসংবাদে যথা যাহারা বিষ্ণুদীক্ষা গ্রহণ করে না ও বিষ্ণুপূজা করে না তাহারাই এই জগতে পশু; তাহাদের জীবনে ফল কি॥৩॥ স্কন্দপুরাণে শ্রীরুক্মাঙ্গদ ও মোহিনী সম্বাদে এবং বিষ্ণুযামলে যথা। হে বামোরু! অদীক্ষিত নর যে কর্ম্ম করে

তাহার সমস্তই নিষ্ফল হয়; দীক্ষা রহিত ব্যক্তি অন্তে পশুযোনি প্রাপ্ত হইয়া থাকে ॥৪॥ বিষ্ণুযামলে বিশেষরূপে লিখিত হইয়াছে যে, স্নেহ বা লোভ প্রযুক্ত দীক্ষাবিধানরহিত ব্যক্তিকে মন্ত্র প্রদান করিলে সেই গুরু ও শিষ্য উভয়ই নিখিল দেবগণের অভিশাপ প্রাপ্ত হন।৫॥ বিষ্ণুরহস্যে ও যথা—যদি বলেন যে কোন প্রকারে হরিপূজা করিলেই মহাফল সমুৎপন্ন হয় এরূপ শুনা-যায় তবে গুরুর নিকট হইতে উপদেশ গ্রহণ করার এত আগ্রহ কেন? উত্তর উপদেষ্টৃগণ যাহা উপদেশ প্রদান করিয়াছেন তাহা গুরু মুখ হইতে বিশেষ রূপে জ্ঞাত না হইলে বিধি মতে ভক্তি ক্রমে হরিপূজা করিলেও শত ভাগের এক ভাগ মাত্র ফল প্রাপ্ত হওয়া যায়।৬॥ দীক্ষার মাহাত্ম্য বিষ্ণুযামলে যথা—যাহা হইতে দিব্যজ্ঞান ও পাপের ক্ষয় হয় তত্ত্বজ্ঞ গুরুগণ তাহাকেই দীক্ষা বলিয়া নির্দ্দেশ করেন। এই জন্যই দীক্ষা শব্দটীও দা ধাতুর দী এবং ক্ষিধাতুর ক্ষা দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে। অতএব গুরুদেবকে প্রণাম করতঃ সর্ব্ব সম্পত্তি নিবেদন করিয়া বিধান-ক্রমে দীক্ষা গ্রহণ পূর্ব্বক বৈষ্ণবমন্ত্র গ্রহণ করিবে॥ স্কন্দপুরাণে কার্ত্তিকপ্রসঙ্গে ব্রহ্মানারদসম্বাদে যথা—যে নর নিখিল দুঃখ নাশিনী বিষ্ণুদীক্ষা প্রাপ্ত হইয়াছেন, ভূতলে তিনিই তপস্বী কর্ম্মনিষ্ঠ ও শ্রেষ্ঠ॥ তত্ত্বসাগরেও যথা। যেমন, বিধানমতে পারদ সংযোগ করিলে তাম্রও স্বর্ণ হয়, তদ্রূপ বিধিমত দীক্ষা গ্রহণ করিলে মানবগণের বিপ্রত্ব জন্মিয়া থাকে। যে ব্যক্তি গুরুকে পরিত্যাগ করিয়াছে সে প্রথমতঃ শ্রীহরি কেই বর্জন করিল ইহাতে তাহার জ্ঞান দূষিত ও দৌরাত্ম্য প্রকাশিত হইল।৭॥ অপর স্থানেও যে ব্যক্তি একবার গুরু বলিয়া স্বীকার করিয়া পুনর্ব্বার উক্ত গুরুকে বর্জন করে সে নরাধম, কোটি কল্পকাল নরকে পচিতে থাকে॥৮॥ তবে এই সম্বন্ধে বিশেষ বিধি উক্ত আছে, যথা। পঞ্চরাত্রে। অবৈষ্ণবের নিকটে মন্ত্র গ্রহণ করিলে নরকে যাইতে হয়। অতএব পুনরায় বিধিমতে বৈষ্ণব গুরু হইতে মন্ত্র গ্রহণ করিবে। সুতরাং অবৈষ্ণব গুরু হইলে তাহা পরিত্যাগ করিবার বিধি আছে।৯॥

অথ গুরুভক্তির ফল। অগস্ত্যসংহিতায় উক্ত আছে যে। হেমুনিবর! যে সমস্ত পাপিষ্ঠ, নরাধম, গুরুর আজ্ঞা লঙ্ঘন করে। তাহাদের নরকযন্ত্রণার শেষ নাই, শিষ্যের কর্ত্তব্য কার্য্য, সর্ব্বদা গুরুকে আরাধনা করা। যদি শিষ্য সকল, গুরুকে অপমানিত করে তাহা হইলে তাহাদের পুত্র, মিত্র, স্ত্রী প্রভৃতি বিনাশ প্রাপ্ত হয়॥ যাহারা মোহ বশতঃ গুরুকে তিরস্কার করিয়া সামান্য মানব-বোধে ব্যবহার করে তাহারা শত জন্ম পর্য্যন্ত শূকরত্ব লাভ করিয়া থাকে। যে মূঢ় পাতকযুক্ত ব্যক্তিসকল সর্ব্বদা গুরুর প্রতি বিদ্রোহ আচ-

রণ করে তাহাদের যাহা পুণ্য আছে তাহা পাতকরূপে পরিণত হয় তাহাতে কোন ও প্রকার সন্দেহ নাই ॥ অতএব জ্ঞানী ব্যক্তি, শ্রীকৃষ্ণ জ্ঞানে সর্ব্ব প্রথমে গুরুর অর্চ্চনা করতঃ ধরাতলে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করিবে, কিন্তু যুগ্ম প্রণাম করিবে না এবং তিন কিংবা ততোধিক অর্থাৎ তিনবারের ন্যূন না হয় প্রণাম করিবে অতএব কূর্ম্মপুরাণে শ্রীব্যাসের বাক্যে। দুই হস্ত উলট্‌পলট করিয়া গুরুর দুই চরণপদ্ম স্পর্শ করিবে॥ তৎপরে সাধক ব্যক্তি, গুরু চরণের অনুমতি প্রাপ্ত হইয়া পূর্ব্বেই মন্দির মার্জন করিবে,পরন্তু হরিমন্দিরে প্রবেশ করিবার পূর্ব্বেই পাদুকা পরিত্যাগ করিবে। অতএব আপস্তম্ব বলিয়াছেন। যে গৃহে আহবনীয় অগ্নি স্থাপিত আছে সেই গৃহে এবং গোশালায়, দেব মন্দিরে ও দ্বিজ নিকটে, জপকালে, ভোজন সময়ে পাদুকা পরিত্যাগ করিবে॥ ইত্যাদি বহুল প্রমাণ আছে, গ্রন্থ বাহুল্যভয়ে ঐ সকল উদ্ধৃত হইল না॥

এই রূপে শাস্ত্র বিধি মত অনুসারে। গুরু সেবা বিধি সব করিবে আচারে॥ বৈষ্ণবসম্প্রদায়সিদ্ধ গুরুর নিকট। উপদিষ্ট মন্ত্রে সাধি তরিবে সঙ্কট॥ কৃপাকরি গুরু তখন প্রসন্ন হইয়া। উপদেশ দিবেন শিষ্যের উদ্ধার লাগিয়া॥ শাস্ত্র কিম্বা সাধুমুখে কৃষ্ণের চরিত্র। শুনিয়া বিস্ময় জন্মে এই হয় মত্য॥ ভজন করিতে তাহা আছে কি না আছে। ধর্ম্মশাস্ত্র দেখে কিম্বা বিজ্ঞজনে পুছে॥ শাস্ত্রে থাকে আর যদি বিজ্ঞজনে কয়। ভজন করিতে তবে প্রবৃত্তি জন্ময়॥ শাস্ত্রে বিজ্ঞজনে পুছে প্রবৃত্তির উপায়। পাবার হেতু জিজ্ঞাসিলে রাগ তারে কয়॥ করি কি না? পুছে তার লোভের হ্রাস জানি। অতএব বৈধি ভক্তি কহিল বাখানি॥ কিম্বা এখন করি করে কাল বিলম্বন। কর্ম্ম সারি শেষে কৃষ্ণ করিব ভজন॥ ভজনপ্রবৃত্তি হতে ক্ষণা-পেক্ষা করে। শাস্ত্র ব্যক্তি ক্ষণাপেক্ষা বৈধি বলি তারে॥ ভজন করি না করি সন্দেহ থাকে যার। বেদে পুরাণ শাস্ত্রে এই বিধি আছে তার॥ সদা কাল স্মরণ করবিষ্ণুর চরণ। কদাচিত বিস্মৃতি না হইবে কখন॥ স্মরণ করিতে বিধি নিষেধ বিস্তর। আর যত বিধি নিষেধ এই দুয়ের কিঙ্কর॥ আগম নিগম বেদ পুরাণ যত হয়। শ্রীকৃষ্ণে ভজিতে বিধি না ভজিলে প্রত্যবায়॥ মুখ বাহু উরু পাদপদ্মে যার জন্ম। ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যশূদ্র চারিবর্ণ॥ আত্ম প্রভু শ্রীকৃষ্ণকে যদি নাই ভজে। স্বধর্ম্ম করিয়া রৌরবে পড়ি মজে॥ জন্ম জন্মান্তরে বহু পুণ্য থাকে যার। শ্রীকৃষ্ণ ভজিতে তবে শ্রদ্ধা হয় তার॥ যথাযোগ্য বৈরাগ্য করে ভক্তি অধিকারী। উত্তম মধ্যম কনিষ্ঠ শ্রদ্ধা অনুসারি॥ শাস্ত্র যুক্তি জ্ঞানে যেহ দৃঢ় শ্রদ্ধাবান। উত্তম

অধিকারী তিনি তারয় ভুবন ॥ শাস্ত্র যুক্তি নাহি জানে দৃঢ়-শ্রদ্ধা যার। মধ্যম অধিকারী নাম কথন তাহার ॥ যাহার কোমল শ্রদ্ধা সে কনিষ্ঠ জন। ক্রমে ক্রমেতে তিনি হইবেন উত্তম ॥ বিবিধাঙ্গ সাধন ভক্তি বহুত বিস্তার। সংক্ষেপে বর্ণিয়ে কিছু সাধনাঙ্গ সার ॥ সেই সাধন অঙ্গ হয় চৌষট্টি প্রকার। ক্রমে ক্রমে শুন নাম কহি যে সবার ॥

অথ চৌষষ্টি অঙ্গ সাধনভক্তি।

গুরু-পাদাশ্রয়, ১ কৃষ্ণদীক্ষাদি-শিক্ষন, ২। বিশ্বাসে 'গুরু সেবা, ৩ সন্মার্গানুগমন, ৪ ॥ সদ্ধর্ম্ম জিজ্ঞাসা, ৫ ভোগত্যাগ কৃষ্ণপ্রীতে ৬। দ্বারকাদিতীর্থে কিম্বা গঙ্গার তীরেতে ॥ কিম্বা ব্রজধামে এইরূপ কৃষ্ণতীর্থে। কিম্বা সর্ব্বধামময় সম্পূর্ণসর্ব্বার্থে ॥ শ্রীধামনবদ্বীপে বাস অবশ্য কর্ত্তব্য, ৭। যাবৎ নির্ব্বাহ প্রতিগ্রহণ কর্ত্তব্য, ৮ ॥ হরিবাসরাত্যুপবাস-সম্মান করণ, ৯। অশ্বত্থামলকী-আদি গো-বৈষ্ণব-সেবন, ১০ ॥ ভক্তির আরম্ভ এই হয় দশ অঙ্গ। এবে নিবেদিয়ে ত্যাগ যে হয় দশ অঙ্গ ॥ সেবা নাম অপরাধ যা আছে বর্ণিত। ভক্তিশাস্ত্র-মতে যাহা আছে উল্লিখিত ॥ সেই সব অপরাধ দূরে বিবর্জ্জিবে। সাবধানে সেইমত সদাচারে রবে ॥ ১১ ॥ অবৈষ্ণবজনের সঙ্গ সর্ব্বথা ত্যজিবে,১২॥ বহুগ্রন্থ-কলাভ্যাস ব্যাখ্যান বর্জ্জিবে। ১৩ ॥ মহারম্ভোদ্যম বহুশিষ্য না করিবে ১৪। ব্যবহারে কৃপণতা সদা তেয়াগিবে ॥ লাভ-হানি-সম-বোধে সদা আচরিবে, ১৫। কামক্রোধ-শোকাদির বশ না হইবে ॥ ১৬ ॥ অন্যদেব অন্যশাস্ত্র নিন্দা না করিবে। ১৭। বিষ্ণু বৈষ্ণবের নিন্দা সর্ব্বথা ত্যজিবে ॥ ১৮ ॥ গ্রাম্য-বার্ত্তা বিতণ্ডাদি সর্ব্বথা ত্যজিবে ॥ ১৯ ॥ কায়মনোবাক্যে যেন সর্ব্বথা সব জীবে। করিবে এমত কর্ম্ম উদ্বেগ না দিবে ॥ ২০ ॥ করিলে দশাঙ্গ ত্যাগ তবে ভক্তি হবে ॥ আরম্ভ দশ অঙ্গ, ত্যাগ দশ অঙ্গ আর। এই বিংশ অঙ্গ ভক্তি প্রবেশের দ্বার ॥ এবে লিখি চতুশ্চত্বারিংশ সাধন বিধি। যে ভক্তি সাধনে বশ হন গুণনিধি ॥ শ্রবণ ১ কীর্ত্তন ২ স্মরণ ৩ পূজন ৪ বন্দন ৫। পরিচর্য্যা ৬ সখ্য ৭ দাস্য ৮ আত্মনিবেদন ৯ ॥ ভগবদগ্রে নৃত্য ১০ গীত ১১ আর বিজ্ঞাপন ১২। ভগবদগ্রে দণ্ডবৎ হই প্রণমন। ১৩ ॥ শ্রীমূর্ত্তি আসিতেছেন দেখি গাত্র অভ্যুত্থান। ১৪। অনুব্রজ্যা শ্রীমূর্ত্তির পশ্চাদভিযান ॥ ১৫ ॥ ভগবন্মন্দিরে কিম্বা তীর্থেতে গমন। ১৬। পরিক্রমা ১৭ স্তব-পাঠ ১৯ জপ ১৮ সংকীর্ত্তন। ২০ ॥ ধূপ দীপ নির্ম্মাল্যের সুগন্ধ গ্রহণ ॥ ২১ ॥ শ্রীমন্মহাপ্রভুর মহাপ্রসাদ ভোজন ॥ ২২ ॥ আরাত্রিক মহোৎসব ২৩ শ্রীমূর্ত্তি দর্শন ॥ ২৪ ॥ আপনার প্রিয় বস্তু প্রভুকে অর্পণ। ২৫ ॥ সর্ব্বথা ভগবৎ প্রিয় সেবার করণ ॥ ২৬ ॥ সর্ব্বথা সর্ব্বদা সেই ধ্যানের

করণ। ২৭ ॥ ভগবদ্ভক্ত তদীয় তুলসী আর। ২৮। তদীয় মথুরাদি। ২৯। ভাগবত শাস্ত্র আর। ৩০ ॥ এই চারি সেবা হয় কৃষ্ণ অভিমত। চারি ভাগবতসেবায় হন কৃষ্ণ প্রীত ॥ বৈষ্ণব চিহ্ন তিলক ৩১। নামাক্ষরাদি ধারণ ॥৩২। নির্ম্মাল্য ধারণ।৩৩। চরণামৃত আস্বাদন। ৩৪ ॥ এই চারি সেবা ভক্তি শাস্ত্র সিদ্ধান্তিত। যাহার অকরণে প্রত্যবায় সমর্থিত ॥ শ্রীমৎপ্রভু লাগি হবে চেষ্টা সমুদায়। ৩৫। বিশেষমতে দৃষ্টি রাখা তদীয় কৃপায়। ৩৬ ॥ ভক্ত লইয়া জন্মাদি-মহোৎসব করা। ৩৭। সর্ব্বথা শ্রীপ্রভুর শরণাপত্তি করা। ৩৮ ॥ বৈষ্ণব স্মৃতিতে উক্ত যাহা কিছু ব্রত॥ চাতুর্মাস্য আদি করি পালিবে সতত। ৩৯ ॥ সম্প্রদায় সম্মত সাধু জন সঙ্গ করা ॥ ৪০ ॥ তাঁদের আচার মত আচরণ করা। ৪১ ॥ গুরু-তত্ত্ব-শিক্ষাগুরু সম্মান পূজন। ৪২ ॥ ভগবৎ স্বরূপ বোধে সদাঽনুসরণ। ৪৩ ॥ লাভ যশ মনে কিছু লালসা না রাখি। না হইবে তুলনা ইথে মেঘ চাতক পাখি ॥ নানা মেঘের জল খায় তৃষ্ণায় আকুল। বিনা শ্রীচৈতন্য এঁদের নাহি কোনো কূল ॥ এই ভাবে দৃঢ় বিশ্বাস মনেতে রাখিয়া। অবশ্য কর্ত্তব্য বিধি ভক্তিতে বাঁধিয়া ॥ পাইবই প্রেমচিন্তামণি রসরাজ। মহাভাব মিলা একরূপ-হৃদি মাঝ ॥ এই ভাবনা-মূল-বীজ, নিজ চিত্ত ক্ষেত্রে। রাখিবে বপন করি যেই কোন সূত্রে ॥ উপরি লিখিত যত সাধন ভক্তি অঙ্গ। সে তেষট্টির মূল হয় এই উক্ত অঙ্গ। ৪৪ ॥ চতুঃষষ্টিতম এই সাধন অঙ্গ ভক্তি। সিখিবে শ্রবণ কীর্ত্তন জপে যথাশক্তি ॥ আরম্ভ দশ অঙ্গ ত্যাগ দশ অঙ্গ আর। এই বিশ অঙ্গ ভক্তি প্রবেশের দ্বার ॥ গুরু-পাদাশ্রয় তত্ত্ব দীক্ষাদি শিক্ষণ। গুরু-সেবা তিন অঙ্গ সর্ব্বপ্রধান হন ॥ বৈষ্ণব চিহ্ন তিলকাদি আর নামাঙ্কন।:করিবে সম্প্রদায়মত নিজাঙ্গে ধারণ ॥ নির্ম্মাল্য ধারণ তস্য অগ্রেতে নাচিবে। অভ্যুত্থান অনুব্রজ্যা দণ্ডবৎ হবে ॥ তদীয় স্থান পরিক্রমা তৎস্থানে প্রণতি। পূজা জপ পরিচর্য্যা তন্নামগুণ-গীতি ॥ সঙ্কীর্ত্তন বিজ্ঞাপন স্তব পাঠ আর। ভক্ত ভুক্ত অবশিষ্ট নৈবেদ্য আহার ॥ পাদ্য অর্ঘ্য ধূপ দীপ সৌরভগ্রহণ। শ্রীমূর্ত্তিদর্শন আর শ্রীমূর্ত্তিস্পর্শন ॥ আরতি উৎসব করা শ্রবণ কীর্ত্তন। স্মৃতি ধ্যান দাস্য সখ্য আত্মনিবেদন ॥ নিজপ্রিয় উপহার প্রভুকে অর্পিবে। প্রভুর নিমিত্তে সমস্ত চেষ্টিত হইবে ॥ সর্ব্বথা শরণাপত্তি তদীয় সেবন। শ্রীধাম, তুলসী, বৈষ্ণব, শাস্ত্র, চারি হন ॥ সাধুগোষ্ঠী লইয়া উৎসব করিবে সতত। জন্ম মহোৎসব আদি কার্ত্তিকাদি ব্রত ॥ শ্রদ্ধাবিশেষে করা শ্রীমূর্ত্তি সেবন। রসিক সাধু-সঙ্গে ভাগবত আস্বাদন ॥ সজাতীয় স্নিগ্ধাশয় সাধুজন সঙ্গে। শ্রীশ্রীধামে বাস সঙ্কীর্ত্তন-রস রঙ্গে ॥ সকলসাধনশ্রেষ্ঠ এই পঞ্চ অঙ্গ ॥ প্রেম ভক্তির উপাদান

এই পাঁচের সঙ্গ ॥ চতুঃষষ্ঠি অঙ্গ এই করিল বিবরণ। সেবা নাম অপ-রাধের লিখি যে কারণ ॥

অথ সেবা-অপরাধ বরাহপুরাণোক্ত ২৩ প্রকার ও আগম শাস্ত্রোক্ত ৩২ প্রকার ॥

সেবা-অপরাধ আর নাম-অপরাধ। বর্জ্জন করিবে যাতে হয় ভক্তি বাধ ॥ বরাহপুরাণে উক্ত ধরা লক্ষ্য করি। বরাহ দেব কহি-য়াছেন ভক্ত উপকারি ॥ হে বসুধে শুন শুন সাবধান হইয়া। মদীয় সেবা অপরাধ কহি বিবরিয়া ॥ বৈষ্ণব মাত্রেই উহা অতি যত্ন করি। সাবধানে বর্জ্জিবে ইহা, অন্যথা না করি ॥ আগম শাস্ত্রেতে উহা বত্রিশ প্রকার। বরাহপুরাণে উক্ত তেইশ প্রকার ॥ শিবিকাদি যানারোহে কি পাদুকা পদে। পরিধানে হরি-গৃহে গমন নিষেধে ॥ ভগবৎ-প্রীত্যর্থ-কৃত উৎসবাকরণ। শ্রীমূর্ত্তিসম্মুখে প্রণামের অকরণ ॥ উচ্ছিষ্ট-লিপ্ত-দেহে কি অশুচি-দেহেতে। ভগবানে বন্দনাদির নিষেধ করিতে ॥ এক হস্তে প্রণাম, সম্মুখে প্রদক্ষিণ। ভগবানের অগ্রে নিজ-পাদ-প্রসারণ ॥ হস্তদ্বারা জানুদ্বয় বন্ধন করিয়া। অগ্রে নাহি বসিবে সে পর্য্যঙ্ক বান্ধিয়া ॥ শ্রীকৃষ্ণ মূর্ত্তির অগ্রে শয়ন ভোজন। মিথ্যা-কথন কিম্বা উচ্চৈর্ভাষণ ॥ পরস্পর কথোপকথন কি কলহ। কি রোদন কি কাহারে করো না নিগ্রহ ॥ কিম্বা কাহারেও অনুগ্রহ না করিবে। শ্রীমূর্ত্তি অগ্রেতে নিষ্ঠুর কথা না ভাষিবে ॥ কম্বল কি রোমি বস্ত্র ব্যবহার করি। সেবা কার্য্য না করিবে অপরাধ স্মরি ॥ পরনিন্দা পরস্তুতি অশ্লীল-ভাষণ। শ্রীমূর্ত্তি অগ্রে পৃষ্ঠ করি উপবেশন ॥ তদগ্রে অপান-বায়ু পরিত্যাগ করা। সামর্থ্য থাকিতেও ব্যয়কুণ্ঠে যাত্রা করা ॥ অনিবেদিত-ভক্ষণ আর অন্যাভিবাদন। তত্তৎকালোৎপন্ন ফলাদির অনর্পন ॥ আনীত দ্রব্যের অগ্রভাগ অন্যে দিয়া। বাকী অংশে ব্যঞ্জনাদি ভোগের লাগিয়া ॥ গুরু অগ্রে স্তবাদি না করি মৌনভাব। নিজের প্রশংসা করা করি অহঙ্কার ॥ অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তির স্পর্শ করা। বিধি উল্লঙ্ঘিয়া স্বেচ্ছামত পূজা করা ॥ বাদ্য না করিয়া শ্রীমন্দিরের দ্বার খোলা। কুকুরদৃষ্ট-বস্তু সঙ্গে অন্য ভক্ষ্য মেলা ॥ মৌনভঙ্গ পূজাকালে মলত্যাগে যান। গন্ধ মাল্য নাহি দিয়া অগ্রে ধূপ দান ॥ অযোগ্য পুষ্পেতে করা হরির পূজন। দীপ স্পর্শ শবস্পর্শ করিয়া পূজন ॥ স্ত্রীসম্ভোগ কিম্বা রজস্বলা স্পর্শ করে। দন্তধাবন নাহি করি যদি পূজা করে ॥ কাষায় বা নীল-রক্ত-বর্ণ বস্ত্র পরে। মৃতদেহ দেখি যেবা হরি পূজা করে ॥ শ্মশান যাইয়া কিম্বা ক্রোধ নিজে করে। ভুক্তদ্রব্যাজীর্ণদশায় হরি পূজা করে ॥ অহিফেণ-ভোজন আর গাঁজাদি

ধুম্র পান। তৈলাদি মর্দ্দন করি অর্চ্চনা বিধান॥ অবৈষ্ণব পাক করা অন্নাদি অর্পণ। অবৈষ্ণবের সম্মুখে নৈবেদ্য নিবেদন॥ ধর্ম্ম-লিপ্ত-কলেবরে পূজার কর্ম্ম করা। পর্য্যুষিত অবিহিত দ্রব্যে পূজা করা। এরণ্ড পত্রস্থ পুষ্প দ্বারা পূজা করা। ভাগবত-শাস্ত্রের অনাদর করা॥ অন্যশাস্ত্রের প্রবর্ত্তন, পূজার গর্ব্ব করা। পূজাকালে থুৎকারের নিক্ষেপণ করা॥ তদ-গ্রেতে তাম্বূলাদি চর্ব্বন করিয়া। নিজের পূজার গর্ব্ব প্রকাশ করিয়া॥ শ্রীমূর্ত্তির স্নান কালে কেবল বাম হাতে। স্পর্শিলে হইবে সেবা অপরাধ তাতে॥ ইত্যাদি অনেক আছে সেবা-অপরাধ। যাহা নাহি তেয়াগিলে হয় ভক্তিবাধ॥ ইথে সাবধান সদা হবে সাধকগণ। সেবা-অপরাধ যাতে না হয় কথন॥ সর্ব্ব পাপকারী যদি হয় নামাশ্রয়। কৃষ্ণতারে মুক্ত করি করেন নির্ভয়॥ কৃষ্ণ স্থানে অপরাধ করে যেই জন। তাহারও নামেতে হয় তাহাতে মোচন॥ নাম-অপরাধ যার কদাচিৎ হয়, তাহারও মোচন নাহি কদাচিৎ হয়॥ সবার সুহৃদ্ নাম জানিহ কারণ। তাহে অপরাধ হইলে না হয় মোচন॥ পদ্মপুরাণেতে এই কথা যথা ঘোষে। সপ্রমাণ নির্দ্দেশিলাম জানিবে বিশেষে॥

অথ নামাপরাধ দশবিধ।

নাম-কীর্ত্তন-কারি সাধুজন নিন্দা করা॥ ১॥ ভগবানের নামাপেক্ষা শিবাদি-নাম-স্মরা॥ ২॥ নামোপদেশকারি গুরুর হেলা করা। ৩। বেদ বেদানুগ শাস্ত্রের নিন্দাবাদ করা॥ ৪॥ নামের মাহাত্ম্যে অর্থবাদ মনে করা। অর্থাৎ নাম প্রশংসামাত্র এই মনে ধরা। ৫॥ প্রকারান্তরে নামের অন্যার্থ কল্পনা॥ ৬॥ নাম বলে তরিব এই পাপে প্রবর্ত্তনা॥ ৭॥ অন্য শুভ ক্রিয়ার সম নামকে ভাবন॥ ৮॥ শ্রদ্ধাহীন জনকে নাম উপদেশ দান॥ ৯॥ নাম মাহাত্ম্য শুনি তাহাতে অপ্রীতি॥ ১০॥ এই দশ অপরাধ যাতে সর্ব্ব ক্ষতি॥ এবে কহি সংক্ষেপেতে সেই অপরাধ। যাহাতে হইবে ভক্তি-মূল-বীজ-বাধ॥ শিবাদি দেবতায় করি বিষ্ণুর সমান। বেদপুরাণাদি শাস্ত্রের করে অপমান॥ নামে অর্থবাদ আর কুব্যাখ্যা কল্পনা। গুরুতে মনুষ্য বুদ্ধি বৈষ্ণব নিন্দনা॥ অন্য শুভ কর্ম্ম করি নামের সম কয়। নাম বলে পাপেরত যেই জন হয়॥ অযোগ্য জনেরে নাম উপদেশ করে। নামের মাহাত্ম্য শুনি অবিশ্বাস করে॥ নাম অপরাধি জীবের গতি নাহি হয়। সর্ব্ব শাস্ত্রে নির্ব্বিশেষে এক বাক্যে কয়॥ দেখ এক কৃষ্ণ নামে যত পাপ হরে। পাপি হয়ে তত পাপ করিতে না পারে॥ যদি তাতে অপরাধ থাকয়ে প্রচুর। কৃষ্ণনাম বীজ তায় না হয় অঙ্কুর॥ কৃষ্ণ নামে করে

অপরাধের বিচার। অপরাধ থাকিলে নামে না হয় নিস্তার॥ অপরাধি জনের না হয় প্রেমের বিকার। নিতাই গৌর নামে নাহি সে সব বিচার॥ নাম লইলে প্রেম হয় বহে অশ্রুধার। কিন্তু কুটী নাটি জীবহিংসা অনাচার। এ সব ছাড়িয়া যদি করে সদাচার॥ ভ্রমিতে ভ্রমিতে কোনো সৌভাগ্যের বশে। গুরু কৃষ্ণ প্রসাদে পায় ভক্তি বীজ রসে॥ লাভ পূজা প্রতিষ্ঠাদি উপাধি ছাড়িয়া। পুষ্ট করয়ে শ্রবণ কীর্ত্তনাদি দিয়া। তাহাতে কুতর্ক ছাড়ি ঊর্দ্ধ বাহু হইয়া। নিতাই চৈতন্য নাম লয় রত হইয়া॥ তবে সে অবশ্য প্রেম পাইবে পাইবে। ইহাতে অন্যথা ভাব কখনও না হবে॥ শ্রীগুরু জাহ্নবা এই দয়া কর মোরে। কোনও অপরাধ যেন কভু নাহি ঘেরে॥ এই সে সাধন অঙ্গ ভক্তি নিষ্ঠা হয়। নবদ্বীপ চন্দ্র দাস কর যুড়ি কয়॥ বৈষ্ণব গোসাঞি কৃপা করহ কিঞ্চিত। তবে সে পুরিবে মোর মনের বাঞ্ছিত॥

ইতি শ্রীবৈষ্ণবাচার দর্পণে বৈষ্ণব সর্ব্বস্বে ব্রহ্মসম্প্রদায়ি বৈষ্ণবাদি বিবরণং নাম ষষ্ঠো বিভবঃ সম্পূর্ণঃ।

অথ সপ্তমবিভব।

শ্রীগুরুচরণ-পদ্ম হৃদয়ে ধরিয়া। বৈষ্ণব-নিত্য-কৃত্য লিখি সংগ্রহ করিয়া॥ কৃষ্ণানন্দ-তন্ত্রসার লঘু বৃহৎ দুই। গৌতমীয়-তন্ত্র হয় লঘু বৃহৎ দুই॥ হরিভক্তি-বিলাস আর নৃসিংহপরিচর্য্যা। ঊর্দ্ধাম্নায়তন্ত্র আর আচার-জাগর্য্যা। আচার-চিন্তামণি আর আচার-চন্দ্রিকা। আচার-মাধব আর আচার-দীপিকা॥ আচারার্ক, আচারাদর্শ, আচার-ময়ুখ। এ সব নির্দ্দিষ্ট সদাচারে পাবে সুখ॥ পিচ্ছিলাতন্ত্রের দিব্য-বীর-পশ্বাচার। বিশ্বসারোদ্ধার তন্ত্রের বৈষ্ণব আচার॥ সাধুসঙ্কলিনীতন্ত্র করিয়া উদ্ধার। আঠার পুরাণ বত্রিশ উপপুরাণ আর॥ উড্ডীশ ডামর আর নারদপঞ্চরাত্র। ব্রহ্মযামল, হয়শীর্ষপঞ্চরাত্র॥ স্মার্ত্ত আঠাশ তত্ত্ব নির্ণয়সিন্ধু আর। ব্রাহ্মণসর্ব্বস্ব যাহা সংগ্রহমধ্যে সার॥ মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, আর। উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, আর॥ সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর। ব্যাস, শঙ্খ, লিখিত, দক্ষ, যে সংহিতাকার॥ গৌতমাদি পারাশর বৃহৎ সংহিতা। হলায়ুধ প্রভৃতির যে ধর্ম্ম সংহিতা॥ ঈশান সংহিতা আর গর্গের সংহিতা। ঊর্দ্ধাম্নায় সংহিতা সাধুগণ সম্মানিতা॥ জীবগোস্বামি ব্যাখ্যা-সহ ব্রহ্মসংহিতা। স্তবমালা স্তবাবলী স্তবকল্পলতা॥ স্তবামৃতলহরী বৈষ্ণবসংস্কারদীপিকা। পূজাপদ্ধতি বৈষ্ণবাচার চন্দ্রিকা॥ প্রবোধানন্দকৃত চৈতন্যচন্দ্রা-

মৃত। কবিকর্ণপূরকৃ চৈতন্য চরিত॥ ইত্যাদি অনেক আর সংগ্রহ দেখিয়া। সাধনামৃত চন্দ্রিকা আদর্শ করিয়া॥ গোপালভট্ট গোস্বামীর ভেকের পদ্ধতি। ইত্যাদি বহুত গ্রন্থ বৈষ্ণব পদ্ধতি॥ এসব দেখিয়া বিচারিয়া সাধু সঙ্গে। সংগ্রহ করিলাম নিত্য কৃত্য এই বঙ্গে॥ বৈষ্ণবের অবশ্য কর্ত্তব্য যেই হয়। তাহাই সংগ্রহ করি লিখি ক্ষুদ্রাশয়॥

অথ ৫ম বিভবে প্রকাশিত মূল শ্রীগুরু অষ্টক সংস্কৃতের ভাষা।

দাবানল সম এই সংসারে সতত। গ্রাসিল সকল লোকে হৈল প্রায়-মৃত॥ লোক শান্তি লাগিয়ে কল্যান গুণার্ণব। নিবিড়কারুণ্যে ঘনস্বরূপ বান্ধব॥ উপদেশামৃত সিঞ্চি জিয়ায় জীববৃন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণার বিন্দ॥ ১॥ সংকীর্ত্তন নৃত্য গীত বাদ্য ঘোষণায়। প্রমত্ত মানস মহা প্রভুর স্বকায়॥ মহাপ্রভুর নাম গান রসেতে প্রমত্ত। রোমাঞ্চ অশ্রুতে পূর্ণ হয় অবিরত॥ সেই রসে হয় যার কম্প পুলক বন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ২॥ শ্রীবিগ্রহের পরিচর্য্যা নিত্য নানাবেশ॥ মন্দির মার্জ্জ-নাদিতে সতত আবেশ॥ ভক্তেরে নিয়োগি তবু পিয়ে দাস্যানন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ৩॥ স্বাদু অন্ন চতুর্ব্বিধ শ্রীহরিপ্রসাদ। ভুঞ্জা ইয়া তৃপ্ত করি ভকত সমাজ॥ তাহাতেই পাই তৃপ্তি যার পরানন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণার বিন্দ॥ ৪॥ শ্রীরাধা-মাধবের রূপ লীলা গুণ নাম। মাধুর্য্য সমুদ্রে মগ্ন থাকি অবিরাম॥ প্রতিক্ষণা-স্বাদে লুব্ধ যেই সদা-নন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ৫॥ কুঞ্জে রাধা শ্যামের রতি-কেলি সিদ্ধি জন্য। যে যে যুক্তি সখীদের অপেক্ষায় গন্য। তাহে পটুতাই যারে হৃষ্ট কৃষ্ণচন্দ্র। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ৬॥ সর্ব্বশাস্ত্রে যারে সাক্ষাৎ হরিরূপ কয়। তথা সাধুজন যারে ভাবয়ে নিশ্চয়॥ কিন্তু কৃষ্ণের প্রিয় যেই প্রাপ্ত কৃষ্ণানন্দ। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ৭॥ যাহার প্রসাদে কৃষ্ণের প্রসন্নতা পাই। যাহার অপ্রসাদেতে কোথাও গতি নাই॥ যার ধ্যান স্তব যশ ত্রিসন্ধ্যায় বন্দ্য। বন্দো সেই শ্রীগুরুর চরণারবিন্দ॥ ৮॥ কৃষ্ণ প্রিয় শ্রীগুরুর অষ্টক যেই জন। ব্রাহ্মমুহূর্ত্তে উচ্চৈঃ করয়ে পঠন॥ বৃন্দাবন নাথের সাক্ষাৎ সেবা তার॥ লভ্য হয় সদা সর্ব্ব শাস্ত্রেতে নির্দ্ধার॥ শ্রীজাহ্নবা গুরুপাদপদ্ম করি আস। গুরু অষ্টক ভাষে নবদ্বীপ চন্দ্র দাস॥ ৯॥

অথ ৫ম বিভবে প্রকাশিত সংস্কৃত মূলের ভাষা শ্রীনিত্যানন্দাষ্টক।

শারদ চন্দ্রের ভ্রান্তি, স্ফুরিত নির্ম্মল কান্তি, মত্ত-গজ-গতি মহাশূর। হরি প্রেমে মহামত্ত, গৃহীত পরম সত্ত্ব, হাস্যময় মুখ সুমধুর॥ সর্ব্বদা উদ্ঘূর্ণ নেত্র

করেতে গৃহীত বেত্র, কলি বিদরয়ে দেখি যারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ১ ॥ রসের আগার প্রভু, স্বজন সর্ব্বস্ব বিভু, তুলনা নাহিক ত্রিভুবনে। তদীয়ৈক প্রাণোপমা, বসুধা জাহ্নবা রামা, পতি ভাবে সেবে শ্রীচরণে ॥ সর্ব্বদা উন্মত্ত প্রেমে, বিদিত যে ত্রিভুবনে, মন্দমতি না চিনয়ে যারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজনতরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ২ ॥ শচীনন্দনের শ্রেষ্ঠ, নিখিল জগতের ইষ্ট, নিত্য সুখময় কলেবর। কলিমগ্ন-জীবোদ্ধারে, ঔদ্দামকরুণা করে, গৌর হরি বোলায় নিরন্তর ॥ ভবাব্ধির গর্ব্বোন্নতি, গৌর হরি নামে রতি, যাচি বিলায় যেই সর্ব্বদ্বারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৩ ॥ যথেষ্ট আচর ভাই, তাহে মোর মানা নাই, গৌরহরি ধ্বনি কর মুখে। তবে সে সংসার সিন্ধু, সন্তরণে ভয়বিন্দু, নাহি, দায়ী আমি, থাকো সুখে ॥ বাহু স্ফোট করি এই, বোলায় বোলয়ে যেই, এই ভিক্ষা যাচে সর্ব্বদ্বারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৪ ॥ অহে ভাই কি কহিবে, কলি কলুষিত জীবে, রচ তাদের প্রায়শ্চিত্ত তথা। যাহে সুখে সশরীরে, পায় তোমায় সব নরে, তবে ঘুচে মোর মনো ব্যথা ॥ এইরূপে নানারঙ্গে, শ্রীকৃষ্ণচৈতন্য সঙ্গে মন্ত্রয়ে যে নীতি অনুসারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৫ ॥ জীবের-ভবাব্ধি ত্রাস, সবলে করিতে নাশ, অগস্ত্য-সমান-তেজোময়। সতের কল্যান সিন্ধু, বাড়াইতে যেন ইন্দু, নবদ্বীপে সতত উদয় ॥ সূর্য্য প্রভ সম যেই, উদিত ভুবনে এই, হরিতেছে খল-অন্ধকারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৬ ॥ নাচে গায় হরি বলে, পথে পথে যায় চলে, আপনা আপনি হেরে রঙ্গে। জীবের দুরিত দেখি, সকরুণ ভাবে আঁখি, অঞ্চলে চাহিয়া মহা ভঙ্গে ॥ উচ্চ সিংহনাদ করি, নাশি জীবের মদ করি, ভক্ত করি তারয়ে সংসারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৭ ॥ মহাপ্রভুর কর পদ্ম, সুকোমল অতি হৃদ্য, নিজ করে করিয়া ধারণ। পরস্পরের শ্রীবদন, দোঁহে করি আলোকন, প্রেমানন্দে হৃদয় মগন ॥ ভ্রময়ে মাধুর্য্য ঠামে, মত্ত করি পুরজনে, প্রেমানন্দ যে দেয় সংসারে। সেই প্রভু নিত্যানন্দ, ভজন তরুর কন্দ, নিরবধি ভজ মন তারে ॥ ৮ ॥ রসাগার রসাধার, সাধু জনের ধনসার, পতিত উদ্ধার শ্রবণেতে। এরূপ অপূর্ব্ব যেই, নিত্যানন্দাষ্টক এই, পড়য়ে যে ভক্তি সহকারে। নিত্যানন্দের পাদপদ্ম, তাহার হৃদয়ে সদা, স্ফুরিতেছে বিদিত সংসারে ॥ নবদ্বীপচন্দ্রদাস ইহার লাগিয়া। নিত্যানন্দাষ্টকভাষে দুবাহু তুলিয়া ॥

অথ সংক্ষিপ্তসার-বৈষ্ণববন্দনা।

দাসাংস্তাং শ্রীভগবতো বন্দে শ্রীগৌরপার্ষদান্। গৌরভক্তিসুধা-সিন্ধৌ মজ্জয়ন্তি জগজ্জনান্॥ ১॥ হে শ্রীসনাতন-প্রভো করুণাম্বুরাশে। হে রূপ দুর্গতজনৈকদয়াবলোক। হে ভট্টযুগ্ম সুমতে রঘুনাথ দাস। শ্রীজীব মে কুরুত মন্দমতে কৃপাং দ্রাক্॥ ২॥ মহাযশো মহাভাগান্ মহাপতিতপাবনান্। মহাভাগবতান্ বন্দে বৈষ্ণবান্ বিষ্ণুরূপিণঃ॥ ৩॥ শ্রীগৌরকীর্ত্তনপরাস্তন্নামশ্রবণোৎসুকাঃ। শ্রীনিত্যানন্দভক্তা যে তেভ্যো নিত্যং নমো নমঃ॥ ৪॥

শ্রীশ্রীনবদ্বীপবাসী, গৌরপ্রেমরসোল্লাসী, শ্রীগৌরাঙ্গনিত্যানন্দ ভক্ত। পড়িয়া সবার পায়, বন্দনা করিয়া তায়, তাতে হইয়া বিশেষ অনুরক্ত॥ শ্রীগৌড়মণ্ডলে স্থিতি, মহাপ্রভুর ভক্তততি, করুণাময় পতিতপাবন। করিয়া প্রণতি স্তুতি, বন্দো সবায় দিবা রাতি, বাঞ্ছাকল্পতরু শ্রীচরণ। বৃন্দাবনে অবস্থিত, মহাভাগবত যত, বন্দো মুঞি সবার চরণ। যে দেশে সে দেশে বৈসে, শ্রীগৌরাঙ্গের ভক্তে শেষে, পাদপদ্মে করি প্রণমন॥ হইয়াছেন হইবেন, মহাপ্রভুর দাসগণ, পদ বন্দো দন্তে তৃণ করি। অন্তরীক্ষ ভূমণ্ডল, পাতাল কিম্বা রসাতল, কৈলাস বৈকুণ্ঠ বাসকারী॥ ঊর্দ্ধে দুই বাহু করি, সবারে বন্দনা করি, সবে হন বাঞ্ছাকল্পতরু॥ পতিত্পাবন্ কৃপাময়্, বেদ পুরাণেতে কয়, ভক্তিদাতা আচার শিক্ষা গুরু॥ মহাপ্রভুর দাস যত, ব্রহ্মাণ্ড শোধিতে রত, বেদ তন্ত্র পুরাণেতে ঘোষে। মুঞি পাপী ঐ শুনে, শ্রীগৌরাঙ্গের ভক্ত গণে, চরণে শরণ লই শেষে॥ ব্যক্ত করি এই জানাই, মো সম পতিত নাই, বন্দিতে বা কত শক্তি ধরি। তমোবুদ্ধিদোষে তাতে, নষ্ট কামে দম্ভবাতে, প্রৌঢ় কথায় যে বন্দনা করি॥ তাহাতেও ভাগ্য সুখে, মনের উল্লাসে মুখে, বাচনিকে যাহা কিছু হয়। অদোষ-দরশী তারা, দিবেন প্রেমসুধাধারা, দোষ ক্ষমি ইহাই নিশ্চয়॥ জগতে দুর্ল্লভ বটে, সেই প্রেম দেয় লুটে, যমপাশবন্ধ দূর হয়। অসৎসঙ্গ যায় ছুটে, সৎসঙ্গ আসিয়া যুটে, সর্ব্ব-বাঞ্ছা-সুসিদ্ধিই হয়॥ ইহা মনে করি আশ, বড় হইল উল্লাস, নিঃসংশয় করিবেন দয়া। নবদ্বীপচন্দ্রদাস, দশনে ধরিয়া ঘাস, চায় সবায় দাও চরণ ছায়া॥

শ্রীকৃষ্ণদাসকবিরাজগোস্বামিপ্রণীত শ্রীচৈতন্যচরিতামৃতীয় শ্লোক।

আদিখণ্ডে দ্বিতীয়পরিচ্ছেদে যথা॥

বন্দে গুরুনীশভক্তানীশমীশবতারকান্। তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ

কৃষ্ণচৈতন্যসংজ্ঞকং ॥ ১ ॥ পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকং। ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকং ॥ ২ ॥

পয়ার। "মন্ত্রগুরু আর যত শিক্ষা-গুরুগণ। তাঁ সবার চরণ আগে করিয়ে বন্দন ॥ শ্রীরূপ সনাতন ভট্ট-রঘুনাথ। শ্রীজীব গোপাল-ভট্ট দাস-রঘুনাথ ॥ এই ছয় গুরুশিক্ষা-গুরু যে আমার। তাঁ সবার পাদপদ্মে কোটি নমস্কার ॥ ভগবানের ভক্ত যত শ্রীবাস-প্রধান। তাঁহার চরণ-পদ্মে সহস্র প্রণাম ॥ অদ্বৈত-আচার্য্য প্রভুর অংশ অবতার। তাঁর পাদপদ্মে কোটি-প্রণতি আমার ॥ নিত্যানন্দ-রায় প্রভুর স্বরূপ-প্রকাশ। তাঁর পাদপদ্ম বন্দো যাঁর মুঞি দাস ॥ গদাধর-পণ্ডিতাদি প্রভুর নিজ-শক্তি। তাঁ সবার চরণে মোর সহস্র প্রণতি ॥ শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভু স্বয়ং ভগবান্। তাঁহার পদারবিন্দে অনন্ত প্রণাম ॥ সাবরণে প্রভুরে করিয়া নমস্কার। এই ছয় তেঁহো যৈছে করিয়া বিচার ॥ যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে আমি তাঁহার প্রকাশ ॥ গুরু কৃষ্ণরূপ হন শাস্ত্রের প্রমাণে। গুরু-রূপে কৃষ্ণ কৃপা করেন ভক্তগণে" ॥ "কৃষ্ণ, গুরুদ্বয় ভক্তাবতার, প্রকাশ। শক্তি, এই ছয় রূপে করেন বিলাস ॥" "এই ছয় তত্ত্বের করি চরণ বন্দন। প্রথমে সামান্যে করি মঙ্গলাচরণ ॥" ইত্যাদি।

অথ শ্রীব্রহ্মসম্প্রদায়ি বৈষ্ণবানাং নিত্যকৃত্যানি লিখ্যন্তে।

সাধকো ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় কৃষ্ণ কৃষ্ণেত্যাদিকং কীর্ত্তয়েৎ। তদ্‌যথা ;—কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ, কৃষ্ণচৈতন্য কৃষ্ণ হে। চৈতন্য কৃষ্ণ-চৈতন্য, গৌরচৈতন্য কৃষ্ণ হে ॥ নিত্যানন্দ-কৃষ্ণ কৃষ্ণ, কৃষ্ণচৈতন্য পাহি মাং। নিত্যানন্দাদ্বৈত-কৃষ্ণ, কৃষ্ণচৈতন্য রক্ষ মাং ॥ গদাধর-কৃষ্ণ কৃষ্ণ, কৃষ্ণ-চৈতন্য ত্রাহি মাং। শ্রীবাস-কৃষ্ণচৈতন্য, গৌরাঙ্গ-কৃষ্ণ রক্ষ মাং ॥ তথাহি শ্রীচৈতন্য চরিতামৃতে। পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্ত রূপ স্বরূপকং। ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকং ॥ ইতি ॥ অপিচ। বন্দে গুরূনীশভক্তান্ ঈশম্ ঈশাবতারকান্। তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকং ॥ গুরবে গৌরচন্দ্রায় রাধিকায়ৈ তদালয়ে। কৃষ্ণায় কৃষ্ণভক্তায় তদ্ভক্তেভ্যো নমো নমঃ ॥ ইত্যাদি ॥ বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ, শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবং। সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবং, রাধাকৃষ্ণপাদান্ সহগণ-ললিতা শ্রীবিশাখান্বিতাংশ্চ ॥ শ্রীগুরুভ্যো নমো নিত্যং তদ্‌গুরুভ্যো নমো নমঃ। পরাপরগুরুভ্যঃ পরমেষ্ঠিভ্যো নমো নমঃ ॥ তদ্‌গুরুভ্য-

স্তদ্‌গুরুভ্যস্তেভ্যো নিত্যং নমো নমঃ ॥ নমো গৌরস্বরূপায় নিত্যানন্দাত্মজায় বৈ। শ্রীমতে বীরচন্দ্রায় চৈতন্যপ্রেমদায়িনে ॥ নিত্যানন্দৈকপ্রাণায়ৈ দেব্যা বসুধয়া সহ। মাত্রে শ্রীবীরচন্দ্রস্য জাহ্নবায়ৈ নমো নমঃ ॥ ৩ ॥ নিত্যানন্দায় নিত্যায় নিত্যং প্রেমপ্রদায়িনে। গৌরাঙ্গাভিন্নদেহায় গৌরাঙ্গায় নমো নমঃ ॥ ৪ ॥ নমশ্চৈতন্যচন্দ্রায় কোটিচন্দ্রাননত্বিষে। প্রেমানন্দাব্ধিরূপায় চারু-চন্দ্রাংশুহাসিনে।৫। অচ্যুতানন্দতাতায় শ্রীসীতাপ্রাণরূপিণে। অদ্বৈতায় নমো নিত্যং গৌরমাধুর্য্যদায়িনে ॥ ৬ ॥ গৌরাঙ্গভক্তিনিষ্ঠায় গৌরাঙ্গপ্রেমসম্পদে। গদাধরপণ্ডিতায় গৌরলীলাভুবে নমঃ ॥ ৭ ॥ যস্যাঽঙ্গনে শ্রীগৌরাঙ্গোগানে নিত্যং বিরাজতে। নমো গৌরভক্তভূপ শ্রীবাস-পণ্ডিতায় তে ॥ ৮ ॥ গৌরাঙ্গপ্রীতিপাত্রায় শ্রীস্বরূপাদিকায় চ। প্রেমাব্ধৌ পরহংসায় নমঃ প্রেমদায়িনে ॥ ৯ ॥ দময়ন্তী সোদরায় গৌরাঙ্গ-প্রিয়কারিণে। শ্রীরাঘব পণ্ডিতায় পাণিহাটি নিবাসিনে। নমো নিবসতে নিত্যং গৌরাঙ্গো যস্য বেশ্মনি ॥ ১০ ॥ কৃষ্ণোৎকীর্ত্তনগাননর্ত্তনপরৌ প্রেমামৃতাম্ভোনিধেধীরাধীরজন-প্রিয়ৌ প্রিয়করৌ নির্মৎসরৌ পূজিতৌ। শ্রীচৈতন্যকৃপাভরৌ ভুবিভবৌ ভারাবহন্তারকৌ, বন্দেরূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ ॥ ১১ ॥ প্রেমাণং কৃষ্ণচৈতন্যোঽবতীর্য্যাঽবিতরজ্জগৎ। নমামি তং নবদ্বীপং বৃন্দারণ্য-স্বরূপকং ॥ ১২ ॥ গৌরাঙ্গপার্ষদা যে চ গৌরাঙ্গভক্তিসাধকাঃ। কৃষ্ণচৈতন্যভক্তা যে তেভ্যো নিত্যং নমো নমঃ ॥ ১৩ ॥ শ্রীকৃষ্ণজন্মভূদেবি মথুরে ভক্তিমুক্তিদে। বৈকুণ্ঠাদিপদাচ্ছ্রেষ্ঠে তুভ্যং নিত্যং নমো নমঃ ॥ ১৪ ॥ তবারণ্যে দেবি ধ্রুবমিহ মুরারির্বিহরতে, সদা প্রেয়স্যেতি শ্রুতিরপি বিবৌতি স্মৃতিরপি। ইতি জ্ঞাত্বা বৃন্দাচরণমভিবন্দে তব কৃপাং কুরুষ ক্ষিপ্রং মে ফলতু-নিতরাং তর্ষবিটপী ॥ ১৫ ॥ তত্তীরে রাধয়া কৃষ্ণো বিহারং কুরুতেঽদ্ভুতং। পাবনি যমুনে দেবি নমামি চরণং তব ॥ ১৬ ॥ নিকুঞ্জপুঞ্জাবৃতদিব্যসুন্দরং, শ্রীকৃষ্ণকামাভরদাতৃকন্দরং। গোবৎসপালাদৃত-গোপবন্দিতং, গোবর্দ্ধনাদ্রিং শিরসা নমামি ॥ ১৭ ॥ প্রেমামৃতাপ্লাবনমত্র যত্নয়োঃ স্মৃতের্জ্জনানাং পরমার্থদং সরঃ। নমামি পারামৃত-বারিপূরকং শ্রীরাধিকামাধবকুণ্ডযুগ্মকং ॥ ১৮ ॥ গুরুরূপাং সখীং বন্দে প্রেমানন্দকলেবরাং। গোপিকাং রাধিকাশ্যামপ্রেমদাং করুণাময়ীং ॥ ১৯ ॥ শ্রীরাধিকাপ্রেমভরাকুলোন্মদাং সদালিবৃন্দাদৃত

কেহ বুঝিবারে নারে। গৌরগত প্রাণ যার সে বুঝিতে পারে॥ সম্পূর্ণ শব্দেতে কহে চতুর্দ্দশ পুরী। কে বুঝিবে সে মুখের বর্ণন মাধুরী॥ চতুর্দ্দশ পুরী যত সুখের বিস্তার। রূপ বৈভব আদি আর শীল সদাচার। বিদ্যা-মদ ভক্তি-মদ বুদ্ধি-মদ সীমা। ধন-মদ দয়া-মদ কুলাদি-গরিমা॥ রসিকতা নিপুনতা আদি যত হয়। সম্পূর্ণশব্দে তেই সব অর্থ ময়॥ আর এক কহিয়াছেন অমৃত বচন। যাহার শ্রবণে সুখি হয় কর্ণ মন॥ নবদ্বীপ যে হেন মথুরা রাজধানী। নারায়নী সুত মুখোদগীর্ণ এই বাণী॥ নিত্যানন্দকৃপাপাত্র বৃন্দাবন দাস। যারপর হয় তার কৃপার আভাস॥ সেই তার বাক্য কিছু নারে বুঝিবারে। পণ্ডিতাভিমান মাত্র অহঙ্কারে মরে॥ গীতং॥ "জয় জয় শ্রীনদিয়া অতি সুখ ধাম। অদ্ভুতবসতি সব চত্তর আশ্রম॥ যঁহি নিতি নিতি সে উৎসব অনুপম। অষ্ট সিদ্ধি সব সিদ্ধি আদি প্রতি মন্দিরে নিয়ত ফিরে জনু দাস। ধর্ম্মার্থ আর কাম মোক্ষ গণে॥ গেলোতল কৌতুক করত উপহাস॥ প্রবলপ্রতাপ তাপত্রয়ভঞ্জন নবধা ভক্তি দীপ্ত অনিবার। নির্ম্মলপ্রেমপূর্ণ অহর্নিশি যহি থির চর সতত রহত মাতোয়ার। বিবিধ জাতি গৃহ নব, শত সহস্র পুরী বেষ্টিত॥ সুরধনী ধবল সু পানি জনু নব কুন্দ কুসুম মুকুতাশ্রু যন্ত্রজল শশিখণ্ড উদয় অনুমানি শোভা নব, নব বৃন্দাবন সম সব ঋতু সেবিত সর্ব্ব দিগন্ত। মঞ্জু মহামহিম মহী বিস্তৃত গায়ত ফণি না পায়ত অন্ত॥ সুর সহ সুরবর হর চতুরানন ধ্যান ধরত উর হরস অপার। ভন ঘনশ্যাম সোপহুঁ পরিকর সঙ্গে নিরখব উহত ভকত মাঝার॥ ইতি॥ হেন মতে করে প্রভু নগর ভ্রমণ। বৃন্দাবন গোষ্ঠ লীলা করিয়া স্মরণ॥ নগর ভ্রমণ প্রভু করি কতক্ষণ॥ সুরধনী পথে তবে করিল গমন। স্বপার্ষদে মহাপ্রভু গঙ্গাতীরে আসি। বসিল গঙ্গার ঘাটে নদিয়ার শশি॥ শ্রীগৌরাঙ্গ নিত্যানন্দ পাদপদ্মে যার আশ। সংগ্রহি ভাষিল নবদ্বীপচন্দ্র দাস॥ *॥ জয় গৌর নিত্যানন্দ জয়াদ্বৈত চন্দ্র॥ গদাধর শ্রীবাসাদি গৌরভক্ত বৃন্দ॥ সুরধনী তটে শোভে পুলিন সুন্দর। যত শাল পিয়াল আদি কদম্বনিকর॥ ময়ূর কোকিল আদি ভ্রমরার গণ। পুষ্প বন মাঝে কত উড়য়ে সঘন॥ পাথরে বন্ধন সব ঘাট ঘরে ঘর। লক্ষ লক্ষ শিবালয় তাহার উপর॥ বসি বারে স্থানে স্থানে অপূর্ব্ব মন্দির। নিকটে প্রবাহ অতি সুনির্ম্মল নীর॥ গঙ্গাঘাটে বসিয়াছে গৌরাঙ্গ সুন্দর। মদনমোহনরূপ সর্ব্ব মনোহর॥ অবিরত হাঁসি মাখা সুচারু বদনে। বাক-বাক্য পরিহাস নিজ জন সনে॥ জল আনিবারে যায় যত নারীগন। লজ্জা তেয়াগিয়া চায় গৌরাঙ্গ বদন॥

গঙ্গা জল ভরে কেহ গোরা পানে চায়। হাত হৈতে কুম্ভ কারু খসিয়া পড়য় ॥ কতেক বা ভট্টাচার্য্য পোঢ়ুয়া অপার। সবে মেলি পরস্পর করেন বিচার ॥ কি শোভা হইল সেই গঙ্গার দুপাশে। বিশেষ উজ্জল গোরা চান্দের প্রকাশে ॥ শ্রীচৈতন্য ভাগবতে ॥ "গঙ্গাতীরে বসিলেন শ্রীশচী নন্দন। চতুর্দ্দিতে বেড়িয়া বসিল শিষ্যগণ ॥ কালিন্দীর তীরে যেন শ্রীনন্দ কুমার। গোপবৃন্দ মধ্যে বসি করিল বিহার ॥ সেই গোপবৃন্দ লই এই গৌরচন্দ্র। দ্বিজরূপে গঙ্গাতীরে করে নানা রঙ্গ ॥ গঙ্গাতীরে যে জন দেখয়ে প্রভু মুখ। সেই পায় অতি অনির্ব্বচনীয় সুখ ॥ দেখিয়া প্রভুর তেজ অতি বিলক্ষণ। গঙ্গাতীরে কানাকানি করে সর্ব্বজন ॥ অধ্যাপক প্রতি প্রভু কটাক্ষ করিয়া। ব্যখ্যা করে গঙ্গাতীরে সমীপে বসিয়া ॥ চতুর্দ্দিকে দেখে সব ভাগ্যবন্ত লোক। সর্ব্ব নবদ্বীপে প্রভুর প্রভাবে অশোক ॥" ইতি ॥ হেনমতে ভক্ত সঙ্গে শ্রীশচী নন্দন। গঙ্গাকে বন্দিয়া কৈল গৃহেতে গমন ॥ গোধুলী সময়ে প্রভু চলে রাজ-পথে। নগর প্রবেশ করে গরু যুথে যুথে ॥ শত শত গোপ শিশু যায় তার সঙ্গে। ঊর্দ্ধ পুচ্ছ করি বহু বৎস ধায় রঙ্গে ॥ দেখিয়া প্রভুর অতি উল্লাস অন্তরে। ধবলি বলিয়া ডাকে গদ গদ স্বরে ॥ গঙ্গা পথে সহস্র সহস্র বিপ্রগণ। সন্ধ্যা করিবারে সবে করেন গমন ॥ পড়িয়া শুনিয়া সব ব্রাহ্মণ কুমার। কোলাহল করি গৃহে যায়েন অপার ॥ প্রভু আসি বসিলেন আপন মন্দিরে। ভক্ত সব চলি গেল নিজ নিজ ঘরে ॥ তবে শচী দেবীর মনে আনন্দ বাড়িল। পুত্র মুখ দেখি সুখ সিন্ধু উথলিল ॥ ধীরে ধীরে আসি গোরা নিকটে বসিয়া। স্নেহ ভরে অঙ্গ মোছে নিজ বস্ত্র-দিয়া ॥ যশোদা করয়ে যেন কৃষ্ণের পালনে। সে উপমা বিনে আর নাহি ত্রিভুবনে ॥ তবে সব দাসগণ অতি ত্বরা করি। জলপূর্ণ করিয়া আনিল স্বর্ণ ঝারি ॥ পাদ প্রক্ষালন করি দিল কোনো জন। কেশসংস্কারাদি করি করিল বন্ধন ॥ সুবাসিত জলে অঙ্গ মার্জ্জন করিয়া। শেষে পুন মাজিলেন সুক্ষ্ম বস্ত্র দিয়া ॥ বসন ভূষণ সব পরিধান করি। বিষ্ণু গৃহে প্রবেশ করিল গৌর হরি ॥ শচীর আদেশে তবে দেবী বিষ্ণু প্রিয়া। দীপ জ্বালি দেবা-লয়ে থুইলেন গিয়া ॥ গৃহেতে আছিল শিলা মূর্ত্তি রঘুনাথ। আরতি করিয়া প্রভু হইল প্রণিপাত ॥ বহু উপহার আদি করি সমর্পন। আচমন দিয়া পুন করাঞা শয়ন ॥ গৌরাঙ্গ বসিল দিব্য আসি সিংহাসনে। শচীর আনন্দ যত না যায় কথনে ॥ বিষ্ণুগৃহে যত কিছু উপহার ছিল। রাত্রের কারণ বহু পৃথক ধরিল ॥ কিছু আনি দিল শচী পুত্রের সম্মুখে। হাঁসিয়া ভোজন প্রভু করে মহাসুখে ॥ আচমন করিয়া বসিল গৌর রায়। বিষ্ণুপ্রিয়া দেবী

রহি তাম্বূল যোগায়॥ শ্রীচৈতন্য ভাগবতে॥ "মায়ের মনের অতি আনন্দ জানিয়া॥ লক্ষ্মীর সহিক প্রভু আছেন বসিয়া॥" ইতি॥ অতি শীঘ্র করি প্রভু আবেশিত মনে। শ্রীবাসের বাটী প্রতি করিল গমনে॥ কিবা শোভা হইল সেই সন্ধ্যার সময়। চতুর্দ্দিকে নৃত্য গীত বাদ্য সব হয়॥ উজ্জ্বলপ্রদীপ সব জ্বলে সারি সারি। দীপের প্রকাশে অতি সুনির্ম্মল পুরী॥ মত্তসিংহ জিনি গতি পথে চলি যায়। আসিয়া মিলিল প্রভু শ্রীবাস আলয়॥ প্রভুরে দেখিয়া হর্ষ পণ্ডিত শ্রীবাস। সগোষ্ঠিতে হৈল পরমানন্দ উল্লাস। প্রভুরে বন্দনা করি ধোওয়াইল চরণে। প্রভু বসাইল দিব্য রত্ন সিংহাসনে॥ শ্রীগৌরাঙ্গ নিত্যানন্দ দাসের অনুদাস। সংগ্রহি ভাষিল নবদ্বীপচন্দ্র দাস॥ইতি॥ জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ। জয়াদ্বৈত চন্দ্রজয় গৌর ভক্ত বৃন্দ॥ নিত্যানন্দ প্রভু আসি মিলিল তখন। প্রভুর দক্ষিণে বৈশে প্রফুল্ল বদন॥ মিলিল অদ্বৈত চন্দ্র প্রেমের সাগর। গদাধর নরহরি প্রভৃতি শ্রীধর॥ বক্রেশ্বর হরিদাস আদি ভক্ত-গণে। শীঘ্র আসিলেন সবে শ্রীবাস ভবনে॥ ছত্র ধরিলেন শিরে নিত্যা-নন্দ রায়। বাম ভাগে গদাধর চামর ঢুলায়॥ কেহো নাচে কেহো গায় করয়ে কীর্ত্তন। রতন প্রদীপ জ্বালি ধরে কোন জন॥ গৃহমাঝে নারী-গণে দেয় জয়কারি। মৃদঙ্গ মন্দিরা ঘণ্টা বাদ্য সুঝাঁঝরি॥ পঞ্চ শিখা জ্বালি ভাল অদ্বৈত গোসাঁই। আরতি করেন আনন্দের অন্ত নাই॥ তথাহি গীতং। গৌরীরাগ॥ জয় জয় আরতি কিশোর। বিলসত সিংহাসনে জনু কনকাচল ডগমগ জগত যুবতি চিত চোর॥ ধুঃ। অদ্বৈত প্রেমভরে গর গর আরতি করু নিজ নাথ নেহারি। সর্ব্বদা আনন্দ মনে সঙ্গে লৈয়া ভক্তগণে উচ্চস্বরে বোলায় শ্রীহরি॥ দক্ষিণ ভাগের ভাতি রিতি অদ্ভুত নিত্যানন্দ চন্দ্র রসে ভোর। বামে গদাধর সরস ভঙ্গি তাই কোই ধরত ছত্র উজোর॥ শ্রীবাস বরষত কুসমাবলি চামর করু নরহরি অনিবার। শুক্লাম্বর বিরচিত চন্দন গুপ্ত মুরারি করত জয় কার॥ মাধব ঘোষ পুরুষো-ত্তম বিজয় মুকুন্দ আদি গুণি ভূপ। গায়ত মধুর রাগ শ্রুতি সুরছন গ্রাম সপ্ত স্বর ভেদ অনুরূপ॥ বাজত মুরজ মৃদঙ্গ শঙ্খ ডম্ফ বেণু নিসান বেণু বহু তর। ঘনন ঘণ্টা ঝম ঝম কত ঝানরি ঝাঁজ গর্জ্জে ঘোর॥ নাচত পরম হরষ বক্রেশ্বর সরস ভাতি গতি নটন সুচার। উদ্ঘট ধি ধি কট তক থৈ থৈতি বিবিধ পরকার। বিবশ পুরব রসে রসিক গদাধর শ্রীধর গৌরীদাস হরিদাস। কো বিরচব সব ভকত মত অতি নিরখি গৌরমুখ মধুরিম হাস॥ সুরগণ গগণে মগণ গণ সহ সুরপতি কত যতনে করত পরিহার। পার্ব্বতি পতি চতুরানন পুলকত ঝর ঝর নয়ন ঝরত জল ধার। ত্রিভুবন উলস শেষ

যশ বরণত স্তুতি করু মুনি নর নাম উচারি। নরহরি পহুঁ ব্রজভূষণ রসময় নদিয়া পুর পরমানন্দ কারি॥” ইতি॥ আরতি সমাপি তবে অদ্বৈত ঠাকুর। হুঁকার করিয়া নৃত্য করেন প্রচুর॥ যেবা কোনো ভক্তবৃন্দ আসিবারে ছিল। একে একে আসি তথা সবাই মিলিল॥ বধূরে লইয়া আইল শচী ঠাকুরাণী। সীতা দেবী সহ ভক্তবৃন্দের গৃহিনী॥ সবাই মিলিল আসি শ্রীবাসের ঘরে। দেখয়ে গৌরাঙ্গরূপ থাকিয়া অন্তরে॥ কপাট দিলেন দ্বারে প্রভুর ঈঙ্গিতে। নিজ জন বিনা অন্য নারে প্রবেশিতে॥ শ্রীচৈতন্য ভাগবতে॥ “কপাট পড়িল দ্বারে প্রভুর আজ্ঞায়। আপ্তগণ বিনা আর যাইতে নাপায়।” ইতি। সিংহাসনে বসি হাঁসে শচীর নন্দন। নিজ রূপ গুণে আকর্ষয়ে সর্ব্বমন॥ নিত্যানন্দ গদাধর অদ্বৈত শ্রীবাস। সবাই প্রেমের সিন্ধু মনের উল্লাস॥ রাত্রের প্রবেশে সবে উল্লাসিত মন। যার যেন ভাব তেন হয় দরশন॥ কেহো স্তুতি করে কেহ করয়ে সেবনে। কুসুম অঞ্জলি কেহো দেয় শ্রীচরণে॥ কেহ কেহ আনি দেয় নানা উপহার। তাম্বূল যোগায় কেহ আনন্দ অপার॥ কৃষ্ণ কথা রঙ্গে প্রভু থাকে কতক্ষণ। অনন্ত প্রদোষ লীলা না যায় বর্ণন॥ শ্রীচৈতন্য নিত্যানন্দ দাসের অনুদাস। সংগ্রহি ভাষিল নবদ্বীপচন্দ্র দাস॥ ইতি॥ * ॥ জয় জয় শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ জয়াদ্বৈত জয় গৌর ভক্ত বৃন্দ॥ হাঁসি মহাপ্রভু তবে শ্রীচন্দ্র বদন। আজ্ঞা করিলেন সবে কর সঙ্কীর্ত্তন॥ শ্রীচৈতন্য ভাগবতে। “সর্ব্ব বৈষ্ণবের হৈল শুনিয়া উল্লাসে। আরম্ভিল মহাপ্রভু কীর্ত্তন বিলাসে॥ শ্রীবাস মন্দিরে প্রতি নিশায়ে কীর্ত্তন। কোন দিন হয় চন্দ্র শেখর ভবন। কীর্ত্তনের শুভারম্ভ করিল মুকুন্দ। রামকৃষ্ণ নরহরি গোপাল গোবিন্দ॥ নিত্যানন্দ গদাধর অদ্বৈত শ্রীবাস। বিদ্যানিধি মুরারি হিরণ্য হরিদাস॥ গঙ্গাদাস বনমালী বিজয় নন্দন। জগদানন্দ বুদ্ধিমন্তখান নারায়ণ॥ কাশীশ্বর বাসুদেব রাম গরুড়াই। গোবিন্দ গোবিন্দানন্দ সকল তথাই॥ গোপীনাথ জগদীশ শ্রীমান শ্রীধর। সদাশিব বক্রেশ্বর ভুগর্ভ শুক্লাম্বর॥ ব্রহ্মানন্দ পুরুষোত্তম সঞ্জয়াদি যত। অনন্ত গৌরাঙ্গ ভক্ত নাম জানি কত॥ সবেই প্রভুর নৃত্যে থাকেন সংহতি। পারিষদ বিনা আর প্রবেশ নাহি তথি॥ প্রভুর হুঙ্কার আর নিশায় হরিধ্বনি। ব্রহ্মাণ্ড ভেদয়ে যেন হেনমত শুনি॥ বল্‌গিয়া মরয়ে যত পাষণ্ডির গণ। আনন্দে কীর্ত্তন করে শ্রীশচীনন্দন॥ সে কোমল শরীরে আছাড় বড় দেখি। গোবিন্দ সঙরে আই বুজি দুটি আঁখি॥ কখনো ঈশ্বর ভাবে প্রভুর প্রকাশ। কখনো রোদন করে বোলে মুই দাস॥ পুণ্যবন্ত শ্রীবাস অঙ্গনে শুভারম্ভ। উঠিল মঙ্গলধ্বনি গোপাল গোবিন্দ॥ শ্রীবাস

পণ্ডিত লই এক সম্প্রদায়। মুকুন্দ লইয়া আর জন কতো গায়॥ লইয়া গোবিন্দদত্ত আর কতো জন। গৌরচন্দ্র নৃত্য সবে করেন কীর্ত্তন॥ ধরিয়া বুলেন নিত্যানন্দ মহাবলি। অলক্ষিতে অদ্বৈত লয়েন পদধুলি॥ গদাধর আদি যত সজল নয়নে। আনন্দে বিহ্বল হৈল প্রভুর কীর্ত্তনে॥ যখন উদ্দণ্ড নৃত্য প্রভু বিশ্বম্ভর। পৃথিবী কম্পিত হয় সবে পায় ডর॥ কখনো বা মধুর নাচয়ে বিশ্বম্ভর। যেন দেখি নন্দের নন্দন নটবর॥ ক্ষণে ধ্যান করি করে মুরলীর ছান্দ। সাক্ষাৎ দেখয়ে যেন বৃন্দাবন চান্দ॥ যখন যে ভাব হয় সেই অদভুত। নিজ নামানন্দে নাচে জগন্নাথ সুত॥ ক্ষণে ক্ষণে মহা-স্বদ হয় কলে বরে। মূর্ত্তিমতী গঙ্গা যেন আইল স শরীরে॥ প্রভুর আনন্দ দেখি ভাগবতগণ। অন্যো অন্যে গলাধরি করেন ক্রন্দন॥ সবার শ্রীঅঙ্গে শোভে শ্রীচন্দনমালা। আনন্দে গাইয়া কৃষ্ণ সবে হইল ভোলা॥ মৃদঙ্গ মন্দিরা বাদ্য শঙ্খ করতাল। সংকীর্ত্তন সঙ্গে সব হইল মিশাল। ব্রহ্মাণ্ডে উঠিল ধ্বনি পূরিয়া আকাশ। চৌদিগের অমঙ্গল যায় সব নাশ॥ এ কোন অদ্ভুত যার সেবকের নৃত্য। সর্ব্ব বিঘ্ন নাশ হয় জগত পবিত্র॥ সে প্রভু আপনে নাচে আপনার নামে। ইহার কি ফল কিবা বলিব পুরাণে॥ চতুর্দ্দিগে শ্রীহরি মঙ্গল সংকীর্ত্তন। মধ্যে নাচে জগন্নাথ মিশ্রের নন্দন॥ যাঁর নামা-নন্দে শিব বসন না জানে। যাঁর নামে শিব নাচে সে নাচে আপনে॥ যার নামে বাল্মীক হৈল তপোধন। যাঁর নামে অজামিল পাইল মোচন॥ যাঁর নাম লৈয়া শুক নারদ বেড়ায়। সহস্রবদন প্রভু যার গুণ গায়॥ নিজ নামানন্দে নাচে প্রভু বিশ্বম্ভর। চরণের তাল শুনি অতি মনোহর॥ সকল বৈষ্ণব প্রভু দেখি একে একে। ভাবাবেশে পূর্ব্ব নাম ধরি সবা ডাকে॥ হলধর শিব শুক নারদ প্রহ্লাদ। রমা অজ উদ্ধব বলিয়া করে নাদ॥ পূর্ব্বে যেই সাম্ভাইল বাটীর ভিতরে। সেই মাত্র দেখে অন্য প্রবে-শিতে নারে॥ যেন মহারাসে ক্রীড়ায় কত যুগ গেল। তিলার্দ্ধেক হেন সব গোপিকা মানিল॥ এই মতে কৃষ্ণের অচিন্ত পরকাশে। ইহা জানে ভাগ্যবন্ত চৈতন্যের দাসে॥” ইতি। পদ যথা। জয়রে জয়রে গোরা শ্রীশচী-নন্দন মঙ্গল নঠন সুঠাম। কীর্ত্তন আনন্দ শ্রীবাস রামানন্দ মুকুন্দ বাসুগুণ গান॥ বাজে দ্রাং দৃমিকি দৃমি দৃমি মধুর মন্দির রসাল। শঙ্খ করতাল ঘণ্টা রব ভেল মিলিল পদতলে তাল॥ কেহু দেহি গোরা অঙ্গে সুগন্ধি চন্দন কেহু দেহি মালতির মালারে। পিরিতি ফুল শরে মরমে ভেদল ভাবে সহচর ভোরোরে॥ কোই কহত গোরা জানকী বল্লভ রাধার প্রিয় পাঁচ বাণ। নয়নানন্দের মনে আন নাহিক জানে গৌর আমার গদাধরের

প্রাণ” ।ইতি॥ বিহরে কীর্ত্তন সুখে গৌরাঙ্গ সুন্দর। অধিক হইল নিশি দ্বিতীয় প্রহর। কতক্ষণ অন্তে প্রভু কীর্ত্তন রাখিয়া। অঙ্গনে বসিলা সব ভক্তবর্গ লৈয়া॥ কীর্ত্তনের পরিশ্রম দূর করিবারে। ব্যজনাদি সেবা করে প্রিয় পরিকরে॥ শচী দেবী সঙ্গে লই লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া। চলিলেন গৃহ প্রতি ত্বরাযুক্ত হৈয়া॥ আর যত ভকত জনের পরিবার। হরিষে চলিলা সবে আপন মন্দির॥ এথা শচীদেবী মুক্ত করিয়া দুয়ার। গৃহমাঝে প্রবেশিল আনন্দ অপার॥ ভক্ষণের আয়োজন লাগিল করিতে। নেত্র দিয়া রহে গোরা গমনের পথে॥ গৌরাঙ্গ বিদায় দিয়া সর্ব্ব ভক্তগণে। আসিয়া বসিল প্রভু আপন ভবনে॥ কোন দিন গ্রীষ্মকালে করিয়া কীর্ত্তন। ভক্ত সহকরে রাত্রে গঙ্গায় মজ্জন॥ কীর্ত্তন বিহার শ্রম দূর করিবারে। সুক্ষ্মতিতা বস্ত্রে অঙ্গ মোছায়ে কিঙ্করে॥ বস্ত্র পরিবর্ত্ত করি ধুই শ্রীচরণ। আসনে বসিল গিয়া করিতে ভোজন॥ সুবর্ণ থালিতে নানা ভক্ষ্য উপহার। শচীদেবী আনি দিলা পুত্রের গোচর॥ সম্মুখে বসিয়া আই প্রভুরে নেহারে॥ আগ্রহ করিয়া খাওয়ায় যেন স্নেহান্তরে॥ ঈষৎ হাঁসিয়া প্রভু করেন ভোজন। লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া দেখে ভরিয়া নয়ন॥ ভোজন সমাপি প্রভু করি আচমন। নিভৃতে বসিয়া করে তাম্বুল ভক্ষণ॥ তবে যাই প্রবেশিল শয়ন মন্দিরে। শয়ন করিল গিয়া পালঙ্ক উপরে॥ প্রভু অবশেষ দ্রব্য যত কিছু ছিল। লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া তাহা ভোজন করিল॥ ঈশানাদি করিয়া যত দাসগণে। গৃহসংস্কারাদি করি করিল শয়ন। অলক্ষিতে যাই শীঘ্র লক্ষ্মী বিষ্ণুপ্রিয়া। প্রভুর চরণ-সেবা করেন আসিয়া॥ শ্রীচৈতন্য ভাগবতে॥ “ভোজনান্তরে প্রভুর তাম্বূল ভোজন। শয়ন করিলে লক্ষ্মী সেবেন চরণ॥” ইতি॥ হরিদাস গদাধর আদি ভক্তগণ। প্রভুর মন্দিরে কৈল নিশায় শয়ন॥ নিত্যানন্দ প্রভু এথা ভোজন করিয়া। শয়ন করিল অতি আনন্দিত হৈয়া॥ অদ্বৈত শ্রীগদাধর আর বক্রেশ্বর। শ্রীবাস শ্রীনরহরি আদি পরিকর॥ নিজ নিজ গৃহ প্রতি সবে চলি গেল। ভোজন সমাপি সবে শয়ন করিল॥ শ্রীচৈতন্য ভাগবতে॥ “অদ্যাপিহ সেই লীলা করে গৌররায়। কোনো কোনো ভাগ্যবানে দেখিবারে পায়॥” ইতি॥ নিঃশব্দ হইল যত সব স্থির চর। সুখে নিদ্রা যায় প্রভু গৌরাঙ্গ সুন্দর॥ সোণার গৌরাঙ্গ নিত্যানন্দ প্রভুর দাস। সংগ্রহি ভাষিল নবদ্বীপচন্দ্র দাস॥

ইতি শ্রীগৌরাঙ্গ-লীলামৃত অর্থাৎ অষ্টকালীন শ্রীমহাপ্রভুর লীলাবিলাস সারসংগ্রহ।

অথ রাধাকৃষ্ণের ষষ্টিদণ্ডের যথাক্রম লীলাবিলাস পদাবলি
কবিবায়শেখর কৃত। যথা।

রসগৃহ গমনং। সময় প্রভাত। স্থান সাবট; রাগ বিভাষ। কতহুঁতুলহু-সঙ্গভৈগেল বিচ্ছেদ। মন মহাগাঢ়ন বাঢ়ন খেদ॥ ঝর ঝর লোচনে শশীমুখী রোই। অলখিতে আওল লখই না কোই। সহচরিগণ মেলি সেজ বিছাই। অলসে অবশ ধনি সুতলি তাই। অন্তরে গর গর শ্যামরু লেহ। সখিগণ সবেরে চললি নিজ গেহ॥ সব জন পূরণ নিজ নিজ সাধ। কহ কবি শেখর রস মরিজাদ॥ ১॥ যথা রাগ॥ নিন্দে নিন্দায়লি বালা। নিসি বাসর জাগী ভৈগেলি দুবলা। তড়িত লতিকা সমরামা। রতিরণ সরমে ঘরমে ভেলি শ্যামা॥ অলসিনি অঙ্গ অথির॥ সম্বর না করু পীতম চীর॥ মনসিধি সাধই রাধা। অলখিতে আওল না পড়ল বাধা॥ কহ কবি শেখর রায়। ধরম করম লাগি উড়নি ভায়॥ ২॥ অরুণোদয়ে দেব্যাগমনং। গৃহে শয্যোত্থানং চাটূক্তি বন্দনা রস বিলাস গোপনঞ্চ॥ যথা রাগ॥ ভগবতি দেবতি সময় সে জান। রাইক মন্দিরে করল পয়ান॥ সুতলি দেখলি অতি বিপরীতে। গুরুজন বচন না মানই ভীতে॥ তপসিনি করল কতহু অনুমান। করে পরশই করু রাই জাগান॥ চমকি উঠলি ধনি থর থর কাঁপী। পীতম বসনে সবহুঁ তনু ঝাঁপী॥ রতি বিপরীত চিহ্ন করলিনি গোই। বাকরতল তনু বেকত না হোই॥ কর যুড়ি কামিনি প্রণতী করু দেবী। আজু সফল দিন তুয়া পদ সেবি। কামিনী কাহিনী কহু কত বন্ধে। দেবতি মঙ্গল দেই মৃদ-ছন্দে॥ কহ কবি শেখর শুন সুকুমারি॥ পীত বসন তুহু রাখ সামারি॥ ৩॥ জরতি খণ্ডিতা॥ আজু বিপরিত ধনি দেখনু তোয়। সমুঝি না পারই সংশয় মোয়॥ তুয়া মুখমণ্ডল পুর্ণমিকচাঁদ। কাহ লাগী ভৈ গেল ঐ ছন ছাঁদ॥ নয়ন যুগল ভেল কাজর বিথার। অধর নিরস করু কোন গোঁঞার॥ পীন-পয়োধরে নখ রেখ দেল। কনক কুম্ভ জনু ভগন তহি ভেল॥ অঙ্গে বিলে-পন কুঙ্কুম তার। পীতাম্বর ধরু ইথে কি বিচার॥ সুজন রমনি তুঁহু কুল-বতি বাদ। কা সঞে ভুঞলি মরমক সাধ॥ কামিনী কাতর দেবী সমবাদে। সেখর কহ লই বড় পরমাদে॥ ৪॥ যথারাগ॥ তুয়া অঙ্গে পীতম চীরে। কুচ যুগ দংশল কীরে॥ অধর বিম্বুফল তোরি। কো রস নেল নিঙ্গেরি॥ বচন বোলসী আন ভাঁতি। কাসঞে বঞ্চলিরাতি॥ হৃদয় নখর গতি রিতি। হেরইতে পায়নু ভীতি॥ ইহ বস কাহিনী কহই। জরতি উচেতন বচনই॥ বায়সেখর পরমানে॥ রাইকরু অমিয়া সিনানে॥ ৫॥ অথ মঞ্জরীপ্রক্রিয়া। নিশি অবসানে, সব দাসীগণে, সত্বরে করএ কাজ। বেসের মন্দিরে, মাজল

সুন্দর রাখল বেশের সাজ॥ কি না সে দাসীর রীত। জানিয়া মরম, করয়ে করম, যাহাতে আপন জিত॥ ধ্রু॥ দশন মাজনি, রসনা শোধনি, থুইল থালির পরি। কর্পূর সহিত, মরীচ চুরিত, যতন করিয়া করি॥ নির্ম্মল সলিল, সুগন্ধি শীতল, পুরিঞা গাগরি ঝারি। মুখ পাখালিতে, সিনান করিতে, বেদির উপরে ধরি॥ গামছা কাচিয়া, শুকল করিয়া, রাখল পৃথক করি। এ তৈল আমলা, আনিলা শ্যামলা, বেলিয়ে বেলিয়ে ভরি॥ উবটন করি, কনক মঞ্জুরি, আনল রাইর তরে। মুঞ্জুরি রতন, করিয়া যতন, আনল সিনান চিরে॥ গুণবতি তথি, কর্পূর মালতি, সুগন্ধি শীতল করি। বিধি অগোচর, নানা উপহার, থালিয়ে বেলিয়ে ভরি॥ বিচিত্র বসন, তাহাতে ঢাকন, করল পরম সুখে। রাইর ইঙ্গিতে, রাখল গুপতে, যেন আন নাহি দেখে॥ কর্পূর চন্দন, মালতির মাল, শেখর যতন করে॥ সে পীত বসন, আনিয়া তখন, আপন আড়েতে ধরে॥ ৬॥ *॥ দিবা অর্দ্ধদণ্ডে কারুণ্যামৃতস্নানমেকদণ্ডাবধি কান্তমোহনবেশ॥ *॥ পাই অবসরে, রাই সে সত্বরে, আইলা সখির মাঝে। সব সখি গণ, খসান ভূষণ, পরান সিনান সাজে॥ সখি দেখ না রাইর রঙ্গ। রতিপতি কতি, বিন্ধিয়া যুবতী, ভব-রণে দিল ভঙ্গ॥ হাস পরিহাসে, বসিয়া আওাসে, মুখানি মাজল নীরে। মাজল যতনে, রসনা দশনে, শোধন মরীচ চুরে॥ তৈল আমলকি, দিল সব সখি, উবটনে তুলি মলা। সুগন্ধি সলিলে, সিনান করিলে, শীতল হইল বালা॥ গামছা আনিয়া, গাখানি মুছিঞা, পরান নিলিম বাস। বেশের মন্দিরে, পশিল সত্বরে, সখিগণ চারি পাশ॥ সে কালে বিচার, সে উষ সিঙ্গার, তাম্বুলে ভরল মুখ। উপহার লঞা, করে পরশিঞা, পাওল পরম সুখ॥ কহে রঙ্গলতা, আর এক কথা, শুনহ রাজার ঝি। কুন্দলতা ধনি, আসিবে এখনি, হেনই বাসিতেছি॥ দেখ একজন, বুঝহ কারণ, জটিলা নিকটে যাই। বুঝিতে সত্বর, হইল শেখর, রাইর ইঙ্গিত পাই॥ ৭॥ *॥ নন্দীশ্বরস্থানে ব্রজেশ্বরী জাগরোৎকণ্ঠা প্রভাতে সজ্জা অনুসারে নিজজননিযুক্তক্রিয়া॥ *॥ নিশি অবসান জানি নন্দের ঘরণী। দাস দাসী ডাকিয়া কহয়ে প্রিয় বাণী॥ আমার জীবন ধন, কানাই বলাই। লালিবে পালিবে তারে তোমরা সবাই॥ রাণীর উদার বোল শুনি দাস দাসী। আবেশে করয়ে কায প্রেমানন্দে ভাসি॥ কুন্দলতা কোথা কহে রাণী যশোমতী। রাধারে আনহ গিয়া বুঝিঞা জরতী॥ জটিলা নিকটে ঝাট চলিলা যুবতি। রোহিণী কহেন আইস শেখর সংহতি॥ ৮॥ *॥ অরুণোদয়ে কুন্দলতা গমনং॥ দেখি কুন্দলতা, জটিলা উনমতা, পরম আনন্দে নাচই। ধরিয়া করিল কোলে, তিতয়ে

আঁখির জলে, কুশল বারতা পুছই॥ অ মোর বাছনি, সত হি কাহিনী, কহবি নিকটে মোহরি। তুঁহু সে কুলবতি, জগতে কি রিতি, হামারি বিশাস তোঁহরি॥ গোপপুর ভরি, যতহুঁ সুন্দরী, কাহুক না রহু লাজ রি॥ তো হেন কুলবতী, নাহিক যতি সতী, ঘোষয় লছীমি সমাজরী। হরষি কুন্দলতা, ভরসি কহে কথা, কতহু বিনয় বেভারই। চতুর শেখর, জরতী অন্তর, কতহু যতনে সুধার ধারই॥ ৯॥ *॥ দিবা অর্দ্ধদণ্ডে জরতি পরিচর্য্যা॥ যথারাগ। যশোদা সুন্দরী, না জানে চাতুরী, পরম উদার সেহ। যখন যা বোলে, তখনি তা ভোলে, সবারে সমান লেহ॥ হে দে গো আরিয মা। যে জন আমারে, পাঠালে সত্বরে, দেখিতে তোমার পা॥ চুল খড় ধরি, দশন উপরি, যে সব কহিল রাণি। সে সব শুনিতে, হেন নয় চিতে, পাষাণ গলয়ে জানি॥ সামির চরণে, কহিঞা বচনে, গুপতে আনিবে বহু। অলখিতে পথে, আনিবে তুরিতে, যেমনে না দেখে কেহু॥ শুনিঞা বিনতি, উলাসি জরতি, চলিল রাইর ঘরে॥ কুন্দলতা করে, সঁপিয়া বধুরে, রাণীরে আশিষ করে॥ ধনি কর লঞা, নিজ শিরে দিয়া, কহয়ে কাতর বোল। কুলের ধরম, পুতের সরম, সকলি রাখিবে মোর॥ যশোদা তনয়, না মানে বিনয়, তাহারে আমার ডর। নিভৃত কেতনে, থাকিবে যতনে, যেমনে না হাসে পর॥ কুন্দলতা কহে, তুমি দেব মোহে, চরণ পরশ তোর। শেখরের ঠাঞি, কোন ডর নাঞি, ও বড় ভরসা মোর॥ ১০॥ ॥*॥ দিবা এক দণ্ডে জরতী যথা॥ জরতী যতন করি, কহে শুন সুন্দরী, সখি সঙ্গে করহ পয়ান। ওড়ন মোড়ন মাথে, দেখিয়া চলিবে পথে, লখিতে নারএ যেন আন॥ বড়ুয়ার ঝিয়ারি বট, কুলে শীলে নহ ছোট, সবগুনে হও পর বিন। থাকিবে সবার কাছে, বুঝিবে আপন কাযে, আমি আর জীব কত দিন॥ সত্বরে বিদায় করি, জটিলা চলিলা বুড়ি, উল্লাসিত রসবতী রাধে। রঙ্গিনী সঙ্গিনী তার, লই সেই উপহার, চললই পুরইতে সাধে॥ গজেন্দ্র গমন যিনি, চলে সেই বিনোদিনী, সুগঢ় সখির হেলি অঙ্গ। এ কবি শেখর-রায়, পুছিতে পুছিতে যায়, রজনী বিলাস রস রঙ্গ॥ ১১॥ *॥ দ্বিতীয় দণ্ডে সখি বিতর্ক॥ এধনি ঐছন কহবি মোয়। কৈছন কৈছন দেখলু তোয়॥ নয়ান বয়ান আনহি ভাঁতি। বোলসি কাহিনী ভুলসি পাঁতি॥ সুরঙ্গ অধর বিরঙ্গ ভেল। কা সঞে কামিনী করলি কেল॥ কা সঞে কামিনী কয়লসি লাজ। বেকত ভৈ গেল গুপত কায॥ জঘনে যখন কাঁপয়ে তোর। মদন মথন করল জোর॥ গৌর পয়োধর ভেলহি রাতা। নখর আর ঢাপসি গাঁতা॥ ছেলহু ছেলহু হেরমু তাই। অলসে অকুল উঠত হাই॥

পুলকে পূরিত তোহারি গা॥ চলসি মন্থর অথির পা॥ অমিয়া সায়রে, তুহুসে রাই। মুকুন্দ মাতঙ্গ বিহরু পাই॥ কহই শেখর না কর লাজ। কহ না কাহিনি সখির মাঝ॥ ১২॥ আসোয়ার শ্রীরাগ॥ কি কহবোরে সখি তোহারি মাঝে। কহইতে কাহিনি লাগয়ে লাজে॥ সুতলি ঘুমায়লি হাম অগেয়ান। অলখিতে আওয়ল নাগর কান॥ পীন পয়োধরে দেয়লি জাঁতা। তুরিতে লুকায়ল দেহ বিগতা॥ তৈছনে অধর রস পিবই মোর। জাগই মনমথ ঝাঁপই ভোর॥ থর থর কাঁপই কোরে অগোরি। তব হাম টুটলি নিন্দকি ভোরি॥ করকো পরশ জনি ছুঁইল সুজান। যোই কর মোহে সোই সুজান॥ নাগর বেরি মুঞে মুদল আঁখি। তবহুঁ ভৈগেও শেখর সাখি॥ ১৩॥ হাম অবলা নারী কিয়ে গুণ্ জান। সো রসময় তনু ছলই সুজান॥ কতহুঁ জানে মোরে কোরে বসাই। বান্ধল বেণি কিয়ে কবরি খসাই॥ কঞ্চুক দেয়ল করি কত ছন্দ। কিঙ্কিনী জালে করলি নিবি বন্ধ॥ নিজকরপল্লবে মঝু মুখ মাজি। সাজরে নয়ানে কিয়ে কাজরে আজি॥ অলকা তিলকা দেই চমকি নেহারি। কহ কবি শেখর যাঁও বলিহারি॥ ১৪॥ চিরুনি করে ধরি, কেশ বেশ করি, সিথায়ে দেই সিন্দুর। নাসাবেশ করি, বসন পরায়ই, পায়ে ধরি পরায়ে নূপুর॥ চিবুক ধরি মুখ, সঘনে সে হেরই, যো কিছু কহয়ে মধুর। অধর নিরস হেরি, দিব্য দেই বেরি বেরি, মুখ মেলি খাওয়ায়ে তাম্বুল॥ সে মোর শ্রমজলে, মোছই আঁচলে, দেয়ত বসনক বায়। নবিন-চম্পক-মালসম তনু বিয়া বিছিয়া মু শেষে না সোয়ায়॥ রভস আবেশে নয়ান মুদি বহু চমকিয়ে সঘনে জাগায়॥ কাহুক পিঠ দেই, কেহনা সুহই, ঘুমে আঁখি না ঢুলায়॥ বৃন্দাবন ভরি, রসের বাদর, রজনি দিবস নাহি জান॥ কৃপণ ধন সম তিলেক না ছোড়ই রায় শেখর পরমাণ॥ ১৫॥ ●॥ অথনন্দীশ্বর মধ্যে শ্রীকৃষ্ণস্য নিজালয়ে অলক্ষিত গমনং শয়নঞ্চ॥ বিভাস॥ রসবতি সঙ্গে। জাগি রস রঙ্গে॥ সুতলি পালঙ্কে। কাহু নাহি সঙ্গে॥ মদন তরঙ্গে। যুবতী কলঙ্কে॥ কিয়ে ভেল শোভা। শেখর লোভা॥ ১৬॥ *॥ অরুণোদয়ে মাতৃ খণ্ডিতা॥ সুহইরাগ॥ সবারে সকল, কাজে নিযোজিয়া, আনন্দে নন্দের রাণী। কানুর শয়ন, ভবনে আসিঞা, কহয়ে মধুর বাণী॥ উঠহ বাছনি, মোজাও নিছনি, অলস করহ দুর। আসিয়া ছাওয়াল, আঙ্গিনা ভরল, উদয় করল সূর॥ রামের বসন, পরিলে কখন, কে নিলে বসন তোর। রাতা উৎপল, নয়ন যুগল, হেনই দেখিঞা জোর॥ নীল নলিন, আতপে মলিন, কি লাগি তেমন দেহ। উনমত হঞা, বুলহ ধাইঞা, কুদিঠি দিল বা কেহ॥ হিয়ার

উপর, কণ্টক আঁচর, গীছিলে কেমন বনে। আমার কপালে, না জানি কি ফলে, পরানে মরিব বেনে॥ দেবতা যতেক, দানব কতেক, ফিরয়ে গহন বনে। সে সব দেখিল, তাহাই হইল, হেনই বাসিঞা মনে॥ দেবের কারণ, মঙ্গলাচরণ, পূজিবে সিনান করি। এ দধি ওদন, করিয়া যতন, ভূজিবে উদর ভরি॥ মায়ের বচনে, জাগিঞা তখনে, হাসয়ে গোকুল রায়। দেবতি সে বেলি, আসিঞা পসিলি, যশোদা বন্দলি পায়॥ রাণীর নন্দন, গৌরীর চরণ, সঘনে জপন করে। শেখর যুকতি, শুন যশোমতি, কি ভয় তাহার তরে॥ ১৭ ॥ * ॥ দিবা অর্দ্ধদণ্ডে, দেবত্যাগমনং শ্রীকৃষ্ণস্য গৃহে শয্যোত্থানং মুখপ্রক্ষালনং গোদোহনঞ্চ॥ দেবতি আসিয়া ঘরে, প্রবেশিয়া, শয়নে দেখিয়ে কান। গায়ে হাত দিয়া, তারে জাগাইয়া, করাইল সাবধান॥ সত্বরে উঠিয়া, বুড়িরে বন্দিয়া, নয়ান কচালে হাতে। আশিষ পাইয়া, বাহির হইয়া, মিলিল সখার সাথে॥ যত দাসগণ, করিয়া সোপান, ধোয়াইল মুখচান্দে। দেখিয়া বদন, মরয়ে মদন, ফাঁফরে পড়িয়া কান্দে॥ সখাগণ সঙ্গে, নানারস রঙ্গে, খটিকে আইলা হরি। গাভিবৎস-সব, করে হাম্বারব, দোহন মটক ভরি॥ দোহন মোহন, না যায়ে কহন, আনন্দে আকুল গাই। শেখর আসিয়া, কহয়ে হাসিয়া, ঐ আসিতেছে রাই॥ ১৮ ॥ * ॥ দ্বিতীয়দণ্ডে শ্রীকৃষ্ণস্য রূপালস্যমিলনং॥ * ॥ রজনী কাহিনী, কহিতে রমণী, পুলকে পূরল দেহা। কনকবরণী, কি হলো না জানি, সোঙরি সে সব লেহা॥ অঙ্গের বসন, খসয়ে তখন, নয়নে ভরল নোর। বিষাদে বিকল, বিছুরি সকল, চরণ চালয়ে থোর॥ হৃদয় মন্দিরে, পিরীতি পালঙ্ক, রসের বালিশ তায়। আরতি তোসনি, তাহাতে পাতনি, সুতল সুন্দররায়॥ পিয়ার পিরীতি, কহয়ে যুবতী, ধরিয়া সখির করে। শেখর সত্বরে, দেখায়ে রাধারে, খটীকে নাগরবরে॥ ১৯ ॥ ॥ * ॥ তৃতীয় দণ্ডে নাগরোন্মত্ত রাধায়া হৃদয়মন্দিরে প্রবেশ॥ রাধার মুখশশি, হেরইতে আকুল, ভৈগেল নন্দ কিশোর। নিজকুল ধরম, করম সব বিছুরল, বিছুরল ছান্দন ডোর॥ হরি হরি কিয়ে ভেল রঙ্গ। বিছুরল শৃঙ্গবেত্র, বেনু বিছুরল, বিছুরল অগ্রজ সঙ্গ॥ বিছুরল সুবল মধু মঙ্গল বিছুরল যুদ্ধকর ষণ্ড। মদন-মহামনমহোদধি উছরল বিছুরল দোহন ভাণ্ড॥ হেরইতে ভাবিনি, সোরূপ লাবনি, তনু-মন-যৌগিক-বন্ধে। খটীক সমীপে, সুধামুখি মিলল, রায় শেখর রহ ধন্ধে॥ ২০ ॥ ॥ * ॥ পূর্ব্বাহ্নে মিলনং চকিতাবলোকনং সখীনাং চাতুর্য্যং রাজমন্দিরে প্রবেশঃ॥ পথগতি মিললি রাধাকান্। দুহু মনে মনসিজ পূরল সন্ধান্॥ দুহু মুখ হের

ইতে দুহু ভেল ভোর। সময় না বুঝল অচতুর চোর॥ বিদগধ সঙ্গিনি সব দিগ জান॥ কুটিল নেহারি করল সমাধান॥ চললি রাজ-পথে দুঁহে উভ চাই। কহে কবি-শেখর সখী চতুরাই॥ ২১॥*॥ অথ নন্দালয়ে প্রক্রিয়া যথা রাগ॥ নিশি অবসানে, দাস দাসীগণে, তরায়ে করয়ে কাযে। যার যে বা কাম, করি অনুপাম, সবাই সবারে তোয়াজে॥ দেব পুরন্দর, জিনিয়া তাহার, রন্ধন মন্দির সাজে। ধনিষ্ঠা সুন্দরী, রন্ধন সামগ্রী, রাখিল তাহার মাঝে॥ জালিতে ইন্ধন, আনল চন্দন, রাখল যতন করি। বসিতে আসন, জলের ভাজন, তাহার নিকটে ধরি॥ সুশীলা সুন্দরী, রসের চাতুরী, সুন্দর রন্ধন জানে। বিধি অগোচর, নানা উপহার, করল আপন মনে॥ কর্পূর মালতী, করল যুবতী, মনোভবা মনোহরা। কমলা কদমা, বিয়ড়ি পদুমা, মোতিচুর সুতহারা॥ অমৃতকেলিকা, আদি সে লড্ডুকা, খণ্ড মোণ্ডা-পদ্মচিনি। গজা খাজা পেড়া, চলাচন্দ্র চুড়া, মিশ্রেরি মারিয়া ফেণি॥ লুচি পুরি করি, রস বড়ী ধরি, সরভাজা সরপুলী। মাঠারিসাকরা, সব রস ঝরা, যতন করিয়া করি॥ সুগন্ধি শীতল, করিয়া নির্ম্মল, পূরিয়া সোণার থালি। ভোজন ভবনে, রাখল যতনে, ঢাকিয়া নেতের ফালি॥ দধি দুগ্ধ আর, গাভি ঘৃত সার, নূতন নবীন ছেনা। নারিকেল জল, করিয়া শীতল, নবীন বাসনে পানা॥ আম্রের আচার, কত পরকার, কলা পাণিফল আদা। ভাজনে ভরিয়া, রাখল ঢাকিয়া, রাণীর মনের সাধা॥ সবে করে কাম, না করে বিশ্রাম, আনন্দে আকুল চিত। একতান হৈয়া, মধুর করিয়া, গাওয়ে রসাল-গীত॥ নিজ কাজ সারি, সকল সুন্দরী, রাণিরে কহিতে যায়। রাধিকা দুলালি, আইল সে বেলি, সঙ্গতি শেখর রায়॥২২॥*॥ চতুর্থদণ্ডে গো-দোহনং সংপূর্ণ॥ গৃহাগমনং স্নানবেশাদিকরণং তথা রন্ধনং স্বগণসহিতভোজন-লীলা সংপূর্ণা।॥ যথারাগ॥ রাধারে দেখিয়া, উন্মত্ত হইয়া, যশোদা করল কোরেং। মুখানি মুছিয়া, চুম্বন করিতে, ভিগেল নয়ান লোরে॥ সে যে রসবতি, করল প্রণতি, যশোদা রোহিণী পায়। প্রিয় সখিগণ, গুপুত বসন, সোঁপিল ধনিষ্ঠা ঠায়॥ লইয়া বসন, করিলা গোপন, ধনিষ্ঠা যতন করি। করিয়া আদর, লই উপহার, রাণির নিকটে ধরি॥ বিবিধ বিধান, দেখিয়া পকান, উলসি তাহার চিত। যশোদা রোহিণী, বুঝল কাহিনী, দেখিয়া রাইর-চিত॥ আসি দাসীগণ, রাধার চরণ, ধোয়ান শীতল নীরে। অতি সুকুমোল, এথল কমল, মুছল পাতল চীরে॥ রোহিণী সহিতে, রন্ধন করিতে, বসিলা রাজার ঝি। সব সখিগণ, জোগায় জোগান, শেখর জোগায়ে ঘি॥২৩॥ সুগন্ধি ওদন, বিবিধ ব্যঞ্জন, ত্বরিতে রন্ধন করি। খটিকে হইতে, সখার সহিতে, ঘরকে

আইলা হরি ॥ নন্দরাণী কহে, জাহ বাছা সবে, সিনান করিয়া আসি। কানুর সহিতে, পরম পিরিতে, ভোজন করিবে বসি ॥ কমল নয়ন, করিতে সিনান, বসিল বেদির পরে। রক্তক আসিয়া, চরণ মুছিয়া, পরান সিনান চীরে ॥ পত্রক পত্রিক, যতেক সেবক, কানুর সিনান তরে। সুগন্ধি শীতল, নির্ম্মল সলিল, ধরল বেদির পরে ॥ আনি মধুকণ্ঠ, উদ্বর্ত্তন বাটি, মর্দ্দন করায়ে অঙ্গে। মদনমোহন, করেন সিনান, সব দাসগণ সঙ্গে ॥ সিনান করিয়া, গাখানি মুছিয়া, পরল পীতম ধড়া। কানুর ভোজন, গোপান কারণ, শেখরে পড়য়ে সাড়া ॥ ২৪ ॥ ভোজন লীলা ॥ ভোজন মন্দির, ভিতর বাহির, শোধিয়া শীতল করি। পিড়ি সারি সারি, সুবর্ণ ঝাঝরি, সুগন্ধি সলিলে ভরি ॥ রাই সখিগণ, যতেক মিষ্টান্ন, সব ক্রমে করি রাখি। সে সব বিনানি, নন্দের ঘরণি, দেখিয়া হইলা সুখি ॥ কানাই বলাই, মেলি দুটি ভাই, সখা-গণ করি সঙ্গে। ভোজনে বসিয়া, পক্কান্ন দেখিয়া, বটুর বাঢ়ল রঙ্গে ॥ রোহিণী নন্দন, করেন ভোজন, কানুর ডাহিনে বসি। বামেত সুবল, সম্মুখে মঙ্গল, সঘনে উঠয় হাসি ॥ রামের জননি, দিছেন আপনি, রাধিকা রান্ধিলা যত। সুগন্ধি ওদন, বিবিধ ব্যঞ্জন, তাহা বা কহিব কত ॥ বিধি অগোচর, যত উপহার, দিছেন যশোদা মায়। রাধার বদন, দেখি অচেতন, হইলা নাগর রায় ॥ অরুচি দেখিয়া, আকুল হইয়া, কহেন নন্দের রাণী। রাধা রসবতি, কর্পূর মালতি, তোমার লাগিয়া আনি ॥ তুমি না খাইলে, রাই না আসিবে, সরূপে কহিনু তোরে। বিশাখা ললিতা, আর কুন্দলতা, ঠারিয়া কহিছে মোরে ॥ মায়ের বচনে, পাইল চেতনে, নাগর-শেখর কান্। রাই সুখ দিয়া, আকণ্ঠ পুরিয়া, করল ভোজন পান ॥ সব সখাগণ, করিয়া ভোজন, উঠিলা আপন সুখে। আঁচমন করি, যায় ঘরাঘরি, কর্পূর তাম্বুল মুখে ॥ নন্দের নন্দন, করি আচমন, পালঙ্কে ঢালিল গা। চরণ সেবন, করে দাসগণ, শেখর করয়ে বা ॥২৫ ॥•॥ পঞ্চদণ্ডে রাধিকা ভোজন ॥ রন্ধনে রমণি, হইয়া মলিনি, বাহির হইয়া বসি। ঘামে টলমল, সে অঙ্গ অতুল, যেমন দিবস শশী ॥ আসি দাসীগণ, চতুর নিপুণ, মালতি বিরল ঘরে। বসিতে আসন, জলের ভাজন, সারি সারি করি ধরে ॥ যশোদা আকুলি, করিয়া বিকুলি, রাইরে করল কোলে। ও মোর বাছনি, মো যাঁও নিছনি, ভোজন করহ বোলে ॥ রাণীর বচনে, চলিলা ভোজনে, বসিলা আসনোপরি। রোহিণী আনিয়া, দেন জোগাইয়া, থালিয়ে বেলিয়ে ভরি ॥ রাইয়ের যে পণ, জানিয়া তখন, কুন্দ-লতা প্রিয়তমা। প্রিয়া শেষ আনি, ভুঞ্জায়ে রমণি, করিয়া চাতুরী সীমা ॥ সখিগণ সঙ্গে, নানা রস রঙ্গে, ভোজন করল সুখে। ভক্ষ্য সমাপন, করি

আচমন, তাম্বুল দেয়ল মুখে॥ পালঙ্ক উপরি, বসিলা সুন্দরি, বালিশে হেলায়া গায়॥ রাইয়ের ইঙ্গিতে, যে ছিল থালিতে, ভুঞ্জিল শেখর রায়॥২৬॥
*ততঃ সপ্তদণ্ডে উভয়বেশাদিকরণং॥ উলালি ঢুলালি, সোহাগে আগুলি, সাজনি যশোদা রাণী। চাচর চিকুর, সাজল সুন্দর, বান্ধল বিচিত্র বেণী॥ কি না সে রাণীর সাধা। নবীন বসন, ভূষণে মণ্ডিত, করলি সুন্দরি রাধা॥ উদয় অরুণ, গরব গরাসি, সিঁথির সিন্দুর খানি। তিলকে অলকে, ললাট ঝলকে, পলকে মোহয়ে মুনি॥ কাজলে সাজল, নয়ান যুগল, মাজল হেন সে মুখ। ভুরুর ভঙ্গিমা, রঙ্গিমা হেরিতে, কামের কাঁপয়ে বুক॥ নাসার উপর, বিষম বেসর, নিশ্বাসে সঘনে দোলে। বিপক্ষ দলনি, মুদ্রার খিচনি, সাজয়ে অঙ্গুলি পরে॥ জলদ পটল, গরব গরাসী, পরল নীলিম বাস। কিঙ্কিনী শবদে, অবদ করল, চটকে টটক ভায়॥ যশোদা রোহিণী, সেরূপ রমণী, সাজালি সকল গায়। দোহার পঞ্জনী, করিয়া যতনী, শেখর পরায়ে পায়॥ ২৭॥
যথারাগ॥ যশোদা রোহিণী, করিয়া যতনী, সাজাল সকল সখি। সুন্দরী কটক, চটক টটক, লাগয়ে কামের আঁখি॥ যশোদা অন্তর, অমিয়া সায়র, রাধিকা মকর তায়। আগম অথল, মধুব শীতল, ডুবল সকল গায়॥ আমার জীবন, তোমরা দুজন, দুইটি আখির তারা॥ ব্রজরাজ মন, জানিবে তেমন, সেজন আমারপারা॥ এবর করণ, তোমরাদুজন, শুনবড়ার ঝি। ধাতার মাথায়, পড়ল চিকুর, আর না বলিব কি॥ আর কিবা কহুঁ তোমা হেন বহু, নাহিক আমার ঘরে। হিয়ায়ে আগুনি, উঠিছে দিগুনী, আর কি বলিব তোরে॥ দিনেক সোয়াথে, নারিয়া রাখিতে, তাহারে হইল ডর। নিশ্বাসে ছিগুণ, চাহিয়া বুলয়ে, সে বড় বিষম ঘর॥ জটিলা কুপিলে, আসিতে না দিলে, সে আর আপদ বড়। কুটিলা কুমতি, বিষের মুরতি, সে ছুড়ি ধাউড়ি বড়॥ দুর্ম্মদ আয়ান, তারা দুই জন, না জানি কেমন রীত। শেখর যুকতি, শুন যশোমতি, সবার একই রীত॥২৮॥ ও মোর বাছনি ধনি, রমণীর শিরোমণি, ক্ষণেক বিশ্রাম কর সুখে। না হয় উছর বেলা, সখি সঙ্গে কর খেলা, কর্পূর তাম্বূল দেহ মুখে॥ রূপ গুণ কাজ তোর, পরান নিছনি মোর, শয়নে স্বপনে দেখি সদা। তোমা হেন গুণনিধি, আমারে না দিল বিধি, হৃদয়ে রহিয়া গেল সাধা॥ ধাতার মাথায় বাজ, যেন হেন করে কাজ, আমারে ভাণ্ডিল কোন দোষে। কানুর বিভারতরে, হেন নারি নাহি পুরে, চাহিয়া না পাই কোন দেশে॥ যশোদা বিষাদ কথা, শুনি বৃকভানুসুতা, বদনে বসন দিয়া হাসে। পুলকে পুরলগা, মুখে না নিঃস্বরে রা, ভাসল রাণির লেহ রসে॥ শেখর কহয়ে শুনি, ব্রজেশ্বরি এই বাণি, রাধিকা তোমার

সবে জানি। সখা সব পুরে বেণু, খড়িকে ডাকিছে ধেনু, সাজাহ রাখাল শিরোমণি॥ ২৯॥ সুমুখি সঙ্কেত জানি, ত্বরিতে চলিলা ধনি, আসিয়া বসিল বেশ ঘরে। কানুরে আনিয়া তথি, বেশ করে যশোমতি, দুঃখে হিয়া দর দর করে॥ কাছ কাছে নাটুয়ার ছান্দে। শিলা গুঞ্জা দিয়া বেড়া, টানিয়া বান্ধিল চুড়া, তাহে শোভে ময়ুরের চান্দে॥ কিবা সে গ্রীবার শোভা, মদনের মনো লোভা, রোচন-তিলক শোভে ভালে॥ হিয়া হারে মণি জলে, বনমালা গলে দোলে, অমূল্য মুকুতা নাসা তলে॥ অঙ্গদ বলয় করে, শোভিয়াছে থরে থরে, চন্দনে চিকণ কাল তনু। পরাইল পীত ধড়া, তাহাতে ঘাঘর বেড়া, চলইতে করে রুনু ঝুনু॥ রাতুল ধড়ার থোপ, দুই দিগে নামিয়াছে বঙ্করাজসনে করে মেলা। ক্ষণে ক্ষণে উড়ে বায়, আসিয়া লাগয়ে পায়, নূপুর সহিতে করে খেলা॥ ডাকিনী যোগিনী ভয়ে, ধড়ে প্রাণ নাহি রয়ে, বাদিয়া সাধিয়া আনি মা। অজর বজর তনু, হয়ে যেন রাম কানু, এমতি বাদিয়া দিবে গা॥ বাদিয়া সাধন পড়ি, বান্ধে রক্ষা মন্ত্র পড়ি, রাম দামোদর দেখি হাসে। দণ্ডবৎ করি মায়, রাম দামোদর যায়, যশোদা রোহিণী তার পাশে॥ রহিয়া রহিয়া যায়, ফিরিয়া ফিরিয়া চায়, জননী প্রবোধি বারে বারে॥ শেখর শুনহ বোল, কি লাগি করহ রোল, মায়েরে লইয়া যাহ ঘরে॥৩০॥ মাতুরুন্মাদঃ॥ হিয়ায়ে আগুণিভরা, আঁখি বহে বসুধারা, দুঃখে বুক বিদরিয়া যায়। ঘর পর যে না জানে, সে জন চলিল বনে, এতাপে কেমনে সহে মায়॥ আমার যাদব দুলালিয়া। কি ধন নাহিক মোরা, বনে কেনে যাবি তোরা রাখালে রাখিবে ধেনু লৈয়া॥ আমার নয়নের তারা, হাপুতির পুত তোরা, হেন বুদ্ধি কেনা দিল তোরে। দুধের ছাওয়াল হয়া, বনে যাবে ধেনু লৈয়া, কি দেখি রহিব মোরা ঘরে॥ ননি জিনি তনু খানি, আতপে মিলায় জানি, সে ভয়ে সঘন মন কাঁপে। বাড়ব আনল পারা, বিষম রবির খরা, কেমনে সহিবে তারা তাপে॥ আর এক শুনি কথা, অসুর আছয়ে তথা, ছাওয়াল ধরিয়া ফিরে বনে। সকল গোয়াল মেলি, আমারে কহিল কালি, সে কথা পড়িয়া গেলো মনে॥ কুশের অঙ্কুর বড়, শেলের সমান দড়, শুনিতে সিসিড়া পড়ে গায়। শিরীষ কুসুমদল, জিনিয়া চরণ তল, কেমনে ধাইয়া যাবে তায়॥ রাণীর বিলাপ শুনি, হিয়া বেথা গুণমনি, লোকবিধি মায়েরে বুঝায়। বিষাদ না কর মনে, ভয় কিছু নাহি বনে, ইহায় সাখি এ শেখর রায়॥ ৩১॥ মাতৃ সম্বোধনং॥ ধরিয়া মায়ের কর, কহে রাম দামোদর, শুভ কাযে না করিহ দুঃখ। আমার কুলের ধর্ম্ম, গোচারণ নিজ কর্ম্ম, করিতে পাইয়ে বড় সুখ॥ হাবলা

গোয়াল জাতি, শৃগাল দেখিল কতি, সে ভয় কহিল আসি তোরে॥ ঘরের সমান বন, চরাইব ধেনুগণ, ঘরের সমান নাহি ডরে॥ কেহ কোন কথা কয়, সে সকল সাচা নয়, স্বপনেহ না শুনিহ কাণে। স্বরূপ কহিনু কথা, নিশ্চয় জানিহ মাতা, অসুর নাহিক আর বনে॥ গোবর্দ্ধনে দিয়া মেলা, যাইয়া করিব খেলা, ধনিষ্ঠা যাইবে সেই খানে। তোমার ভোজন কথা, আমারে কহিবে তথা, তবে সে করিব জলপানে॥ শেখর শুনহ বোল, কি লাগি করহ গোল, মায়েরে লইয়া যাহ ঘরে। যে জন চতুর হয়, তারে বুঝাইয়া লয়, বুঝিয়া সকল কায করে॥ ৩২॥ নন্দের ঘরণী, শুনহ কাহিনী, তুরিতে চলহ ঘরে। রাইর হইলে, বিলম্ব জটিলে, বিষম জানি সে করে। সাজায়্যা কাচায়্যা, রাইরে লইয়া, যাউক তোমার লোকে। জটিলা তোমার, দেখিয়া বেভার, ভরসা বান্ধয়ে বুকে॥ কুটিলা কুমতি, সদাই কুরীতি, ছিউস চাহিয়া বুলে॥ বড় সে ধাউড়ি, কথায় বাগুড়ি, কোলেতে বসিয়া তোলে। শুনিয়া বচন, চলিলা ভবন, কানুরে বিদায় দিয়া। শেখর আসিয়া, নাগর ঠারিয়া, রাণীরে চলিলা লৈয়া॥৩৩॥*॥ দিবা সপ্তমদণ্ডে গোষ্ঠ-গমনং॥ যথা রাগ॥ জননী বিদায় করি, গোঠেরে চলিলা হরি, কহয়ে শুনহ আরে ভাই। না যাইহ কোন মাঠে, চল সবে গিরি তটে, হাকা-রিয়া দেহ সব গাই॥ গোবিন্দকুণ্ডের জল, মনোহর সুশীতল, তৃণ সব অতি সুকোমল। তাহে ধেনু নিযোজিয়া, খেলিব বুলিব যায়া, দেখিব কেমন গিরিতল॥ শুনিয়া বলাই সুখে, সিঙ্গা দিল চাঁদমুখে, ধবলি শামলি বলি ডাকে। পিশঙ্গি মণিকস্তনি, বলি ডাকে গুণমণি, ধেনু সব চালাইল হাঁকে॥ কেহো নাচে কেহো গায়, কেহো বৎস-পাছে ধায়, ঘাঘর নুপুর করে ধ্বনি। কুরঙ্গ অঙ্গনা যত, তারা ভেল উনমত, ধাওল সে শবদ শুনি॥ ঊর্দ্ধ কর্ণ ঊর্দ্ধ পুচ্ছ, ঘুর্ণিত নয়নে বচ্ছ, ধাইয়া পশিল গোবর্দ্ধনে। রাম দামোদর সঙ্গে, ধায় শিশু সেই রঙ্গে, ধেনু ফিরাইল জনে জনে॥ শ্যাম কহে আরে ভাই, খেল সবে এই ঠাঞি, আমি আসি কানন দেখিয়া। থাকিবে দাদার কাছে, কেহো কোথা যাও পাছে, গিলিবেক অসুরে ধরিয়া॥ শিশু পশু নিযোজিয়া, সুবল মঙ্গল লয়া, বাহির হইলা নটরায়। কুসুম-সরসী-কূলে, বসিয়া কদম্বতলে, সময়ে শেখর রস গায়॥ ৩৪॥ যাদুরে পাঠায়া বনে, যশোদা বিষাদ মনে, আসিয়া রাইরে করে কোরে। দুখে আলুইছে গা, মুখে না নিঃস্বরে রা, বসন ভিজিয়া গেল লোরে॥ গদ গদ স্বরে রাণী, কহয়ে বিষাদ বাণী, ধরিয়া রাইর দুটি করে। ধাতার মাথায় বাজ, যেন হেন করে কাজ, সে ঘরে বিবাহ দিল তোরে॥ কি

আর করিব সাধ, সকলে পড়িল বাধ, দিনেক রাখিতে নারি তোমা। এমতি কুমতি লোক, জিয়ন্তে পাড়য়ে শোক, তিলেক নাহিক কারু ক্ষেমা। বিবিধ মোদক আনি, রাইর আঁচলে রাণি, দিল কত যতন করিয়া। ভ্রুকুটি ফুলিয়া কান্দে, হিয়া থির নাহি বান্ধে, ধারা বহে বুক মুখ ব্যায়া॥ রাণির করুণা শুনি, পাষাণ গলয়ে জানি, সখি সব হিয়ায়ে বেথিত। শেখর সময় জানি, সঙরিয়া নন্দরাণি, কহ রাই, চলহ তুরিত॥ ৩৫॥ কুন্দলতা সনে কথা, কহে নন্দরাণী। রাইরে লইয়া বাছা চলহ আপনি। যতন করিয়া বধু সঁপিবে তাহারে। কহিবে সকল কথা বিনয় বেভারে॥ জটিলা তোমায়ে সদা করে পরতিত। বুঝিয়া করিবে বাছা যে হয় উচিত॥ রাধিকা যেমতে ইথে নিতি আইসে যায়। ললিতা বিশাখা, লয়া করিবে উপায়॥ রাণীর দেখিয়া রীত চতুর শেখর। সঙ্কেত করিয়া রাই চলিলা সত্বর॥ ৩৬॥ কানন গমন করল যব কান্। ধনি সে শুনল মুরলী নিশান॥ কলাবতি কৌশল কহন না যায়। প্রণমিত রসবতি যশোমতি পায়॥ অনুমতি মাগই অনুনয় করই। ব্রজপতি দম্পতি অনিমিখে হেরই॥ গদ গদ শবদে না ফুরয়ে বানি। গর গর অন্তর ধরু ধনি পানি॥ তুঁহু ধনি গুণমণি করলি পয়ান। আঁধল ভৈগেল হামারি নয়ান॥ আকুলি অনুসরি আয়লি দূর। কাতর কমলিনি কহয়ে মধুর॥ কাকুতি করি ধনি রাণী বাহু রাই। কহ কবি শেখর ধনি চতুরাই॥ ৩৭॥ অনুরাগ॥ সখি সাথে যায় পথে রাই বিনোদিনি। বিষাদে বিকল হিয়া কহয়ে কাহিনি॥ এ নারিজনমে হাম কৈনু কত পাপ। সেই ফলে সদাই পাইয়ে মনে-তাপ॥ ননদিনি কুবাদিনি প্রতি বোলে ভাজে। শাশুড়ি সঘনে মেরে আখি ঠারে তাজে॥ স্বামি সোহাগে কভু না ডাকিল মোরে। নিশ্বাস ছাড়িতে নারি দেবরের ডরে॥ পোড়া সে পাড়ার লোক জিয়ন্তে ডরাই। আপনা বলিয়া বলে হেন কেহ নাই॥ পরাধিনি হয়া প্রেম করিনু সুজনে। জানিয়া শুনিয়া ঝাঁপ দিয়াছি আগুনে॥ কহয়ে শেখর, রাই না ভাবিহ ডর। গুপতে ভুঞ্জিবে সুখ কি জানিবে পর॥ ৩৮॥ যথারাগ॥ গ্রামহি যতেক যৈছন পাবক তৈছন সবাকার রীত। পর-চরচা বিনে আন নাহি জানত তাকর কৈছন রীত॥ সখিরে এহ কুলে ব্যবহারা। কুটিল কুমতি জন, পিশুন পরায়ণ, সব গলে নিন্দকি হারা॥ নিজ নিজ যশোগুণ, ঘোষই পুনপুন, কেহ কছু হিত নাহি মানে। হামারি করমফলে, বিধি বান্ধি হাথে গলে, সোঁপলি তাকর থানে॥ জনমে জনমে কত, পাপ কৈনু শত শত, সে সব ভেল আগু সার। জনমিয়া যদু পুরি, মানুষ আকার ধরি, জীবন

বধই হামার ॥ নারি জনম করি, কিয়ে বিধি সিরজিল তছুপর কুলবতি বাদ। তাহে রূপ যৌবন, এক না হয়ে উন, আরকি তাহে প্রেমক সাধ ॥ পায়ে পায়ে কণ্টক, সেলেহো সঙ্কট, কৈছে নিয়ম নাহি জান। ঐছে কোই রহে, আপন জানিয়ে মোহে, দুর দিস রাখু সন্মান ॥ পহিলে জানিব যব, এত দুখ পায়ব, তব কাহে করব সে লেহ ॥ রায় শেখর বানি, ভবনে চলহ ধনি, কাহে এত করসি সন্দেহ ॥ ৩৯ ॥*॥ অষ্টমদণ্ডে রাধিকা গৃহ গমনং ॥ ধনি কুন্দলতা, বিশাখা ললিতা, রাইরে আনিয়া ঘরে। রাধিকা রতন, করিয়া যতন, সোঁপিল বুড়ির করে ॥ বিবিধ ভূষণ, বিচিত্র বসন, দেখিয়া বধূর অঙ্গে। সাদরে আদর, করিয়া সবার, বসায়ে আপন সঙ্গে। শুন কুন্দলতা, কহি সব কথা, যশোদা আমার ঝি। এ ঘর সে ঘর, সকলি তাহার, নিশ্চয় করিয়াছি ॥ না দেখি নয়নে, না শুনি শ্রবণে, বসিলে উঠিতে নারি। শরীর অচল, সদাই বিকল, না জানি কখনে মরি ॥ দেবতা আশিষে, থাকুক হরিষে, কোলের কোঙর লয়া। গোধন পালন করুণ সঘন, জনম আয়তি হয়া ॥ শুনিয়া উত্তর, চত্তর শেখর, বিন্যায়া কহয়ে বাণি। তোমার বচন, চরিত চলন, সঘনে জপেন রাণী ॥ ৪০ ॥ রাধিকা রাগ বিভঙ্গ। চত্তর রঙ্গিনি রাধা সখিগণ সঙ্গ ॥ অবনত বয়ানে বশলি তার কাছে। বধূরে বিরস দেখি, বুড়ি ঘনপুছে ॥ আজি কেনে তোমারে এমন ধারা দেখি। বদন অরুণ আর ছল ছল আঁখি ॥ কেবা কি বলিল তোরে কেন বা এমন। আমার শপথি লাগে কহিবে এখন ॥ শাশুড়ি স্ববশ দেখি কহে বিনোদিনী ॥ আপন করম ফল ভুঞ্জিছি আপনি ॥ কে মোর আপন বটে কাহারে কহিব। যে যত কহিবে তাহা সকলি সহিব ॥ সহজে চক্ষের বালি হইয়াছি সবার। এমন পাড়ার লোক করএ খাথার ॥ আপন মাথার কেশ না জানি বান্ধিতে। তাহাতে পরের ঘরে যাইব রান্ধিতে ॥ বড়ুয়ার বহুরি আমি বড়ুয়ার ঝিয়ারি। কুল-বধূ হইয়া ইহা করিতে না পারি ॥ শেখর সরস করি রাইরে বুঝায়। এ বোল বলিতে ধনি তোরে না জুয়ায় ॥ ৪১ ॥ তত্র জরতী যত্নং ॥ জটিলা ভুলিলা রাইয়ের বোলে। বোধয়ে বধূরে করিয়া কোরে ॥ কি বোল বলিলে রাজার ঝি। যশোদা শুনিলে, বলিবে কি ॥ কত না আদর করয়ে মোরে। বিবিধ ভূষণে ভূষিল তোরে ॥ তোমারে বাছনি বলিব কি। জানিবে যশোদা আমার ঝি ॥ কি ধন নাহিক তাহার ঘরে। কতেক রান্ধনি রাখিতে পারে ॥ তাহার আমার একই ঘর। তারা কি জানয়ে আপন পর ॥ গণক গণিয়া কহিল তারে। রাধিকা রান্ধিলে তোমার ঘরে ॥

তোমার তনয় ভুজিবে তায়। আয়ু যশবল হইবে, গায়॥ তাহে বিধি যদি এমতি কৈলা। মোর ভাগ্য ফলে এ সব হৈলা॥ আপন ঘরের করিতে কাজ। তাহাতে আমার কিসের লাজ॥ ইহাতে কোন জন কহিব কথা। মাথার উপরে কাহার মাথা॥ আ মোর বাছনি তোলহ মুখ। আয়ান শুনিলে পাইবে দুখ॥ আসিবে যাইবে, রাণীর কাছে। শেখর সংহতি কি ডর আছে॥ ৪২॥ বুঝায়া বধুরে, কহয়ে সবেরে, দেব পূজিবার তরে। ক্ষেণেক শয়ন, কর সবজন, অলস করহ দূরে॥ পূজন সাজন, কর জনে জন, যাহাতে দেবতা পূজি। কর্পূর চন্দন, বিবিধ পক্কান্ন, পাঁচ ফুলে ভর সাজি॥ দেবতা ভবনে, থাকিবে যতনে, লইয়া আপন সখি। পূজন লাগিয়া, যতন করিয়া, বটুরে আনহ ডাকি॥ জটিলা বচনে, সব সখিগণে, শয়ন করিল আসি। শেখর সে বেলি, বলে ভালি ভালি, রাইরে বাখানে হাঁসি॥ ৪৩॥*॥ নবম দণ্ডে কৃষ্ণোদ্দেশ॥ রাধিকা রূপসী, লইয়া তুলসী, কহয়ে মধুর কথা। কানন গমন, করহ এখন, নাগর-শেখর যথা॥ সময় বুঝিয়া, সরস হইয়া, মিলিবে নাগর কান। চতুর নিকটে, কহিবে কপটে, রাখিবে আপন মান॥ তুলসি উল্লসি, মনেতে হরিষি, চলিলা রাইর বোলে। করিয়া যতন, পুরুষ রতন, মিললি সরসী-কূলে॥ দেখিয়া তুলসী, নাগর উল্লসি, যতনে বসায় কাছে। আপন কুশল, কহিয়া সকল, রাইর গমন পুছে॥ এ ধনি চতুরি, না কর চাতুরি, আমার শপথ তোরে। রাধার কুশল, কহিয়া সকল, শীতল করহ মোরে॥ সে যে বিনোদিনি, দিবস রজনী, অন্তরে খেলয়ে মোর। সুতিলে স্বপনে, দেখিয়ে সে জনে, শপথি করিয়ে তোর॥ তুলসী চতুরা, কহয়ে মধুরা, কাতর দেখিয়া কান। তাহারে তুলসী, চলিলা আশ্বাসি, রাখিয়া আপন মান॥ বিরাবৃন্দা আসি, রাইর সরসি, সাজল আপন মনে। করি সমাপন, আসিতে ভবন, তুলসী মিলল বনে॥ হাস পরিহাস, রাইর আয়াস, আইল কানন সখি। শেখর সহিতে, বারতা পুছিতে, রাইর সজল আঁখি॥ ৪৪॥ অথ দেবোদ্দেশে গমনোৎকণ্ঠা॥ তুলসী বচনে, সব সখি গণে, দেব পূজিবার তরে। বিধি অগোচর, নানা উপহার, পূজন ভাজন ভরে॥ চিনি ফেণিকলা, বিয়ড়ি কদম্বা, যতন করিয়া নিলা। পুরী পুয়াগজী, পেড়া সরভাজা, রাধিকা করিয়া ছিলা॥ অমৃত কেলিকা, আদি সে লড্ডুকা, এসুত মুদগ ঝুরি। দেবতা পুজনে, করিলা যতনে, সাকরা মাঠারি ক্ষিরি॥ অগরু চন্দন, ভরিয়া ভাজন, সুগন্ধি মালতি মালা। অতুল অমূল, কর্পূর তাম্বূল, সাজল সকল ডালা॥ সঙ্গিনি রঙ্গিনি, রূপ তরঙ্গিনি, বসিয়া মন্দির মাঝে।

নদন মোহনে, মোহিতে যতনে, করেন রাইর সাজ ॥ সভারে সত্বর, করেন শেখর, দেখিয়া উছর বেলা। জটিলা চরণ, করিয়া বন্দন, চলিলা সকল বালা ॥ ৪৫ ॥ দশমদণ্ডে দিবাভিসার ॥ * ॥ তপনক তাপে তপত ভেল, মহীতল তাতল, বালুকা দহন-সমানে। চড়ল মনোরথে, ভাবিনি চলুপথে, তাপ তনিক নহি মানে ॥ হরি হরি প্রেমকি গতি অনিবার। নবিন যৌবনি ধনি, চরণকমল জিনি, তবহু চলনি অভিসার ॥ ধ্রু ॥ কুলগুণ গৌরব, সতিযশ সৌরভ, তৃণ করি না মানলি রাধে। মদন মনো মহামহোদধি উছরল ডুবল কুল-মরিজাদে ॥ কত শত বিধি জিতলি অনুরাগিণী জিতলি মন্মথ তন্ত্র। গুরুজন-নয়ন-পাপগণ বারিতে পাঠ করত মুনিমন্ত্র ॥ কেলি কলাবতি কুসুমসরসিকুলে কৌশলে করল পয়ান। যত ছিল অনরথ, সব ভেল মনোরথ, ইহ কবি শেখর গান ॥ ৪৬ ॥ তত্র ভাবোন্মাদ ॥ হেমজ্যোতি, বেড়ি তথি, তমালের গায়। তা দেখি, তরল আঁখি, তেরছ হয়া চায় ॥ অরুণ মুখি, ডাকি সখি, বোলে দেখ কি। কানু কোলে, বসি খেলে, কেমন রাজায় ঝি ॥ মোরে দেখি, পাটা-বুকি, না করিল ডর। পর পুরুষের. পরশ ঘেঁসের, ছাড়িতে নাহি তর ॥ পরের বোলে, যে জন ভুলে, কি বলিব তারে। চড়ি গাছে, ভ্রূকুটি নাচে, জিউ হারাবার তরে ॥ শেখর ঋষি, কহে হাসি, ধনি অগেয়ান। তমাল কোলে, লতা খেলে, আনে বোলে আন ॥ ৪৭ ॥ * ॥ একাদশদণ্ডে মিলনোৎকণ্ঠা ॥ কাননে কাতর কুলবতি রাই। চকিত নয়নে ঘন দশ দিশ চাই ॥ কোকিল কলরবে, বিকল পরান। গণি গণি যামিনী ভেলি নিদান ॥ উশষি উশষি খিস পড়ু নিবি ডোর। গদগদকণ্ঠ শবদ ঘন ঘোর ॥ বৈঠলি অধোমুখি চিত সঞে ধন্দ। সখিগণ কৌতুকে করু কত ছন্দ ॥ ঘন ঘন তেজত দীর্ঘ নিশ্বাস। ক্ষেনে রোদন করু ক্ষেনে করু হাস ॥ কহে কবি শেখর শুন সুকুমারি। কাহে লাগি কাতর আনব মুরারি ॥ ৪৮ ॥ * ॥ দ্বাদশদণ্ডে কৃষ্ণোৎকণ্ঠা ॥ কুসুমিতকাননে কাতর কান। কামিনী লাগি করল অনুমান ॥ কি করব কহ মোরে সুবল সাঙ্গাতি। কলাবত্তি কাহে অবধি করু অতি ॥ দারুণ গুরুজন কি করু বাধা। কিয়ে লাগি মানিনী ভৈগেলি রাধা ॥ তপনক তাপ কিয়ে চলই না পার। গুরুয়া নিতম্বিনি উচ কুচ ভার ॥ স্বজন সহিতে কিয়ে বাঢ়াল লেহ। ইথে যা রাধে না তেজল গেহ ॥ বিপদ সুপদ কিয়ে বুঝই না পারি। কৈছনে বঞ্চব সো সুকুমারি ॥ বুঝিয়া সুবল কহে শুন গুণবন্ত। শেখর সহ ধনি মিলিব একান্ত ॥ ৪৯ ॥ বীরবৃন্দা তথি, বোধি রসবতি, গভীর কন্দরে যায়। মাধব মাধবি লতায় বসিয়া দ্বারেতে দেখিতে পায় ॥

হেরি বীরবৃন্দা, সকল সানন্দা, মঙ্গলবিলাস হাসে। মদন মোহন, পাইয়া চেতন, সুখের সায়রে ভাসে॥ তাহারে লইয়া, আদর করিয়া, বসায় আপন কাছে। রাইর কুশল, কহত সকল, সজল নয়নে পুছে॥ বিরা কহে কান, কর অবধান, কি পুছ তাহার তরে। রাইর স্বজন, করিয়া তর্জ্জন, রুষিয়া রাখিলা ঘরে॥ শুনিতে কাহিনী, কি হৈল না জানি, বিষাদে নাগর ভোর। বিরারে সঘন, নিরখি রোদন, নয়ানে ভরল নোর॥ সে বেলি শেখর, আসিয়া সত্বর, কহেন নাগর রাজ। কামিনী মোহন, না তোলে বদন, বাঢ়ল অধিক লাজ॥ ৫০॥ *॥ ত্রয়োদশদণ্ডে রসপ্রসঙ্গ॥ ধনি কহে কান, কর অবধান, নাগরি সরসী কূলে। দেবতা পূজনে, আনিল যতনে, বসিলি বকুল মূলে॥ হের দেখ আর, কুরঙ্গ তোমার, পায়লি কুরঙ্গি সঙ্গ। তাণ্ডবি দেখিয়া, তাণ্ডব ছুটত, উঠল মদন রঙ্গ॥ চকোর আসিয়া, চকোরি মিলিল, সারিকা মিলিল শুক। নাগর আসিয়া, নাগরী মিলহ ঘুচুক মনের দুখ॥ বীরবৃন্দা তথি, করল যুকতি, সুবল মঙ্গল লয়া। কদলি কানন, করল গমন, মাধব ঈঙ্গিত পায়া॥ কারণ কহিয়া, তাহারে রাখিয়া, কানন দেবতি যায়। মাধবি আসিয়া, মাধব মিলল, সঙ্গতি শেখর রায়॥ ৫১॥ *॥ চতুর্দ্দশদণ্ডে মিলনং॥ দুঁহু মুখ হেরইতে দুঁহু ভেল ধন্দ। মাধবি তমাল কহে মাধব কহে চন্দ॥ চিত পুতলি জনু রহলি দুঁহু দেহ। না জানিয়ে প্রেম কেমন যশলেহ॥ এ সখি দেখত দুহুক বিচার। ঠামহি কোই লখই নাহি পার॥ ধনি কানন ময় দেখি সব শ্যাম। সো কিয়ে পুনরপি মঝু পরিণাম॥ চমকি চমকি উঠে নাগর কান। প্রতি তরুতলে দেখে রাই সমান॥ দোঁহে দোঁহা যবহুঁ নিচয় করি জান। দুঁহুক হৃদয়ে বহে প্রেমক বাণ॥ দোঁহে দোঁহা মিলল বাহু পসারি। দুঁহু সুখে মাতল সব কুলনারি॥ দুঁহু লই বৈঠল বকুলক ছায়া। অগরু চন্দন কেহো দেয় দুঁহু গায়॥ দুঁহু পদ পঙ্কজে কেহ দেই নীর। কেহো বিজই লই পাতল চীর॥ কেহো আসি ধোয়ল দুঁহু মুখ চান্দ। মদন লাজে মরি হেরি দুহু ছান্দ॥ মধুমতি মধু লই করল পয়ান। কনক বেলি ভরি দুহু করু পান॥ দুহু অঙ্গ বিকসিত বিবিধ বিকার। মাতল মনোমথ লাজ কি আর॥ দুঁহু মেলি বৈঠল নিভৃত নিকুঞ্জে। দুঁহু গুণ গায়ই মধুকর পূঞ্জে॥ রাধা মাধব করি এক ঠাঁয়। দুহু মুখ নেহারই শেখর রায়॥ ৫২॥ *॥ পঞ্চদশদণ্ডে হিন্দোলা-লীলা॥ কানন-দেবতি, বৃন্দা সতী তথি, রাইর সরসী কূলে। বিচিত্র ঝুলনা, করল রচনা, সুখদ বকুল মূলে॥ ঝুলনা উপরি, নাগর নাগরি, আসিয়া বসিলা রঙ্গে। ঝুলায় ঝুলনা, সকল

ললনা, মদন-মাতালি অঙ্গে ॥ ঝুলনা ঝমকে, রাধিকা চমকে, দেখিয়া মাধব ডরে। হাসিয়া হাসিয়া, বাহু পসারিয়া ধনিরে করিল কোরে॥ রসবতি লয়্যা, কোরে আগবিয়া ঝুলয়ে রসিকরায়। সহচরিগণ, ঝুলায়ে দ্বিগুণ, সুস্বরে পঞ্চম গায় ॥ ঝুলনা ধরিয়া, মধুর করিয়া, কহয়ে শেখর রায়। দেবতা পূজিতে, চলহ তুরিতে, দিবস বহিয়া যায় ॥ ৫৩ ॥ তত্র বনভ্রমণং ॥ ঝুলনা হইতে, নামিলা তুরিতে, গগনে নিরখি বেলা॥ ফুল তুলিবারে, চলিলা সত্বরে, সকল-আহির বালা। ভরি ফুল ফলে, শাখা সব লোলে, আসিয়া পরশে মূল। সখি সব মেলি, করিয়া ধামালি, তোলয়ে বিবিধ ফুল ॥ সকল কানন, মণির বন্ধন, পরাগে পূরিত বাট। করি মধু পান, অলি করে গান, ময়ূরি করয়ে নাট॥ সুগন্ধি করবি, তোলল মাধবি, অশোক কিংশুক জবা। এ থল-কমল, তোলল সকল, দিনমণি জিনি আভা। যাই যূথি জাতি, তুলিল যুবতি, মল্লিকা মালতি চাঁপা। পুন্নাগ কেশর, তোলল নাগর, গঠল বিনোদ ঝাঁপা ॥ রসের নাগর, গুণের সাগর, কুসুম চয়ন করে ॥ হাসিয়া হাসিয়া, আইলা লইয়া, রাইরে দেবার তরে ॥ ভুজ যুগ তুলি, রাধিকা রসালি, তোলয়ে লবঙ্গ ফুল। রসিক নাগর, হইলা কাতর; দেখিয়া ভুজের মূল ॥ ফুল ঝাঁপা লয়া, কাকুতি করিয়া, রাইর নিকটে আসি। ধনির আঁচলে, দেওল সে বেলে, ফুলের সহিতে বাঁশী॥ পাইয়া মুরলি, হাসিছে কিশোরী, রাখিলা বিশাখা পাশে ॥ বিশাখা যতনে, রাখিলা গোপনে, শেখর দেখিয়া হাসে ॥ ৫৪ ॥ * ॥ দিবা ষোড়শদণ্ডে বংশী হরণং ॥ সখিগণ মেলি, লইয়া মুরলি, চললি দেবের ঘরে। নাগর শেখর, পড়িলা ফাঁফর, মুরলী নাহিক করে ॥ লাজে লাজায়লি, না দেখি মুরলী, রাইর বদন চায়। রাধিকা চতুরি, করিয়া চাতুরি, সখির নিকটে যায় ॥ মদন-মোহন, পাইয়া চেতন, সখীর সবার চিত। মুরলী হরণ, রাইর করণ, গমনে বুঝল রিত ॥ রাই রসবতি, সখীর সঙ্গতি, মুরলী করল চুরি ॥ রঙ্গ বাড়াইতে, শেখর ঈঙ্গিতে, নাগরে কহল ঠারি ।৫৫॥ ঈঙ্গিত বুঝিয়া, নাগর হাসিয়া, ধরল ধনির করে। সে সব সাটব, দেখিতে আটব, রাধিকা ডরলি ডরে ॥ ভয়ে ভীত বালা, গেল সব কলা, মুখে না নিস্বরে রা। হিয়া ভুলু ভুলু, চাহে ঢুলু ঢুলু, আলুলায় সকল গা। হেরিয়া লক্ষণ, নাগর তখন, ধনিরে ধরল চোর। মাগয়ে মুরলি, উটকে কাঁচুলি, মদনে হইয়া ভোর॥ ধনি বলে কান, কর অবধান, ললিতা লইল বাঁশি। তোমারে তরল, দেখিয়া সকল, রূপসী করল হাসি॥ রাইর বচনে, চলিল তখনে, মদনমোহন রায়। ললিতা জানিয়া, কহয়ে ঠারিয়া, মুরলি বিশাখা ঠাঁয় ॥ ললিতা বচন, শুনিয়া তখন,

বিশাখা বিষাদে বোলে। তোমার মুরলি, দেখিল সে বেলি, চম্পক লতার কোলে॥ শুনিয়া বচন, তরাসে তখন, কহয়ে চম্পকলতা। তুঙ্গবিদ্যা পাশে, মুরলি লইয়া, ইন্দু রেখা গেল কোথা॥ চিত্রা চমকিয়া, চলিলা ত্বরিয়া, দেখিয়া এ সব রঙ্গ। রঙ্গদেবি পাশে, বসিলা তরাসে, সুদেবিকা করি সঙ্গ॥ নাগর-শেখর, না পায়া ঠায়র, সবারে ধরিয়া বুলে। সকল যুবতি, করিয়া যুকতি, বসিলা বকুল মূলে॥ হাসি কুন্দলতা, রুষি কহে কথা, শুনহ নাগর রাজ। তরল বাঁশের, শুক্না কাঠের, তাহারে কাহার কাজ॥ ফেঁরা কাঠিখান, কি তার অভিমান, কহিতে না বাস লাজ॥ মাগিহ আমারে, দিব যে তোমারে, যদি বা থাকয়ে কায॥ ধনির বচন, শুনিয়া তখন, কহই শেখররায়। শুনহ নাগর, না হয় কাতর, মুরলি ধনির ঠাঁয়॥৫৬॥ এ ধনি সুন্দরি কি কহিব তোয়। দেহ মুরলি ধনি রাখহ মোয়॥ যত দিন জিয়ব নাগর কান্। তত দিন গায়ব তুয়া যশ নাম॥ মুরলি বিহনে মোর তনু ভেল ভার। জিতল মনমথ মুরলি হামার। সো গুণময় বাঁসি কাহে লাগি গেল। হাহা বিধি মোরে এত দুঃখ দিল॥ হের ইতে কানুক সো অনুতাপ। শশিমুখি হৃদয়ে উঠসি ভয় কাঁপ॥ ধাধসে ধনি ধরু নাগর পানী। ইঙ্গিতে শেখর বাঁশী দিল আনি॥৫৭॥ পাইয়া বাঁশী, নাগর হাঁসি, বসিলা সবার পাশে। সকল রঙ্গিনি, রঙ্গ রঙ্গানি, গাল মুচকি হাসে॥ বন দেবতি, আসিয়া তথি, কৈল অনুমান। বদন খুকা, দেখিয়া ভুকা, দিল মধুপান॥ হইয়া শীতল, কামে বিকল, কানু কামিনি রমণ। মদন কেলি, করে দুঁহে মেলি, পাইয়া বিরল বন॥ চতুর সখি, দোহারে দেখি, কেলি বিলাসের ঘরে। করি যে ছল, সবে আইল, ফুল গাঁথি বার তরে॥ রস-বতি, পাইয়া তথি, নাগর কৈল কোলে। মদন দুখি, শেখর সুখি, তিতিল আঁখির জলে॥ ৫৮॥ তত্র ক্রীড়া॥ নাগরি নাগর কেলি বিলাস। হেরইতে মনমথ লাগল তরাস॥ বিনোদিনী চুম্বই নাহ বয়ান। মদন মহোদধি ভরি পাঁচ বান॥ উনমত মনমথ গেও সব লাজ। নূপুর কিঙ্কিনী কঙ্কণ বাজ॥ বিলসই মাধবি মাধব সাধে। অখণ্ড পীযূষ রসে না পড়ল বাধে। শ্রম জল পূরল দুঁহুক গায়। ব্যজন বীজয়ি শেখর রায়॥৫৯॥ জলক্রীড়া॥ *॥ দুহুঁ রস রাশি। সমাপল হাঁসি॥ রতি রণ রঙ্গে। শ্রম ভেল অঙ্গে॥ গাঁথি ফুলমালা মিলে ব্রজবালা॥ জল-কেলি সাধে। চলু ধনি রাধে॥ উতরলি তীরে। পহিরলি চীরে॥ যুবতি সমাজে। শোভে যুবরাজে॥ সবে একতানে। করি করু গানে॥ সরসি সলিলে। পশি রস মীলে॥ করিণীর সঙ্গে। করিবর রঙ্গে॥ দোঁহে দোঁহা মেলি। করু জলকেলি।

সখি গণ নিপুনা। বেঢ়লি স্বজনা॥ কেহ দেই নীরে। কেহো লই চীরে॥ কেহো দেই তালি। কেহো বোলে ভালি॥ কানু-মুখ মারে। জল দেই ধারে॥ কেহ কেহ হারি। দেয়ই গারি॥ ভাগি ভাগি ছুরে। চমকি নেহারে॥ কানু তাহি বোরি। ধরল কিশোরি॥ সলিল অগাধে। লেই ছোরি রাধে॥ হরি করি অঙ্গে। ধনি বহু রঙ্গে॥ পাতল চীরে। বেকত শরীরে॥ নিরখিতে কানে। হানে পাঁচ বানে॥ ধনি ধরি বুকে। চুম্বই মুখে॥ ধনি কুচ জোড়া। হাঁসি দেই মোড়া॥ হরি পরি সাধা। আনলি রাধা॥ রাখলি তীরে। থোরহি নীরে॥ পদ-মিনী ঠারে। চললি বেহারে॥ কমলিনী ঠাম। মিললি শ্যাম॥ করি পরি হাসে। বিবিধ বিলাসে॥ সবে উঠে তীরে॥ পহিরলি চীরে॥ নাগর সঙ্গে। চলু সবে রঙ্গে॥ কিয়ে ভেল শোভা। শেখর লোভা॥ ৬০॥ * ॥ সপ্তদশদণ্ডে সূর্য্যপূজা॥ কুসুমিত-কুঞ্জ কলপতরুকাননে মণি-ময় মণ্ডপ মাঝ। আনি কলাবতি, সব জন সঙ্গতি, করে লেই পূজন-সাজ॥ কুঙ্কুম চন্দন কেশর অনুপম চম্পক-মালতি-মাল। বহুবিধ বনফুল, নীর সুশীতল, বহু উপহার রসাল॥ ভানু ভবনে ধরি, রাখলি সারি সারি, দধি ঘৃত রতন প্রদীপে। সহচরি মেলি, কলাবতি ভালি, বৈঠলি দেব সমীপে॥ নিজরসে ভাসি, বোলই হাঁসি হাঁসি, শে নহ কানন-দেবি দেব-পূজন-বিধি, দ্বিজ কো জানে যদি, তাহিক আনহ সেবি॥ রাইক চিতরিত, জানি শেখর তুরিত, যাই মিলল বটু পাশে। বচন বিশেষ লই মধুমঙ্গল আয়লি, দেবপূজা আওয়াসে॥৬১॥ বটু গমনং। গলেপাটা, ভালে ফোটা, কুশ কোশা করে। ছোট কাছা, মোটা কোঁচা, কাচা আটি পরে॥ লইয়া পুথি, হইয়া যতি, আসি দেবের ঘরে। পুজার সাজ, দেখিয়া দ্বিজ, মন খল বল করে॥ নিরখি লাড়ু, হরখি বড়ু, বোলে বার বার। আইস সবে, পূজহ দেবে, রহিতে নারি আর॥ হেরিয়া বটু, করিয়া চাটু, সুখে সুধামুখি। নাগর পানে, চায় ঘনে, বটুরে কটুতা দেখি॥ করিয়া যতন, ধরিয়া আসন, বটুর সমীপে দিলা। রাইব সঙ্গে, রঙ্গিনি রঙ্গে, ঝাট বটু বসাইলা॥ উছর কানি, আয়ান রাণী, দেব সেবন করে॥ আসন বসন, দিয়া ভূষণ, বটুর বরণ করে॥ ছন্দ ধরি, বন্ধ করি, কহে কুন্দলতা। ভানু কোলে, কানুখেলে, এই ভাল কথা॥ নষ্ট লোকে, দুষ্ট কথা, কৈল বুড়ির কানে। রুষ্ট হয়া, দুষ্ট বুড়ি আইল পূজাস্থানে॥ সবে মেলি, করে কেলি, বসি দেব ঘরে। দেখিয়া বুড়ি, শেখর সারি, সবায় সত্বর করে॥ ৬২॥ আয়ান চতুর বড় সদা মাথা ঠাড়। মায়ের সনে, আইলা বনে, করিতে কথা দড়॥

হরিষ বিষাদ মনে, ভাল মন্দগুণে। রাইর রিতি, বুঝিতে তথি, বসিলা মণ্ডপ কোণে॥ বুড়ি আগে জানি, ভয়ে ভীত ধনি। গায়ের বসন, খসয়ে সঘন, মুখে না বেরোয় বানি॥ বিপদ অতি ভারি, কহয়ে সকল নারি। গুপত কথা বেকত হইল এবে কিনা করি॥ রাধিকা কাতর, কাঁপে থর থর, মনে বিচার করে। এমন মতি, দেখিলে পতি, না জানিএ কিবা করে॥ বটু বলে শ্যাম, এহি অনুপাম। আয়ান ভেয়্যা, পালায় ধাইয়া, ঐছে করহ কাম॥ কানু ভানু হইয়া, ফুলের ভিতর রয়া। যখন যেমন, তখন তেমন, কহে কথা রয়া॥ শুন রাধা সতি, কেনে কর স্তুতি। বুড়ির পাপে, জালিব তাপে, মারিব তোমার পতি॥ কোলের কোঁয়র তার, গাই বৈএগীষা আর। ঝি, জামাতা, আনিব হেথা, করিব ছারখার॥ বটু চাটু করে, বসি দেব ঘরে। কর যোড়ে, বেদ পড়ে, দেব মানাবার তরে॥ দেব দিনমনি, তোরে আমি জানি। স্তুতি পাঠে, গলা ফাটে, শুন মোর বানি॥ রাধার তরে, হিয়া ঝুরে, শুন গুণমনি। ধনি ক্ষীণ হইয়া, গলে বসন দিয়া। দেব নিকটে, নিস্কপটে, রহে দাণ্ডাইয়া॥ শেখর মাগে বর, শুন দিবাকর। সে না বুড়ি, মরুক পুড়ি, রাখ রাধার ঘর॥ ৬৭॥ করযোড়ি কহে ধনি, শুন দেব গুণমনি, জনম সেবন কৈনু তোর। পুরজন পরিবার, সব হব ছার খার, এই সে কপালে ছিল মোর॥ দিনমণি কর অবধান! পতি যদি মরি যাবে, তবে মোর কি হইবে, কোন কাযে রাখিব পরান॥ দেবর ননদি মোরা, বাসে যেন আঁখির তারা, শাশুড়ি সোহাগ করে সদা। এ সব মরিয়া যাবে, আমারে দেখিতে হবে, এ তাপে কেমনে জিয়ে রাধা॥ বিষাদে বিষন্ন মন, ডাকে সতি নারায়ণ, বটু চাটু করে তার পাশে। রাধার বদন বিকট, দেখিয়া আন নিকট, কপট দেবতা করে হাসে॥ ধনির বিলাপ শুনি, কহে দেব দিনমণি, প্রসন্ন হইল তোর তরে। ধনে জনে পূর্ণ হয়া, থাক সতি পতি লয়া, আপদ নহিব তোর ঘরে॥ দেব দয়াময় দেখি, আনন্দ হইলা সখি, ধনি বৈসে আসন ভিড়িয়া॥ নাগর মোহিনী ধনি, পূজে দেব দিনমণি, বটু দেই সুমন্ত্র পড়িয়া॥ ধূপ দীপ গন্ধ মালা, দিয়া দেব পূজে বালা, আর কত শত উপ-হার। বটু মুখে মন্ত্র পড়ে, সঘনে হুঙ্কার ছাড়ে, দেখি বুড়ি হইল চমৎকার॥ নানা উপহারে ধনি, পূজা কৈল দিনমণি, অবশেষে মাগে একবর। যদি হইলা অনুকূল, পড়ুক মাথার ফুল, তবে সে ঘুচয়ে মনের ডর॥ হাঁসি দেব মুড় নাড়ে, ঝর ঝর ফুল পড়ে, হুলাহুলি দেয় নারিগণ। দেখিয়া দেবের মুখ, বাঢ়ল সবার সুখ, আশিষ মাগয়ে জনে জন॥ সব শিরে দিয়া হাত, বটু করে আশীর্ব্বাদ, জনম এওয়তি হয়া থাক। এই দেব নির-

গুন, পুরল সবার মন, নৈবেদ্য প্রসাদ কিছু চাক॥ বসনে বান্ধিল সব, না রাখিল এক লব, লইয়া চলিল আন বনে। হিয়ায় সামাল ডর, কাঁপে বুড়ি থর থর, আয়ান আসান পাইল মনে॥ পুতেরে ডাকিয়া বুড়ি, পলাইল গুড়ি গুড়ি, সুপথ বিপথ নাহি মানে। উলটি উলটি চায়, বসন না রহে গায়, আর পথে পলাল আয়ানে॥ তারে সে শেখর কয়, আর কিছু নাহি ভয়, মোর বোলে কর পরতিত। বিলাস মন্দিরে চল, কৌতুকে পাশক খেল, সবাই সুখির কর চিত॥ ৬৪॥ *॥ দিবা অষ্টাদশদণ্ডে পাশা খেলা॥ভানুর ভবনে করি বহুবিধ রঙ্গ। নাগর নাগরি যায় সখিগণ সঙ্গ॥ মরকত-মণি-ঘরে সুখদ আসনে। পাশায় আসক হয়া বসিলা দুই জনে॥ রাই কানু বেড়িয়া বসিলা সখিগণ। অতুল রসের হাট পাতিলা মদন॥ নাগর কহয়ে রাই শুনহ বচন। যদি বা খেলিবে পাশা আগে কর পণ॥ এই সে খেলাবার রীত সুধাও সবারে। তুমি আমি নহি ইহা বিদিত সংসারে॥ ধনি কহে কর পণ তোমার মুরলি। আমার হইল এই গলার হাঁসলি॥ কানু বলে কি পণ করিলে বিনোদিনী। খেলার এমন পণ কোথাও না শুনি॥ পাশক খেলার পণ শুন রসবতি। শতেক চুম্বন দান ইহার উচিতি॥ মুই যদি হারিয়ে পণ আগে দিব তোরে। তুমি সে হারিলে দিবে এই সে বিচারে॥ পণ শুনি রাধিকা কহয়ে বারে বার। যে বা সে খেলুক মুই না খেলিব আর॥ কুন্দলতা কহে ধনি না খেলিবে কেনে। উত্তম হইবে পণ খেল দুই জনে॥ ললিতা কহয়ে কানু কর অবধান। হারিলে চুম্বিবে তুমি ভৃঙ্গের বয়ান্॥ রাধিকা হারিলে দিবে গজমতি হার। নহে বা আমরা তাহে করিব বিচার॥ ললিতার কথায় হাঁসিয়া রসবতি। খেলায় বিনোদ খেলা নাগর সঙ্গতি॥ রাইর ঈঙ্গিতে পাশা পাতিল বিশাখা। ধরিল পাশার পাটি সুন্দরী রাধিকা॥ কহে কবি শেখর শুনহ সখিগণ। জয় পরা-জয় দেখ হয়া মহাজন॥ ৬৫॥ কর যোড়ি মন্ত্র পড়ি রাই ফেলে পাটী। পড়িল সরস দান চালাইল গুটী॥ সাটোপ করিয়া দান ফেলিল নাগর। পড়িল নিরস দান হইলা ফাঁফর॥ রাই উঠাইয়া পাটী ফেলে আর বার। জিনিল জিনিল বলি বলে বার॥ রুষিয়া ফেলিল পাটী রসিক সুজন। যে দান ফেলিতে চাহে না পড়ে সে দান॥ সুপাট না পড়ে পাটি না চলয়ে সারি। বিশাখা হাঁসিয়া কহে নাগরের হারি॥ কল বল ছল করি পাটি লয়ে করে। হঠে শঠ ফেলে দান জিনিবার তরে॥ তবহুঁ পড়ল পাটি কুপোট তাহার। ধনি কহেন আছে ধর্ম্ম করিতে বিচার॥ হাঁসিয়া নাগর কহে খেল আর বার। ধনি কহে মুখে লাজ নাহিক তোমার॥ কুন্দলতা কহে শ্যাম কর

অবধান। ভৃঙ্গের অধর রস কর তুমি পান ॥ ললিতা বিশাখা কহে শুন কুন্দলতা। প্রিয়জনে এত কেনে করহ বিতথা ॥ খেলিলা বিবিধ খেলা সঙ্গে সখিগণ। শেখর লইয়া যায় বিনোদ ভবন ॥ ৬৬ ॥ * ॥ ঊনবিংশতিদণ্ডে বনভ্রমণং ॥ গোবর্দ্ধন গিরিবর, তার তলে মণি ঘর, সুখদ শীতল মনোহর। কল্পতরুর বন, শোভিয়াছে বিলক্ষণ, সমীপে রাধার সরোবর ॥ প্রফুল্ল কমল তায়, ভ্রমরা ভ্রমরী গায়, চক্রবাক করে ক্রীড়া-রণ। মদন ধনুক করে, সদাই তাহাতে ফিরে, যতনে রাখয়ে সেই বন ॥ অবসর জানি খেলা, বৃন্দাবনে হইল মেলা, ফল তুলি আনল সত্বরে। উত্তম সংস্কার করি, সোণার থালিতে ভরি, রাখিল যে পিঁড়ার উপরে। করি মনে অনুমান, রচিলা ভোজন স্থান, আগে আসন বসিবার তরে। সুগন্ধি শীতল জল, করি অতি সুনির্ম্মল, ঝাঁঝরি পুরিয়া তথি ধরে ॥ আর যত উপহার, করি সব সম্ভার, বৃন্দা রসানন্দ হয়া মনে। সখিসব নানারঙ্গে, নাগর নাগরি সঙ্গে, প্রবেশিলা বিনোদ ভবনে ॥ দেখিয়া বৃন্দার রিত, সবে ভেল আনন্দিত, রসরাজ বসিলা ভোজনে। মুখানি পাখালি নীরে, মোছল পাতল চীরে, বনদেবি করয়ে সেবনে ॥ একে একে উপহার, ভুঞ্জে কানু বারে বার, রাধিকা দেখিয়া ভেল সুখি ॥ অবশেষে পীয়ে জল, তবে ভুজে বন ফল, যতন করিয়ে সুধামুখি। শেখর সতর্ক হয়া, আইলা ভাবর লয়া, আঁচমন করাবার তরে। বিলাস মন্দির মাঝ, করিয়া পালঙ্ক সাজ, তাম্বুল রাখিলা তার পরে ॥৬৭॥ কুঞ্জে সুন্দর শ্যামরুচন্দ্র ॥ বহুবিধ ভোজনে ভেল আনন্দ ॥ আচমন করল নাগর রাজ ॥ রসভরে বৈঠলি মন্দির মাঝ ॥ সুখদ শেজ পর বৈঠলি কান। ধনি অবসরে করু ভোজন পান ॥ সহচরিগণ মেলি ভুঞ্জলি রাধে। আচমন করি চলু শয়নক সাধে ॥ রসবতি বৈঠলি রসময় পাশ। দুহুঁ হেরি সহচরি করু পরিহাস ॥ ব্রজের রমণি গণ চতুর সুজান ।কর্পূর তাম্বুল দেই পূরল বয়ান ॥ দুহুঁ অঙ্গে বেকত মদন বিকার। সহচরিগণ হেরি ভেল বাহার ॥ দুহুঁ মেলি সুতল অলসল গায়। দুহুঁ পদ সেবই শেখর রায় ॥ ৬৮ ॥ বিংশতি-দণ্ডে রাধাকৃষ্ণয়োর্নিদ্রালীলা একবিংশতিদণ্ড পর্য্যন্ত ॥ * ॥ কুসুমিত কুঞ্জে। অলিকুল গুঞ্জে ॥ মলয় সমীরে। বহে ধীরে ধীরে ॥ রসবতি সঙ্গে। রসময় রঙ্গে ॥ ধনি ধরু বুকে। শূতলি সুখে ॥ কানন দেবি। কোকিল সেবি ॥ করায়লি গানে। জাগলি কানে ॥ ধনি উঠি বৈঠে। কচালই দিঠে ॥ লই জল ঝারি। শেখর ঠারি ॥ দুহু মুখ চান্দে। ধোই সুছান্দে। পান কপুরে। দুঁহু মুখ পূরে ॥ ৬৯ ॥ * ॥ দ্বাবিংশতিদণ্ডে সুরত ইচ্ছা ॥ কুসুমিত কাননে কুঞ্জ কুটিরে। তহি রস বিলাসই কানু মিহিরে ॥ ধনি কর ধরি তবে বোলত কান।

সুন্দরি দেহ মোরে সুরতি দান ॥ আজনম মানস পূরাহ মোর। অধর সুধা-রস পীবহুঁ তোর। তুয়া কুচ-কলস-পরশে ভেল সাধ। না করিহ সুন্দরি ইহ রসবাধ ॥ সোবিহি মোহে রাখব যত দিন ॥ হাম ভেল কেবল তোহারি অধিন ॥ ইথে যব হাম করবহুঁ অন্। তথি লাগি মধ্যতরহু পাঁচ বাণ। অনুনয় করই কহই লহুঁ বাত। ধনি কর লেই দেয়লি নিজ মাথ॥ হাঁসি কহত তুহিঁ রসবতি নারি। শেখর কহে তব যাঙ বলি হারি ॥ ৭০॥ *॥ ত্রয়োবিংশতি দণ্ডে চাতুর্য্য মৈত্র ঔদাস্য ॥ মঝু কর ছোড়হ নাগর কান্। কো জানে কৈছন সুরতি দান ॥ হাম অবলা তাহে মো অতি দীনা। মোহে কাহে পায়ব দান কি চিনা ॥ সুরতি কুরতি কবহুঁ না দেখ। সখিগণে পুছব ইহ কি বিশেখ ॥ যব তাহা মিলব শুন বর কান্। তবে তোহেঁ দেয়ব সুরতি দান্ ॥ কবহুঁ না শুনল সুরতিক নাম। আজু তোহেঁ মোহে কহলি অনুপাম্ ॥ কাহে মিনতি করু রাজকুমার। সুরতি আছয়ে কিয়ে সাথ হামার ॥ কহে কবি-শেখর শুনহ মুরারি। সুরতি না জানয়ে ভানু কুমারি ॥ ৭১ ॥ * ॥ তত্র চতু-র্বিংশতিদণ্ডে মোদনং ॥ হাসি হাঠন হরি, ধনি করু কোর। পিবই অধর সুধারস ভোর ॥ চুম্বন বেরি বদন পলটাই। বসন দেই ঘন লপটাই ॥ কুচ যুগ কঞ্চুক মুচইতে কান্। ধনি ভুজে জাতি ধরলি সাবধান ॥ তব নীবি বন্ধে সুখদ দেই হাথ। কাকুতি কার ধনি দিব্য দেই মাথ ॥ নাগরি বোধয়ে নাগর কান্। শেখর সেবেলি রহুঁ সাবধান্ ॥ ৬২ ॥ তত্র পঞ্চবিংশতিদণ্ডে মাদনং ॥ এহরি হাঠন কঠিন তুয়া চিত। ইহা সব না হয়ে নাগর রিত ॥ কর-যোড়ি সুন্দরী মাগে পরিহার। মদন বেদন দুখ সহই না পার ॥ একবেরি রাখ বলি দেহ জিউ দান্। আজনম মত তুয়া গুণ কর বহু গান ॥ হঠ ছাড়ি বাহু ভেরি দেহ ধনি কোর। তুয়া পায়ে সোপনু ইহ তনু মোর ॥ ঈঙ্গিতে অনুমতি দেয়লি রাই। কুটিল দৃগঞ্চলে মদন জাগাই ॥ নাগর নাগরি রস অব গায়। দুরে রহি দেখই শেখর রায় ॥ ৭৩ ॥ * ॥ ততঃ ষড়্বিংশতিদণ্ডে সংক্ষিপ্ত বিলাস ॥ হরষি ভরসি হরি ধনি ধরি বুকে। রসময় চুম্বই রসময়ী মুখে ॥ কমলিনী কুচ যুগ কমঠ কঠোর। বসন ভূষণ সবহুঁ গেলহুঁ দূর ॥ প্রতি অঙ্গে চুম্বই নাহিক বিচার। মদন মোহন লুটে মদন ভাণ্ডার ॥ সুরত তরঙ্গিনি রঙ্গিনি রাই। শ্যাম-মাতঙ্গ তহিঁ অবগাই। দুহুঁ অধরামৃতে দোঁহা মুখ পুরে। অবসরে শেখর হেরই দূরে ॥ ৭৪ ॥ ছোড় ছোড় মাধব তোহেঁ পরিহার। সঘন তলপে জিউ সহই না পার ॥ হাম নব নাগরি শুনহ মাধাই। স্বামি-পরশ-রস কবহুঁনা পাই ॥ তুঁহি এত বিপরীত ভেলহি মোর। বুক মাঝে চিহ্ন তোহার নখের ॥ অধরে দশন চিহ্ন কাহে দারুণা।

মোর জিউ নিকসই তোর নাইক করুণা ॥ গদগদ শবদে কহয়ে ধনি বোলি। মুচকি হাঁসি হরি সমাধই কেলি ॥ শ্রমজল ভৈগেল দুঁহু কেরি গা। শেখর যাই করু শীতল বা ॥ ৭৫ ॥ * ॥ সপ্তবিংশতি দণ্ডে কুঞ্জে শয্যোত্থানং গোপনঞ্চ ॥ বিলাস সামারি, নাগর নাগরি, বসিল কুসুম সেজে। প্রেমেতে আকুল, খসল দুকুল, তাপিত নাহিক তেজে ॥ বিলাস মন্দিরে, গবাক্ষ দুয়ারে, রহিলা সকল সখি। মনের উল্লাসে দেখিয়া বিলাসে, শীতল হইলা আঁখি ॥ দেখি অবসরে, সখিনি সত্বরে পশিলা, বিলাস ঘরে। দোঁহারে লইয়া, যতন করিয়া, ছরম করিল দূরে ॥ সুশিলা সুন্দরি, নিরে পুরি ঝারি, দেয়লি দোঁহার তরে। উঠিয়া দুজন, পাখালে বদন, বেগুতে বসন পরে ॥ পালঙ্ক হইতে, বসিলা নামতে, সুখদ আসন পরি। বিলাস লক্ষণ, করল গোপন, শেখর যতন করি ॥ ৭৬ ॥ মঞ্জরি রতন, আনল চন্দন, লেপল দোঁহার গায়। সুচিত্রা যুবতি, করিয়া আকুতি, নানাচিত্র করে তায় ॥ পুতি মোতিহারে, গাঁথিয়া দোঁহারে, পরাইল তিলোত্তমা। বিনোদ বন্ধনে, সাজায়া দুজনে, হরিষ করল রামা ॥ শর্করি পনস, অতিসে সুরস, আনল লবঙ্গলতা। দোঁহারে ভোজন, করায়ে তখন, সুন্দরি মদোনমদা ॥ বিলাস অলস, সকল সুরস, ছুটল ভোজন করি। আচমন করি; নাগর নাগরি, তাম্বুলে বদন পুরি। সখিগণ সঙ্গে, নানারস রঙ্গে, নাগর নাগরি রহে। দিন অবসান, করি অনুমান, শেখর সবারে কহে ॥ ৭৭ ॥ ততঃ, চিত্তে সদা অনুরাগ ॥ দিন অবসান, জানিয়া পরাণ, কেমন কেমন করে। দোঁহার বদন, নিরখি দুজন, বোলহুঁ নাহিক সরে। রসিক রসালি, বিচ্ছেদে বিকলি, ছুটলো মুখের হাস। নোর ঝর ঝর, বোল থর থর, খসিয়া পড়য়ে বাস ॥ হিয়ায় জ্বালল, বাড়ব আনল, দহই দোঁহার দেহা। করিতে মিলানি, কহনে নাজানি, জাগল দারুণ লেহা ॥ বিষাদে বিষণ্ণ, হইয়া দুজন, মেদিনি ভেদল পায়। সখিগণ তথি, করিয়া যুকতি, কহয়ে দোঁহার ঠায় ॥ সুন্দরী সুন্দর, বিলম্ব নাকর, সত্বরে চলহ ঘর। অবধি হইলে, কি জানি কি বলে, সে আর হইল ডর ॥ শুনিয়া বচন, তরাসে তখন, মন্দিরে বাহিরে আসি। দুঃখিত হইয়া, হইল বিদায়, বাঢ়ল বেদন রাশি ॥ চতুর নাগর, করিয়া চাতুরি, মিলিলা সখার সঙ্গে। লইয়া মণ্ডলি, চলিলা দুলালি, শেখর চলিলা রঙ্গে ॥ ৭৮ ॥ ততো গৃহে গমনং ॥ নিজালয়ে সখি মেলি চলে সুধামুখি। লেহানলে তনু জলে, ছল ছল আঁখি ॥ অঙ্গের বসন, খসয়ে সঘন, বুকে দুখের ভারা। বোল চাল বুলিতে নারে হইল বাউল-পারা ॥ ধনির ধরম দেখ্যা, মরম কহিল সখি। গুপত কথা বেকত কর হেন তোমারে দেখি ॥ শীতল বুকে, থাক সুখে, তাপ তুলিছ কেনে।

হিয়া ভরি, খেলিবে নারি, পাইয়া বিরল বনে ॥ সখির বানি, শুনিয়া ধনি, আসা বান্ধিল চিতে। শেখর লৈয়া, ঘরে গিয়া, বসিলা বুড়ির ভিতে ॥ ৭৯ ॥ ততো গৃহপ্রবেশ ॥ আর্য্যাভর স্নেহা ॥ সতি কুলবতি, সে সব যুবতী, রাধারে আনিয়া ঘরে। পরম যতনে, মধুর বচনে, সোঁপিলা, জটিলা করে ॥ হরিষ বদনে, জটিলা তখনে, সবারে করল মান। সাদর আদরে, বিনয় বেভারে, দেয়ল কর্পূর পাণ ॥ দুবাহু তুলিয়া, দেবতা ডাকিয়া, সঘনে আশিষ করে। প্রণমি জটিলা, সবাই চলিলা, আপন আপন ঘরে ॥ দেব দেখিতে, বুড়ি ভয়ে ভিতে, মনেতে বিচার করে। দেব যার বশ, তাহে অপযশ, না বুঝি দেয়ল তারে ॥ পরের বচনে, হৈয়া অচেতনে, করিল দারুণ কাজ। দেখিল নয়নে, শুনিল শ্রবণে, মাথায় পড়িল বাজ ॥ ভাল বটে বেটি, করিয়া আখটি, মানাইল নারায়ণ। তাহাতে আমার, রহিল সংসার, পুত্র পরিবার ধন ॥ বধুর মরম, জানিয়া ছরম, বুড়িটি কাতরে বোলে। ও মোর দুলালি, আখির পুতলি, সিনাহ শীতল জলে। বালা করি ছলা, বিরলে বসিলা, শেখর করিয়া সঙ্গ। বুড়ির আদর, দেখিয়া সবার, বাড়ল অধিক রঙ্গ ॥ ৮০ ॥ ততো অষ্টাবিংশতিদণ্ডে পুনঃ পক্কান্ন-রচনা ॥ লাবণ্যামৃত-স্নানঞ্চ ॥ শাশুড়ি সরসে, দুলহু রভসে, হইয়া বসিলা বালা। সুরস পক্কান্ন, করল তখন, পুরল সোণার থালা ॥ ঢাকিয়া বসনে, রাখল গোপনে, সিনান করিতে যায়। দাসিগণ সঙ্গে, নানা রস রঙ্গে, সিনানে সোয়াস্ত পায় ॥ বেশের মন্দিরে, পশিলা সবেরে, করিলি মোহন বেশ ॥ উঠিয়া অট্টালি, চৌদগে নেহারি দিবস হইলা শেষ ॥ তুলসী ওপত, করিয়া রাখত, দেয়ল লাড়ুর থালা। অগরু চন্দন, আর গুয়া পান, সুগন্ধি ফুলের ডালা ॥ শেখর সরসি, শিখায় তুলসী, ধরিয়া তাহার হাতে। নাগর মিলিয়া, আসিবে চলিয়া, বুঝিয়া সঙ্কেত বাতে ॥ ৮১ ॥ * ॥ নববিংশতিদণ্ডে কৃষ্ণপ্রিয়াণাং উৎকণ্ঠা ॥ হরিণ নয়নী চকিত নেহারিতে, তৈক্ষণে উনমত ভেল। স্বজন সভাগণে, তনু মন জীবনে, সতিনী করিয়া তাহে দেল ॥ খেণে খেণে উঠত, খেণে খেণে বৈঠত, ঘন ঘন তেজত শ্বাসা। খেণে খেণে চমকই, খেণে খেণে ঝমকই, গদ গদ কহলই ভাষা ॥ কুলগুণ গৌরব, সতি যশ সৌরব, বাম পয়ে ঠেলিল তায়। দারুণ সো প্রেম থেহ নাহি মানত পলকে পলকে তল পায় ॥ অরুণিত আনন, নোরে পুরু লোচন, প্রিয়া পথ হেরত রাই। শিশু পশু সঙ্গতি করি হরি আওয়ত গোখুর ধুরি উছরাই ॥ কহে কবি শেখর আনি অব হেরহ অয়ি বর নাগর রাজ ॥ তুয়া মন মানস, এতক্ষণে পুরল, মিলায়ব পঙ্ক সমাঝ ॥ ৮২ ॥ তত্য ত্রিংশতিদণ্ডে উন্মাদশান্তি। দুরেতে আওত

নাগর রায়। যুবতী উনমতি উনমত তায়॥ বিরস বদন সরস ভেল। হিয়ার আগুনি তখনি গেল॥ হাসত বেকত বচন মিঠ। সজল ছুটল তরণী দিঠ॥ মুরলি খুরলি শুনিতে পাই। অতুল আনন্দে আকুল রাই॥ রায়ের বাহিরে সখিনি যাই। উঠল অট্টালি মিললি রাই॥ বসন আসনে বসিলি সবে। সবারে শেখর সেবই তবে॥৮৩॥*॥ শ্রীকৃষ্ণস্য ত্রিংশতিদণ্ডে অভ্যন্তর সপ্তদণ্ডে উত্তর গোষ্ঠ॥ জানি দিন অবসান, চলিল চতুরকান্, প্রবেশিলা কদলি-কাননে। সুবল মঙ্গল সঙ্গে, যায় নানা রস রঙ্গে, কদলী লইয়া জনে জনে। মেলিলা সখার সাথে, কদলী দেয়লি হাথে, খায় সবে হরিষ হইয়া। পরিয়া বনের ফুল, গায় মাখে রাঙ্গা ধূল, দিল গাভি তুরিতে হাঁকিয়া॥ ধেনু সব ঘর মুখে, চলিলা পরম সুখে, ঊর্দ্ধকর্ণ ঊর্দ্ধপুচ্ছ করি। নাচিয়া নাচিয়া যায়, শিশু-গণ পাছে ধায়, ধূলায়ে গগণ গেল ভরি॥ সিঙ্গা দিয়া চান্দ মুখে, বলাই ধবলি ডাকে, মদ ভরে ভরম সঘন। অথির চরণ গতি, ঘূর্ণিত নয়ন ভাঁতি, গদ গদ না ফুরে বচন॥ কঙলি করিয়া কান্দে, চলে মত্ত করি ছান্দে, ঘন ডাকে কানাই বলিয়া। বেণু গানে ধেনু ডাকি, সবার মাঝারে থাকি, বনে পাছে রহিবে ভুলিয়া॥ সিঙ্গা বেণু এক তান্, করিয়া দেয়ল মান, শুনল ব্রজের সব লোক। মাতা পিতা হরষিত, কুলবতি পুলকিত, ঘুচল সভার দুখ শোক॥ জাবট গ্রামের কাছে, সবে নিজ বৎস বাছে, বিদায় হইল জনে জনে॥ শেখর সত্বর করি, কহে সুন সুন্দরী, নাগর মিলহ, এই খানে॥৮৪॥*॥ ততঃ সন্ধ্যায়াং উভয়ো, প্রেমানন্দ॥ সঙ্কেত' উদ্ধার॥ রাধিকা চাতকি হাঁসি, শ্যাম সনে মিলে আসি, পিয়ে সুধা হরষিত-মনে। দুরে দোঁহা দোঁহে দেখি, পাল-টিতে নারে আঁখি, হানল মরমে স্মরবাণে॥ অবশ হইল গা, চলিতে না চলে পা, পুলকে পুরল দুহুঁ তনু সুবল সময় জানি, হাত সানে বোধিয়ালি, লইয়া চলিলা রাম কানু॥ খটিকে রাখিয়া গাই, রাম দামোদর যাই, প্রণমিলা মায়ের চরণে। যশোদা চুম্বন করে, দেখিতে না পায় নোরে, আশিষ করয়ে দুই জনে॥ রাই য্যায়া বসি ঘরে, পাঠাইলা তুলসীরে, মরম কহিল তার কানে। সখিগণ লইয়া রাধা, পুরলি মনের সাধা, সেসব লখিল নহে আনে॥ তুলসী উল্লসি হয়া, ধায় উপহার লয়া, সত্বরে পশিল রজি-ঘরে॥ গুপতে লইয়া থালা, ধনিষ্ঠারে দিয়া বালা, কহিয়া রাইর সমাচার॥ জানিয়া রাধার মর্ম্ম, শেখর করয়ে কর্ম্ম, বিছায় বিছানা ভাতি ভাতি॥ সখিগণ লয়া সাথে, রসিকি বসিলি তাতে, তুলসীরে করিয়া আদর॥ ৮৫॥*॥ ততঃ আরাত্রিকং দ্বিতীয় স্নানঞ্চ যথা॥ যশোমতি আরতি করত বিধানে। গুরুকুল মঙ্গল করতথি গানে॥ সুখ ভরে দ্বিজবরে দেওলি দানে। দাসগণে

তৈখণে করল সোপানে॥ বেদিপরে কোই ধরে শীতল নীরে। কেহো লেই আওলি পাতল চীরে॥ কেহ লই ছুই ভাই বেদিয়ে বসাই। বসন ভূষণ তহিঁ যতনে খসাই॥ দোহেঁ মেলি পহিরলি পাতল চীরে। গোধুলি ধোয়লি শীতল নীরে॥ কেহ দেই ছুহুঁ অঙ্গে উবটন গন্ধে। সুখড় সেবক সব সুখ দেই বন্দে॥ সুগন্ধি সলিলে পুন করলি সিনানে। ছুহুঁ অঙ্গ মোছই সেবক সুজানে॥ নীল পীত বসন ছুহুঁ পহিরলি রঙ্গে। সুগন্ধি চন্দন কেহো লেপল অঙ্গে॥ কহে কবি শেখর করি অনুমান। তৈখণে ছুহুঁ জনে করলি সিনান॥৮৬॥ সময় জানিয়া, ত্বরিত করিয়া, আসিয়া ধনিষ্ঠা নারী। যশোদা-মন্দিরে, পিণ্ডার উপরে, সুখদ আসন করি॥ সুগন্ধি শীতল, করিয়া সলিল, পুরিয়া আনিল ঝারি। রাইর পক্কান্ন, আনিয়া তখন, রাখল পৃথক করি॥ এ সূপ মুগদ, মরিচা সুখদ, যে কিছু আছিল ঘরে॥ যশোদা-বচনে, আনিলা তখনে, কানুর ভোজন তরে॥ আসিয়া তখনে, সুখদ আসনে, বসিলা যাদব রায়। মায়ের পিরিতে, লাগিলা ভুঞ্জিতে, তুলসী করয়ে বায়॥ জননী বিনয়ে, শুনায় তনয়ে, আর না বলিব কি। তোমার কারণ, এসব পক্কান্ন, পাঠায়ে রাজার ঝি॥ অরুচি তেজিয়া, ভোজন করিয়া, ঘুচাহ সভার দুখ। তোমার ভোজন, করিয়া শ্রবণ, রাধিকা পাওব সুখ॥ মায়েব বচনে, নন্দের নন্দনে, ভুঞ্জিলা পরম সুখে। উঠে আচমন, করিয়া তখন, তাম্বূল দেওল মুখে॥ সম্মুখে বদন, নেহারে সঘন, ধরিল চতুরি বালা॥ ইঙ্গিতে চতুর, বুঝিয়া নাগর, দেয়ল চম্পক মালা॥ সঙ্কেত বুঝিয়া, ধনিষ্ঠা জানিয়া, দেয়ল তুলসী করে॥ অবশেষ লয়া, গুপত করিয়া, দেয়ল রাইর তরে॥ লইয়া তুলসী, চলিলা উল্লসি, আইলা রাইর ঘরে॥ থালা মালা তথি, তুলসী যুবতী, সোঁপলি রাধার করে॥ সঙ্কেত কাহিনী, সকল তরণী, বুঝিলা মালাটী দেখি। তাম্বূল বীটিকা, দেয়ল রাধিকা, তোষল সকল সখি॥ নানাবাদ্য গান, করি সখি গণ, গমন করল ঘরে। সময় বুঝিয়া, থালা মালা লয়া, শেখর গোপন করে॥৮৭॥ জলপান করি কান, মুখে দিয়া গুয়া পান, খোঁয়াড়েতে করল পয়ান। গাভীগণ স্তনভরে, ঘন হাম্বারব করে, কানুপথ নিরখে সঘন। আইলা গোকুল চান্দ, করে লয়া সিনি ছান্দ, আর গোপ আসি তার সঙ্গে। ছাড়ি দিল বৎস সব, গোঠে উঠ হাম্বারব, শুনিতে বাঢ়ল মহারঙ্গে॥ দেখিয়া কানুর মুখ, গাভীর হইল সুখ, বৎসে পীয়ে হরষিত মনে। পিশঙ্গি মণিকস্তনি, তাহে দোহে গুণমণি, আর গাভি দোহে গোপ গণে॥ দোহন করিয়া সারা, সঙ্গে লয়া দুগ্ধ ভরা, বসিলে মায়ের কাছে

বাই। অট্টালিতে হয়্যা ঠাড়া, শেখর বুঝায় সাড়া, দোহন হইল সব গাই ॥ ৮৮ ॥*॥ ততো রাজসভা গমনং ॥ শিরোপরি লাল জরি রাজে যুবরাজ। শ্রুতিপর কুণ্ডল মনোহর সাজ ॥ নাসা পাশে নথনি মোতি ললকায়। সুখড় সুতল পুন দেয়লি গায় ॥ হাঁসলি দেয়লি কিয়ে কণ্ঠকি মাঝ। উরপর মণিময় পদক বিরাজ ॥ কোমরে পাটারি পটুকা করি বন্ধ। ভালে মোহনে হই চন্দন-চান্দ ॥ হলধর করি সঙ্গে চলু দরবার। আগে পাছে কাছে সব দাস পরিবার ॥ দুহুঁ মেলি বৈঠলি ব্রজরাজ পাশে। জগজন রঙ্গই সরস সম্ভাষে ॥ কহ্ন কবি শেখর সময় বিচার। সবা লই বৈঠলি রাজকুমার ॥ ৮৯ ॥ ততো নানাবাদ্যশ্রবণং ॥*॥ গুণিগণ করে গান, লইয়া বিবিধ তান, বাদ্য পদ্য অতি মনোহর। নাচয়ে নর্ত্তকী যুথি, জিনিয়া খঞ্জন গতি, দেখি সব আনন্দে বিভোর ॥ গান বাদ্য নৃত্য রসে, সবে হইল নট বশে, পুনঃপুনঃ করে আস্বাদন। দিয়া রাজা বহুধন, আনিয়াছে গুণিগণ, তার পাছে দিল কত ধন ॥ পেটফাটা পেটু ভাট, গান বাদ্যে রাখি নাট, রায়বার পড়ে তাড়াতাড়ি। আসিয়া ভাটের ঠাট পুরিলা বিনোদ নাট, দোঁহে মেলি করে হুড়াহুড়ি ॥ হাঁসি হাঁসি রামকানু, কৌতুক দেখিতে দুনু, তারা মাঝে পেলি দিল ধন। ভাটে ভাটে কাড়াকাড়ি, পায়ে পায়ে জড়াজড়ি, দেখিয়া হাসয়ে সভাগণ ॥ দেখিল বাড়িল রাতি, রক্ষক আসিয়া তথি, কহিল রাজার কাণে কাণ। মাতা পাঠাইল মোরে, নিতে রাম দামোদরে, ত্বরিতে করহ সমাধান ॥ নন্দের নন্দন শুনি, ভাটে ভাটে টানাটানি, ধন দিয়া ঘুচাইল দুঃখ। প্রজাগণে আশ্বাসিয়া, রাম দামোদর লয়া, ঘরে যায় করি মহাসুখ ॥ দেখি শুনি নৃত্য গীত, আনন্দে মগন চিত, সভাগণ নিজ ঘরে যায়। আসি রাম দামোদর, বসিলা আসনোপর, সময়ে শেখর রস গায় ॥ ৯০ ॥ ততো ভোজনং ॥*॥ সেবয়ে সেবকগণ, আনন্দে আকুল মন, লেহ সুখে পাসরে আপন। রাম দামোদর বিনে, আর কিছু নাহি জানে, সেবা সুখে সদাই মগন ॥ আস্তে ব্যস্তে অলঙ্কার, ঘুচাইল দোঁহাকার, ভোজন-বসন পরাইয়া। চরণ পাখালি নীরে, মাজল পাতল চীরে, ভোজন ভবনে যায় লয়া ॥ পত্রক পত্রিকা করি, পাতে পীঁড়া সারি সারি, পুরি ঝারি সুশীতল নীরে। রাম দামোদর আসি, পীঁড়ার উপরে বসি, বাপেরে বোলায় বারে বারে ॥ নন্দ মহানন্দ পায়া, ভোজনে বসিল যায়া, রাম দামোদর দুই পাশে। দুধে ভাতে পুরি থালা, যশোদা আনিয়া দিলা, আর কত সুমধুর রসে ॥ খিরি পুরি ভরি থালা, সবারে আনিয়া দিলা, ভোজন করয়ে তিনে সুখে। দোঁহার ভোজন দেখি

মাতার শীতল আঁখি, ঘুচিল মনের সব দুখে ॥ মা বাপের প্রেমবশে, ভুজিল সকল রসে, ঘন ঘন উঠিবারে চায়। অলসে অবশ তনু, হইল সে রামকানু, দেখিয়া দুঃখিত ভেল মায় ॥ আসিয়া সেবক গণ, করাইল আচমন, শয়ন ভবনে লয়া যায়। হলধর নিদ্রাভরে, চলিলা আপন ঘরে, কানাইরে শয়নে পাঠায় ॥ নন্দের নন্দন কান, মুখে দিয়া গুয়া পান, বসিলেন সুখদ শেযপরি। পালঙ্কে ঢালিলা গা, সেবকে সেবয়ে পা, নিদ্রায়ে নয়ন গেল ভরি ॥ নিদে ভেল অচেতন, জানিয়া সেবকগণ, খড়কি ফেলিয়া সবে যায়। শেখর সময় জানি, কহে শুন বিনোদিনি, ভোজনের করিয়ে উপায় ॥ ৯১ ॥০॥ রাত্রি পঞ্চদণ্ডে কৃষ্ণপ্রিয়ানাং ভোজনং ॥ জটিলা আইল রাইর ঠাঁই। করহ ভোজন শুনহ মাই ॥ আয়ান ভোজন করিয়া গেল। দুর্ম্মদ কুটিলা শয়ন কৈল ॥ অলসে নয়ন না সুজে মোরে। নাপারি বসিতে নিদের ঘোরে ॥ আপনে বাছনি করহ সাতি। দেখিতে দেখিতে বাড়ল রাতি ॥ তিলেক সুখ যে নাহিক তোর। নয়ন পুতলি তুমি সে মোর ॥ শপতি করেঁ। মোর ঝিয়ের মাথ। যে ঘর করন তোঁহারি হাথ ॥ দেবর দুর্ম্মদে করিবে যো। আমার আশিষে হইবে পো ॥ কুটিলা কপালি কন্দল করে। কালি সে মরিবে পরের ঘরে ॥ সে তাপে তাপিত না হবে তারে। সকল কুরঙ্গ ক্ষেমিবে মোরে ॥ তোমারি বাপের ভরসা করি। এ তিন ভুবনে কাহু না ডরি ॥ তোমার মাতার কি কব কথা। আমারে জানয়ে আপন ধাতা ॥ কুশলে থাকুক তাহার পুত। দেবতা দানব না লাগু ভূত ॥ জটিলা যতেক যতন করে। কহই শেখর সে দেখিবে ডরে ॥ ॥ ৯২ ॥ হেদে আর কথা শুন ঝি। কহিতে কহিতে ভুলিয়াছি ॥ আগুনি লাগুক আমার মনে। রহিতে নারিয়ে কহিয়ে মেনে ॥ আয়ান গেয়ান ছোড়য়ে দড়। তোমার মাতারে উবায়ে বড় ॥ দেবতা সমান মানয়ে তায়। কহিতে সে ছোড়া পড়য়ে পায় ॥ জরতি কহিয়া পিরিতি বাত। হাঁসিয়া ধরল বধুর হাত ॥ উঠিল রাধিকা চলিল সঙ্গে। রন্ধন ভবনে পসিলা রঙ্গে ॥ কহিল জটিলা বৈসহ ঝি। আমি সে তোমারে আনিয়া দি ॥ খিরী পূরী ভাত দুধের থালা। যতনে আনিয়া বধুরে দিলা ॥ কাব্য করিয়া কহই রাই। আপনে শয়ন করহ মাই ॥ আপন সদনে যাইব লইয়া। করিব ভোজন সোয়াথ পাইয়া ॥ শুনিয়া জটিলা পাইলা সুখ। হাঁসিয়া চুম্বেন বধুর মুখ ॥ ভালই কহিলে ও মোর মা। আমার কেমন করিছে গা ॥ জটিলা যাইয়া শয়ন করে। রাধিকা আইলা আপন ঘরে ॥ আনিয়া বাসন গোপন করি। মন্দিরের কোণে রাখিলা ধরি ॥ শেখর ধোয়ায় সকড়ি হাত। কহিতে আকুল

না বেরোয় বাত ॥ ৯৩ ॥ * ॥ রতনমঞ্জরী যতন করি। বসন আসন পাতল নারি ॥ সুগন্ধি সলিলে পুরিয়া ঝারি। আসন নিকটে রাখল ধরি ॥ লবঙ্গ মঞ্জরী লাড়ুর থালা। আনিয়া রাখল দুধের বেলা ॥ দধি কদলক আচার যত। ক্রমশ করিয়া রাখল কত ॥ আসিয়া আসনে বসিলা রাধা। দেখিয়া মনের পূরল সাধা ॥ প্রিয়া অবশেষ পরশ পাই। অমিয়া পাথারে সাঁতারে রাই ॥ পুলকে পুরল রাইর তনু। পীয়ারে পরশ পায়ল জনু ॥ অধর অথির ভাবের ভরে। ভরমে ভুলিল ভুজিতে নারে ॥ তরল নয়নে তরল লোর। যুগল অঙ্গুলে চাপয়ে থোর ॥ না করে ভোজন না চলে কর। মঞ্জরী মরমে উপজে ডর ॥ মদন-মঞ্জরী মদনে মাতা। মধুর মধুর কহয়ে কথা ॥ এ মনে কেমনে যাবে ক-দিন। এতেকে না দেখি ভালোর চিন ॥ সত্বরে ভোজন করহ রাই। সঙ্কেত বারতা বুঝিতে যাই ॥ অনঙ্গ-মঞ্জরী রতির সাথে। কহত আয়োত ললিতা পথে ॥ বিশাখা বিষাদে আসিছে ধায়্যা। সতিনীগণের শবদ পায়া ॥ ইহাতে কেমনে করিব কায। রাধিকার হলো ঘরের মাঝ ॥ আমা সবাকার সবের সাথি। ছুটল অবধি উঠল রাতি ॥ কহত কামিনী কপট কলা। তরাসে তখনি ভুঁজলি বালা ॥ আচাঁয়া আঁচলে মুছল মুখ। ভুঞ্জল তাম্বূল পায়ল সুখ ॥ সুখদ পালঙ্কে সুতলি রাই। শেখর সে সব ভুঞ্জলি যাই ॥ ৯৪ ॥ ততঃ ষষ্ঠ দণ্ডে শয্যারচনা ॥ * ॥ যমুনা পুলিন, চম্পক কানন, বিলাস মন্দির মাঝ। বিধুমুখি বৃন্দা, বিনোদ বিছানা, করল তাহাতে সাজ ॥ প্রফুল্ল কমল-দল, সুকোমল, তুলির তুলনা করি। পালঙ্ক উপরি, পাতল সুন্দরি, চৌদিগে ফুলের ঝুরি ॥ বিচিত্র বসনে, ঝাঁপল তখনে, বান্ধিল পাটের জাদে। পালঙ্ক দুপাশে ফুলের বালিশে, দেওয়লি মনের সাধে ॥ মন্দির ভিতর, সুগন্ধি ফুলের, চান্দোয়া বান্ধল সতি। রচনা রচিয়া, হরষ হইয়া, জালল রসের বাতি ॥ কর্পূর তাম্বূল, জল সুশীতল, রাখল ভাজনে ভরি। অগোর চন্দন, দোহার কারণ, পুরিয়া রাখল খুরি ॥ কানন মোহন, না যায় কহন, মদন কোটাল তায়। ফুলশর করে, ফিরয়ে শহরে, কোকিলে পঞ্চম গায় ॥ সুগন্ধি শীতল, বহই অনিল, পরাগে পূরিল বাট। সুখের সায়রে, পড়িয়া বিহরে, করয়ে বিনোদ নাট ॥ বিচিত্র বিছানা, করল রচনা, জাগিয়া রহত তায়। শেখর তখন, করিয়া ভোজন, রাইর নিকটে যায় ॥ ৯৫ ॥ * ॥ ততঃ সখ্যা গমনং। ললিতা বিশাখা আদি যত সখিগণ। ত্বরা করি কায সারি পরে অভরণ ॥ সব সখি দেখি নিশি ঘোর আন্ধিয়ার। নেহা-রসে দেহ ভাসে না করে বিচার ॥ গুরুজন দুরজন নিদে অচেতন। পাড়ায় বুঝয়ে সাড়া নাহি

কোনো জন॥ চতুর আভীর-নারি সবত সিয়ান। সময় বুঝিয়া সবে করল পয়ান॥ রাধার মন্দিরে আসি পশিলা সত্বরে। শেখর আদর করি বসায় সবারে।৯৬। ততঃ অষ্টমদণ্ডে বেশাভিসার॥ *॥ সখিগণ আগমন, দেখিয়া হরিষ মন, উলটি বসিলা শেষ মাঝে। নয়ন কচালি করে, মুখানি পাখালি নীরে, রজনী সমান করু সাজে॥ গুণবতী জানতি সকল উপদেশ। মদন মোহন-মন, মোহন-কারণ, করতহিঁ অনুপম বেশ॥ কুঞ্চিত কেশের বেণি, কাল জাদে বান্ধনি, মৃগমদে লেপলি অঙ্গে। নীল বসনে ধনি, মণ্ডিত ভেলহিঁ নীল ভূষণ রূপ রঙ্গে॥ নীল কমল হাতে, চড়লি মনোরথে, সারথি সাহস রাজে। মনোরথ রাজিত, হয় বলে তোড়ল কুল-ভয় গৌরব লাজে॥ যুবতী ঘটা লেই, বৈঠলি সুন্দরী, খেণে খেণে চিত উচাট। তব কবি শেখর, ভেলহি বাহির, হেরইতে নগরক বাট॥ ৯৭॥ *॥ নবমদণ্ডে মধ্যমসন্মানং॥ সহচরি অনুসরি করি অনুমান। দেহলি বাহির করলি সন্ধান॥ জাগলি না দেখলি, একহি লোক। সুখ সঙ্গে শূতল নাহি দুখ শোক॥ বাট কণ্টক সবে ভেল দুর। সবে এক জাগই মনমথ শূর। নাগরমোহিনী চল নিরজন বাট। দুরজন নয়নহু লাগল কপাট॥ আসি শেখর কহে পন্থ বিচার। অভিসর সুন্দরী ভয় নাহি আর॥ ॥ ৯৮॥ ততো দশদণ্ডে কৃষ্ণপ্রিয়ানাং অভিসার॥*॥ কাজর-রুচি-হর রজনী বিশালা। তছু পর অভিসার করু নববালা॥ ঘর সনে নিকসই যৈছন চোর। নিশবদ পদগতি চললিনিথোর॥ উন-মতি চিত অতি আরতি বিথার। গুরুয়া নিতম্বিনী যৌবন ভার॥ কম-লিনী মাঝ খীনি, উচ কুচ জোর। ধাধসে চলু তাহে চলই না পার॥ নূপুর কিঙ্কিনি তেজলি হারা। হরি অভিসার রভস-রসে ভোরা॥ নীল কমল উপেখলি রামা। মন্থর গতি চলু সখিগণ সামা॥ যতন হি নিশ বদ নগর দুরন্ত। শেখর অভরণ ভেলি বহন্ত ॥ ৯৯॥ চলিতে না পারে যৌবন ভরে। ধাধসে ধরলি সখির করে॥ নবিন কামিনী কনক লতা। এ তিন ভুবনে তুলনা কোথা॥ সত্বরে সুধনি রঙ্গিণী রাই। নিভৃত নিকুঞ্জে পশলি যাই॥ কনকচাঁপার কুঞ্জের মাঝ। বৃন্দা করল বিছানা সাজ॥ বিনোদ বিছানা বিনোদ বন। দেখিয়া শীতল হইল মন॥ রাধিকা বসিলে ফুলের মূলে। বিশাখা দেয়লি তুলিয়া চুলে॥ খসল ভূষণ পরল বালা। ললিতা দেওলি গাঁথিয়া মালা॥ গায়নে কোকিল মধুর গীত। তরল করল ধনির চিত॥ উন্মাদ মদনে মাতল মন। বেড়িয়া বসিলা সখির গণ॥ পরাণ-প্রিয়া সে না দেখি বনে। আনল উঝাল উঠিছে মনে॥ কহয়ে শেখর সুনহ রাই। নাগর বারতা বুঝিতে যাই ॥ ১০০॥ ততঃ শ্রীকৃষ্ণস্য

অভিসার রাত্রি একাদশ দণ্ডে ॥ * ॥ জানল ঘর পর নিদে ভেল ভোর। শেয তেজি উঠল নতুন কিশোর ॥ সঘনে গগণে হেরি তারক পাঁতি। অবধি না ছুটল না উঠল রাতি ॥ জলধর উঠি হের শামর কাঁতি। যুবতি মোহিতে বেশ ধরু কত ভাঁতি ॥ ধনি অনুরাগিনী জানি সে সুজান। ঘোর আঁধিয়ারহি করল পয়ান ॥ পরনারি পিরিতিক ঐছন রীত। চলল বিচল পথ না মানল চিত ॥ কুসুমিত কানন কালিন্দীর তীর। তাহা চলি আওল গোকুল বীর ॥ শেখর সে বেলি প্রণমিল যাই। আওল সুনাগর ভেটল রাই ॥ ১০১ ॥ ততো দ্বাদশদণ্ডে মিলনং ॥ • ॥ অপরূপ রাধা মাধব মেলি। দোঁহে দোঁহা দরশনে দোঁহে ভেল আকুল অমিয়া সায়রে ডুবি গেলি ॥ দুঁহু দিঠি দুঁহু মুখে, অবধি নাহিক সুখে, পুলকে পুরল দুঁহু তনু। বেড়ল সখির ঠাট, রৈছন চান্দের হাট, তার মাঝে সাজে রাই কানু। দোঁহার রূপের ছাঁদে, মদন পড়িয়া কাঁদে, সুধাকরে কিরণ লুকায়। দোঁহার মুখের বাণি, অমিয়া অধিক শুনি, সখিগণ শ্রবণ যুড়ায় ॥ দোঁহার মাধুরি গুণে, উল্লসিত সখিগণে, নানাফুলে দোঁহারে সাজায়। সুগন্ধি চন্দন দিয়া, কর্পূর তাম্বুল লৈয়া, বিশাখিকা দোঁহারে যোগায় ॥ ললিতা ইঙ্গিত পায়া, মালিনী আইল লয়া, বিনি সুতে গাঁথি ফুল হার। দেয়ল দোঁহার গলে, হিয়ার উপরে দোলে, দেখি আঁখি শীতল সবার ॥ শেখর মধুর করি, কহে কথা ধিরি ধিরি, কানন মোহন দেখিবারে ॥ শুনিয়া চতুর কাণ, মনে করি অনুমান, উঠিল ধনির ধরি করে ॥ ১০২ ॥ ততস্ ত্রয়োদশদণ্ডে বনভ্রমণং ॥ বিনোদিনী বিনোদ নাগর কান্। সখিগণ সঙ্গে রঙ্গে করল পয়ান ॥ দুঁহু কান্ধে দুঁহু ভুজ শোভিয়াছে ভাল। দুঁহু রূপে দশ দিগ করিয়াছে আল ॥ নবিন যৌবনি সব চলে দুই পাশে। বনের মাধুরি দেখি হাস পরিহাসে ॥ জাতি যুথি মল্লিকা মালতি নাগেশ্বর। চম্পক জাবক দেখি কদম্ব মনোহর ॥ তমাল-মাধবী-বন অতি ঘোরতর। অশোক-কিংশুক-বন দেখিতে সুন্দর ॥ বৃন্দাবনে ফল ফুল আছয়ে ভরিয়া। মাধবি মাধব মিলে স্বগণ লইয়া ॥ ফুল-বন মাধুরি দেখিয়া ততঃক্ষণ। ফল-বন দেখিবারে করিল গমন ॥ আম-জাম বিল্ব পিলু গুয়া নারিকেল। বাদাম ছোহারা নেম্বু সফরা সকল ॥ কমলা দেখিলা আর পনস খর্জ্জুর। দ্রাক্ষা দাড়িম্ব আম্র বেতি সুমধুর ॥ তাল কুল কলা আদি যতেক কানন। রতিরসে মাতি সব করয়ে ভ্রমণ ॥ সঙ্গ-শালিকা গেলা নাগরি নাগর। সে বেলি বিবিধ যন্ত্র আনল শেখর ॥ ১০৩ ॥ ততঃ চতুর্দ্দশদণ্ডে সঙ্গীতরাস ॥ • ॥ নূতন রসিনী নূতন বীণ। সকল গুণক অতি প্রবীণ ॥ মধুর মধুর বাজায় তাণে মদন মোহন মোহিনী ॥ ঝঙ্কৃত

ঝঙ্কৃত, ঝনন ঝঙ্কট, অঙ্গ কুটিল নয়নি। কুটিল নয়নে করত ভঙ্গি অঙ্গ ভঙ্গি মোহিনী ॥ ললিতা তব ধরত তাল। মোহিত মদনমোহনলাল ॥ কহত ভাল ভাল বাণী। রাধিকা গুণ শালিনী ॥ তরুণীগণ এক হি মেলি। সকল যন্ত্র করত মেলি ॥ মুরলী ধ্বনি দেয়ত কান্। জমকি রাগ মানিনি মান্॥ মত্ত কোকিল গাওয়ে মধুর। অলিকুল তাহে দেওয়ত সুর॥ থই থই থই বাজত যন্ত্র। নাচত ময়ূরি মাতি স্বতন্ত্র ॥ বৃন্দাবন সুখদ ধাম। তঁহি বিহরে রসিক শ্যাম ॥ তরুণী-গণ মুরতি মদন। কহল কত ভাঁতিয়া বদন ॥ ফুলি অনিল বহত ধীর। ফুলি চলই যমুনা নীর ॥ ফুলি-কানন ফুলি-মদন ফুলি-রজনী-মোহনি ॥ ললিতা তব কহত বাত, কানু নাচ কামিনী সাথ, অঙ্গ ভঙ্গ সরসতরঙ্গ কহত শেখর ও হীনি ॥ ১৩৪ ॥ ততঃ পঞ্চদশ দণ্ডে নৃত্য রাস ॥ * ॥ নাচত ললিতা তব কহত বাত। কানু নাচত কামিনি সাথ॥ নাচত নটবর নাগর কান। রাধা রসবতি হেরি বয়ান ॥ বাজত কত কত যন্ত্র রসাল। গাওত অদ্ভুত দেয়ত তাল ॥ চৌদিগে (বেড়ি) নটিনি একই সঙ্গ। চলত চিত্রগতি অঙ্গ বিভঙ্গ ॥ করে কর যোড়ি ভোরি চল বালা। মদন গলে জনু চান্দকি মালা ॥ পদতলে তাল বলি পরবারি। নাচত রঙ্গিনী সঙ্গ মুরারি ॥ হেরি ললিতা তব লেয়লি ডম্ফ। বিকট তালপর করত আরম্ভ ॥ হাঁসি কমলমুখি কহে শুন কান্। ইহ পর পদগতি করহ সুঠান ॥ মাতি মদন-মদে মদনগোপাল। বিকট-তালপর নাচত ভাল। বুঝি রসিনী তঁহি দেয়ল মাল। সুখভরে শেখর কহে ভাল ভাল ॥ ১০৫ ॥ ততঃ ষোড়শদণ্ডে বিচিত্র রতিঃ ॥ * ॥ মদনে বেদন পায়া মদনগোপাল। ধরলি ধনির করে নাহিক সাম্ভাল ॥ উচকুচকলসে লালস ভৈগেল। সঘনে জঘন কাঁপে উনমত ভেল ॥ সখিগণ তৈখণে করি অনুমান। চলিল-চম্পকবন লই রাধাকান্ ॥ প্রফুল্ল কানন তাহে মনিময় ঘর। সুখদ শেযের পর বসিলা নাগর ॥ সখিপাশে বসি হাঁসে সুখি সুধামুখি। নাগর কাতর দেখি হাসে সব সখি ॥ স্বেদ-জলে ভরিল সকল কলেবরে। শেখর ঘুচায় শ্রম নানা উপচারে ॥১০৬॥ ততঃ সপ্তদশ দণ্ডে রতি শিক্ষা ॥*॥ এধনি পদমিনি শুন মঝু বাত। ঐছনে মিলবি নায়ক সাথ॥ যতনে বসনে অঙ্গ রাখবি গোই। রহিবি যাই জনি বাত না হোই॥ অবনত বয়ানে রহবি মুখ হেরি। খেণে আড় নয়ানে চাহবি বেরি বেরি॥ খেণে কুচ যুগ চীর করবি উদাস। ক্ষেণে ক্ষেণে ছোড়বি দীর্ঘ নিশ্বাস॥ ক্ষেণে ক্ষেণে নীবিবন্ধ বান্ধবি ঝারি। নিরখি পুরুষ যেন হোএ মুরারি॥ যবহুঁ যতন তোহে কর বহু নাহ॥ বিরস না বোলবি বচন নিরমাহ॥ সুরতি

পিয়াসে প্রিয়া ধরব যব হাত। অনুমতি দেয়বি ঢুলায়বি মাথ॥ কোরে করব যব রসিক সুজান। পরিহার মাগবি পালটি বয়ান॥ যব তোহে অনুমতি চাহব কান। লহু লহু বোলবি অমিয়া সমান॥ চুম্বন-বেরি করবি মুখ বঙ্কা। সুরতি সময়ে জনু পায়বি শঙ্কা॥ কহ কবি শেখর চল সুকুমারি। তুয়া লাগি আকুল ভেল মুরারি॥ ১০৭॥ ততঃ অষ্টাদশদণ্ডে আলিকলা॥ *॥ সখিগণ তথনে বোধি কুলকামিনী লেয়ত প্রিয়াকর পাশ। বিপিনে হরিণী জনু ব্যাধহি বান্ধল ঐছন তেজত নিশ্বাস॥ করে ঠেলি বারি আলিকুল আনলি চমকি চমকি রহি যায়। পদনখে ধরণী বিদারই কামিনী, চমকি চমকি ঘন চায়॥ কটী কিঙ্কিনী দৃঢ়করি বান্ধই পুন পুন নুপুর বাজায়॥ ঐছনে ও যমুনা রস উদাসন পীয়া-হিয়া মদন জাগায়॥ আড়-নয়ান করি হরি মুখ হেরই বচন রচই অতি মিঠ। নায়ক বচন শ্রবণে নাহি শুনত লাগি রহলি আলি দিঠ॥ অবনত বয়ানী, করলি ভুরু ভাঙ্গনি, করু রহুঁ কত কত ছন্দ। কহ কবি শেখর, শুন বরনাগর, নবরস-পালক বন্দ॥ ১০৮॥ ততঃ উনবিংশতিদণ্ডে নায়কশিক্ষা॥ *॥ এ হরি এ হরি শুনহে কালা। কামিনী মানায়বি করিয়া ছলা॥ যখন যে মুখে দাঁড়াবে রাই। করবি মিনতি তুঁহু সেখানে যাই॥ বিনয় বেভারে আলাপ বিলাস। মধুর বচনে দেয়বি আশ॥ যে বেলি সরস দেখবি তায়। সে বেলি পরশ করবি গায়॥ তাহাতে তাহার দেখবি সুখ। তবে সে চুম্বন করবি মুখ॥ সে সব সফল হইবে যবে। পীন পয়োধর ধরবি তবে॥ বয়ান চুম্বনে ঘুচাবি লাজ। লইয়া বসাবি উরুর মাঝ॥ নীবি খসায়বি ভুজের বলে। হাস পরিহাসে করবি কোলে॥ মদন আসন পরশ করি। রহবি বালার বদন হেরি॥ যদি রসবতি মুরছে তায়। দেয়বি চন্দন করবি বায়॥ অলপে অলপে সাধবি সাধ। নবীন আলাপে না করু বাধ। শেখর নাগর শিখায়ে হিত। রসিক জনার এই সে রীত॥ ১০৯॥ ততো বিংশতিদণ্ডে সংক্ষিপ্তসম্ভোগ॥ *॥ হরি করে হরিণী, সঁপি সব রঙ্গিনী, চলনহি আনহু ঠামে। অবসরে ধনি-কর, ধরল নবনাগর, মিনতি করয়ে অনুপামে॥ দেখ সখি হরিণীনয়নি ধনি রামা। কানুক পরশে সরস সব সখিসনে মিলল রাজকি রামা। সুখদ শেষ পর রাই লই নাগর বৈঠলি নবরতি সাধে। প্রতি অঙ্গ চুম্বনে, রস অনুমোদনে, থর হরি কাঁপই রাধে॥ মদন সিংহাসনে, করলি আরোহণে, মোহন রসিক সুজান। ভয় গাঢ় তোড়ল, অলপে সমাধল, রাখল সকল সমান॥ কহে কবি শেখর, গুরুয়া তোড় পর, করু জনু থোর আহার ঐছন তুঁহু মন, তল

পই পুনঃ পুনঃ উপজিল অধিক বিকার ॥ ১১০ ॥ ততঃ একবিংশতিদণ্ডে সংকীর্ণসম্ভোগ ॥ * ॥ পুনঃ হরি নাগরি, চুম্বই বেরি বেরি, অধর-সুধা করু পান। মদন মহোদধি উছলি উছলি চলু ডুবল নাগর কান ॥ উচকুচ কলস পরশ করু নাগর ভাসল যোড়ল বাণে। নব নব রতি সুখে দুঃখে ধনি ভাসই নাহ মিনতি নাহি মানে ॥ কপট রোই ধনি প্রিয়াকর বারই করে কুচ রহল ছাপাই। বিথার কেশ বেশ নীবিবন্ধন উরুপর আসন রহলি ছাপাই ॥ বিকট কপট দিব্য করি নব নাগরে নাগরি কোরে বসাই। উচ কুচ মর্দ্দনে, দৃঢ় পরিরম্ভনে, মুরছিত কমলিনি বালা ॥ সব অঙ্গ শীতল, স্বেদজলে তিতল, মলিনি ভেল জনু চম্পক মালা ॥ ধনি হেরি নাগরে, পড়লহি ফাঁফরে, ছোড়লি কেলি-বিলাস। কহ কবি শেখর, কানু ভেল কাতর, করতহিঁ চীর-বাতাস ॥ ১১১ ॥ ততো দ্বাবিংশতি দণ্ডে সম্পূর্ণসম্ভোগ ॥ সুখদ বৃন্দাবন সুখদ শ্যাম। সুখময়ী রাধা তঁহি অনুপাম ॥ দুহুঁ মেলি বিলাস করু। দুহুঁক অধরামৃতে দুঁহু মুখ ভরু ॥ দুঁহু অঙ্গ পুলকিত বিলাসে বিভোর। বিনোদিনি রাধা বিনোদিয়া কোর ॥ দুহুঁ কেলিপণ্ডিত রূপে গুণে সম্। বিলাস্ বিক্রম্ রসে কেহ নহে কম্ ॥ সুরতি মূরতি দোহেঁ করে পরকাশ। রতিপতিহৃদয়েত লাগু তরাস ॥ অদভুত রমণে নাহি করু লাজ। নুপুর রুনু ঝুনু কিঙ্কিণী বাজ ॥ অখণ্ড বিলাস রসে নাহি ভেল বাধ। দুহুঁমেলি পুরলি আজনম সাধ ॥ এক তনু এক মন একই পরাণ। দুহুঁ অঙ্গ এক কৈল বিধি নিরমাণ ॥ প্রেম জলে পূরল দোহুঁকেরি গায়। দুহুঁ রতিসায়রে ওর নাহি পায় ॥ দোহেঁ দোহাঁ চুম্বই সমাপই কেলি। দোহাঁকার সেবনে শেখর গেলি ॥ ১১২ ॥ ততঃ ত্রয়োবিংশতিদণ্ডে বৈচিত্রশৃঙ্গার ॥ * ॥ কামিনি বৈঠলি কানুক সঙ্গে। ক্ষেণে ক্ষেণে উপজই নবনব রঙ্গ ॥ নাগরি চুম্বই নাহ-বয়ান। সে সুখ সায়রে ভাসই কান ॥ ধনিমন মনমথ-উনমত ভেলা। নাগর হৃদি পর পয়োধর দেলা ॥ কামিনি করতহিঁ পুরুষ আচার। জিউ নেই ভাজই লাজ-বিচার ॥ উলটল লোটল উরপর চরণা। নিকসল স্বেদ জল গোরি তনু ভরণা ॥ নাসা গজমতি নিশ্বাস হিলোরি। রহি রহি দোলত কণ্ঠক দোলরি ॥ রতি অতি বিপরিত বিলাসতি কামিনী। মনঃসিদ্ধি সাধই জাগই যামিনী ॥ দুহু সনে মানস পুরল ভেলি। হরষি সরসমুখি সমাধই কেলি ॥ বিলাস আলস ভেল দুহুঁকেরি-গায়। শ্রমদূর করতহিঁ শেখর রায় ॥ ১১৩ ॥ কানু কহে কামিনী কর অবধান। তুহুঁ রতি-রণবীর অব হাম জান ॥ তুয়া ঠাম ঠমকে চমক ভেল কাম। আজি রহল দূরে গুণি পরিণাম ॥ তুহুঁধনি করলি যেই কিছু কেলি। কামহুঁ না জানিয়ে ঐছনমেলি ॥ অব হাম গুরু করি

মানহুঁ তোয়। অদভুত রতি রীতি শিখায়লি মোয়॥ অধরে দশন চিহ্ন দেয়লি হঠিনী। হৃদয়ে বিদারল তুয়া কুচ কঠিনী॥ নখ রেখ বিদারল সব তনু মোর। তিলেক করুণা ধনি না রহু তোর॥ কহ কবি শেখর শুন অবকান্। আজনম গুরুগুণ করবি ধেয়ান্। ॥ ১১৪ ॥ ততঃ পঞ্চবিংশতি দণ্ডে স্বাধীন ভর্ত্তৃকা ॥*॥ অপরূপ রাধা মাধব লেহা। রসবতি বেশ বনাইতে রসময় অবশ ভৈগেও দেহা॥ পুনহুঁ সম্ভার নারি লেই সাজাই ঘন ঘন কর করু কম্প। কুচযুগ পরশ রস ভেল তনু মণ্ডল নোরে নয়ন রহু ঝম্প॥ কত অনুবন্ধ করত নব নাগর, নাগরি কোরে বসাই। চরণ কমল পর, নূপুর পরাইতে গলে গজমোতি খসাই॥ ভরমে ভরল তনু, চমকি রহল কানু, বিনোদিনি বদন নেহারি। যুবতী যতন করি, সাজলি সহচরি, শেখর কহে বলি হারি॥ ১১৫ ॥ *।। ততঃ ষড়্বিংশতিদণ্ডে মদনমদালস॥ অলসে অবশ ভেল রসবতি রাই। মদন মদালসে শূতলি তাই॥ কানু যতনে করু কামিনী কোর। চান্দ আগোলি জনু রহল চকোর॥ দুহুঁ শিরে দুহুঁ ভুজ বয়ানে বয়ান। উরু উরু লপটল নয়ানে নয়ান॥ শূতি রহলি তাই কিশোরি কিশোর। কেশের প্রবেশ নাই তনু তনু যোর॥ সখি পিছে নিকুঞ্জে করলি গমন। নিভৃত নিকেতনে রচল শয়ন॥ স্বেদ-বিন্দু চুয়া-য়ত দোঁহাকেরি গায়। করু কবি শেখর চামর ঢুলায়॥১১৬॥*॥ সপ্তবিংশতি দণ্ডে শয্যোৎকণ্ঠা॥ দশদিশ নিরমল ভেল পরকাশ। সখি মনে ঘন ঘন উঠত তরাস॥ আম্রে কোকিল ডাকে কদম্বে ময়ূর। দাড়িম্বে বসিয়া কিরে ডাকয়ে মধুর॥ দ্রাক্ষাডালে বসি ভালে কপোত কপোতি। তারাগণ সহিত লুকায় তারাপতি॥ কুমুদিনি বদন চুম্বই মধুকর। পদ মিনি নিকটহুঁ চলল সত্বর॥ সারি কহে জাগ রাই চলি যাও ঘর। জাগল সকল লোক সেহি ভেল ডর॥ শেখর সে বেলি কহে হাসিয়া হাসিয়া। চোর হয়া সাধু পারা রহিলা শুইয়া॥ ১১৭ ॥ * ॥ তত অষ্টাবিংশতি দণ্ডে যূথোৎকণ্ঠা॥ আলি-কুল জাগলি অলিকুল গানে। চমকি চাহই দিগ্ চকিত নয়ানে॥ চঞ্চল চিত তেজি চললি নিকুঞ্জে। সুখদ শেজে সুতি রহ রসপুঞ্জে॥ বিগলিত কুন্তল বিগলিত বাসে। হেরি হেরি সহচরি করু পরিহাসে॥ জাগাইল সুন্দরি সুন্দর কান্। দশ দিশ নিরমল ভেল বিহান॥ সহচরি ভয় করি সবে চলি গেল। গুরুজন এতক্ষণে বাহির ভেল॥ হাম সব আছিনু তুয়া মুখ চাই। রহই না পারই অব ঘর যাই॥ জাগী অনুরাগি রহল জনু ভোরি। নয়ান না মিলই তনু তনু জোরি॥ সখিগণে তৈখণে করু অনুমান। কপট কোটী শত করত ভিয়ান॥ দোহা মেলি উঠলি অতি ভয় পাই। হাসি

হাসি শেখর দ্বার খসাই ॥ ১১৮ ॥ * ॥ তত ঊনত্রিংশ দণ্ডে মদনশয্যোত্থান ॥ রজনী শেষ পর, নাগরি নাগর, উঠি বৈঠলি শেযহি। হেরি সখি সত্বর, মন্দির ভিতর, হাসি বৈঠলি তহি ॥ সহচরি মেলি, কল্পতরু কেলি করত রস পরকাশে। রজনী রঙ্গ কহিতে নব নাগরি প্রিয়া মুখ ঝাঁপল বাসে ॥ দুহুঁ মুখ নিরখি হরখি সব সুকুমারি পুলকিনি রহলি বিভোরি। পীত বসন লেই সব তনু ঝাঁপল লাজে না জায়লি গোরি ॥ তব হেরি গোরিক কোরে আগোরলি কোরলি সুখসিন্ধু মাঝ। ললিতা লেই ললিত করে দুহুঁতনু সাজায়ত অনুপম সাজ ॥ দুহুঁ রূপে মগন, ভেল সব জন, দিন রজনী নাহি জান। অরুণ উদয় ভেল, জটিলা শবদ পাইল, করু কবি শেখর গান ॥ ১১৯ ॥ * ॥ ততঃ ত্রিংশদণ্ডে কথ্খটীবিতর্ক ॥ নিশাচর ডরে গেল, অরুণ উদয় কৈল, তারাপতি করিল গমন। কুমদ মুদিত ভেল, পদ্ম প্রকাশিল, পরবশ পড়ল কান ॥ দেখি দোহার রীত, বৃন্দার বিকল চিত, আদেশল কোকিলা কোকিল। তারা সব গান করে, ভ্রমরা ঝঙ্কার পুরে, কাক কাকি করয়ে বিকল ॥ কথ্খটী উঠায় মান, কি করহ রাধা শ্যাম, শেয তেজি করহ পয়ান ॥ রাইরে না দেখি ঘরে, জটিলা লগুড় করে, বনে আসি করয়ে সন্ধান ॥ কক্খটী কপট কথা, শুনি বৃকভানু সুতা, তরাসে তরল ভেল মন। রাধা কানু সখি সাথে, চলিলা গোপন পথে, ত্বরিতে তেজল সেই বন ॥ দেখিল হরিণীগণ, ঐছন তরুণী মন, চকিত নয়ন কোণে চায়। নাগর নাগরি পাশে, দাণ্ডাহ বলিয়া হাসে, ভয় নাহি শেখর বুঝায় ॥ ১২০ ॥ ততঃ প্রভাতে গৃহ গমনং ॥ দোহাঁর রূপলাবণি, মনমথ মোহিনী, হরখি নয়ন মুখ চায়। রজনী জনিত রতি বিশেষ আলাপনে অলস রহল দুহুঁগায় ॥ বিথরল কুন্তল তাহে কুশ মদন লোলনি আনহি ভাঁতি। দোহেঁ দোহাঁ হেরি মুখ, হৃদয়ে বাড়ল সুখ, বোলত ভূলত পাঁতি ॥ নিজ নিজ মন্দির, নাগরি নাগর, চলইতে করু অনুবন্ধ। বিচ্ছেদ বিষানল, দোহুঁ তনু জারল, লোচনে লাগল ধন্দ ॥ ভীত চকিত পুতলি সম দুহুঁ তনু রহলি বিদায়ক বেলা। প্রেম পয়োনিধি উছলি উছলি বহু চেতন অচেতন ভেলা ॥ দুহুঁক চিতরীত হেরি সহচরি ঘন ঘন গগণহুঁ চায়। রজনী পোহায়ল, নগরহু জাগল সে ডরে অধিক ডরায় ॥ শেখর বুঝি তব, করি কত অনুভব, দুহুঁ সঙ্গ ভঙ্গ করায়। নিজ নিজ মন্দিরে সবে যাই সোতলি দুহুঁ জন ভেদ না পায় ॥ ১২১ ॥ বিভাসরাগ ॥ বিচ্ছেদ বিকল ভেল দুহুঁক পরান। দর দর অন্তর ঝরয়ে নয়ান ॥ দোহাঁ মন মনসিজ লাগী রহু। বিছুরল না হয়ে কেহু কাহু। নিশবদে সুতলি নিদ নাহি

ভায়। বিয়োগ বেয়াধি বিথরল গায়॥ তুহুঁক তুলহ লেহ পহু ভালে জান। তুহুঁকেরি মিলন মধ্যস্থ পাঁচবান॥ রায় শেখর জানে ইহ রস-রঙ্গ। অপরূপ প্রেম তিলেক নাহি ভঙ্গ॥ ১২২॥ ইতি দণ্ডাত্মিকী পদাবলী সমাপ্তা॥ শ্রীরায়শেখর পদে বহু নমস্কার। এমন রহস্য লীলা বর্ণন যাহার॥ * ॥ বৈষ্ণবগোসাঞি কৃপা করহ কিঞ্চিৎ। তবে সে পূরিবে মোর মনের বাঞ্ছিৎ। নবদ্বীপচন্দ্র দাস যুড়ি দুই কর। জাহ্নবা নিতাই বলি ডাকে উচ্চৈঃস্বর॥

ইতি শ্রীবৈষ্ণবাচারদর্পণে বৈষ্ণবসর্ব্বস্বে নৈত্যিক স্মরণমঙ্গল-বিবরণং নাম সপ্তমো বিভবঃ সম্পূর্ণঃ॥

অথ অষ্টম বিভব।

শ্রীগুরুর চরণ পদ্ম হৃদয়ে ধরিয়া। অষ্টম বিভব এবে কহি বিবরিয়া॥ জয় সোণার গৌরাঙ্গ প্রভু নিত্যানন্দ। জয়াদ্বৈত গদাধর শ্রীবাসাদি ভক্তবৃন্দ॥ জয় জয় গুরুগণ কৃপা কর মোরে। বৈষ্ণব-নিত্য-কৃত্য মোর স্ফুরুক অন্তরে॥ মো পতিতে কৃপা কর বৈষ্ণব গোসাঞি। তোমা বিনে গতি দিতে আর কেহ নাই॥

অথ নিত্য-প্রভাত-কর্ত্তব্য-কর্ম্ম। তদনুষ্ঠানং যথা। ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় ধর্ম্মমর্থঞ্চ চিন্তয়েৎ। কায়ক্লেশন্তদুদ্ভূতং ধ্যায়েত্তু মনসেশ্বরং॥ উষঃকালে হথ সংপ্রাপ্তে কৃত্বা চাবশ্যকং বুধঃ। স্নায়ান্নদীষু শুদ্ধাসু শৌচং কৃত্বা যথাবিধি॥ * । প্রাতঃ স্নানেন শুধ্যন্তি যেহপি পাপ কৃতো জনাঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন প্রাতঃ-স্নানং সমাচরেৎ॥ প্রাতঃ-স্নানং প্রশংসন্তি দৃষ্টাদৃষ্টশুভঙ্করং। ঋষীণাং শুচিতা নিত্যং প্রাতঃ-স্নানান্ন সংশয়ঃ॥ মুখে সুপ্তস্য সততং লালাদ্যাঃ প্রস্রবন্তি হি। ততো নৈবাচরেৎ কর্ম্মাণ্যকৃত্বা স্নানমাদিতঃ॥ অলক্ষ্মীঃ কাল-কর্ণী চ দুঃস্বপ্নং দুর্বিচিন্তিতং॥ প্রাতঃ স্নানেন পাপানি পূয়ন্তে নাত্র সংশয়ঃ। ন চ স্নানং বিনা পুংসাং পাবনং প্রত্যহং স্মৃতং। হোমে জপে বিশেষেণ তস্মাৎ স্নানং সমাচরেৎ॥ অশক্তাবশিরস্কং বা স্নানমস্য বিধীয়তে। আর্দ্রেন বাসসা চাথ মার্জনং কায়িকং স্মৃতং॥ অ প্রায়তে সমুৎপন্নে স্নানমেব সমাচরেৎ। ব্রাহ্মাদীনি যথাশক্তৌ স্নানা-ন্যাহুর্ম্মনীষিণঃ॥ * ॥ ব্রাহ্মমাগ্নেয়মুদ্দিষ্টং বায়ব্যং দিব্যমেবচ। বারুণং যৌগিকং তদ্বৎ ষোঢ়া স্নানং প্রকীর্ত্তিতং॥ ব্রাহ্মন্তু মার্জ্জনং মন্ত্রৈঃ কুশৈঃ সোদকবিন্দুভিঃ।

আগ্নেয়ং ভস্মনা পাদমস্তকাদিবিধূননং॥ গবাং হি রজসা প্রোক্তং বায়ব্যং স্নান মুত্তমং। যত্তু সাতপবর্ষেণ স্নানন্তদ্দিব্যমুচ্যতে॥ বারুণঞ্চাবগাহস্তু মানসন্ত্বাত্মবেদনং। যৌগিকং স্নানমাখ্যাতং যোগো বিষ্ণুবিচিন্তনং॥ আত্মতীর্থমিতি খ্যাতং সেবিতং ব্রহ্মাবাদিভিঃ॥ মনঃশুচিকরং পুংসাং নিত্যন্তৎ স্নানমাচরেৎ। শক্তশ্চেদ্বারুণং বিদ্বান্ প্রাজাপত্যন্তথৈব চ॥ * ॥ প্রক্ষাল্য দন্তকাষ্ঠং বৈ ভক্ষয়িত্বা বিধানতঃ। আচম্য প্রযতো নিত্যং স্নানং প্রাতঃ সমাচরেৎ॥ মধ্যাঙ্গুল্যসমস্থৌল্যং দ্বাদশাঙ্গুলসম্মিতং। সত্বচং দণ্ডকাষ্ঠং স্যাত্তস্যাগ্রেণ চ ধারয়েৎ॥ ক্ষীরিবৃক্ষসমুদ্ভূতং মালতীসম্ভবং শুভং। অপামার্গঞ্চ বিল্বঞ্চ করবীরং বিশেষতঃ॥ বর্জ্জয়িত্বা নিন্দিতানি গৃহীত্বৈনং যথোদিতং। পরিহৃত্য দিনং পাপং ভক্ষয়িত্বা বিধানতঃ॥ নোৎপাটয়েদ্দন্তকাষ্ঠং নাঙ্গুল্যা ধারয়েৎ ক্বচিৎ। প্রক্ষাল্য ভুক্ত্বা ত্যজথাশ্শুচৌ দেশে সমাহিতঃ॥ * ॥ স্নাত্বা সন্তর্পয়েদ্দেবানৃষীন্ পিতৃগণাংস্তথা। সম্মার্জ্জ্য মন্ত্রৈরাত্মানং কুশৈঃ সোদকবিন্দুভিঃ॥ আপোহিষ্ঠা-ব্যাহৃতিভিঃ সাবিত্র্যা বারুণৈঃ শুভৈঃ। ওঙ্কার-ব্যাহৃতিযুতাং গায়ত্রীং দেবমাতরং। জপ্ত্বা জলাঞ্জলিং দদ্যাদ্ ভাস্করং প্রতি তন্মনাঃ॥ প্রাক্-কূলেষু সমাসীনো দর্ভেষু সুসমাহিতঃ। প্রাণায়ামত্রয়ং কৃত্বা ধ্যায়েৎ সন্ধ্যামিতি স্মৃতিঃ॥ যা সন্ধ্যা সা জগৎস্যূতির্মায়াতীতা চ নিষ্কলা। ঐশ্বরী তু পরা শক্তিস্তত্ত্বত্রয়সমুদ্ভবা॥ ধ্যাত্বাঽর্কমণ্ডলগতাং সাবিত্রীং বৈ জপন্ বুধঃ। প্রাঙ্মুখঃ সততং বিপ্রঃ সন্ধ্যোপাসনমাচরেৎ॥ সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্ব কর্ম্মসু। যদন্যৎ কুরুতে কিঞ্চিৎ ন তস্য ফলমাপ্নুয়াৎ॥ অনন্যচেতসঃ শান্তা ব্রাহ্মণা বেদপারগাঃ। উপাস্য বিধিবৎ সন্ধ্যাং প্রাপ্তাশ্চ পরমাং গতিং॥ যোঽন্যত্র কুরুতে যত্নাদ্ধর্ম্মকার্য্যং দ্বিজোত্তমঃ। বিহায় সন্ধ্যা-প্রণতিং স যাতি নরকাযুতং। তস্মাৎ সর্ব্ব-প্রযত্নেন সন্ধ্যোপাসনমাচরেৎ। উপাসিতো ভবেত্তেন দেবো যোগতনুঃ পরঃ॥ সহস্রপরমাং নিত্যং শতমধ্যাং দশাবরাং। সাবিত্রীং বৈ জপেদ্বিদ্বান্ প্রাঙ্মুখঃ প্রযতঃ স্থিতঃ॥ অথোপতিষ্ঠেদাদিত্যমুদয়ন্তং সমাহিতঃ। মন্ত্রৈস্তু বিবিধৈঃ সৌরে ঋগ্ যজুঃসামসম্ভবৈঃ॥ উপস্থায় মহাযোগং দেবদেবং দিবাকরং। কুর্ব্বীত প্রণতিং ভূমৌ মূর্দ্ধ্না নিত্যঞ্চ মন্ত্রতঃ॥ * ॥ ওঁ খংখখোল্কোয় শান্তায় কারণত্রয়হেতবে। নিবেদয়ামি চাত্মানং নমস্তে জ্ঞানরূপিণে॥ নমস্তে

ঘৃণিনেস্তুভ্যং সূর্য্যায় ব্রহ্মরূপিণে। ত্বমেব ব্রহ্ম পরমমাপো জ্যোতি-রসোঽমৃতং॥ ভূর্ভুবঃস্বস্ত্বমোঙ্কারঃ সর্ব্বে রুদ্রাঃ সনাতনাঃ। পুরুষঃ সন্মহোঽন্তস্ত্বাং প্রণমামি কপর্দ্দিনং॥ ত্বমেব বিশ্বং বহুধা সদসৎ সূয়সে চ যৎ। নমো রুদ্রায় সূর্য্যায় ত্বামহং শরণং গতঃ॥ প্রচেতসে নমস্তুভ্যমুমায়াঃ পতয়ে নমঃ। নমোঽস্তু নীলগ্রীবায় নমস্তুভ্যং পিনাকিনে॥ বিলোহিতায় ভর্গায় সহস্রাক্ষায় তে নমঃ। উমা-পতে নমস্তুভ্যমাদিত্যায় নমোঽস্তু তে॥ নমস্তে বজ্রহস্তায় ত্র্যম্বকায় নমোঽস্তু তে। প্রপদ্যে ত্বাং বিরূপাক্ষ মহান্তং পরমেশ্বরং॥ হিরণ্ময়ে গৃহে গুপ্তমাত্মানং সর্ব্বদেহিনাং। নমস্যামি পরং জ্যোতি-র্ব্রহ্মাণং ত্বাং পরামৃতং॥ বিশ্বং পশুপতিং ভীমং নর-নারী-শরীরিণং। নমঃ সূর্য্যায় রুদ্রায় ভাস্বতে পরমেষ্ঠিনে। উগ্রায় সর্ব্বভক্ষায় ত্বাং প্রপদ্যে সদৈব হি॥ *॥ এতদ্বৈ সূর্য্যহৃদয়ং জপ্ত্বা স্তবমনু-ত্তমং। প্রাতঃ কালেঽথ মধ্যাহ্নে নমস্কুর্য্যাদ্দিবাকরং॥ ইদং পুত্রায় শিষ্যায় ধার্ম্মিকায় দ্বিজাতয়ে। প্রদেয়ং সূর্য্যহৃদয়ং ব্রহ্মণা তু প্রদ-র্শিতং॥ সর্ব্বপাপপ্রশমনং বেদসারং সমুদ্ধৃতং। ব্রাহ্মণানাং হিতং পুণ্যং ঋষিসঙ্ঘৈর্নিষেবিতং॥ যস্তু নিত্যং পঠেদ্ধীমান্ প্রেক্ষ-মাদিত্যমণ্ডলং। মহাপাতকযুক্তোঽপি পূয়তে নাত্র সংশয়ঃ॥ ক্ষয়া-পস্মারকুষ্ঠাদ্যৈর্ব্যাধিভিঃ পীড়িতো ঽপি সন্। জপ্ত্বা শতগুণং স্তোত্রং স শ্লাঘ্যো ভবতি দ্রুতং॥ ভূতগ্রহপিশাচাতিবীজব্যসনকর্ষিভিঃ। স্তুবন্ ধ্যাত্বা হরিং বিপ্রো মুচ্যতে মহতো ভয়াৎ॥ *॥ দৈবতানি নমস্কুর্য্যাদ্দেয়মারান্নিবেদয়েৎ। দদ্যাৎ পুষ্পাদিকং তেষাং বৃদ্ধাং-শ্চৈবাভিবাদয়েৎ॥ গুরুঞ্চৈবাভ্যুপাসীত হিতঞ্চাস্য সমাচরেৎ। বেদাভ্যাসং ততঃ কুর্য্যাৎ প্রযত্নাচ্ছক্তিতো দ্বিজঃ॥ জপেদধ্যাপয়েৎ-চ্ছিষ্যান্ শ্রাবয়েচ্চ বিধারয়েৎ। অবেক্ষেত চ শাস্ত্রাণি ধর্ম্মাদীনি দ্বিজোত্তমঃ॥ বৈদিকাংশ্চৈব নিয়মান্ বেদাঙ্গানি বিশেষতঃ। উপে-য়াদীশ্বরঞ্চাথ যোগক্ষেম-প্রসিদ্ধয়ে॥ সাধয়েদ্বৌবিধানর্থান্ কুটুম্বার্থে ততো দ্বিজঃ। ইতি কৌর্ম্মে উপবিভাগে ১৭ অধ্যায়ে॥*॥ অপিচ। প্রাতঃ শিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুং। প্রসন্নবদনং শান্তং স্মরেত্তন্নামপূর্ব্বকং॥ ওঁ নমো গুরবে তস্মা ইষ্টদেবস্বরূপিণে। যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসারসংজ্ঞকমিতি পঠেৎ॥ অহং ন চান্যোঽস্মি ব্রহ্মৈবাঽস্মি ন শোকভাক্। সচ্চিদানন্দরূপোঽহং নিত্য-মুক্তস্বভাববান্॥ ইতি ভাবয়েৎ॥ লোকেশ চৈতন্যময়াদিদেব

শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব। প্রাতঃ সমুত্থায় তব প্রিয়ার্থং সংসার যাত্রামনুবর্ত্তয়িষ্যে॥ জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তি র্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশ হৃদি স্থিতেন যথা নিযুক্তো ঽস্মি তথা করোমি॥ বিষ্ণু পুরাণে। প্রবুদ্ধশ্চিন্তয়েদ্ধর্ম্মমর্থঞ্চাস্যাবিরোধিনং। অপীড়য়া তয়োঃ কামমুভয়োরপি চিন্তয়েৎ॥*॥ ধর্ম্মলক্ষণন্তু ভবিষ্যে॥ ধর্ম্মঃ শ্রেয়ঃ সমুদ্দিষ্টং শ্রেয়োঽভ্যুদয়সাধনং॥ অতএব জৈমিনিঃ॥ চোদনা লক্ষণো ঽর্থো ধর্ম্মঃ ইতি। তেন বৈদিক লিঙ্ প্রতিপাদ্যো ঽর্থো ধর্ম্মঃ। কোঽর্থো যো ঽভ্যুদয়ায় ইতি তু ভবিষ্যে॥*॥ ততঃ ওঁ প্রিয়দত্তায়ৈ ভুবে নমঃ। ইতি নমস্কৃত্য দক্ষিণচরণং ন্যসেৎ। ছন্দোগ্যপরিশিষ্টং॥ শ্রোত্রিয়ং সুভগাময়িং গাঞ্চৈবাগ্নি চিতং তথা। প্রাতরুত্থায় যঃ পশ্যেদাপদ্ভ্যঃ স বিমুচ্যতে॥ পাপিষ্ঠং দুর্ভগাং মদ্যং নগ্নমুৎকৃত্তনাসিকং। প্রাতরুত্থায় যঃ পশ্যেৎ তৎ কলেরু-পলক্ষণং॥ অতএব ব্যাসঃ। ধনিনঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ। পঞ্চ যত্র ন বিদ্যন্তে তত্রবাসং ন কারযেৎ॥ মহাভারতে। কর্কোটকস্য নাগস্য দময়ন্ত্যা নলস্য চ। ঋতপর্ণস্য রাজর্ষেঃ কীর্ত্তনং কলিনাশনং॥ কার্ত্তবীর্য্যার্জ্জুনো নাম রাজা বাহুসহস্র-ভৃৎ। যো ঽস্য সংকীর্ত্তয়েন্নাম কল্যমুত্থায় মানবঃ॥ ন তস্য বিত্ত-নাশঃ স্যান্নষ্টঞ্চ লভতে পুনঃ। কল্যং প্রাতঃ॥*॥ অথ বিণ্মূ-ত্রোৎসর্গঃ॥ নিদ্রাং জহ্যাদ্ গৃহী রাম নিত্যমেবারুণোদয়ে। বেগোৎসর্গং ততঃ কৃত্বা দন্তধাবনপূর্ব্বকং। স্নানং সমাচরেৎ প্রাতঃ সর্ব্বকল্মষনাশনং॥ অরুণোদয়কালমাহ স্কন্দপুরাণং॥ উদয়াৎ প্রাক্ চতস্রস্তু নাড়িকা অরুণোদয়ঃ। তত্র স্নানং প্রশস্তং স্যাত্তদ্ধি পুণ্যতমং স্মৃতং॥ নাড়িকা দণ্ডঃ॥ নাড়ী ষষ্ট্যা দিবা-নিশমিত্যুক্তেঃ॥ বিষ্ণুধর্ম্মোত্তরে॥ বেগরোধং ন কর্ত্তব্যমন্যত্র ক্রোধবেগতঃ॥ আয়ুর্ব্বেদীয়েঽপি॥ ন বেগিতো ঽন্যসিদ্ধিঃ স্যান্নাজিত্বাসাধ্যমাময়ং॥ ইতি॥ অঙ্গিরাঃ। উত্থায় পশ্চিমে রাত্রেস্তত আচম্য চোদকং। অন্তর্দ্ধায় তৃণৈর্ভূমিং শিরঃ প্রাবৃত্য বাসসা॥ বাচং নিয়ম্য যত্নেন ষ্ঠীবনোচ্ছ্বাসবর্জ্জিতঃ॥ কুর্য্যান্মূত্রপুরীষে তু শুচৌ দেশে সমাহিতঃ॥ বিষ্ণুপুরাণং। ততঃ কল্যে সমুত্থায় কুর্য্যান্মৈত্রং নরেশ্বর। নৈঋত্যামিষুবিক্ষেপমতীত্যাভ্যধিকং ভুবঃ॥ তিষ্ঠেন্নাতিচিরং তত্র নৈব কিঞ্চিদুদীরয়েৎ॥ কল্যমুষঃ কালং॥ মৈত্রং মিত্রদেবতাকপায়ুসম্বন্ধাৎ পুরীষোৎসর্গঃ। নৈঋত্যা-

মুত্থানদেশমারভ্য উত্থায়েত্যনেনোপস্থিতেঃ ইষুপ্রক্ষেপযোগ্য-দেশাদ্বহিঃ।। তদ্দেশপরিমাণমাহ পিতামহঃ। মধ্যমেন তু চাপেন প্রক্ষিপেত্তু শরত্রয়ং। হস্তানাঞ্চ শতে সার্দ্ধে লক্ষ্যং কৃত্বা বিচক্ষণঃ॥ * ॥ আপস্তম্বঃ॥ মূত্রপুরীষোৎসর্গং কুর্য্যা-দ্দক্ষিণাং দিশং দক্ষিণাপরাম্বেতি। দক্ষিণাপরা নৈঋতিঃ॥ মনুঃ। মূত্রোচ্চারসমুৎসর্গং দিবা কুর্য্যাদুদঙ্মুখঃ। দক্ষিণাভিমুখো রাত্রৌ সন্ধ্যয়োশ্চ যথা দিবা॥ উচ্চারঃ পুরীষঃ।। যত্তু যমবচনং। প্রত্যঙ্মুখশ্চ পূর্ব্বাহ্ণে ত্বপরাহ্ণে চ প্রাঙ্মুখঃ। উদঙ্মুখস্তু মধ্যাহ্নে নিশায়াং দক্ষিণামুখঃ। ইতি তদিচ্ছাবিকল্পার্থং সূর্য্যাভিমুখ নিরাসার্থঞ্চ নতু নিয়মার্থং দেবলবচনবিরোধাৎ। তথাচ দেবলঃ। সদৈবোদঙ্মুখঃ প্রাতঃ সায়াহ্নে দক্ষিণামুখঃ। বিন্মূত্রমাচরেন্নিত্যং সন্ধ্যায়াং পরিবর্জ্জয়েদিতি।। অত্র প্রাতঃসায়াহ্নশব্দৌ দিবা রাত্রিপরৌ।। পূর্ব্বোক্তমনুবচনৈকবাক্যত্বাৎ॥ সন্ধ্যায়াং পরি-বর্জ্জয়েদিতি তু পীড়িতেতরপরং॥ * ॥ যমঃ। কৃত্বা যজ্ঞোপবী তন্তু পৃষ্ঠতঃ কণ্ঠলম্বিতং। বিন্মূত্রে চ গৃহী কুর্য্যাৎ যদ্বা কর্ণে সমাহিতঃ।। পৃষ্ঠতঃ পৃষ্ঠে কণ্ঠলম্বিতং নিবীতং। তৎ পৃষ্ঠলম্বিতং নিবীতমাপৃষ্ঠদেশাবলম্বং গ্রাম্যধর্ম্মেম্বিতি নিগম পরিশিষ্টবচনাৎ॥ নিয়ম্য প্রয়তো বাচং সম্বীতাঙ্গোঽবগুণ্ঠিত ইতি মনুবচনাচ্চ॥ অত্র সম্বীতং নিবীতং সম্বীতং মানুষ ইতি তৈত্তিরীয়শ্রুতেঃ। মানুষে সনকাদিকৃত্যে।। পৃষ্ঠলম্বিতং নিবীতীবেতি বৌধায়নীয় চ্চ। ততশ্চ হারবৎ কৃত্বা পৃষ্ঠলম্বিতং স্কন্ধে ইত্যর্থং। একবস্ত্রতাপক্ষে ব্যবস্থামাহ শাংখ্যায়নঃ। যদ্যেকবস্ত্রো যজ্ঞোপবীতং কর্ণে কৃত্বা অবগুণ্ঠীত ইতি কর্ণে দক্ষিণে। পবিত্রং দক্ষিণে কর্ণে বিন্মূত্রমাচরেদিতি স্মৃতৌ তথা দর্শনাৎ। অবগুণ্ঠিতঃ কৃতশিরোঽবগুণ্ঠনঃ॥ মনুঃ॥ ছায়ায়া মন্ধকারে বা রাত্রাবহনি বা দ্বিজঃ। যথাসুখমুখঃ কুর্য্যাৎ প্রাণবাধভয়েষু চ। মহাভারতে। প্রত্যাদিত্যং প্রতিজলং প্রতিগাঞ্চ প্রতিদ্বিজং। মেহন্তি যে চ পথিষু তে ভবন্তি গতায়ুষঃ॥ প্রতি সান্মুখ্যে॥ * ॥ মনুঃ। ন মূত্রং পথি কুর্ব্বীত ন ভস্মনি ন গোব্রজে। ন ফালকৃষ্টে ন জলে ন চিত্যাং নচ পর্ব্বতে। ন জীর্ণদেবায়তনে ন বল্মীকে কদাচন। ন সসত্ত্বেষু গর্ত্তেষু ন গচ্ছন্নাপি সংস্থিতঃ॥ ন নদীতীর মাসাদ্য ন চ পর্ব্বতমস্তকে। গবাগ্নিবিপ্রানাদিত্যমপঃ পশ্যং-

স্তথৈব চ॥ ন কদাচন কুর্ব্বীত বিন্মূত্রস্য বিসর্জ্জনং সসমুদ্ধে প্রাণিমৎস্থ॥ সংস্থিতঃ উত্থিতঃ॥ পর্ব্বতনিষেধাদেব মস্তকনিষেধ-সিদ্ধিঃ, পুনর্নিষেধো যত্র পর্ব্বতোঽশক্যপরীহারস্তত্রাপি মস্তক-বর্জ্জনার্থঃ॥ অথবা। পর্ব্বতমস্তকনিষেধো হ্যধিকদোষায়॥ *॥ বশিষ্ঠঃ॥ আহারনির্হারবিহারযোগাঃ, সুসংবৃতা ধর্ম্মবিদা তু কার্য্যাঃ। বাগ্বুদ্ধিগুপ্তী চ তপস্তথৈব ধনায়ুষী গুপ্ততমে তু কার্যে॥ নির্হারো মূত্রপুরীষোৎসর্গঃ॥ বিহারঃ স্ত্রীসম্ভোগঃ॥ যোগঃ সমাধিঃ॥ বাগ্-গুপ্তিরশুভালাপত্যাগঃ॥ বুদ্ধিগুপ্তিরনিষ্টচিন্তাত্যাগঃ॥ হারীতঃ। আহারস্তু রহঃ কুর্য্যান্নির্হারঞ্চৈব সর্ব্বদা। গুপ্তাভ্যাং লক্ষ্ম্যুপেতঃ স্যাৎ প্রকাশে হীয়তে তথা॥ *॥ বিষ্ণুপুরাণং॥ সোমাগ্ন্যর্কাম্বুবায়ূনাং পূজ্যানাঞ্চ ন সম্মুখং। কুর্য্যাৎ ষ্ঠীবনবিন্মূত্রসমুৎসর্গঞ্চ পণ্ডিতঃ॥ আপস্তম্বঃ॥ ন চ সোপানৎকো মূত্রপুরীষে কুর্য্যাদিতি। বৃহন্মনুঃ। করগৃহীতপাত্রেণ কৃত্বা মূত্রপুরীষকে। মুত্রত্যুলস্তু পানীয়ং পীত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ॥ *॥ ভরদ্বাজঃ। অথাবকৃষ্য বিন্মূত্রং লোষ্ট্রকাষ্ঠতৃণাদিনা। উদস্তবাসা উত্তিষ্ঠেদ্দৃঢ়ং বিধৃতমেহনঃ॥ উদস্ত-বাসাঃ কটিদেশাদূর্দ্ধক্ষিপ্তবস্ত্রঃ॥ *॥ অথ শৌচং॥ দেবলঃ। ধর্ম্ম-বিদ্দক্ষিণং হস্তমধঃশৌচে ন যোজয়েৎ। তথৈব বামহস্তেন নাভে-রূর্দ্ধং ন শোধয়েৎ। প্রকৃতিস্থিতিরেষা স্যাৎ কারণাদুভয়ক্রিয়া॥ কারণাদ্রোগাদেঃ। ব্রহ্মাণ্ডপুরাণং॥ *॥ উদ্ধৃতোদকমাদায় মৃত্তিকা-ঞ্চৈব বাগ্যতঃ। উদম্মুখো দিবা কুর্য্যাদ্রাত্রৌ চেদ্দক্ষিণামুখঃ॥ সুনির্ণিক্তে মৃদং দদ্যান্ মৃদন্তে ত্বপ এব চ। দাতব্যমুদকং তাবদ্ যাবৎ স্যান্ মৃত্তিকাক্ষয়ঃ॥ কুর্য্যাৎ শৌচমিতিশেষঃ॥ সুনির্ণিক্তে ভরদ্বাজোক্তলোষ্ট্রাদিপ্রমৃষ্টে গুদে। উদকপাত্রাভাবে করেণ জলাশয়াৎ উদকগ্রহণমাহ আদিত্য পুরাণং॥ *॥ রত্নিমাত্রং জলং ত্যক্ত্বা কুর্য্যাচ্ছৌচমনুদ্ধৃতে। পশ্চাচ্চ শোধয়েৎ তীর্থমন্যথা ন শুচির্ভবেৎ॥ তস্মিন্ দেশে শৌচং কর্ত্তব্যং যস্মাদ্রত্নিমাত্র-ব্যবহিতং জলং তৎ স্থলমেব তীর্থং জলসমীপস্থাৎ॥ *॥ বিষ্ণুপুরাণং॥ বল্মীকমূষিকোৎখাতাঃ মৃদমন্তর্জলাস্তথা। শৌচাবশিষ্টাং গেহাচ্চ ন দদ্যাৎ লেপসম্ভবাং। অন্তঃপ্রাণ্যবপন্নাঞ্চ হলোৎখাতাং সকর্দ্দমাং॥ মনুদক্ষৌ॥ একা লিঙ্গে গুদে তিস্রস্তথা বামকরে দশ। উভয়োঃ সপ্ত দাতব্যা মৃদঃ শুদ্ধিমভীপ্সতা॥ উভয়োঃ করয়োঃ। বামহস্তে দশদানানন্তরং তৎপৃষ্ঠে ষড়্দানমাহ হারীতঃ। দশমধ্যে চ

ষট্ পৃষ্ঠে ॥ ইতি ॥ শঙ্খদক্ষৌ। তিস্রস্তু মৃত্তিকা দেয়াঃ কৃত্বা তু নখশোধনং ॥ তিস্রস্তু পাদয়োর্দেয়াঃ শুদ্ধিকামেন নিত্যশঃ। নখশোধনং তৃণাদিনা নখান্তর্মলশোধনং। তিস্র ইতি হস্তয়োরিতি শেষঃ ॥ * ॥ পাদপ্রক্ষালনং ন কাম্যে কর্ত্তব্যমাহ বিষ্ণুধর্ম্মোত্তরং। দর্ভৈর্ন মার্জ্জয়েৎ পাদৌ ন চ কাম্যে প্রধাবয়েৎ ॥ * ॥ দক্ষঃ ॥ লিঙ্গে তত্র সমাখ্যাতা ত্রিপর্ব্বী পূর্য্যতে যয়া। অর্দ্ধপ্রসৃতিমাত্রা তু প্রথমা মৃত্তিকা স্মৃতা ॥ দ্বিতীয়া চ তৃতীয়া চ তদর্দ্ধং পরিকীর্ত্তিতং ॥ যদা তু উক্তপ্রমাণয়া মৃদা গন্ধলেপক্ষয়ো ন ভবতি তদা অধিকয়াপি কর্ত্তব্যং ॥ গন্ধলেপক্ষয়করং শৌচং কুর্য্যাদতন্দ্রিতঃ ॥ ইতিযাজ্ঞবল্ক্যবচনাৎ। গুদাদন্যত্র পরিমাণমাহ যমঃ ॥ মৃত্তিকা তু সমুদ্দিষ্টা ত্রিপর্ব্বী পূর্য্যতে যয়া ॥ ত্রিপর্ব্বী তর্জ্জনীমধ্যমানামিকানামগ্রপর্ব্বত্রয়ং ॥ * ॥ মূত্রমাত্রে তু স্মৃতিঃ। একাং লিঙ্গে মৃদং দদ্যাৎ বামহস্তে তু মৃত্রয়ং। উভয়োর্হস্তয়োর্দ্বে তু মূত্রশৌচং প্রকীর্ত্তিতং ॥ * ॥ ব্রহ্মপুরাণে। পাদয়োর্দ্বে গৃহীত্বা চ সুপ্রক্ষালিতপাণিমান্। দ্বিরাচম্য ততঃ শুদ্ধঃ স্মৃত্বা বিষ্ণুং সনাতনং ॥ পাদয়োর্দ্বে একৈকা ॥ ইদং মূত্রে পুরীষোৎসর্গে তিসৃণাং বিধানাৎ ॥*॥ দক্ষঃ। যথোদিতং দিবা-শৌচমর্দ্ধং রাত্রৌ বিধীয়তে। আতুরে চ তদর্দ্ধং স্যাৎ তদর্দ্ধস্তু পথি স্মৃতং ॥ যথোক্তকরণাশক্তাবেবেদং, নতু নিশা-দিবা-পুরস্কারেণৈব বাক্যস্যাদৃষ্টার্থতাপত্তেঃ ॥*॥ আপস্তম্বঃ। পথি পাদস্তু বিজ্ঞেয় আর্ত্তঃ কুর্য্যাদযথাবলং। এতয়োর্ব্বিরোধস্তু আর্ত্তানার্ত্তাভ্যাং পরিহরণীয়ঃ ॥ দক্ষঃ। দেশকালং তথাত্মানং দ্রব্যং দ্রব্যপ্রয়োজনং। উপপত্তিমবস্থাঞ্চ জ্ঞাত্বা শৌচং প্রকল্পয়েৎ ॥ ব্রহ্মপুরাণে। ন যাবদুপনীয়েত দ্বিজঃ শূদ্রস্তথাঙ্গনা। গন্ধলেপক্ষয়করং শৌচং তেষাং বিধীয়তে ॥ প্রমাণং শৌচসংখ্যাবানশিষ্টৈরুপদিশ্যতে। যাবৎ শুদ্ধিং স মন্যেত তাবৎ শৌচং সমাচরেৎ ॥ দক্ষঃ। ন্যূনাধিকং ন কর্ত্তব্যং শৌচং শুদ্ধিমভীপ্সতা। প্রায়শ্চিত্তং প্রসজ্যেত বিহিতাতিক্রমে কৃতে। শৌচাচারবিহীনস্য সমস্তা নিষ্ফলাঃ ক্রিয়াঃ ॥ গন্ধলেপক্ষয়ে সত্যধিকং ন কর্ত্তব্যং পূর্ব্বোক্তযাজ্ঞবল্ক্যবিরোধাৎ। গন্ধলেপক্ষয়ে ত্বধিকসংখ্যয়াঽপি যাজ্ঞবল্ক্যবচনং অনুপনীতাদিপরম্বা, পূর্ব্বোক্ত-ব্রহ্মপুরাণৈকবাক্যত্বাৎ ॥ * ॥ এতচ্ছৌচং গৃহস্থানাং দ্বিগুণং ব্রহ্মচারিণাং। ত্রিগুণন্তু বনস্থানাং যতীনাঞ্চ চতুর্গুণং ॥ ইদন্তু দ্বৈগুণ্যাদিকং সংখ্যামাত্রে তদনন্তরাভিধানাৎ ॥ ব্যাঘ্রপাদঃ। শৌচন্তু দ্বিবিধং প্রোক্তং বাহ্যমাভ্যন্তরং তথা। মৃজ্জলাভ্যাং

